সারণি ৯-১: সেক্টর ভিত্তিক বাস্তবায়ন কৌশল, বাস্তবায়নের মাধ্যম এবং স্থানীয় জনগণের অংশগ্রহণ পদ্ধতি ৯-২
সারণি ৯-২: সমস্যা ও কৌশলগত বিষয়সমূহ যা সুশাসনের ক্ষেত্রে বিবেচনা করা উচিত ৯-১১
সারণি ৯-৩: মহাপরিকল্পনার অধীনে বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা ৯-১৭
সারণি ১০-১ : বর্তমান ভূমি ব্যবহার প্রকারভেদ ১০-৩
সারণী ১০-২: খাগড়াছড়ি পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ ১০-৪
সারণি ১০-৩: খাগড়াছড়ি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়নে নির্ধারিত মানদন্ড ১০-৭
সারণি ১০-৪: নগর পরিচালনা এবং সেবা প্রদানের দায়িত্ব অনুসারে স্ট্যান্ডিং কমিটির মতামতসমূহ ১০-১২
সারণি ১০-৫: বিদ্যমান ও প্রস্তাবিত ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ ১০-১৩
সারনি ১০-৬: ওয়ার্ড ভিত্তিক পাহাড়ি ভূমির পরিমাণ ১০-২০
সারণি ১০-৭: বিভিন্ন ভূমি ব্যবহারের অনুমোদিত এবং শর্ত সাপেক্ষে অনুমোদিত ব্যবহার ১০-২৩
সারণি ১০-৮: আবাসিক খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান ১০-২৭
সারণি ১০-৯: বাণিজ্যিক খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান ১০-৩০
সারণি ১০-১০: শিল্প খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান ১০-৩৪
সারণি ১০-১১: শিক্ষা খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান ১০-৩৬
সারণি ১০-১২: প্রকল্প এলাকার স্থানীয় নগরকেন্দ্র সমূহের অবস্থান ১০-৩৮
সারণি ১০-১৩: পরিবহন ও যোগাযোগ খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান ১০-৪০
সারণি ১০-১৪: উপযোগ খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান ১০-৪৩

সারণি ১০-১৫: উন্মুক্ত ও বিনোদন স্থান খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির অবস্থান....১০-৪৬
সারণি ১১-১: ওয়ার্ড অনুসারে কাজের ভিত্তিতে সড়কের বিন্যাস ১১-২
সারণি ১১-২: খাগড়াছড়ি পৌরসভার জাতীয় মহাসড়ক এবং জেলা সড়ক ১১-২
সারণি ১১-৩: খাগড়াছড়ি পৌরসভায় যানবাহন চলাচলের বিস্তারিত তথ্য....১১-৭
সারণি ১১-৪ লেভেল অফ সার্ভিসের স্ট্যান্ডার্ড....১১-৯
সারণি ১১.৫: রাস্তার ধরন ও তুঙ্গ সময়ে তার ধারন ক্ষমতা....১১-৯
সারণি ১১-৬ : রাস্তা অনুযায়ী সার্ভিস লেভেল....১১-১০
সারণি ১১-৭ : রাস্তা উন্নয়নের প্রস্তাবনাসমূহ ১১-১১
সারণি ১১-৮: প্রস্তাবিত রাস্তার ধরণ, বিবরণ এবং সংশ্লিষ্ট ব্যবস্থাপনা সংস্থার নাম....১১-১৩
সারণি ১১-৯: প্রকল্প এলাকায় সড়ক মানদন্ডের জন্য প্রস্তাবনা ১১-১৪
সারণি ১১-১০: বিদ্যমান সরু রাস্তা সম্প্রসারণের প্রস্তাব ১১-১৬
সারণি ১১-১১: প্রস্তাবিত নতুন রাস্তা ১১-১৬
সারণি ১১-১২: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত ফুটপাতের ওয়ার্ড অনুসারে বিন্যাস....১১-২৬
সারণি ১১-১৩: ওয়ার্ড অনুসারে বাইসাইকেল গমনপথের বিন্যাস ১১-২৮
সারণি ১১-১৪: পরিবহন পরিকল্পনা বাস্তবায়নের প্রবিধান ১১-৩৬
সারণি ১১-১৫: রাস্তার মানদণ্ডের জন্য জ্যামিতিক আবশ্যিক শর্ত ১১-৩৯
সারণি ১২-১: প্রকল্প এলাকার স্পট হাইট (Spot Height) (নদী বাদে) ১২-২
সারণি ১২-২: খাগড়াছড়ি পৌরসভার প্রত্যেক ওয়ার্ডের ধরণ অনুসারে ড্রেনেজ ব্যবস্থা ১২-৩
সারণি ১২-৩: খাগড়াছড়ি পৌরসভার প্রাইমারি ড্রেনের তালিকা....১২-৮
সারণি ১২-৪: খাগড়াছড়ি পৌরসভার ড্রেনেজ আউটফল তালিকা....১২-১০
সারণি ১২-৫: খাগড়াছড়ি পৌরসভার প্রাকৃতিক ড্রেনের ধরণ অনুসারে দৈর্ঘ্যের বণ্টন....১২-১২
সারণি ১২-৬: খাগড়াছড়ি পৌরসভার জলাশয়ের ওয়ার্ড ভিত্তিক পরিমাণ (একর)....১২-১২
সারণি ১২-৭: খাগড়াছড়ি পৌরসভার জলাশয়ের ওয়ার্ড ভিত্তিক বণ্টন ১২-১২
সারণি ১২-৮: খাগড়াছড়ি পৌরসভার সেকেন্ডারি ড্রেনের (প্রস্তাবিত নতুন ও পুনঃসংস্কার) ওয়ার্ড ভিত্তিক বণ্টন....১২-১৬
সারণি ১২-৯: খাগড়াছড়ি পৌরসভার প্রধান প্রদান ব্রিজগুলোর বর্ণনা ১২-২৭
সারণি ১২-১০: খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহের বর্তমান চিত্র....১২-৩০
সারণি ১২-১১ পানির ট্যাঙ্ক, পানির পাম্প এবং পানি শোধনাগারের বিন্যাস ১২-৩১
সারণি ১২-১২ বিভিন্ন ব্যাসের পানি সরবরাহ পাইপের বিন্যাস....১২-৩২
সারণি ১২-১৩ পানির প্রবাহ নিয়ন্ত্রকের বিন্যাস....১২-৩৩
সারণি ১২-১৪: বাংলাদেশের গ্রাম এবং শহর এলাকায় পানির চাহিদা....১২-৩৬
সারণি ১২-১৫: পৌরসভায় ২০৩৭ সাল পর্যন্ত পানির চাহিদার প্রক্ষেপণ (একক হাজার লিটার) ১২-৩৭
সারণি ১২-১৬: খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহের জন্য প্রস্তাবিত অবকাঠামো....১২-৩৮
সারণি ১২-১৭: খাগড়াছড়ি পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার জনবল ও অন্যান্য সরঞ্জামাদির চিত্র ১২-৪০
সারণি ১২-১৮: ডাস্টবিন গুলোর অবস্থান ১২-৪১
সারণি ১২-১৯: প্রকল্প এলাকায় ২০৩৭ সাল পর্যন্ত উৎপাদিত প্রক্কেপিত বর্জ্য (টন/দিন)....১২-৪২
সারণি ১২-২০: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যুৎ সরবরাহের বর্তমান চিত্র....১২-৪৫
সারণি ১২-২১: খাগড়াছড়ি পৌরসভার ইলেকট্রিক পোলের সংখ্যা (সড়ক বাতি সহ/ছাড়া) ১২-৪৬
সারণি ১২-২২: ওয়ার্ড ভিত্তিক হাই টেনশন টাওয়ারের বণ্টন ১২-৪৮
সারণি ১৩-১: জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা এবং তার প্রভাব....১৩-১
সারণি ১৩-২: খাগড়াছড়ি পৌরসভার ঝুঁকি নির্ণয়....১৩-৫
সারণি ১৩-৩: দুর্যোগ উপশম সহায়ক ব্যবস্থাপনা পরিকল্পনা....১৩-৭
সারণি ১৩-৪: খাগড়াছড়ি শহরে ভূ-প্রযুক্তিগত বোরহোল এর অবস্থান ১৩-১২
সারণি ১৩-৫: বাংলাদেশের প্রধান ভূমিকম্পসমূহ....১৩-১৭
সারণি ১৩-৬: বাংলাদেশের সিসমিক জোনের বিস্তারিত....১৩-২০
সারণি ১৩-৭: আক্রান্ত জনসংখ্যার লিঙ্গ ও বয়স পর্যালোচনা (SADD) ১৩-২০
সারণি ১৩-৮: খাগড়াছড়ি পৌরসভায় বজ্রপাতের ফলে সৃষ্ট মৃত্যু এবং হতাহত হওয়ার তথ্য ১৩-২৩
সারণি ১৩-৯: খাগড়াছড়ি পৌরসভায় পানির অভাবের ঘনত্ব এবং অবস্থার মাত্রা....১৩-২৯
সারণি ১৪-১: খাগড়াছড়িতে শিক্ষা বিষয়ক সুযোগ সুবিধা ১৪-১

সারণি ১৪-২: খাগড়াছড়ি পৌরসভায় শিক্ষা প্রতিষ্ঠানের মান ১৪-২
সারণি ১৪-৩: প্রস্তাবিত প্রি-প্রাইমারি স্কুল ১৪-৩
সারণি ১৪-৪: প্রস্তাবিত প্রাইমারি স্কুল ১৪-৪
সারণি ১৪-৫: প্রস্তাবিত মাদ্রাসা ১৪-৫
সারণি ১৪-৬: খাগড়াছড়ির জন্য প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় ১৪-৭
সারণি ১৪-৭: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত শিক্ষা সুবিধা ১৪-৭
সারণি ১৪-৮: ওয়ার্ড অনুযায়ী বিদ্যমান স্বাস্থ্যসেবা কেন্দ্র ১৪-৮
সারণি ১৪-৯: স্বাস্থ্য সেবার স্ট্যান্ডার্ড ১৪-৮
সারণি ১৪-১০: প্রস্তাবিত হেলথ সেন্টার/ক্লিনিক ১৪-৯
সারণি ১৪-১১: বিদ্যমান বিনোদন সুবিধা ১৪-১২
সারণি ১৪-১২: খাগড়াছড়ি পৌরসভায় বিধিবহির্ভূত বিনোদন সুবিধা (খেলারমাঠ) ১৪-১২
সারণি ১৪-১৩: বিনোদন সুবিধা প্রদানের মান (Standard) ১৪-১৩
সারণি ১৪-১৪: প্রস্তাবিত বিনোদন সুবিধা ১৪-১৩
সারণি ১৪-১৫: ওয়ার্ড অনুসারে খেলার মাঠ প্রদানের মান ১৪-১৩
সারণি ১৪-১৬: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত বিনোদন সুবিধাদি ১৪-১৪
সারণি ১৪-১৭: কমিউনিটি সুবিধাদির স্ট্যান্ডার্ড (মান) ১৪-১৫
সারণি ১৪-১৮: প্রস্তাবিত কমিউনিটি সেন্টার ১৪-১৬
সারণি ১৪-১৯: প্রস্তাবিত ধর্মীয় প্রতিষ্ঠান ১৪-১৭
সারণি ১৪-২০: এক নজরে প্রস্তাবিত নাগরিক সুবিধাদি ১৪-২১
সারণি ১৫-১: গত তিন বছরের বাজেট বরাদ্দ ১৫-২
সারণি ১৫-২: আয়ের উৎস ১৫-২
সারণি ১৫-৩: রাজস্ব আয় (গত তিন বছরের) ১৫-৩
সারণি ১৫-৪: হোল্ডিং ট্যাক্স থেকে আয় ১৫-৩
সারণি ১৫-৫: পানির বিল থেকে আয় ১৫-৩
সারণি ১৫-৬: স্থাবর সম্পত্তি স্থানান্তর কর থেকে আয় ১৫-৪
সারণি ১৫-৭: ইউজিপ-৩ এবং তহবিলের অন্যান্য উৎসের বিন্যাস ১৫-৪
সারণি ১৫-৮: অবকাঠামো উন্নয়ন ও সেবা প্রদানের জন্য বরাদ্দকৃত সম্পদ ১৫-৪
সারণি ১৫-৯: আর্থ-সামাজিক সেক্টরের জন্য বরাদ্দকৃত সম্পদ ১৫-৫
সারণি ১৫-১০: নগর সুপরিচালন ও দক্ষতা বৃদ্ধি সেক্টরে বন্টিত অর্থ ১৫-৫
সারণি ১৫-১১: অগ্রাধিকার পরিকল্পনার তালিকা ১৫-৫
সারণি ১৫-১২: অগ্রাধিকার প্রকল্পগুলো বাবদ খরচের হিসাব ১৫-১২
সারণি ১৫-১৩: খাগড়াছড়ি পৌরসভার অগ্রাধিকার প্রকল্পগুলোর বাস্তবায়নের ধাপ ১৫-১৭

চিত্রলেখের তালিকা

চিত্রলেখ ১: ২০১৭ ও ২০৩৭ সালে প্রতি একরে খাগড়াছড়ি পৌরসভার জনসংখ্যা v
চিত্রলেখ ২: জরিপের ধরণ..... vi
চিত্রলেখ ৩: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান বিশদ ভূমি ব্যবহার vi
চিত্রলেখ ৪: ওয়ার্ড ভিত্তিক ড্রেনের প্রস্তাবিত বিস্তরন xii
চিত্র ১-১: মহাপরিকল্পনার উপাদানসমূহ.....১-৫
চিত্রলেখ ২-১: খাগড়াছড়ি পৌরসভার বয়স ও লিঙ্গ অনুসারে জনসংখ্যা বন্টন.....২-৬
চিত্রলেখ ২-২ : পরিবারের সদস্যদের পেশা ২-৬
চিত্রলেখ ২-৩: অভিবাসীদের উৎপত্তি ২-৭
চিত্রলেখ ২-৪: পরিবারের আয়ের গঠন.....২-৯
চিত্রলেখ ২-৫: পরিবারের আয়ের প্রধান উৎস সমূহ.....২-৯
চিত্রলেখ ২-৬: খাগড়াছড়ি পৌরসভার পরিবারের উপার্জনকারী সদস্য ২-১০
চিত্রলেখ ২-৭: খাগড়াছড়ি পৌরসভার পরিবারের উপার্জনকারী সদস্য ২-১০
চিত্রলেখ ২-৮: বিভিন্ন সালের ভূমি প্রচ্ছদের পরিবর্তনের ধারা.....২-১৫
চিত্রলেখ ২-৯: বিভিন্ন সালের ভূমি-প্রচ্ছদের শ্রেণি ও ধারা ২-১৬
চিত্র ২-১০: খাগড়াছড়ি পৌরসভার ত্রিমাত্রিক দৃশ্য ২-১৭
চিত্রলেখ ৭-১: বস্তির পরিবারগুলোর সদস্যদের বয়স বণ্টন ৭-৩
চিত্রলেখ ৭-২: পরিবারের আয়ের কাঠামো ৭-৬
চিত্রলেখ ৭-৩: দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণ..... ৭-৬
চিত্রলেখ ৮-১: অংশীদারদের উত্থাপিত প্রধাণ সমস্যা ৮-৪
চিত্রলেখ ৮-২: খাগড়াছড়ি পৌরসভার অংশীদারদের রূপকল্প বিবৃতি ৮-৭
চিত্রলেখ ৮-৩: খাগড়াছড়ি পৌরসভায় দুর্যোগ ৮-৭
চিত্রলেখ ৮-৪: খাগড়াছড়ি পৌরসভার প্রয়োজনীয় নাগরিক অবকাঠামো উন্নয়ন..... ৮-৮
চিত্রলেখ ৮-৫: খাগড়াছড়ি পৌরসভায় সরকারি সেবার চাহিদা ৮-৮
চিত্রলেখ ৮-৬: খাগড়াছড়ি পৌরসভার অংশীদারদের রূপকল্পের বিবৃতি.....৮-১১
চিত্রলেখ ৮-৭: খাগড়াছড়ি পৌরসভার অর্থনৈতিক চালিকাশক্তি.....৮-১১
চিত্রলেখ ৮-৮: খাগড়াছড়ি পৌরসভায় নাগরিক অবকাঠামো উন্নয়নের চাহিদা ৮-১২
চিত্রলেখ ৮-৯: যোগাযোগ ব্যবস্থা.....৮-১২
চিত্রলেখ ৮-১০: খাগড়াছড়ি পৌরসভার জলাবদ্ধতা এবং নর্দমা সমস্যা ৮-১৩
চিত্রলেখ ৮-১১: খাগড়াছড়ি পৌরসভায় কমিউনিটি সুবিধা ৮-১৩
চিত্রলেখ ৮-১২: খাগড়াছড়ি পৌরসভায় বিনোদন সুবিধা..... ৮-১৪
চিত্রলেখ ৮-১৩: খাগড়াছড়ি পৌরসভায় নাগরিক দুর্যোগ এবং স্থিতিস্থাপকতা ৮-১৪
চিত্রলেখ ৯-১: সরকারি আইনগত অধিকারের অধিক্রমণ.....৯-৬
চিত্রলেখ ১০-১: খাগড়াছড়ি পৌরসভার বিশদ ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস ১০-৪
চিত্র ১০-২: বর্তমান এবং প্রস্তাবিত ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ.....১০-১৪
চিত্রলেখ ১১-১: খাগড়াছড়ি পৌরসভায় কাজের দিনে বিভিন্ন সড়কে ট্রাফিক প্রবাহ ১১-৮
চিত্রলেখ ১১-২: খাগড়াছড়ি পৌরসভায় একটি সাধারণ সপ্তাহান্তিক কালের বিভিন্ন সড়কে/ সড়কের অংশে ট্রাফিক প্রবাহ .....
.....১১-৮
চিত্রলেখ ১১-৩: খাগড়াছড়ি পৌরসভায় বিভিন্ন ধরনের সড়ক ১১-১৯
চিত্রলেখ ১১-৪: প্রাইমারি সড়কের পরিকল্পনা ১১-১৯
চিত্রলেখ ১১-৫: প্রাইমারি সড়কের প্রস্থচ্ছেদ ১১-১৯
চিত্রলেখ ১১-৬: সেকেন্ডারি সড়কের পরিকল্পনা ১১-২০
চিত্রলেখ ১১-৭: সেকেন্ডারি সড়কের প্রস্থচ্ছেদ ১১-২০
চিত্রলেখ ১১-৮: কালেক্টর/টারশিয়ারি রোডের পরিকল্পনা.....১১-২০
চিত্রলেখ ১১-৯: কালেক্টর/টারশিয়ারি রোডের প্রস্থচ্ছেদ ১১-২১

চিত্রলেখ ১১-১০: প্রবেশ রাস্তার অংশ.....১১-২২
চিত্রলেখ ১১-১১ প্রবেশ রাস্তার প্রস্থচ্ছেদ ১১-২২
চিত্র ১১-১২: একটি প্রতীকী বিমানবন্দরের ত্রিমাত্রিক চিত্র ১১-২৫
চিত্রলেখ ১১-১৩: প্রস্তাবিত ফুটপাতের প্রস্থচ্ছেদ ১১-২৫
চিত্র ১১-১৪: চট্টগ্রাম থেকে খাগড়াছড়িতে আগত যানবাহনগুলোর জন্য ট্রাফিক ব্যবস্থাপনা কৌশল.....১১-৩২
চিত্র ১১-১৫: রাঙ্গামাটি থেকে খাগড়াছড়িতে আগত যানবাহনগুলোর জন্য প্রস্তাবিত একমুখী রাস্তা.....১১-৩৩
চিত্র ১১-১৬: শাপলা চত্বর জংশন এড়িয়ে টমটম চলার বিকল্প রুট.....১১-৩৪
চিত্রলেখ ১১-১৭: জনপ্রিয় ট্রাফিক সাইনসমূহ.....১১-৩৫
চিত্রলেখ ১২-১: ধরণের ভিত্তিতে খাগড়াছড়ি পৌরসভার ড্রেনের বণ্টন ১২-৩
চিত্রলেখ ১২-২: প্রাইমারি ড্রেনের প্রকারভেদ ১২-৭
চিত্রলেখ ১২-৩: খাগড়াছড়ি পৌরসভার সেকেন্ডারি ড্রেনের ওয়ার্ড ভিত্তিক বণ্টন.....১২-৯
চিত্রলেখ ১২-৪: খাগড়াছড়ি পৌরসভার টারশিয়ারি ড্রেনের ওয়ার্ড ভিত্তিক বণ্টন ১২-১০
চিত্রলেখ ১২-৫: একটি বক্স কালভার্টের নমুনা নকশা এবং উচ্চতা ১২-২৩
চিত্রলেখ ১২-৬: খাগড়াছড়ি পৌরসভার ওয়ার্ড ওয়ারী ব্রিজ ও কালভার্ট.....১২-২৬
চিত্রলেখ ১২-৭: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান পানি সরবরাহ লাইনের বিন্যাস ১২-৩০
চিত্রলেখ ১২-৮: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান পানি সরবরাহ লাইনের বিন্যাস ১২-৩২
চিত্রলেখ ১২-৯: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান নলকূপগুলোর ওয়ার্ডওয়ারী বিন্যাস ১২-৩৩
চিত্রলেখ ১২-১০: খাবার পানির উৎস..... ১২-৩৫
চিত্রলেখ ১২-১১: খাগড়াছড়ি পৌরসভার টেলিফোন পোলের ওয়ার্ড ভিত্তিক বণ্টন..... ১২-৪৫
চিত্রলেখ ১২-১২: ট্রান্সফর্মারের ওয়ার্ড ভিত্তিক বণ্টন..... ১২-৪৭
চিত্রলেখ ১২-১৩: ওয়ার্ড ভিত্তিক বণ্টন ইলেকট্রিসিটি লাইনের বণ্টন..... ১২-৪৭
চিত্রলেখ ১৩-১ : খাগড়াছড়ি পৌরসভার অভিযোজন সক্ষমতার স্ন্যাপশট ১৩-৬
চিত্র ১৩-২: বিদ্যুৎ লাইনে বজ্রপাতের একটি ছবি..... ১৩-২৬
চিত্রলেখ ১৪-১: প্রস্তাবিত হাই স্কুল..... ১৪-৫
চিত্রলেখ ১৪-২: প্রস্তাবিত কলেজ.....১৪-৬
চিত্রলেখ ১৪-৩: প্রস্তাবিত পলিটেকনিক ইন্সটিটিউটের সংখ্যা ১৪-৬
চিত্রলেখ ১৪-৪: ঈদগাহের আয়তন.....১৪-১৮

মানচিত্রের তালিকা

মানচিত্র ১: খাগড়াছড়ি পৌরসভার কাঠামো পরিকল্পনা ix
মানচিত্র ২: খাগড়াছড়ি পৌরসভার ভূমি ব্যবহার পরিকল্পনা x
মানচিত্র ৩: খাগড়াছড়ি পৌরসভার যোগাযোগ ও যাতায়াত ব্যবস্থার পরিকল্পনা xi
মানচিত্র ১-১: খাগড়াছড়ি পৌরসভা, বাংলাদেশ ১-২
মানচিত্র ১-২: খাগড়াছড়ি পৌরসভার আঞ্চলিক অবস্থান ১-৩
মানচিত্র ২-১: ওয়ার্ড সহ খাগড়াছড়ি পৌরসভা ২-৪
মানচিত্র ২-২: খাগড়াছড়ি অঞ্চলে স্থানিক বৃদ্ধির ধরন ২-১২
মানচিত্র ২-৩: ল্যান্ডস্যাট টিএম চিত্র থেকে প্রাপ্ত ১৯৮০, ১৯৮৯, ২০০২, ২০১২ সালের ভূমি প্রচ্ছদ এবং শ্রেণিবিন্যাস ২-১৪
মানচিত্র ২-৪: একনজরে স্যাটেলাইট চিত্র থেকে প্রাপ্ত খাগড়াছড়ি পৌরসভার বৃদ্ধির ধারা ২-১৫
মানচিত্র ৩-১: বছর ভিত্তিক জনসংখ্যার ঘনত্ব ও জনসংখ্যার বন্টন ৩-৯
মানচিত্র ৫-১: প্রকল্প এলাকার কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলসমূহ ৫-৮
মানচিত্র ৫-২: কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ ও ঝুঁকিপূর্ণ এলাকা ৫-১৮
মানচিত্র ৫-৩: প্রকল্প এলাকায় প্রস্তাবিত ডোমেস্টিক এয়ারপোর্ট ৫-২০
মানচিত্র ৭-১: খাগড়াছড়ির বস্তিগুলোর অবস্থান ৭-৪
মানচিত্র ১০-১ : খাগড়াছড়ি পৌরসভার সাধারণ ভূমি-ব্যবহার মানচিত্র ১০-৬
মানচিত্র ১০-২: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত সাধারণ ভূমি ব্যবহার ১০-১৫
মানচিত্র ১০-৩: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত আবাসিক ভূমি ব্যবহার ১০-১৭
মানচিত্র ১০-৪: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত মিশ্র ভূমি-ব্যবহার ১০-১৮
মানচিত্র ১০-৫: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত শিল্প-কারখানা ভূমি ব্যবহার ১০-১৯
মানচিত্র ১০-৬: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত নাগরিক সুবিধা ভূমি ব্যবহার ১০-২১
মানচিত্র ১০-৭: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত সংরক্ষিত ভূমি ব্যবহার ১০-২২
মানচিত্র ১০-৮: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত আবাসিক খাত (সব ধরনের আবাসন) ১০-২৯
মানচিত্র ১০-৯: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত বাণিজ্যিক খাত (খুচরা বাজার এলাকা) ১০-৩২
মানচিত্র ১০-১০: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত শিল্প খাত (অর্থনৈতিক অঞ্চল এবং হাই-টেক পার্ক) ১০-৩৫
মানচিত্র ১০-১১: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত শিক্ষা খাত ১০-৩৭
মানচিত্র ১০-১২: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত প্রশাসনিক খাত ১০-৩৯
মানচিত্র ১০-১৩: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত পরিবহন খাত ১০-৪২
মানচিত্র ১০-১৪: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত উপযোগ খাত ১০-৪৫
মানচিত্র ১০-১৫: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত বিনোদন খাত (খেলাধুলা আয়োজন এলাকা) ১০-৪৮
মানচিত্র ১১-১: সড়কের শ্রেণি অনুযায়ী খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান রাস্তা সমূহ ১১-৩
মানচিত্র ১১-২: ব্যবহার অনুসারে খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান রাস্তার শ্রেণিবিন্যাস ১১-৪
মানচিত্র ১১-৩: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত রোড নেটওয়ার্ক ১১-১৫
মানচিত্র ১১-৪: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান রাস্তার প্রশস্তকরণ প্রস্তাবনা ১১-১৭
মানচিত্র ১১-৫: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত নতুন রোড ১১-১৮
মানচিত্র ১১-৬: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত ফুটপাত ১১-২৭
মানচিত্র ১১-৭: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত বাইসাইকেল পথ ১১-২৯
মানচিত্র ১১-৮: খাগড়াছড়ি পৌরসভায় যানবাহন সুযোগ-সুবিধাসমূহ ১১-৩০
মানচিত্র ১২-১: প্রকল্প এলাকার বর্তমান ড্রেন (নির্মাণ ধরণ অনুসারে) ১২-৫
মানচিত্র ১২-২: প্রকল্প এলাকার বর্তমান ড্রেনেজ নেটওয়ার্ক (ধরণ অনুসারে) ১২-৬
মানচিত্র ১২-৩: প্রকল্প এলাকায় বিদ্যমান ড্রেনেজ আউটফলের অবস্থান ১২-১১
মানচিত্র ১২-৪: প্রকল্প এলাকার জলাশয়সমূহ ১২-১৪
মানচিত্র ১২-৫: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক পরিকল্পনা ১২-২১
মানচিত্র ১২-৬: খাগড়াছড়ি পৌরসভার ব্রিজ ও কালভার্টের অবস্থান ১২-২৮

মানচিত্র ১২-৭: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত ড্রেনের অবকাঠামোসমুহ.....১২-২৯
মানচিত্র ১২-৮: খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহের বর্তমান চিত্র..... ১২-৩৪
মানচিত্র ১২-৯: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত পানি সরবরাহ লাইন..... ১২-৩৯
মানচিত্র ১২-১০: খাগড়াছড়ি পৌরসভার কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমূহ..... ১২-৪৩
মানচিত্র ১২-১১: খাগড়াছড়ি পৌরসভায় ইলেকট্রিক পোল, টেলিফোন পোল এবং টাওয়ারের বন্টন ১২-৪৯
মানচিত্র ১২-১২: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত উপযোগ এলাকা.....১২-৫১
মানচিত্র ১৩-১: খাগড়াছড়ি শহরের বিভিন্ন ভূ-প্রযুক্তিগত বারহোলের অবস্থান.....১৩-১৩
মানচিত্র ১৩-২: বাংলাদেশের ভূমিকম্প প্রবণ জোনে খাগড়াছড়ি পৌরসভার অবস্থান.....১৩-১৯
মানচিত্র ১৩-৩: উপজেলায় মারাত্মকভাবে আক্রান্ত মানুষের সংখ্যা (NIRAPAD) ১৩-২১
মানচিত্র ১৩-৪: খাগড়াছড়ি পৌরসভার ভূমিধ্বসে ঝুঁকিপূর্ণ এলাকার মানচিত্র..... ১৩-২২
মানচিত্র ১৩-৫: বজ্রপাতে জেলাভিত্তিক বাৎসরিক মৃত্যুর হার প্রতি দশ লক্ষে। রঙ ছায়াকরনের ব্যাপ্তি (Color Sheading) সর্বোচ্চ লাল থেকে সর্বনিম্ন নীল পর্যন্ত বিস্তৃত। জেলা ভিত্তিক মৃত্যুর হার ক্রম সংখ্যার ভিত্তিতে করা হয়েছে; (Source: Dewan et al., ২০১৭)..... ১৩-২৪
মানচিত্র ১৩-৬: জেলা ভিত্তিক প্রতিবছর প্রতি দশ লক্ষে বজ্রপাতে মৃত্যুহার। ১৩-২৫
মানচিত্র ১৩-৭: খাগড়াছড়ি পৌরসভায় জলাবদ্ধ এলাকা ১৩-২৮
মানচিত্র ১৩-৮: খাগড়াছড়ি পৌরসভার পানি স্বল্পতার ঝুঁকি..... ১৩-৩০
মানচিত্র ১৪-১: খাগড়াছড়ি পৌরসভায় বিদ্যমান শিক্ষা ও স্বাস্থ্য সেবা ১৪-১০
মানচিত্র ১৪-২: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত শিক্ষা ও স্বাস্থ্য সেবা.....১৪-১১
মানচিত্র ১৪-৩: খাগড়াছড়ি পৌরসভায় বিদ্যমান বিনোদন সুবিধা.....১৪-১৯
মানচিত্র ১৪-৪: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত বিনোদন সুবিধা ১৪-২০
মানচিত্র ১৫-১: আবাসিক, বাণিজ্যিক এবং শিল্প খাতের উন্নয়নের জন্য অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্প ১৫-৮
মানচিত্র ১৫-২: খাগড়াছড়ি পৌরসভার অগ্রাধিকারপ্রাপ্ত ড্রেনেজ প্রকল্প.....১৫-৯
মানচিত্র ১৫-৩: খাগড়াছড়ি পৌরসভার অগ্রাধিকারপ্রাপ্ত যানবাহন ও যোগাযোগ প্রকল্পসমূহ.....১৫-১০
মানচিত্র ১৫-৪: খাগড়াছড়ি পৌরসভার অগ্রাধিকারপ্রাপ্ত নগর সেবা প্রকল্প.....১৫-১১

স্থিরচিত্রের তালিকা

স্থিরচিত্র ৮-১: প্রথম মতবিনিময় সভা ৮-৩
স্থিরচিত্র ৮-২: প্রথম মতবিনিময় সভা, ১১ মে, ২০১৬ ..... ৮-৫
স্থিরচিত্র ৮-৩: খাগড়াছড়ি পৌরসভার দ্বিতীয় মতবিনিময় সভা, ০৮ ডিসেম্বর, ২০১৬ ..... ৮-৬
স্থিরচিত্র ৮-৪: দ্বিতীয় মতবিনিময় সভা ৮-৯
স্থিরচিত্র ৮-৫: তৃতীয় মতবিনিময় সভা, ১১ সেপ্টেম্বর, ২০১৭ ..... ৮-১০
স্থিরচিত্র ৮-৬: চূড়ান্ত মতবিনিময় সভা, ২৩ সেপ্টেম্বর, ২০১৮ তার ৮-১৭
স্থিরচিত্র ৮-৭: সভার উপস্থিতি, ১৫ এপ্রিল, ২০১৯ ..... ৮-২০
স্থিরচিত্র ৮-৮: খাগড়াছড়ি পৌরসভার মেয়র, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ সহকারী প্রকৌশলীর উপস্থিতিতে ব্যবসায়ী মালিক সমিতির ফোকাস গ্রুপ ডিসকাশন বৈঠক ৮-২১
স্থিরচিত্র ৮-৯: খাগড়াছড়ি পৌরসভার উপ সহকারী প্রকৌশলীর উপস্থিতিতে শিক্ষকদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন বৈঠক ৮-২১
স্থিরচিত্র ৮-১০: মেয়র এবং নির্বাহী প্রকৌশলীর উপস্থিতিতে খাগড়াছড়ি পৌরসভার সাংবাদিক ও আইনজীবীদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন ৮-২১
স্থিরচিত্র ৮-১১: খাগড়াছড়ি পৌরসভার এসডিও এর বস্তিবাসীদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন ৮-২২
স্থিরচিত্র ৮-১২: খাগড়াছড়ি পৌরসভার মেয়র এবং প্রকৌশল বিভাগের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন ৮-২২
স্থিরচিত্র ৮-১৩: খাগড়াছড়ি পৌরসভার কাউন্সিলরদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন ৮-২৩
স্থিরচিত্র ৮-১৪: মহাপরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ৮-২৫
স্থিরচিত্র ১১-১: শাপলা চত্বরে রিক্সা এবং টমটম স্ট্যান্ড ১১-৫
স্থিরচিত্র ১১-২: চান্দের গাড়ি (স্থানীয় যানবাহন) ১১-৫
স্থিরচিত্র ১১-৩: খাগড়াছড়ি পৌরসভার বাস টার্মিনাল ১১-৬
স্থিরচিত্র ১১-৪: পথচারীদের জন্য খাবার পানির ব্যবস্থা ১১-৭
স্থিরচিত্র ১২-১: চেঙ্গী নদীতে ড্রেনেজ আউটফল ১২-৩
স্থিরচিত্র ১২-২: চেঙ্গি নদী ১২-৭
স্থিরচিত্র ১২-৩: খাগড়াছড়ি ছড়া ১২-৭
স্থিরচিত্র ১২-৪: পানখাইয়া পাড়া ছড়া ১২-৭
স্থিরচিত্র ১২-৫: পাকা সেকেন্ডারি ড্রেন ১২-৯
স্থিরচিত্র ১২-৬: উন্মুক্ত সেকেন্ডারি ড্রেন ১২-৯
স্থিরচিত্র ১২-৭: খাগড়াছড়ি ব্রিজ ১২-২৬
স্থিরচিত্র ১২-৮: বটতলী ব্রিজ ১২-২৬
স্থিরচিত্র ১২-৯: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গনে পাম্প হাউজ ১২-৩১
স্থিরচিত্র ১২-১০: আলুটিলা এলাকার কাছে বর্তমান ডাম্পিং সাইট ১২-৪০
স্থিরচিত্র ১৪-১: খাগড়াছড়ির কিছু শিক্ষা প্রতিষ্ঠান ১৪-২
স্থিরচিত্র ১৪-২: খাগড়াছড়ি জেলা সদর হাসপাতাল ১৪-৮
স্থিরচিত্র ১৪-৩: খাগড়াছড়ি পৌরসভায় কিছু বিনোদন সুবিধা ১৪-১২
স্থিরচিত্র ১৪-৪: খাগড়াছড়ি পৌরসভায় বিদ্যমান কমিউনিটি সেবাগুলোর একটি ১৪-১৫

সংক্ষিপ্ত শব্দের তালিকা

এডিবি	এশীয় উন্নয়ন ব্যাংক
এডিপি	বার্ষিক উন্নয়ন কর্মসূচি
এএডিটি	বার্ষিক দৈনিক ট্রাফিক ভলিউম
বার্ড	বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী
বিবিএস	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বিআইডব্লিউটিএ	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
বিএম	বেঞ্চমার্ক
বিএনবিসি	বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড
বিআর	বাংলাদেশ রেলওয়ে
বিআরটিএ	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
বিসিক	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন
সিএএ	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সিবিডি	কেন্দ্রীয় বাণিজ্যিক এলাকা
সিবিও	কমিউনিটি বেজড অর্গানাইজেশন
সিসি	সিটি কর্পোরেশন
সিইও	প্রধান নির্বাহী কর্মকর্তা
সিএনজি	কমপ্রেসড ন্যাচারাল গ্যাস
সিএস	ক্যাডেস্ট্রাল সার্ভে
সিইউপি	প্রধান নগর পরিকল্পনাবিদ
সিডব্লিউজিসি	কমনওয়েলথ ওয়ার গ্রেভ কমিশন
ডিবেজ	ডাটাবেজ (তথ্যভান্ডার)
ডিসি	জেলা প্রশাসক
ডিইএম	ডিজিটাল এলিভেশন মডেল
ড্যাপ	ডিটেইল্ড এরিয়া প্ল্যান
ডিজিপিএস	ডিফারেন্সিয়াল গ্লোবাল পজিশনিং সিস্টেম
ডিএলআরএস	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ডিওই	পরিবেশ অধিদপ্তর
ডিপিএইচই	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ডিপিপি	উন্নয়ন প্রকল্প পরিকল্পনা
ডিপিজেড	ডিটেইল্ড প্ল্যানিং জোন
ডিটিআইডিপি	জেলা শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প
ডিটিএম	ডিজিটাল টেরেইন মডেল
ইবিবিসি আইন	দি ইস্ট বেঙ্গল বিল্ডিং কন্সট্রাকশন এ্যাক্ট ১৯৫২
ইসিএ	বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন
ইসিআর	পরিবেশ সংরক্ষণ বিধিমালা
ইআইএ	পরিবেশগত প্রভাব নিরূপণ
ইপিজেড	রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
ফার	ফ্লোর-এরিয়া রেশিও
এফজিডি	ফোকাস গ্রুপ ডিসকাশন
জিসিপি	গ্রাউন্ড কন্ট্রোল পয়েন্ট
জিডিপি	মোট দেশজ উৎপাদন
জিআইএস	জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম
আইইই	প্রাথমিক পরিবেশগত সমীক্ষা
আইসিটি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
সিজিপি	সিটি গভর্নেন্স প্রজেক্ট
আইএলডিআই	অবকাঠামো ভিত্তিক উন্নয়ন কার্যক্রম
এলজিইডি	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
এলজিডি	স্থানীয় সরকার বিভাগ

এলওএস	লেভেল অফ সার্ভিস
এমডিজি	সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা
এমজিএসপি	মিউনিসিপ্যাল গভর্ন্যান্স অ্যান্ড সার্ভিসেস প্রকল্প
এমপিডব্লিউডি	মিটার পিডব্লিউডি (গণপূর্ত বিভাগের হিসেবে অনুসারে সমুদ্রপৃষ্ঠ থেকে উচ্চতা)
এমএফডিএম	দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
এমওডব্লিউএ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
এমএসএল	সমুদ্রপৃষ্ঠের গড় উচ্চতা
এমএসপি	পৌরসভা সেবা অগ্রাধিকার প্রকল্প
এমভি	যান্ত্রিক বাহন
এনবিআর	জাতীয় রাজস্ব বোর্ড
এনএইচএ	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
এনজিও	বেসরকারী সংস্থা
এনএমভি	অযান্ত্রিক বাহন
ও-ডি	অরিজিন-ডেস্টিনেশন সার্ভে
পিসিইউ	প্যাসেঞ্জার কার ইউনিট
পিডিবি	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
পিজিসিবি	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
পিএমও	প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়
পিপিএ	প্রতি একরে জনসংখ্যার ঘনত্ব
পিআরএসপি	দারিদ্র বিমোচন কৌশলপত্র
পিডব্লিউডি	গণপূর্ত বিভাগ
আরসিসি	রিইনফোর্সড সিমেন্ট কংক্রিট
আরইবি	পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সওজ	সড়ক ও জনপথ অধিদপ্তর
আরওডব্লিউ	রাইট অফ ওয়ে (রাস্তার জায়গা)
আরটিকে-জিপিএস	রিয়াল টাইম কাইনেম্যাটিক গ্লোবাল পজিশনিং সিস্টেম
এসএফওয়াইপি	ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা
এসওবি	বাংলাদেশ জরিপ অধিদপ্তর
এসপি	স্ট্রাকচার প্ল্যান
এসপিজেড	স্ট্রাটেজিক প্ল্যানিং জোন
এসটিআইডিপি	মাঝারি শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প
টিআইএন	ট্রায়াঙ্গুলেটেড ইরেগুলার নেটওয়ার্ক
টিওআর	কার্যাদেশের শর্তাবলী
টিএস	টোটাল স্টেশন
টিভিএস	ট্রাফিক ভলিউম সার্ভে
ইউডিডি	নগর উন্নয়ন অধিদপ্তর
ইউএলসি	স্থানীয় নগরকেন্দ্র
ইউএনডিপি	জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী
ইউএপি	আরবান এরিয়া প্ল্যান
ইউপি	ইউনিয়ন পরিষদ
ইউএসসি	নগর উপকেন্দ্র
ভি/সি	ভলিউম বনাম ক্যাপাসিটি অনুপাত
পাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২০ বছর মেয়াদী পরিকল্পনা

কাঠামো পরিকল্পনা

ভূমিকা
পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ
পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সনাক্তকরণ
সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও পরিকল্পনা পর্যালোচনা
নগরের প্রবৃদ্ধি
অর্থনীতি
নগর দারিদ্র্য
পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ
বাস্তবায়নের বিষয়সমূহ

প্রথম অধ্যায় ভূমিকা

সূচিপত্র

১.১ ভূমিকা ----------১-১
১.২ পটভূমি----------১-১
১.৩ রূপকল্প ----------১-৪
১.৪ মহাপরিকল্পনার উদ্দেশ্য ----------১-৪
১.৫ প্রকল্পের পরিসর---------- ১-৫
১.৬ কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) এলাকা ----------১-৬
১.৭ পরিকল্পনার সময়সীমা, পর্যবেক্ষণ এবং হালনাগাদ ---------- ১-৭
১.৮ আইনী বিধান ---------- ১-৭
১.৯ কৌশল এবং স্থানিক পরিকল্পনা ---------- ১-৭
১.৯.১ কৌশল ---------- ১-৭
১.৯.২ স্থানিক পরিকল্পনা---------- ১-৮
১.১০ পরিকল্পনার মূলনীতি ---------- ১-৮
১.১০.১ আত্মনির্ভরশীল হয়ে গড়ে ওঠা ---------- ১-৮
১.১০.২ পর্যটন বিকাশ---------- ১-৮
১.১০.৩ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান ----------১-৯
১.১০.৪ পরিবহন এবং যোগাযোগ ----------১-৯
১.১০.৫ উদ্ভাবনী উন্নয়নের উদ্যোগ----------১-৯

প্রথম অধ্যায়
ভূমিকা

১.১ ভূমিকা

কাঠামো পরিকল্পনার (স্ট্রাকচার প্ল্যান) প্রথম অধ্যায়ে উন্নয়নের রূপকল্প, কৌশল এবং স্থানিক পরিকল্পনা, পরিকল্পনা কর্তৃপক্ষের জন্য গৃহীত পরিকল্পনা নীতিমালা, সময়সীমা, পরিকল্পনা সংশোধন, হালনাগাদ এবং পরিকল্পনা তৈরির অংশগ্রহণমূলক প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হয়েছে।

১.২ পটভূমি

নগরায়ন এবং জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে জটিল এবং পারস্পরিক ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। তবে, এখন পর্যন্ত বাংলাদেশে নগরায়নের অপরিকল্পিত এবং অসংযত স্থানিক প্রবৃদ্ধি জীবনযাপনের উপযুক্ত পরিবেশকে ব্যাহত করছে। নগরায়নের স্থানিক বৃদ্ধি পর্যাপ্ত অবকাঠামো এবং পরিসেবা, প্রয়োজনীয় আবাসন, পরিবহন পরিকল্পনা ও উন্নয়নের তুলনায় দ্রুত হয়েছে। টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং জীবনযাত্রার মান উন্নয়নের জন্য বাংলাদেশের শহর এলাকার উন্নয়ন খুবই জরুরী।

পৌরসভার বর্তমান উন্নয়ন দৃশ্যকল্প একটি বিশৃঙ্খল চিত্র প্রদর্শন করে যেখানে অব্যবস্থাপনাই নিয়ম হয়ে দাঁড়িয়েছে, কারণ প্রধানত এর সংগঠিত উন্নয়নের জন্য কোন মহাপরিকল্পনা নেই। যথাযথ মহাপরিকল্পনার অনুপস্থিতিতে, অবকাঠামো, যেমন, আবাসন, সড়ক, নিষ্কাশন ব্যবস্থা, পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা সেবা সহ সমস্ত উন্নয়ন অসঙ্গতিপূর্ণ অবস্থায় রয়েছে। অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলো বিচ্ছিন্ন ভাবে নেওয়া হয়। ইউজিপ-১ ও ২, ইউটিআইডিপি এবং ডিটিআইডিপি সফলভাবে সম্পন্ন হওয়ার পর এই উপলব্ধি হয়েছে যে মহাপরিকল্পনা পৌরসভার উন্নয়নকে আরও কার্যকর সমাধান দিতে পারে। সুন্দর আর্থিক ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের সাথে একটি সুসংহত সমন্বিত স্থানিক এবং পর্যায়ক্রমিক পরিকল্পনা নগরের পরিবেশকে সুবিন্যস্ত করতে পারে যা কেবল স্বাস্থ্যকর ও বাসযোগ্যই নয় বরং কার্যকরী ও নিরাপদ হবে। বর্তমান প্রকল্পটি ইউজিপ-৩ এর অধীনে ২০ বছর মেয়াদী '১৬ টি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়ন' প্রকল্পের অংশ। এই মহাপরিকল্পনাটি বর্তমান অবকাঠামোর সাথে প্রস্তাবিত ভবিষ্যতের বিনিয়োগ পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য প্রস্তুত করা হচ্ছে যেন এই সুবিধার সাথে পৌরসভার ব্যবস্থাপনাগত দক্ষতা বৃদ্ধি পায় এবং তাদের রাজস্ব আয় বর্ধিত হয়ে একটি স্বয়ংসম্পূর্ণ স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠিত হয়। মহাপরিকল্পনার অনুশীলন সম্ভাব্য ভবিষ্যতের জলবায়ু পরিবর্তনের ঘটনাগুলো মোকাবেলা করার জন্য সমন্বিত অবকাঠামো উন্নয়নকেও সুপারিশ করবে।

বর্তমান প্রকল্পের আওতায় ১৬ টি পৌরসভার মহাপরিকল্পনা প্রস্তুতি এবং হালনাগাদ করার জন্য পরামর্শকারী সংস্থাগুলো জড়িত। শেল্‌টেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড ও শেল্‌টেক্ (প্রাঃ) লিমিটেড কে যৌথভাবে প্যাকেজ ০১ প্রদান করা হয়েছে যা মহাপরিকল্পনার প্রস্তুতির জন্য ৬টি পৌরসভা যেমন রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, হবিগঞ্জ, লক্ষ্মীপুর এবং মৌলভীবাজার পৌরসভা নিয়ে গঠিত। পৌরসভার প্রকল্প বিবরণী বিস্তারিত ***সারণি ১-১*** এ দেখানো হল।

সারণি ১-১: প্যাকেজ -১, এলজিইডি এর ইউজিপ-৩ এর আওতাধীন পৌরসভা সমূহের নাম

প্যাকেজ নং	বিভাগ	জেলা	উপজেলা	পৌরসভার নাম
০১	চট্টগ্রাম	রাঙ্গামাটি	রাঙ্গামাটি সদর	রাঙ্গামাটি
		খাগড়াছড়ি	খাগড়াছড়ি সদর	খাগড়াছড়ি
		বান্দরবান	বান্দরবান সদর	বান্দরবান
		লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর সদর	লক্ষ্মীপুর

প্যাকেজ নং	বিভাগ	জেলা	উপজেলা	পৌরসভার নাম
	সিলেট	হবিগঞ্জ	হবিগঞ্জ সদর	হবিগঞ্জ
		মৌলভীবাজার	মৌলভীবাজার সদর	মৌলভীবাজার

এই রিপোর্টটি বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত পাহাড়ি অঞ্চল চট্টগ্রাম বিভাগের খাগড়াছড়ি জেলার খাগড়াছড়ি পৌরসভার সাথে সম্পর্কিত। ***মানচিত্র ১-১*** এ বাংলাদেশে খাগড়াছড়ি পৌরসভার অবস্থান দেখানো হয়েছে।

মানচিত্র ১-১: খাগড়াছড়ি পৌরসভা, বাংলাদেশ



তথ্যসূত্রঃ শেলটেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড

খাগড়াছড়ি জেলার নয়টি (০৯) উপজেলা রয়েছে। প্রকল্প এলাকার অবস্থান খাগড়াছড়ি সদর উপজেলায়। নিম্নলিখিত মানচিত্রে খাগড়াছড়ি পৌরসভার আঞ্চলিক অবস্থান দেখানো হয়েছে।

মানচিত্র ১-২: খাগড়াছড়ি পৌরসভার আঞ্চলিক অবস্থান



তথ্যসূত্রঃ শেল্‌টেক্‌ কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড

১.৩ রূপকল্প

প্রতিটি শহরের পরিকল্পনা শহরে বসবাসকারী মানুষের জন্য তৈরি করা হয়। পরিকল্পনা প্রণয়নের পূর্বেই এটি জানা গুরুত্বপূর্ণ যে ভবিষ্যতে একটি নির্দিষ্ট সময় পর মানুষ কিভাবে তাদের শহরকে দেখতে চায়। প্রথম ও দ্বিতীয় মতবিনিময় সভায় অংশগ্রহণকারীরা ভবিষ্যত শহর সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি প্রকাশ করেছিলেন। এক্ষেত্রে তাদের দৃষ্টিভঙ্গি একটি অংশীদারী প্রক্রিয়ার মধ্য দিয়ে নির্ধারিত হয়েছে, যার মধ্যে রয়েছে শহরে বসবাসকারী বিভিন্ন শ্রেণীপেশার জনসংখ্যার এবং জনপ্রতিনিধিবৃন্দ, যেমন ওয়ার্ড কাউন্সিলর, দরিদ্র সম্প্রদায়ের সদস্য, ব্যবসায় সম্প্রদায়ের প্রতিনিধিবৃন্দ, পেশাদার দল এবং ক্ষুদ্র জাতিগোষ্ঠী। পরিকল্পনা চূড়ান্ত করার পূর্বে প্রতিটি গ্রুপের মতামত বিশ্লেষণ করা হয়েছে এবং একত্রিত করা হয়েছে। খাগড়াছড়ি পৌরসভার টিএলসিসি সভায় এই ২০ বছর মেয়াদী পরিকল্পনা অনুমোদন করা হয়েছে যা ছিল ব্যাপক অংশগ্রহণমূলক। খাগড়াছড়ি পৌরসভার রূপকল্প হল,

> ***"ভবিষ্যৎ প্রজন্মের জন্য খাগড়াছড়ি পৌরসভাকে একটি নিরাপদ এবং বাসযোগ্য আধুনিক শহর হিসেবে গড়ে তোলা, যা সামাজিক ও অর্থনৈতিকভাবে স্বয়ংসম্পূর্ণ, দারিদ্র্য এবং মাদক মুক্ত এবং উন্নত বাসযোগ্য ব্যবস্থা, নিষ্কাশন ব্যবস্থা এবং বিনোদনমূলক সুবিধার সাথে দক্ষ পরিচালন ব্যবস্থার অন্তর্ভূক্ত হবে এবং ২০৩৭ সালের মধ্যে জনগণের সক্রিয় অংশগ্রহণ এবং মতামত নিশ্চিত করতে হবে।"***

বর্তমান পরিকল্পনায় এই রূপকল্পের প্রতিফলন ঘটানোর চেষ্টা করা হয়েছে।

১.৪ মহাপরিকল্পনার উদ্দেশ্য

পরামর্শক মহাপরিকল্পনার রূপকল্প বাস্তবায়নের জন্য নিম্নোক্ত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে কাজ করেন।

১. টেকসই উন্নয়নের জন্য ইকো-ট্যুরিজম অনুকূল শহর গড়ে তোলা।
২. শহরটিকে একটি আধুনিক, স্বয়ংসম্পূর্ণ, নিরাপদ, দারিদ্র্য এবং মাদক মুক্ত হিসাবে বিকাশ করা।
৩. নিষ্কাশন এবং বিনোদন ব্যবস্থা উন্নত করা।
৪. উন্নয়নে সক্রিয়ভাবে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা।
৫. একটি পৌরসভার ব্যবস্থাপনাকে দক্ষ, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক করে তোলা।

১.৫ প্রকল্পের পরিসর

মহাপরিকল্পনা হল একটি উন্মুক্ত দলিল, তাই একে সাধারণ জনগণ এবং এর সমস্ত সুবিধাভোগীদের কাছে পৌঁছাতে হবে। পরিকল্পনাটি সকল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাছে পাঠাতে হবে যারা পরিকল্পনার বিধানগুলো বাস্তবায়নের ভূমিকা পালন করবে। পৌরসভার মধ্যে তাদের নিজস্ব উন্নয়ন পরিকল্পনা ও কার্যক্রম এবং প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সংস্থার জ্ঞান, নির্দেশিকা ও সম্পর্ক স্থাপনার জন্য এটি খুবই গুরুত্বপূর্ণ। পরিকল্পনা অনুমোদনের সরকারি গেজেট বিজ্ঞপ্তির পরে প্রতিবেদন এবং মানচিত্রগুলোর অনুলিপি আনুষ্ঠানিকভাবে সমস্ত সরকারি উন্নয়ন সংস্থার কাছে পাঠানো উচিত।

বর্তমান সমস্যা, উন্নয়ন সীমাবদ্ধতা এবং জনগণের প্রত্যাশাগুলোকে বিবেচনায় রেখে এই পরামর্শকরা একটি উদ্ভাবনী ও বাস্তববাদী পরিকল্পনা পদ্ধতি অনুসরণ করেছে। এই পরিস্থিতিতে বর্তমান অবস্থার অধীনে বাস্তবায়নের আরও ভাল সম্ভাবনা রয়েছে। এই প্রকল্প কেবল অনুকূল জমি ব্যবহার উন্নয়ন করবে না, এর সাথে সাথে পরিবেশ, প্রবেশযোগ্যতা, আবাস এবং সেবার দিক থেকেও উন্নয়ন নিয়ে আসবে এবং বর্তমান অসংগঠিত ও অসামরিক উন্নয়নের চেয়ে অনেক বেশি যুক্তিসঙ্গত হবে।

পরিকল্পনার ফলাফলঃ পরিকল্পনা প্রক্রিয়ার চূড়ান্ত ফলাফল হচ্ছে কিছু স্তরভিত্তিক সমন্বিত পরিকল্পনার ধারা, যেখানে অন্তর্ভুক্ত আছে ২০ বছর মেয়াদী কাঠামো পরিকল্পনা, ১০ বছর মেয়াদী ভূমি ব্যবহার পরিকল্পনা, পরিবহন ও যোগাযোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ড্রেনেজ এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা, নগর সেবা পরিকল্পনা এবং ৫ বছর মেয়াদী আর্থিক বিনিয়োগ ও কর্ম পরিকল্পনা।

চিত্র ১-১: মহাপরিকল্পনার উপাদানসমূহ



কাঠামো পরিকল্পনাঃ কাঠামো পরিকল্পনা, যেকোনো কর্ম পরিকল্পনা বা উন্নয়ন কাজের জন্য নীতির একটা কাঠামো প্রদান করে যা নির্দিষ্ট একটা স্তর পর্যন্ত উন্মুক্ত। এটা বড় বড় উন্নয়ন কর্মকান্ডের জন্য একটা কাঠামো এবং পরবর্তীকালে নিচের স্তরের পরিকল্পনা প্রস্তুত করার জন্য একটা একটা পথ নির্দেশক। পরিকল্পনাটি জনসংখ্যার বিতরন এবং পুনঃবিতরন, কার্যক্রম এবং তাদের সম্পর্ক এবং প্যাটার্ন বা ভূমি ব্যবহার নির্দেশ করে যে, যোগাযোগ, প্রচলন এবং উপযোগ সেবা এবং যোগাযোগ নেটওয়ার্কগুলোর সাথে একসাথে বৃদ্ধি পাবে। কাঠামো পরিকল্পনাটি ২০ বছরের জন্য প্রস্তুত করা হয়েছে যা ১:৩৯৬০ এর স্কেলে যথাযথ শীটের মাপে বিভক্ত করা হয়েছে। কাঠামোগত পরিকল্পনাগুলো জটিল পরিকল্পনা সংক্রান্ত বিষয়গুলো যেমন, জনসংখ্যা বৃদ্ধির প্রবণতা বিশ্লেষণ, জনসংখ্যার প্রক্ষেপণ, বিদ্যমান উন্নয়ন প্যাটার্ন, পৌরসভা শহুরে বৃদ্ধির ক্ষেত্রের উন্নয়ন সমস্যাগুলোর সনাক্তকরণ। এই পরিকল্পনাটি প্রাসঙ্গিক জাতীয় নীতি যেমন পৌরসভা অধ্যাদেশ, শহুরে ব্যবস্থাপনা নীতি, ভূমি ব্যবহার নীতি, হাউজিং পলিসি, পরিবেশ নীতি এবং শহুরে উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন আইন এবং প্রবিধান অন্তর্ভূক্ত করে। বর্তমান নীতি ব্যবহারের সম্ভাব্য সুযোগ বিশ্লেষণ করে এবং বর্তমান নীতির সীমাবদ্ধতা এবং দুর্বলতা খুঁজে বের করে এবং পৌরসভার উন্নয়ন ও ব্যবস্থাপনার যথাযথ ব্যবস্থার পরামর্শ প্রদান করে। এই পরিকল্পনাটি ভবিষ্যতে ভূমি ব্যবহার এবং ক্ষেত্র বিশেষে উন্নয়ন কৌশল, নীতি ও বাস্তবায়ন বিষয়সমূহের প্রস্তাব দেয়।

ভূমি ব্যবহার পরিকল্পনাঃ ভূমি ব্যবহার পরিকল্পনায় বিদ্যমান ভূমি ব্যবহার শ্রেণীবিভাগ, বিদ্যমান জমি ব্যবহারের ধরনের সংক্ষিপ্ত বিবরণ অন্তর্ভূক্ত আছে; গৃহায়ন এবং আবাসিক ভূমি উন্নয়ন, শিল্প ও বাণিজ্যিক ভূমি, প্রতিষ্ঠান, কমিউনিটি সুবিধা, সরকারি সেবা, ইউটিলিটি (বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন), যোগাযোগ এবং পরিবহন (রাস্তা সহ); অন্যান্য ভূমি ব্যবহার যেমন কৃষি, গ্রামীণ বসতবাড়ি, জলাশয়, জলাভূমি, খালি জমি, ইটের ভাটা ইত্যাদি; ভবিষ্যতে ভূমি ব্যবহার, ভূমি উন্নয়ন, ভূমি উন্নয়ন প্রবিধান এবং ভূমি ব্যবস্থাপনা কৌশল।

পরিবহন এবং যাতায়াত ব্যবস্থাপনা পরিকল্পনাঃ পরিবহন এবং যাতায়াত ব্যবস্থাপনা পরিকল্পনা জরিপ, ভবিষ্যৎ অনুমান, পরিবহন উন্নয়ন পরিকল্পনা, পরিবহন ব্যবস্থার ব্যবস্থাপনা কৌশল (টিএসএম), পরিবহন চাহিদা পরিচালন কৌশল (টিডিএম), যানবাহনের শব্দ দূর করার ব্যবস্থা এবং আগামী ১০ বছরের সময়সীমার জন্য সড়ক পরিবহন সুবিধা নিয়ন্ত্রণ এবং রক্ষণাবেক্ষণ করে।

নিষ্কাশন এবং উপযোগ সেবা পরিকল্পনাঃ নিষ্কাশন এবং উপযোগ সেবা পরিকল্পনা ১০ বছরের সময়-সীমায় অন্তর্ভূক্ত এবং জরিপের প্রধান ফলাফলগুলো সংক্ষিপ্তভাবে আলোচনা করে; বিদ্যমান নিষ্কাশন ব্যবস্থা, পানি ও বিদ্যুৎ সরবরাহের শর্ত, বিদ্যমান ক্ষমতা এবং অবকাঠামোগুলোর দুর্বলতা ও সমন্বয়ের অনুপস্থিত ইত্যাদি। বিদ্যমান এবং নতুন নৌ-যানের উন্নয়ন/উন্নতি; নিষ্কাশন অবকাঠামো; পানি সরবরাহ সুবিধা; প্রস্তাবিত বিদ্যুৎ সরবরাহ, বিকল্প উৎস, প্রবিধান ও নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রসারের জন্য প্রস্তাব পেশ করে।

পরিবেশগত ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাঃ পরিবেশগত ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বর্তমান প্রাকৃতিক সম্পদ, পরিবেশগত অবস্থা, সংবেদনশীল এলাকা, মনুষ্যসৃষ্ট এবং প্রাকৃতিক ঝুঁকির অঞ্চল, দূষণমুক্ত এলাকা, দূষণের কারণ, বর্তমান প্রশমন ও পৌরসভার দ্বারা গৃহীত ব্যবস্থা সংক্রান্ত মূল বিষয় এবং জরিপের প্রতিবেদন ফলাফলগুলো বর্ণনা করে। পরিকল্পনাটি বিভিন্ন পরিবেশগত উপাদান নিয়ন্ত্রণ এবং নিয়ন্ত্রণ পদ্ধতি প্রস্তাব করে। পৌরবাসীদের জন্য সম্ভাব্য পৌর সম্পত্তি, স্থানান্তর এর পথ, কাঠামোগত এবং অ-কাঠামোগত ব্যবস্থাগুলোর জন্য ঝুঁকি প্রশমন, বন্যা নিয়ন্ত্রণ, নীতি প্রক্রিয়াকরণ এবং বাস্তবায়ন পদ্ধতি ১০ বছর সময়সীমার জন্য ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।

নগর সেবা পরিকল্পনাঃ পৌরসভার বর্তমান ও ভবিষ্যতের জনসংখ্যার ভিত্তিতে নগর সেবা পরিকল্পনায় সমস্ত সামাজিক ও নগর সেবা, তাদের অবস্থান, আচ্ছাদিত এলাকা, তাৎপর্য এবং দুর্বলতাগুলো খুঁজে বের করার কথা অন্তর্ভূক্ত রয়েছে। আদর্শ বিধান অনুসারে এই পরিসেবাগুলোর ভবিষ্যত চাহিদা বিশ্লেষণ করা হয়েছে। ১০ বছর সময়সীমার জন্য প্রস্তাব, নিয়ন্ত্রণ পদ্ধতি এবং ব্যবস্থাপনা পদ্ধতি মোকাবেলা করতে পরিকল্পনাটি ভবিষ্যৎ নগর পরিসেবা, তাদের বাস্তবায়ন কৌশল এবং প্রবিধান অন্তর্ভূক্ত করেছে।

কর্ম পরিকল্পনাঃ মহাপরিকল্পনার সাথে পরামর্শক দল পরিকল্পনার প্রথম পাঁচ বছরে সড়ক, নিষ্কাশন এবং অন্যান্য কাঠামোগত ও সামাজিক অবকাঠামো বাস্তবায়নের জন্য অগ্রাধিকার প্রকল্পগুলোর তালিকাসহ একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করেছে। কর্ম পরিকল্পনায় বাস্তবায়ন প্রক্রিয়া এবং আর্থিক বরাদ্দ উল্লেখ করা হয়েছে।

আর্থিক বিনিয়োগ পরিকল্পনাঃ আর্থিক বিনিয়োগ পরিকল্পনা ৫ বছর সময়-সীমায় অন্তর্ভূক্ত। পৌরসভা বাজেটের বরাদ্দ, আর্থিক উৎস, আর্থিক অংশীদারের অন্তর্ভুক্তি, বর্তমান বিনিয়োগ প্রোগ্রাম, ব্যাকলগ ইত্যাদি বিশ্লেষণ এর মাধ্যমে এই পরিকল্পনাটি বিদ্যমান আর্থিক দক্ষতা এবং দুর্বলতাগুলো বিবেচনা করে। পরের পাঁচ বছরের জন্য আর্থিক বিনিয়োগ প্রবর্তনের পর পরামর্শদাতারা খরচ হিসেব, অর্থের উৎস, বিনিয়োগ পরিকল্পনা, এবং অগ্রাধিকার প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া প্রস্তুত করে।

১.৬ কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) এলাকা

কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) হল খাগড়াছড়ি মহাপরিকল্পনার তিনটি স্তরের মধ্যে একটি। এটি পুরো পৌরসভা এবং ভবিষ্যতে সম্প্রসারণের উদ্দেশ্যে নির্ধারিত এলাকা জুড়ে প্রণয়ন করা হয়েছে।

১.৭ পরিকল্পনার সময়সীমা, পর্যবেক্ষণ এবং হালনাগাদ

খাগড়াছড়ি পৌরসভা মহাপরিকল্পনা গেজেট বিজ্ঞপ্তির তারিখ থেকে ২০ বছর মেয়াদ পর্যন্ত বৈধ থাকবে।

মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক হিসাবে খাগড়াছড়ি পৌরসভা এর নীতিসমূহ, প্রস্তাবনা ও প্রকল্প বাস্তবায়নের জন্য দায়বদ্ধ থাকবে। পৌরসভার পরিকল্পনা বিভাগ নিয়মিত মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য পর্যবেক্ষণ করবে এবং মেয়রকে মাসিক প্রতিবেদন জমা দেয়। প্রকল্প প্রণয়নকালে মহাপরিকল্পনা প্রস্তাবনা বাস্তবায়নের নিজস্ব উদ্যোগ ছাড়াও, পৌরসভার অন্যান্য সরকারি সংস্থাগুলোকে লিখিতভাবে এই পরিকল্পনার প্রকল্পগুলো বাস্তবায়ন করতে এবং নীতিমালা অনুসরণ করতে সুপারিশ করবে।

মহাপরিকল্পনা সময়মত হালনাগাদ করা উচিত এবং এটি প্রতি ৫ বছর পর পর করতে হবে। প্রতি ৫ বছরে আগামী বছরের মহাপরিকল্পনার পুনঃবিবেচনা করা উচিৎ।

১.৮ আইনী বিধান

পৌর এলাকার মহাপরিকল্পনা তৈরির জন্য পৌরসভাকে ক্ষমতা দেওয়া হয়। স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৮-এর তফসিল -২ এর অনুচ্ছেদ -৩২ অনুযায়ী পৌর এলাকার মহাপরিকল্পনা প্রণয়ন করার জন্য পৌরসভাকে ক্ষমতায়ন করা হয়েছে। এই আইনের মতে, পৌরসভা প্রতিষ্ঠার পাঁচ বছরের মধ্যে অথবা এই আইন প্রয়োগের পর, পৌরসভা তার এলাকার জন্য একটি মহাপরিকল্পনা প্রস্তুত করবে এবং এটি মহাপরিকল্পনার জন্য প্রযোজ্য নিয়ম এবং প্রবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। অন্যান্য বিষয়গুলোর সাথে মহাপরিকল্পনায় অন্তর্ভূক্ত হবে-

১. পৌরসভার একটি জরিপ যেন তার ইতিহাস, পরিসংখ্যান, সরকারি সেবা এবং অন্যান্য নির্ধারিত বিষয়ের বর্ণনা থাকবে;

২. পৌরসভার মধ্যে যে কোনো এলাকার উন্নয়ন, সম্প্রসারণ ও উন্নয়ন;

৩. পৌরসভার মধ্যে যে কোন জায়গায় ভূমি উন্নয়ন, নির্মাণ বা পুনর্নির্মাণের জন্য ভবন অপসারনের বিধান, নিয়ন্ত্রণ ও নিষেধাজ্ঞা।

এই আইনে "সাইট উন্নয়ন প্রকল্প" (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৩), "সাইট উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন" (সংশোধিত -২ এর অনুচ্ছেদ -৩৪), "বিল্ডিং নির্মাণ ও পুনঃনির্মাণ" (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৪), "বিল্ডিং সমাপ্তি, বিল্ডিং পুনর্নির্মাণ" (তফসিল-২ এর অনুচ্ছেদ-৩৬), "বিল্ডিং এর প্রবিধান" (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৭) এর বিধান রয়েছে।

খাগড়াছড়ি পৌরসভার পক্ষ থেকে এলজিইডির বর্তমান মহাপরিকল্পনার প্রকল্পটি গ্রহণ করা হয়েছে, কারণ এ বিষয়ে পৌরসভার একটি মহাপরিকল্পনা প্রস্তুত করার মত সংশ্লিষ্ট জনবল, দক্ষতা, বাজেট সরবরাহ নেই।

১.৯ কৌশল এবং স্থানিক পরিকল্পনা

১.৯.১ কৌশল

বর্তমানে, বাংলাদেশে পৌরসভা একটি অসংগঠিত পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। উন্নয়নের উদ্যোগগুলো নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন না করেই বিচ্ছিন্ন ভাবে ও খণ্ডে খণ্ডে নেওয়া হয়েছে এবং এগুলো প্রায়ই শহরের সমস্যাগুলোর সমাধান না করে মূল্যবান সম্পদ অপব্যবহার করছে। এই ধরনের চর্চা বন্ধ করার জন্য, সময় এবং লক্ষ্য ভিত্তিক স্থানিক পরিকল্পনার উপর ভিত্তি করে সংগঠিত উন্নয়ন চালু করা প্রয়োজন। স্থানিক পরিকল্পনার কৌশলগত ভূমিকা এমনভাবে বিকাশ করা প্রয়োজন যা অংশগ্রহণমূলক এবং সময় ও লক্ষ্য ভিত্তিক হবে।

১.৯.২ স্থানিক পরিকল্পনা

স্থানিক পরিকল্পনা হল এমন একটি দলিল যা একটি নির্দিষ্ট সময়ের জন্য স্থানীয় জনগণের চাহিদা এবং আকাঙ্খাকে প্রতিফলিত করে এবং যা যথাযথ বাজেট বরাদ্দের মাধ্যমে প্রণয়ন করা হয়। বর্তমান পৌরসভার মহাপরিকল্পনাটি তিনটি উপাদানে বিভক্ত-কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান), অবকাঠামো ও সেবা উন্নয়ন পরিকল্পনা এবং আর্থিক বিনিয়োগ পরিকল্পনা।

১.১০ পরিকল্পনার মূলনীতি

পরিকল্পনা নীতিমালা অনুযায়ী পরিকল্পনা এগিয়ে নিতে হবে, যা পরিকল্পনা তৈরীর ভিত্তি হিসাবে কাজ করবে। এই নীতিগুলো পৌরসভার ভবিষ্যৎ চাহিদা ও আকাঙ্ক্ষা পূরণের লক্ষ্যে প্রণীত হবে এবং উন্নয়ন কাজগুলো সম্পন্ন করার লক্ষ্যে কিছু নির্বাচিত বিষয় যেমন; প্রাপ্ত সুযোগ এবং সীমাবদ্ধতা বিবেচনা করবে।

১.১০.১ আত্মনির্ভরশীল হয়ে গড়ে ওঠা

যেকোনো টেকসই উন্নয়নের জন্য যথাসম্ভব নিজের সম্পদের উপর নির্ভরশীল হওয়া প্রয়োজন। খাগড়াছড়ি পৌরসভা এখনও তার উন্নয়ন কর্মকাণ্ড ও তার কর্মীদের প্রতিপালনের জন্য সরকারি খাত এবং বিভিন্ন দাতা তহবিলের উপর নির্ভরশীল। নিজের উপার্জন ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অর্জনের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

- কর পরিধি বৃদ্ধির মাধ্যমে রাজস্ব আয়ের পরিমান বৃদ্ধি করা।
- বাণিজ্যিক উদ্যোগে নতুন বিনিয়োগের জন্য নন-ট্যাক্স রাজস্ব আয় বৃদ্ধি করা। এক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংকিং ব্যবস্থা থেকে মূলধন ঋণ নেয়া যেতে পারে।
- বাণিজ্যিক উদ্যোগে সরকারি- বেসরকারি অংশীদারিত্ব ভিত্তিক উদ্যোগ গ্রহণ করা।

১.১০.২ পর্যটন বিকাশ

পাহাড় অঞ্চলের প্রাকৃতিক সৌন্দর্যের সুযোগ গ্রহণ করে পর্যটন স্থানীয় অর্থনীতিতে উন্নীত করার একটি অনন্য সুযোগ প্রদান করে। পর্যটন ভিত্তিক অর্থনৈতিক প্রবৃদ্ধি নতুন অর্থনৈতিক কার্যক্রম এবং কর্মসংস্থান সৃষ্টি করবে এবং পৌরসভার অবকাঠামো ও সেবা বিকাশের জন্য কর রাজস্ব বৃদ্ধি করবে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- পর্যটনের বাসস্থান, নিরাপত্তা এবং আতিথেয়তা সহ পর্যটন অবকাঠামো উন্নয়ন, এবং পর্যটন গন্তব্যস্থলের উন্নত পরিবহণ নেটওয়ার্ক এবং সুবিধার উন্নয়নের জন্য প্রচার করা।
- উন্নয়নের ক্ষেত্রে ব্যক্তিগত বিনিয়োগের সুবিধা প্রদান করা, যেন তা বিনিয়োগকারীদের কাছে আরও আকর্ষণীয় হয়ে ওঠে।
- পাহাড়ের কৌশলগত অবস্থানে রিসোর্ট এবং রেস্টুরেন্ট প্রতিষ্ঠার ক্ষেত্রে ব্যক্তিগত বিনিয়োগ সহজ করে তোলা।
- পর্যটকদের মনোযোগ আকর্ষণের জন্য শহরটিকে পরিষ্কার ও দৃশ্যত আকর্ষণীয় এবং সাংস্কৃতিকভাবে প্রাণবন্ত রাখা।
- পর্যটনের সকল ক্ষেত্র সৌন্দর্যমন্ডিত, সাহসিক পর্যটন, সাংস্কৃতিক পর্যটন, পাহাড়-জল ভিত্তিক পর্যটন, উৎসব পর্যটন, ধর্মীয় পর্যটন, কমিউনিটি পর্যটন, ইকো-পর্যটন উন্নত করা এবং সুবিধা দেওয়া এবং প্রত্যক্ষ ও পরোক্ষ বিনোদন, পানির দ্বারা বিনোদনের জন্য আরো আকর্ষণীয় করে তোলা।
- পর্যটক আকর্ষণের প্রচার চালিয়ে যাওয়া।

১.১০.৩ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান

অর্থনৈতিক প্রবৃদ্ধিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সংশ্লিষ্ট সরকারি খাতের সংস্থাগুলোকে শহরে ব্যক্তিগত বিনিয়োগের সুবিধা প্রদানের উদ্যোগ নিতে হবে। খুচরা ব্যবসায়ের প্রবৃদ্ধি এবং এসএমই বিনিয়োগের মাধ্যমে পর্যটন ও পিছিয়ে পড়া শহরের অগ্রগতি ও চাষীদের কৃষি পণ্য বিপণন সহজতর করতে হবে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- অবিলম্বে এবং ভবিষ্যৎ অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য বিভিন্ন স্থানে পরিকল্পিত বাজার তৈরি করা।
- চাষীদের পণ্য বিক্রয়ের সুবিধা প্রদানের জন্য শহরের নিকটবর্তী স্থানে অনানুষ্ঠানিক সাপ্তাহিক বাজার আয়োজন।
- এসএমই খাতে স্থানীয় বিনিয়োগের জন্য ঋণ সুবিধা প্রদান করা।
- স্থানীয় যুবকদের চাকরির সুযোগ বাড়ানোর জন্য দক্ষতার সাথে বিভিন্ন ব্যবসা ও আতিথেয়তা (Hospitality) খাতের উন্নয়ন বজায় রাখা।

১.১০.৪ পরিবহন এবং যোগাযোগ

উন্নয়নের মূলভিত্তি হিসেবে কাজ করে পরিবহন এবং যোগাযোগ ব্যবস্থা। যদি যাত্রী ও পণ্য পরিবহনে গতিশীলতা উন্নত হয়, তবে উন্নয়নও দ্রুত হবে। উন্নত মানের পরিবহনকে উৎসাহিত করার জন্য বহিঃসংযোগকে উন্নত করা উচিত। ভাল মানের এবং পরিকল্পিত ও প্রশস্ত রাস্তা শহরের গতিশীলতা বৃদ্ধি ছাড়াও, শহরকে বাসযোগ্য স্থান হিসেবে তৈরি করে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- জাতীয় মহাসড়ক থেকে শহরে ঢোকার রাস্তা উন্নত করতে হবে।
- বর্তমান বাস টার্মিনাল উন্নত করণ এবং শহরের উত্তর দিকে নতুন একটি বাস টার্মিনাল নির্মাণ করা।
- ট্রাকের ক্রমবর্ধমান সংখ্যা মোকাবেলা করার জন্য ট্রাক টার্মিনাল নির্মাণ করা।
- ন্যূনতম ২০ ফুট প্রস্থের রাস্তা নিয়ে সড়ক ব্যবস্থা গড়ে তোলা।
- যানজট এড়ানোর জন্য টম টমের সংখ্যা সীমিত করা।

১.১০. ৫ উদ্ভাবনী উন্নয়নের উদ্যোগ

স্থানিক উন্নয়ন কোন স্থান বা ভূমিতে হতে হবে। কিন্তু শহর এলাকায় ভূমি অপ্রতুল এবং মূল্যবানই নয়, বরং তা প্রধানত বেসরকারি খাতের অন্তর্গত। তাই, যখনই সরকার কোন বেসরকারি যায়গায় স্থানিক উন্নয়ন পরিকল্পনা করতে চায় সরকারকে আইনী ক্ষমতা ব্যবহার করে বাধ্যতামূলকভাবে জমি অধিগ্রহণ করতে হয়। কিন্তু শহরের ক্রমবর্ধমান ভূমি মূল্যের জন্য এটি প্রায়ই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার জন্য একটি বাধা হয়। সংশ্লিষ্ট সংস্থাকে উন্নয়নের জন্য ভূমি প্রাপ্তির ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা বিবেচনা করা উচিত। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- উন্নয়ন প্রকল্পে অংশগ্রহণমূলক ভূমি উন্নয়ন কৌশল গ্রহণ করে ভূমি মালিকদের সাথে লভ্যাংশ ভাগ করে নেওয়া।
- পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকা সংরক্ষণের জন্য স্থানীয় জনগণকে অন্তর্ভূক্ত করা।
- অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পগুলোর জন্য পিপিপি (পাবলিক প্রাইভেট পার্টনারশিপ) স্কিম গ্রহণ করা।
- নতুন পদ্ধতি উদ্ভাবন করে সুবিধাভোগীদের কাছ থেকে সম্পূর্ণ বা আংশিক অবকাঠামো উন্নয়ন খরচ পুনরুদ্ধার করার জন্য উদ্ভাবনী পদ্ধতি নির্ধারণ করা।
- গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের জন্য ভূমি প্রাপ্তি নিশ্চিত করা এবং উন্নয়ন অধিকার হস্তান্তর (টিডিআর) পদ্ধতির ব্যবহার করা।

দ্বিতীয় অধ্যায় পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ

সূচিপত্র

২.১ ভূমিকা ----------২-১
২.২ পৌরসভা এবং এর গঠন ----------২-১
২.২.১ ইতিহাস ---------- ২-৩
২.৩ জনসংখ্যা ---------- ২-৫
২.৩.১ জনসংখ্যা এবং ঘনত্ব ---------- ২-৫
২.৩.২ বয়স ও লিঙ্গ ---------- ২-৫
২.৩.৩ পরিবার প্রধানের লিঙ্গ ---------- ২-৬
২.৩.৪ পরিবার প্রধানের পেশা ---------- ২-৬
২.৩.৫ অভিবাসন ---------- ২-৭
২.৩.৬ সাক্ষরতা এবং শিক্ষার স্তর ---------- ২-৮
২.৩.৭ পরিবারের আয় ---------- ২-৮
২.৩.৮ পরিবারের উপার্জনকারী সদস্য ----------২-১০
২.৩.৯ ঘরবাড়ির অবস্থা ----------২-১০
২.৩.১০ ভবন পরিকল্পনা অনুমোদন ----------২-১০
২.৩.১১ স্থানিক বৃদ্ধির ধরন ----------২-১১
২.৪ ভূমি ব্যবহার ধারা বিশ্লেষণ ----------২-১৩
২.৪.১ ভূমি ব্যবহার ----------২-১৩
২.৪.২ সংক্ষিপ্ত বিবরণ ও ফলাফল ----------২-১৬
২.৫ খাগড়াছড়ি পৌরসভার ত্রিমাত্রিক দৃশ্য ----------২-১৭
২.৬ আবাসনের প্রয়োজনীয় গণনা ----------২-১৭

দ্বিতীয় অধ্যায়
পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ

২.১ ভূমিকা

মহাপরিকল্পনার দ্বিতীয় অধ্যায়টি পৌরসভাকে উপস্থাপন করেছে। পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পর্কিত বিষয়াবলীর বর্তমান অবস্থা এতে বিশ্লেষণ করা হয়েছে।

২.২ পৌরসভা এবং এর গঠন

খাগড়াছড়ি পৌরসভা চেঙ্গি নদীর তীরের একটি শহর। ১৯৮৪ সালে গঠিত এই পৌরসভাটি এখন 'ক' শ্রেণিতে উন্নীত। পৌরসভার তথ্য অনুসারে এর আয়তন ১৩.০৫ বর্গ কিলোমিটার কিন্তু ভূমি ব্যবহার জরিপ থেকে আয়তন পাওয়া যায় ১৪.০১ বর্গ কিলোমিটার। ৯ টি প্রশাসনিক ওয়ার্ডে এই পৌরসভাটিকে ভাগ করা হয়েছে ***(সারণি ২-১)***।

সারণি ২-১: খাগড়াছড়ি পৌরসভার প্রশাসনিক সীমা

অবস্থান	এলাকা (একর)	এলাকা (বর্গ কি.মি.)
ওয়ার্ড নং ১	৬১৯.২১	২.৫১
ওয়ার্ড নং ২	৩৮৬.০৯	১.৫৬
ওয়ার্ড নং ৩	২০৪.৩১	০.৮৩
ওয়ার্ড নং ৪	১৩৯.০০	০.৫৬
ওয়ার্ড নং ৫	২৯৬.১১	১.২০
ওয়ার্ড নং ৬	২৭৯.৭৫	১.১৩
ওয়ার্ড নং ৭	২৫২.৬১	১.০২
ওয়ার্ড নং ৮	১২৬.৯৭	০.৫১
ওয়ার্ড নং ৯	১১৫৬.৯৮	৪.৬৮
মোট	**৩৪৬১.০৪**	**১৪.০১**

তথ্যসূত্রঃ ভূমি ব্যবহার জরিপ, ২০১৬

* নোট: ১ বর্গ কিলোমিটার = ২৪৭.১০৫ একর

পৌরসভাটি ৩ টি মৌজা দ্বারা গঠিত। নিচের সারণিতে মৌজার তালিকা দেওয়া হলো।

সারণি ২-২: মৌজার তালিকা

ক্রমিক নং	মৌজার নাম	জে এল নং	শিট নং
১	২৬৫ নং বাঙ্গালকাটি	৫,৬ ও ১৬	২৬৫ নং বাঙ্গালকাটি
২	২৬২ নং গলাবাড়ি	৬,৭ ও ১০	২৬২ নং গলাবাড়ি
৩	২৬৬ নং পেরাছাড়া	১৬	২৬৬ নং প্যারাছড়া

তথ্যসূত্রঃ খাগড়াছড়ি পৌরসভা, ২০১৬

খাগড়াছড়ি পৌরসভা বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত পাহাড়ি অঞ্চল। এটি চট্টগ্রাম বিভাগের অধীনে একটি জেলা। খাগড়াছড়ি পৌরসভা চেঙ্গি নদীর পাশে খাগড়াছড়ি জেলা উপত্যকায় অবস্থিত। পৌরসভাটির উত্তর দিকে দৃষ্টিনন্দন সবুজ পাহাড় থেকে নদী প্রবাহিত হয়, যা এর প্রাকৃতিক সৌন্দর্য আরো বাড়িয়ে দেয়। এখানে সামাজিক জীবন এবং জীবনযাত্রা খুবই বৈচিত্রময়। এর সবুজ পাহাড় এবং বিশুদ্ধ পরিবেশ ভ্রমণপিপাসুদের কাছে প্রধান আকর্ষণ। এই পাহাড়ি অঞ্চলটি

তিনটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী তথা চাকমা, ত্রিপুরা এবং মারমাদের নিয়ে স্বয়ংসম্পূর্ণ। ***সারণি ২-৩*** এ এই পৌরসভা সম্পর্কে মৌলিক পরিসংখ্যান দেখানো হলো।

সারণি ২-৩: এক নজরে খাগড়াছড়ি পৌরসভা

বিষয়	তথ্য
সংস্থাপন বছর	৩১ শে ডিসেম্বর ১৯৮৪
পৌরসভার অবস্থা	ক শ্রেণি
এলাকা	১৪.০১ বর্গ কি.মি
ওয়ার্ডের সংখ্যা	০৯
হোল্ডিং এর সংখ্যা	১১৯৬৪ (আবাসিক-৮৩৩০, ব্যবসায়িক-২৭৪৩, সরকারি আবাসন-৬৭৪, সরকারি ব্যবসা প্রতিষ্ঠান-৬, অন্যান্য-২১১)
জনসংখ্যার বিবরণ	
জনসংখ্যা	৪৭,২৭৮ (বি বি এস, ২০১১)
জনসংখ্যার ঘনত্ব	১৩১০ প্রতি বর্গ কি.মি
জনসংখ্যা বৃদ্ধির হার	১.৯%
শিক্ষা	
শিক্ষার হার (৭ বছরের উর্ধে)	৭১.০০% (বি বি এস, ২০১১)
সরকারি কলেজ	০২
মাধ্যমিক বিদ্যালয়	সরকারি-০২, বেসরকারি-০৬
নিম্ন মাধ্যমিক বিদ্যালয়	০১
মাদরাসা	১০
প্রাথমিক বিদ্যালয়	সরকারি-০৮, বেসরকারি-০৯
শিশু বিদ্যালয়	০৩
স্বাস্থ্য সুবিধা	
সরকারি হাসপাতাল	০১
বেসরকারি হাসপাতাল	০২
সরকারি স্বাস্থ্য সেবা কেন্দ্র	০৫
বেসরকারি স্বাস্থ্য সেবা কেন্দ্র	১০
ডায়াবেটিস কেন্দ্র	০১
পৌরসভা পরিচালিত স্বাস্থ্য সেবা কেন্দ্র	০১
ডায়াগনস্টিক কেন্দ্র ও ক্লিনিক	২২
প্রসবকালীন হাসপাতাল	০১
সাংস্কৃতিক এবং ধর্মীয়	
টাউন হল	০১
মিলনায়তন	০৩
শিল্পকলা একাডেমী	০১
সংগীত বিদ্যালয়	০১
নাট্য সংস্থা	০১
প্রেস ক্লাব	০১
পৌরসভা কবরস্থান	০১
পৌরসভা শ্মশানঘাট	০১
মসজিদ	৫৯
মন্দির (আখড়া সহ)	১১
গির্জা	০১
অন্যান্য সুবিধা	
সিনেমা হল	০১

বিষয়	তথ্য
অগ্নি নির্বাপণ কেন্দ্র	০১
পুলিশ স্টেশন	০১
বি টি সি এল স্টেশন	০১
ডাক ঘর	০১
পত্রিকা	১০
পাবলিক টয়লেট	০৬
ব্যাংক	২১
কসাইখানা	০১
হাঁট/ বাজার	০২
খেলার মাঠ	০১
আবাসিক হোটেল	১৯
বাস টার্মিনাল	০১

তথ্যসূত্রঃ খাগড়াছড়ি পৌরসভা, ২০১২ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ২০১১

২.২.১ ইতিহাস

খাগড়াছড়ি জেলার প্রাণকেন্দ্র অর্থাৎ খাগড়াছড়ি শহর চেঙ্গি নদীর তীরে অবস্থিত (আঞ্চলিকভাবে বলা হয় ছড়া)। কোন এক সময় নদীর তীর ভর্তি ক্যাটকিন গাছ ছিল (আঞ্চলিক ভাষায় এর নাম 'খাগড়া') এটা বিশ্বাস করা হত যে, জেলাটির নাম এই দু'টি শব্দ 'খাগড়া' এবং 'ছড়া' থেকে এসেছে।

বৃটিশ শাসনকালে চট্টগ্রামের পাহাড়ি অঞ্চল বৃহত্তর চট্টগ্রামের অভ্যন্তরে ছিল। সেই সময়ে একে তিনটি মহকুমায় বিভক্ত করা হয় (জেলার তুলনায় নিম্ন প্রশাসনিক অঞ্চল) রাঙ্গামাটি, রামগড় এবং বান্দরবান। রামগড় মহকুমা ছিল একটি প্রশাসনিক অঞ্চল যার তিনটি থানা ছিল যথা রামগড় সদর, দীঘিনালা এবং মহলছড়ি। খাগড়াছড়ি ছিল মহলছড়ির অভ্যন্তরীন একটি ইউনিয়ন। ১৯৬৮ সালে খাগড়াছড়িকে আলাদা থানা হিসেবে ঘোষণা করা হয়। ১৯৮৩ সালে একে প্রশাসনিকভাবে আলাদা জেলা হিসেবে ঘোষণা করা হয় যার আটটি উপজেলা- মহলছড়ি, রামগড়, লক্ষ্মীছড়ি, দীঘিনালা, পানছড়ি, মানিকছড়ি, মাটিরাঙ্গা এবং খাগড়াছড়ি সদর। এই এলাকার উল্লেখযোগ্য পাহাড়গুলো হচ্ছে- আলুটিলা, ভাঙ্গামুখ (৪১৬.৬৬ মি.), মাতাইপুকুর (২১৩.৩৬ মি.), মাতইলাখো। প্রধান রপ্তানিযোগ্য কাঁচামাল হচ্ছে কাঠ, রাবার, কাপড়, আদা, হলুদ, কমলা, কলা, পেঁপে, আনারস ইত্যাদি। যদিও রামগড় ছিল প্রাচীন বসতি, খাগড়াছড়ি অঞ্চলের ভৌগলিক অবস্থান এবং যোগাযোগের সুবিধার কারণে জেলা হিসেবে রামগড়কে উপেক্ষা করা হয়।

খাগড়াছড়ি জেলায় প্রধানত মং নৃ-গোষ্ঠী বসবাস করে। আরকান বংশের প্রধানকে নৃ-গোষ্ঠীর প্রধান হিসাবে মানা হয়। খাগড়াছড়ি স্থানীয় সরকার পরিষদ প্রতিষ্ঠিত হয় ১৯৮৯ সালের ৬ মার্চ, যা নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষাগত ও অর্থনৈতিক অধিকার নিশ্চিত করা এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার আদিবাসীদের আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়া দ্রুততর করার জন্য প্রতিষ্ঠা করা হয়। সরকারের সাথে শান্তি চুক্তি ১৯৯৮ এর নীতিমাল-১০ অনুসারে এই কাউন্সিলের নতুন নামকরণ করা হয় "খাগড়াছড়ি পার্বত্য অঞ্চল পরিষদ"। বর্তমানে এই কাউন্সিল স্থানীয় প্রশাসনের কেন্দ্রবিন্দু এবং জেলা উন্নয়ন কর্মকান্ডের কর্মসূচীকে ধরে রেখেছে।

প্রধান নদীগুলো হচ্ছে চেঙ্গি, মাইনি, ফেনী এবং হালদা। উল্লেখযোগ্য হ্রদ হচ্ছে মাতাইপুকুরী। এখানে অবস্থিত তিনটি নদীর ভেতর চেঙ্গি সবচেয়ে বড় নদী। খাগড়াছড়ি জেলার বেশিরভাগ অঞ্চল পাহাড়ি। প্রধান উপজাতীয় যথা চাকমা, ত্রিপুরা, মারমা এবং বাঙালি প্রধাণত জেলা এবং শহরে বাস করে। বেশিরভাগ পাহাড়ি জনগোষ্ঠী জুম চাষের ওপর নির্ভর করে বেঁচে থাকে। অন্যান্য পেশার মানুষের ভেতর শিক্ষক, কৃষক, ব্যবসায়ী উল্লেখযোগ্য।

মানচিত্র ২-১: ওয়ার্ড সহ খাগড়াছড়ি পৌরসভা

1:33,000



Ward No.	Area (sq. km.)	Population 2017	PPA 2017	Population 2037	PPA 2037
Ward 01	2.51	5614	9	9023	15
Ward 02	1.56	8020	21	12890	33
Ward 03	0.83	7117	35	11439	56
Ward 04	0.56	4696	34	7548	54
Ward 05	1.2	6223	21	10001	34
Ward 06	1.13	6375	23	10246	37
Ward 07	1.02	7632	30	12265	49
Ward 08	0.51	2542	20	4086	32
Ward 09	4.68	6292	5	10112	9
Total	14.01	54510	16	87609	25

MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary

Water Bodies
- Khal
- River

Road Category
- Primary
- Secondary
- Tertiary
- Access

Ward No.
- Ward No. 01
- Ward No. 02
- Ward No. 03
- Ward No. 04
- Ward No. 05
- Ward No. 06
- Ward No. 07
- Ward No. 08
- Ward No. 09

২.৩ জনসংখ্যা

২.৩.১ জনসংখ্যা এবং ঘনত্ব

বিবিএস ২০১১ অনুযায়ী, খাগড়াছড়ি পৌরসভার মোট জনসংখ্যা ছিল ৪৭,২৭৮ জন। ***সারণি ২-৪*** থেকে দেখা যাচ্ছে যে, ৯০ শতাংশেরও বেশী মানুষের বয়স ১৬ থেকে ৬০ বছরের ভেতর যারা সবাই কর্মক্ষম। এছাড়াও মাত্র ৯ শতাংশ মানুষের বয়স ৬০ বছরের উপরে।

সারণি ২-৪: খাগড়াছড়ি পৌরসভার ওয়ার্ড অনুসারে জনসংখ্যা সংক্রান্ত তথ্য (২০১১)

ওয়ার্ড নং	এলাকা (বর্গ কি. মি.)	মোট জনসংখ্যা	পুরুষ জনসংখ্যা	মহিলা জনসংখ্যা	জনসংখার ঘনত্ব		লিঙ্গ অনুপাত
					প্রতি বর্গ কি. মি.	প্রতি একরে	
১	২.৫	৪৮৬৯	২৫৭১	২২৯৮	১৯৪৭	৮	১১২
২	১.৫৬	৬৯৫৯	৪০৬৯	২৮৮৭	৪৪৫৮	১৮	১৪১
৩	০.৮২	৬১৭৩	৩৪৩৯	২৭৩৪	৭৫২৮	৩০	১২৬
৪	০.৫৬	৪০৭৩	২১০০	১৯৭৩	৭২৭৩	২৯	১০৬
৫	১.২	৫৩৯৭	৩১৮৬	২২১১	৪৪৯৭	১৮	১৪৪
৬	১.১৩	৫৫২৯	২৭৬৪	২৭৬৫	৪৮৯২	২০	১০০
৭	০.৭২	৬৬১৯	৩৩১৯	৩৩০০	৯১৯৩	৩৭	১০১
৮	০.৪২	২২০৫	১৩৪৪	৮৬১	৫২৫০	২১	১৫৬
৯	৫.০৭	৫৪৫৭	২৭৯১	২৬৬৬	১০৭৬	৪	১০৫

তথ্যসূত্রঃ জনসংখ্যা ও গৃহায়ন গণনা, ২০১১-কমিউনিটি: খাগড়াছড়ি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

৮ নং ওয়ার্ড ছাড়া পৌরসভাটির বাকি সব ওয়ার্ডের জনসংখ্যা প্রায় সমান। ৮ নং ওয়ার্ডের জনসংখ্যা অন্যান্য ওয়ার্ডের চেয়ে তুলনামূলক কম। প্রত্যেক ওয়ার্ডের জনসংখ্যা ৫ হাজার থেকে ৭ হাজারের ভেতর। প্রতিটি ওয়ার্ডেই পুরুষের চেয়ে মহিলার সংখ্যা তুলনামূলক কম।

২.৩.২ বয়স ও লিঙ্গ

চিত্রলেখ ২-১ এ খাগড়াছড়ি পৌরসভার জনসংখ্যার বয়স এবং লিঙ্গ সম্পর্কিত তথ্য প্রদর্শন করা হয়েছে। সকল শ্রেণির জনসংখ্যার মধ্যে ৩০-৪৯ বছর বয়স শ্রেণির জনসংখ্যা সবচেয়ে বেশি। নিম্নোক্ত চিত্রলেখ হতে দেখা যায়, ৩০-৪৯ বছরের জনসংখ্যার পরিমাণ সর্বোচ্চ এবং একই সাথে ৬০-৬৪ বছরের জনসংখ্যার পরিমাণ সর্বনিম্ন।

চিত্রলেখ ২-১: খাগড়াছড়ি পৌরসভার বয়স ও লিঙ্গ অনুসারে জনসংখ্যা বন্টন



তথ্যসূত্রঃ জনসংখ্যা এবং গৃহায়ন গণনা, ২০১১-কমিউনিটি: খাগড়াছড়ি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

২.৩.৩ পরিবার প্রধানের লিঙ্গ

ইউজিপ-৩ এর অধীনে সম্পাদিত বেসলাইন জরিপে থেকে দেখা যায় খাগড়াছড়ি পৌরসভার ৯৭ শতাংশ পরিবারে পুরুষ প্রধান এবং ২.৬৭ শতাংশ পরিবারে মহিলা প্রধান রয়েছে। ঐতিহ্যগতভাবে আদিবাসী জনগোষ্ঠীর পরিবারসমূহে মহিলা প্রধান দেখা যায়।

২.৩.৪ পরিবার প্রধানের পেশা

বেসলাইন সার্ভে (২০১৬) অনুযায়ী জরিপকৃত পরিবারের সদস্যদের পেশা ***চিত্রলেখ ২-২*** তে দেখানো হয়েছে। নিম্নোক্ত চিত্র হতে দেখা যায় যে, পরিবারের সদস্যদের মধ্যে বেশিরভাগ সদস্য বর্তমানে ছাত্র। কিছু সদস্য বড় এবং ছোট ব্যবসার সাথে জড়িত। বেশিরভাগ মহিলারা হস্তশিল্প, সেলাই ইত্যাদি কার্যকলাপের সাথে যুক্ত।

চিত্রলেখ ২-২ : পরিবারের সদস্যদের পেশা



তথ্যসূত্রঃ বেসলাইন সার্ভে, খাগড়াছড়ি পৌরসভা, ২০১৬

২.৩.৫ অভিবাসন

খাগড়াছড়িতে অভিবাসনের হার ৮৬ শতাংশ, যার বেশিরভাগ মানুষ আসে দেশের বিভিন্ন গ্রামাঞ্চল থেকে। বিভিন্ন নমুনা জরিপ থেকে দেখা যায়, ৬৫.৩৩ শতাংশ পরিবার অভিবাসন প্রক্রিয়ার মাধ্যমে দেশের বিভিন্ন জায়গা থেকে এসেছে।

সারণি ২-৫: বসবাসকারীদের ধরন

ক্র. নং	বসবাসকারীর ধরন	সংখ্যা	শতাংশ
১	স্থানীয়	১০৪	৩৪.৬৭
২	অভিবাসী	১৯৬	৬৫.৩৩
৩	অন্যান্য	-	-
মোট		৩০০	১০০

তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেসলাইন সার্ভে, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

চিত্রলেখ ২-৩: অভিবাসীদের উৎপত্তি



তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেসলাইন সার্ভে, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

প্রায় এক তৃতীয়াংশ জনগণ ১৯৮০ থেকে ১৯৯৫ সালের দিকে অভিবাসন করে খাগড়াছড়ি আসে। সে সময়কার সরকারি নীতি অনুযায়ী অভিবাসনকারী জনসংখ্যাদের পার্বত্য চট্টগ্রাম এলাকায় অভিবাসন দেয়া হয়।

পুশ ফ্যাক্টর এবং পুল ফ্যাক্টরকে অভিবাসনের দুটি প্রধান কারণ হিসেবে চিহ্নিত করা হয়। গ্রামাঞ্চলে কর্মসংস্থানের অভাব এবং প্রাকৃতিক দুর্যোগ অভিবাসনের জন্য প্রধান ২টি পুশ ফ্যাক্টর হিসাবে কাজ করে। নদীভাঙ্গন হচ্ছে সবচেয়ে মারাত্মক বিপর্যয়, যা নদীর পাড়ে বসবাসকারী মানুষের সর্বস্ব কেড়ে নেয়। আর এটাই শহরে বসবাস করার প্রধান কারণ। শহর এলাকায় ভাল জীবনযাত্রার সুযোগ যেমন; পেশা, ব্যবসা সুযোগ, শিশুদের ভাল শিক্ষা ব্যবস্থা এবং জীবন ও সম্পত্তির ভাল নিরাপত্তা পুল ফ্যাক্টর হিসেবে কাজ করে।

সারণি ২-৬: অভিবাসনের কারন

ক্র. নং	কারন		সংখ্যা	শতাংশ
১	কর্মসংস্থান / ব্যবসায়ের সুযোগের অভাব	পুশ ফ্যাক্টর	৭৭	৩৯.২৯
২	প্রাকৃতিক দূর্যোগ		১	০.৫১
৩	অন্যান্য		২	১.০২
৪	শহুরে অঞ্চলে কাজের সুযোগ / ব্যবসায়ের সুযোগ	পুল ফ্যাক্টর	৮২	৪১.৮৪
৫	সুরক্ষা এবং সুবিধা / উন্নত জীবনযাত্রার পরিবেশ		৩১	১৫.৮২
৬	অন্যান্য		৩	১.৫২
মোট			১৯৬	১০০

তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেসলাইন সার্ভে, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

নমুনা জরিপ হতে দেখা যায়, অভিবাসনকারী জনসংখ্যার ভেতর ৩৯.২৯ শতাংশ মানুষ খাগড়াছড়িতে এসেছে গ্রাম এলাকায় পর্যাপ্ত কর্মসংস্থানের অভাবে, ৪১.৮৪ শতাংশ মানুষ নতুন চাকরী কিংবা ব্যবসার খোঁজে এসেছে। কেবলমাত্র ০.৫১ শতাংশ মানুষ প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ হয়ে অভিবাসন করে এসেছে।

২.৩.৬ সাক্ষরতা এবং শিক্ষার স্তর

আদমশুমারি ২০১১ অনুযায়ী খাগড়াছড়ি শহরে সাক্ষরতা হার ১% (৭ বছরের উর্ধ্বে)। বেসলাইন সমীক্ষাটির মতে সাক্ষরতার হার ৯৫% যা আদমশুমারির তথ্য থেকে বেশি। এই পার্থক্য ২০১১ থেকে ২০১৬ পর্যন্ত ৬ বছরের মধ্যে দেখা যায়। ***সারণি ২-৭*** থেকে দেখা যায়, ওয়ার্ড নং ০৫ এ সাক্ষরতার হার সবচেয়ে বেশি। একই সাথে ওয়ার্ড নং ০১ এবং ০৭ এর সাক্ষরতার হারও বেশি।

সারণি ২-৭: খাগড়াছড়ি পৌরসভার ওয়ার্ড অনুসারে সাক্ষরতার হার

এলাকা	সাক্ষরতার হার (%)	মহিলা সাক্ষরতার হার (%)	পুরুষ সাক্ষরতার হার (%)
ওয়ার্ড নং ০১	৭৭.৯০	৭১	৮৪
ওয়ার্ড নং ০২	৬৬	৫৬.১০	৭২.৪০
ওয়ার্ড নং ০৩	৬২.৯০	৫৮.৯০	৬৬
ওয়ার্ড নং ০৪	৭২.৯০	৬৮.৩০	৭৭.৩০
ওয়ার্ড নং ০৫	৮১.৪০	৭৬	৮৫
ওয়ার্ড নং ০৬	৫১.৯০	৪৮.৪০	৫৫.৪০
ওয়ার্ড নং ০৭	৮০.৯০	৭৬.৬০	৮৫.৩০
ওয়ার্ড নং ০৮	৭০.৪০	৬৪.৯০	৭৩.৮০
ওয়ার্ড নং ০৯	৭৪.৩০	৬৯.২০	৭৯.৩০

তথ্যসূত্রঃ জনসংখ্যা ও আবাসন সমীক্ষা, ২০১১- কমিউনিটি: খাগড়াছড়ি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

শিক্ষিত জনগোষ্ঠীর ভেতর ১৯ শতাংশ মানুষ প্রাথমিক পর্যায়ে পড়াশোনা করেছে। কেবলমাত্র ১৪% মানুষ স্নাতক পর্যায়ে পড়াশোনা করেছে।

২.৩.৭ পরিবারের আয়

নমুনা জরিপের ফলাফলে দেখানো হয়েছে, জরিপকৃত ৭৬.৩৪% পরিবার প্রতি মাসে ১৪ হাজার টাকা বা এর বেশি আয় করে; ৭.৬৬% এর মাসিক আয় ৮০০০ টাকা এবং এর কম যা দারিদ্র্য সীমার কিছুটা নিচে। ***চিত্রলেখ ২-৪*** এ খাগড়াছড়ি পৌরসভার আয়ের কাঠামোর বিশদ বিবরণ রয়েছে।

চিত্রলেখ ২-৪: পরিবারের আয়ের গঠন



তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেইজলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

পরিবারের আয়ের প্রধান উৎস হিসাব করলে দেখা যায়, ৪০% বেতন, ৩২% ব্যবসা এবং ১২% এর বেশি মানুষের আয়ের প্রধান উৎস মজুরি ***(চিত্রলেখ ২-৫)***।

চিত্রলেখ ২-৫: পরিবারের আয়ের প্রধান উৎস সমূহ



তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেইজলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

২.৩.৮ পরিবারের উপার্জনকারী সদস্য

চিত্রলেখ ২-৬ এ দেখা যায়, প্রতিটি পরিবারে একাধিক উপার্জনকারী সদস্য রয়েছে। উপার্জনকারী সদস্যদের মধ্যে প্রায় ১৩.৪৫% নারী।

চিত্রলেখ ২-৬: খাগড়াছড়ি পৌরসভার পরিবারের উপার্জনকারী সদস্য



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

২.৩.৯ ঘরবাড়ির অবস্থা

এই অংশে ঘরবাড়ি সংক্রান্ত বিভিন্ন বিষয় আলোচনা করা হয়েছে, যার ভেতর তৈরি করার ওপর নির্ভর করে ঘরবাড়ির ধরন, আনুমোদনকৃত ঘরবাড়ির অবস্থা, মালিকানা ইত্যাদি উল্লেখযোগ্য। জরিপ থেকে জানা যায় যে, ৪৪% ঘরবাড়ি আধা-পাকা যা টিনের ছাদ ও ইটের তৈরী; ৩২.৩৩% টিন শেড; এবং শুধুমাত্র ১১.৬৭% কাঠামো পাকা বা অ্যাপার্টমেন্ট ধরনের। ***(চিত্রলেখ ২-৭)*** বিস্তারিত দেখানো হয়েছে।

চিত্রলেখ ২-৭: খাগড়াছড়ি পৌরসভার পরিবারের উপার্জনকারী সদস্য



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

২.৩.১০ ভবন পরিকল্পনা অনুমোদন

ভবন নকশা অনুমোদন সম্পর্কে প্রশ্ন করা হয়েছিল ৩৫ জন বাড়ির মালিক বা তাদের প্রতিনিধিদেরকে। তাদের মধ্যে ৪২.৮৬% উত্তর দেয় যে তারা নির্মাণের আগে পৌরসভা থেকে তাদের ভবন নকশা অনুমোদন নিয়েছিল।

২.৩.১১ স্থানিক বৃদ্ধির ধরন

খাগড়াছড়ি পৌরসভা বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত পাহাড়ি অঞ্চল। এটি চট্টগ্রাম বিভাগের অন্তর্ভুক্ত একটি জেলা। খাগড়াছড়ি পৌরসভাটি চেঙ্গি নদীর তীরে খাগড়াছড়ি জেলার উপত্যকায় অবস্থিত।

স্যাটেলাইট ইমেজ বিশ্লেষণ এবং পরিসংখ্যান থেকে দেখা যায়, খাগড়াছড়ি পৌরসভায় স্থায়ী জলাশয় এবং চাষের জমি ধ্বংস করে খুব দ্রুত নির্মিত এলাকা বৃদ্ধি করা হয়েছে। ১৯৮৯ সালের আগ পর্যন্ত এই এলাকার বসতি গুলো বিচ্ছিন্ন অবস্থায় ছিল। প্রধান বসতি মূলত চেঙ্গি নদীকে কেন্দ্র করে গড়ে উঠেছিল এবং শাপলা চত্বর ছিল একমাত্র বাণিজ্যিক স্থান। সেই সময়ে মূলত বসতি ছিল মহাজন পাড়া, রাজ্যমণিপাড়া, পানখাইয়া পাড়া, উত্তর খবংপুরিয়া, সিঙ্গিনালা ইত্যাদি এলাকায়। নতুন নতুন কর্মসংস্থান গড়ে ওঠার ফলে মানুষজন তাদের কর্মস্থলের আশে পাশে বসবাস করা শুরু করলো এবং উত্তর-পশ্চিপ দিকে বিশেষ করে ওয়ার্ড ২ মানুষজনের প্রধান আকর্ষণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়।

ভৌত অবকাঠামো জরিপ অনুযায়ী খাগড়াছড়ি পৌরসভায় সর্বমোট ১৩,৫৩৪ টি অবকাঠামো রয়েছে যার ভেতর কাঁচা, পাকা এবং অর্ধ-পাকা অবকাঠামো রয়েছে। তবে বেশিরভাগ অবকাঠামো কাঁচা।

মানচিত্র ২-২ : খাগড়াছড়ি অঞ্চলে স্থানিক বৃদ্ধির ধরণ

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary

Water Bodies
- Khal
- River

Road Category
- Primary
- Secondary
- Tertiary
- Access

Structure Type
- Katcha
- Semi-Pucca
- Pucca

২.৪ ভূমি ব্যবহার ধারা বিশ্লেষণ

খাগড়াছড়ি এলাকা অন্যান্য পাহাড়ি অঞ্চলগুলোর তুলনায় অনেক সম্ভাবনাময় একটি শহর, কারণ এখানে অন্যান্য জেলা শহরের তুলনায় অনেক বেশি সমতল ভূমি রয়েছে। বিভিন্ন রকম পুল ফ্যাক্টরের কারণে এখানে অভ্যন্তরীণ অভিবাসনের হার অনেক বেশি থাকে, যার ফলে অতিরিক্ত জনসংখ্যার জন্য খুব দ্রুত অপরিকল্পিতভাবে ভূমি ব্যবহার উন্নয়ন হচ্ছে। এই অপরিকল্পিত নগরায়নের ফলে খুব দ্রুত দারিদ্রতা বেড়ে যাওয়া, ঘন ঘন বন্যা, অপরিকল্পিতভাবে বস্তি গড়ে ওঠা, নিজ স্বার্থে সম্পদ ব্যবহার করা এবং সল্প সম্পদগুলোর অব্যবস্থাপনার কারণে অপব্যবহার করা হচ্ছে যার ফলে সামনের দিনগুলোতে বিভিন্ন ধরনের প্রাকৃতিক দূর্যোগের আশঙ্কা করা হচ্ছে।

১৯৮০ সালের দিকে একই রকমের ভূমি প্রচ্ছদ সনাক্ত করার জন্যে ল্যান্ডস্যাট ৩ এমএসএস চিত্র ব্যবহার করা হয়েছে। এমএসএস চিত্র হচ্ছে বহু বর্নালী বিশিষ্ট চিত্র, যার ৪ টি ব্যান্ড রয়েছে। স্থায়ী জলাশয়গুলো সনাক্ত করার জন্যে বিভিন্ন ব্যান্ডের সমন্বয় ব্যবহার করা হয়েছে।

২.৪.১ ভূমি ব্যবহার

সাধারণত আমরা ল্যান্ডস্যাট এমএসএস স্যাটেলাইট চিত্রের বিভিন্ন বৈশিষ্ট সনাক্ত করার জন্যে ব্যান্ড ৩ (০.৭০-০.৮০ মাইক্রো মি.), ব্যান্ড ২ (০.৬০-০.৭০ মাইক্রো মি.) এবং ব্যান্ড ১(০.৫০-০.৬০ মাইক্রো মি.) ব্যবহার করা হয়েছে। ব্যান্ড ৩ অবলোহিত তরঙ্গদৈর্ঘ্যের কাছাকাছি। অপরদিকে ব্যান্ড ২ এবং ব্যান্ড ১ হচ্ছে লাল এবং সবুজ তরঙ্গদৈর্ঘ্যের কাছাকাছি। ১৯৮৯ সালের একই রকম ভূমি প্রচ্ছদ শ্রেণি সনাক্ত করার জন্য ল্যান্ডস্যাট ৪ টিএম চিত্র ব্যবহার করা হয়েছে। ল্যান্ডস্যাট টিএম চিত্রগুলোও ৭ ব্যান্ড বিশিষ্ট বহু বর্ণালীর। সাধারণত, ২০০২ এবং ২০১২ সালের ল্যান্ডস্যাট টিএম চিত্র এবং ল্যান্ডস্যাট ইটিএম+ চিত্র থেকে বিভিন্ন বৈশিষ্ট সনাক্ত করতে ব্যান্ড ৪(০.৭৬-০.৯০ মাইক্রো মি.) - ব্যান্ড ৩(০.৬৩-০.৬৯ মাইক্রো মি.) - ২(০.৫২-০.৬০ মাইক্রো মি.) (ফলস কম্বিনেশন-false combination) ব্যবহার করা হয়েছে, এটির ল্যান্ডস্যাট ৪ টিএম চিত্রের চেয়ে একটি ব্যান্ড বেশি রয়েছে। এটি সম-সুবেদী এবং এর রেজুলেশন (Resolution) ১৫ মি.। সাধারণত ল্যান্ডস্যাট ইটিএম এর বিভিন্ন বৈশিষ্ট বের করার ক্ষেত্রেও ব্যান্ড ৪(০.৭৬-০.৯০ মাইক্রো মি.) – ব্যান্ড ৩(০.৬৩-০.৬৯ মাইক্রো মি.) – ২(০.৫২-০.৬০ মাইক্রো মি.) (ফলস কম্বিনেশন-false combination) ব্যবহার করা হয়।

উপরোক্ত বিশ্লেষণ হতে দেখা যায়, ঘন ঘন উন্নয়নের ফলে জলাশয় এবং উন্মুক্ত ভূমি দিন দিন কমে যাচ্ছে। পৌরসভা এবং সরকারের বিভিন্ন নীতিমালা প্রণয়নের পর ১৯৮৯ থেকে ২০০২ সালে কিছু উল্লেখযোগ্য পুনঃর্বাসন উন্নয়ন ঘটে। উন্নত জীবনযাত্রার আশায় অন্যান্য এলাকা থেকে অভিবাসন করে আসা মানুষ এবং বিভিন্ন জেলার ভূমিহারা মানুষেরা এখানে এসে খুব দ্রুত ঘরবাড়ি বানাতে শুরু করে।

মানচিত্র ২-৩ : ল্যান্ডস্যাট টিএম চিত্র থেকে প্রাপ্ত ১৯৮০, ১৯৮৯, ২০০২, ২০১২ সালের ভূমি প্রচ্ছদ এবং শ্রেণিবিন্যাস



নিম্নোক্ত ***সারণি ২-৮*** হতে ল্যান্ডস্যাট চিত্র বিশ্লেষণের মাধ্যমে বিভিন্ন সালের ভূমি প্রচ্ছদ পরিবর্তনের পার্থক্য দেখা যায়।

সারণি ২-৮: ল্যান্ডস্যাট টিএম চিত্র থেকে প্রাপ্ত পরিসংখ্যান থেকে ১৯৮০, ১৯৮৯, ২০০২ এবং ২০১২ সালের বিশ্লেষণ

	আয়তন (বর্গ কি.মি.)				আয়তন (শতাংশ)			
	১৯৮০	১৯৮৯	২০০২	২০১২	১৯৮০	১৮৮৯	২০০২	২০১২
জলাশয়	১.৮৪৩২	১.৬৮৮৪	১.০৩৪১	০.৮৯৯১	১৩	১২	৭	৬
উন্মুক্ত ভূমি	১০.২১৩২	৯.৭৮৮৪	৫.৪৭৯২	৪.৬১০৭	৭৩	৭০	৩৯	৩৩
নির্মিত এলাকা (Build Up)	১.৯৩৬৮	২.৫১৬৪	৭.৪৭৯৯	৮.৪৮৩৪	১৪	১৮	৫৩	৬১

চিত্রলেখ ২-৮: বিভিন্ন সালের ভূমি প্রচ্ছদের পরিবর্তনের ধারা



চিত্রের বিশ্লেষণ থেকে দেখা যায়, খাগড়াছড়ি পৌরসভায় দৃশ্যমান ভূমি প্রচ্ছদের পরিবর্তন প্রধানত অবকাঠামোর (ঘরবাড়ি) উন্নয়নের জন্য হয়েছে (***মানচিত্র ২-৩***)।

মানচিত্র ২-৪: একনজরে স্যাটেলাইট চিত্র থেকে প্রাপ্ত খাগড়াছড়ি পৌরসভার বৃদ্ধির ধারা



স্যাটেলাইট চিত্রের সাথে পরিসংখ্যানের উপাত্তের ভিত্তিতে বলা যায়, খাগড়াছড়ি এলাকায় স্থায়ী জলাশয় এবং গাছপালা নিধন করে খুব দ্রুত নির্মিত এলাকা গড়ে উঠছে। ১৯৮৯ সালের আগ পর্যন্ত খাগড়াছড়ি পৌরসভার বসতির ধরন বিচ্ছিন্ন অবস্থায় ছিল। এই অঞ্চলের প্রধান বসতি গড়ে উঠেছিল চেঙ্গি নদীর পাড়ে, এবং শাপলা চত্বর ছিল একমাত্র বাণিজ্যিক স্থান। তখন মহাজন পাড়া, রাজ্যমনি পাড়া, পাঙ্খাইয়া পাড়া, উত্তর খবংপুরিয়া, সিঙ্গিনালা এলাকা ইত্যাদি স্থানে বসতি দেখা যেত। নতুন কর্মসংস্থান সৃষ্টি হওয়ার ফলে মানুষজন তাদের কর্মক্ষেত্রের আশেপাশে বাস করা শুরু করলো, এবং

যার ফলে উত্তর ও উত্তর-পশ্চিম দিকে, বিশেষ করে ওয়ার্ড নং ২ এর উচ্চ মূল্যের জন্য শহর সেদিকে বাড়তে থাকে। এখানে নির্মিত এলাকা বলতে চিত্রের পিক্সেল হতে প্রাপ্ত প্রতিফলনে কংক্রিট দ্বারা আচ্ছাদিত সকল জমিকে বোঝানো হয়েছে। চিত্র বিশ্লেষণ করে দেখা যায়, খাগড়াছড়ি পৌরসভায় পানছড়ি এবং দীঘিনালা এলাকায় (উত্তর ও উত্তর-পশ্চিম দিকে) মূলত বৃদ্ধি পেয়েছে।

চিত্রলেখ ২-৯: বিভিন্ন সালের ভূমি-প্রচ্ছদের শ্রেণি ও ধারা



বিশ্বব্যাংক (২০০৭) অনুসারে, উন্নত দেশের তুলনায় উন্নয়নশীল দেশগুলোতে প্রধানত মানুষের কর্মকান্ডের জন্য ভূমি-ব্যবহার খুব দ্রুত পরিবর্তিত হয়। ২০২০ সাল পর্যন্ত এক প্রক্ষেপন হতে দেখা যায়, বিশ্বের অধিকাংশ বৃহৎ শহরগুলো উন্নয়নশীল দেশে অবস্থিত হবে (বিশ্বব্যাংক, ২০১৭)। যদিও অধিকাংশ উন্নত দেশগুলোতে ভূমি-ব্যবহারের বিস্তারিত তথ্য রয়েছে, উন্নয়নশীল দেশ বিশেষ করে বাংলাদেশে দূর্ভাগ্যবশত ভূমি-স্থানিক তথ্যের অনেক অভাব রয়েছে (দেওয়ান এবং ইয়ামাগুচি, ২০০৯)।

২.৪.২ সংক্ষিপ্ত বিবরণ ও ফলাফল

- পৌরসভায় সর্বোচ্চ ভূমি ব্যবহার শ্রেণি হচ্ছে কৃষি, যা পৌরসভার আয়তনের ৩৩.৭৭ শতাংশ ।
- পৌরসভায় সর্বনিম্ন ভূমি ব্যবহার শ্রেণি হচ্ছে প্রাতিষ্ঠানিক ব্যবহার, যা পৌরসভার আয়তনের ০.১৩।
- ওয়ার্ড নং ৯ এ কৃষি জমির পরিমাণ সর্বোচ্চ (৭১০.৬৯ একর)।
- ওয়ার্ড নং ৯ এ আবাসিক জমির পরিমাণ সর্বোচ্চ (১৯৩.২৩ একর)।
- ওয়ার্ড নং ২ এ প্রশাসনিক জমির পরিমাণ সর্বোচ্চ (১১.৭১ একর)।
- ওয়ার্ড নং ৯ এ পাহাড়ি জমির পরিমাণ সর্বোচ্চ (৫০.৯৪ একর)
- ওয়ার্ড নং ৯ এ জলাশয়ের পরিমাণ সর্বোচ্চ (১১৭.৫ একর)।

২.৫ খাগড়াছড়ি পৌরসভার ত্রিমাত্রিক দৃশ্য

চিত্র ২-১০: খাগড়াছড়ি পৌরসভার ত্রিমাত্রিক দৃশ্য



২.৬ আবাসনের প্রয়োজনীয় গণনা

আবাসনের চাহিদা জনসংখ্যার একটি নির্দিষ্ট আকারের জন্য আবাসনের প্রকৃত প্রয়োজনকে প্রতিফলিত করে, যখন আবাসন চাহিদা সাধারণত আবাসনের সেই পরিমাণকে প্রতিফলিত করে যা ঐ জনসংখ্যা পরিশোধ করতে সক্ষম ও ইচ্ছুক। আবাসনের প্রয়োজনীয়তা ও কার্যকর আবাসনের চাহিদার ব্যবধানের মধ্যে সেতুবন্ধন তৈরি করার জন্য অর্থায়ন একটি গুরুত্বপূর্ণ ভুমিকার কাজ করতে পারে। এমনকি আবাসনের পরিমান বৃদ্ধি পাওয়ার পরেও যদি তা কার্যকর চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ না হয় তবে তা অর্থহীন হয়ে পরে। এই দুইয়ের ভিতর সংযোগসাধন এবং আবাসন পরিস্থিতির উন্নয়নের জন্য সমাজের বিত্তশালীদের এগিয়ে আসতে হবে।

খাগড়াছড়ি পৌরসভার ২০৩৭ সালের জনসংখ্যা গণনা করা হয়েছে ৩৬৫৩১৭। খাগড়াছড়ি পৌরসভায় বিদ্যমান প্রতি বছরে বসতির ইউনিট প্রয়োজনীয় ইউনিটের চেয়ে অনেক কম। বিবিএস ২০১১ এর তথ্যানুযায়ী, ২০২২ সালে বসতির ইউনিটের ঘাটতি হবে ৮৯৩। ***সারণি ২-৯*** এ বিস্তারিত।

সারণি ২-৯: খাগড়াছড়ি পৌরসভার ২০৩৭ সাল পর্যন্ত আবাসনের প্রয়োজনীয় গণনা

পৌরসভা	জনসংখ্যা	বসতি	বসতির ইউনিট	ঘাটতি	পরিবর্তন	মোট চাহিদা
২০১৭	৫৬৮২৯	১৩২১৬	১২৪২৩	৭৯৩	১২৪২	২০৩৫
২০২২	৬৩৯৮৭	১৪৮৮১	১৩৯৮৮	৮৯৩	১৩৯৯	২২৯২
২০২৭	৭২০৪৫	১৬৭৫৫	১৫৭৪৯	১০০৫	১৫৭৫	২৫৮০
২০৩২	৮১১১৯	১৮৮৬৫	১৭৭৩৩	১১৩২	১৭৭৩	২৯০৫
২০৩৭	৯১৩৩৬	২১২৪১	১৯৯৬৬	১২৭৪	১৯৯৭	৩২৭১
মোট	**৩৬৫৩১৬**	**৮৪৯৫৭**	**৭৯৮৬০**	**৫০৯৭**	**৭৯৮৬**	**১৩০৮৩**

তথ্যসূত্রঃ জনসংখ্যা সমীক্ষা ২০১১ এবং পরামর্শকদের হিসাবকৃত

সমন্বিত আবাসন পদ্ধতি (Aggregated household method) হচ্ছে আবাসনের প্রয়োজনীয় গণনার জন্য সবচেয়ে সহজ পদ্ধতি। এই পদ্ধতিতে গড় আবাসন আকার(S) গণনা করে এর সাহায্যে আবাসন চাহিদা (H) নির্ধারণ করা হয়। এখানে, H=P/S।

এই সূত্র ব্যবহার করে ৫ বছর অন্তর অন্তর ২০৩৭ সাল পর্যন্ত আবাসন চাহিদা গণনা করা হয়েছে (***সারণি ২-৮***)। পরিকল্পনা কালের একেবারে শেষে এসে চাহিদা ১৩০৮৩ হবে ধারণা করা হয়। ২০৩৭ সাল নাগাদ প্রজন্মের জনসংখ্যার বিভিন্ন আয়ের জনগণের জন্য আবাসন সরবরাহের গতি বাড়ানোর জন্য সর্বজনীন ও প্রাইভেট সেক্টর দ্বারা সময় সীমার এবং কার্যকর ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

তৃতীয় অধ্যায় পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ

সূচিপত্র

৩.১ সূচনা ---------- ৩-১
৩.২ উন্নয়নের সমস্যাসমূহ ---------- ৩-১
৩.২.১ নিষ্কাশন, জলাবদ্ধতা এবং নদীভাঙ্গন সমস্যা ---------- ৩-১
৩.২.২ পরিবহন ও যোগাযোগ ---------- ৩-২
৩.২.২.১ সড়ক বিন্যাস ---------- ৩-২
৩.২.২.২ স্থানীয় চলাচল: পরিবহন মাধ্যম এবং যাতায়াত সুবিধাসমূহ ---------- ৩-৩
৩.২.৩ পরিবহন এবং যোগাযোগ ব্যবস্থার সমস্যা ---------- ৩-৩
৩.২.৪ ভূমির বন্ধুরতা ---------- ৩-৪
৩.২.৫ ভূমি বিরোধ ও রাজনৈতিক অস্থিরতা ---------- ৩-৪
৩.২.৬ অত্যন্ত অপ্রতুল উন্মুক্ত স্থান এবং বিনোদন সুবিধা ---------- ৩-৪
৩.২.৭ স্বাস্থ্য সেবার অভাব ---------- ৩-৪
৩.২.৮ অপর্যাপ্ত পানি সরবরাহ ---------- ৩-৫
৩.২.৯ বর্জ্য ব্যবস্থাপনা ---------- ৩-৫
৩.৩ ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যা প্রবৃদ্ধি ---------- ৩-৬
৩.৩.১ জনসংখ্যা অভিক্ষেপ ---------- ৩-৬

তৃতীয় অধ্যায়
পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ

৩.১ সূচনা

পরিকল্পনা প্রতিবেদনের তৃতীয় অধ্যায়ে পরিকল্পনার বিভিন্ন গুরুতর বিষয় সমূহ সনাক্তকরণ করে সেগুলো নিয়ে আলোচনা করা হয়েছে। এই অধ্যায়ে বেইস লাইন সার্ভে, এফজিডি (ফোকাস গ্রুপ ডিসকাশন) এবং আর্থ-সামাজিক গবেষণার মাধ্যমে সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় চিহ্নিত করে, যেমন, ভৌত, আর্থ-সামাজিক এবং পরিবেশের সমস্যাগুলো বর্ণনা করা হয়েছে।

৩.২ উন্নয়নের সমস্যাসমূহ

প্রকল্প চলাকালীন সময়ে পৌরসভার উন্নয়নের বিভিন্ন ধরনের সমস্যা এবং গুরুত্বপূর্ণ বিষয়সমূহ এবং স্থানগুলো চিহ্নিত করা হয়। সমস্যা এবং গুরুত্বপূর্ণ বিষয়সমূহ উন্নয়নের বিভিন্ন এলাকা চিহ্নিত করে।

৩.২.১ নিষ্কাশন, জলাবদ্ধতা এবং নদীভাঙ্গন সমস্যা

নিষ্কাশন ব্যবস্থা হচ্ছে শহরকে পরিস্কার ও জলাবদ্ধতা মুক্ত করার সবচেয়ে অতীব প্রয়োজনীয় বিষয়। জলাবদ্ধতা শহরের বিভিন্ন কার্যক্রম ও মানুষের স্বাভাবিক জীবনযাত্রাকে বিপর্যস্ত করে। প্রাকৃতিক প্রবাহ বা সংযোগের একটি ছোট বাধা পানির অধিপ্রবাহ তৈরি করে যা জলাবদ্ধতা সৃষ্টির জন্য দায়ী যা স্বাভাবিক জীবনযাত্রা বাধাগ্রস্ত করে। বর্ষাকালে প্রচুর পরিমানে বৃষ্টির পানি প্রবাহের কারণে মূলত এই অবস্থা হয়। কিন্তু পরিকল্পনা প্রণয়ন বা বাস্তবায়নের সময় এই বিষয়কেই সবচেয়ে কম গুরুত্ব দেওয়া হয়। এর ফলে ভৌত পরিবেশ, জনস্বাস্থ্য এবং জীবনযাত্রা অনেক বেশি ভোগান্তিতে পড়ে। উন্নত নিষ্কাশন ব্যবস্থা প্রনয়ণের ক্ষেত্রে প্রাকৃতিক ব্যবস্থা যেমন নদী, ছড়া অথবা পুকুর ইত্যাদি অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

খাগড়াছড়ি পৌরসভায় মানুষের তৈরি নিষ্কাশন নালার মোট দৈর্ঘ্য ৮১.০৭ কি.মি.। এর মধ্যে ৩৬.৭১ কি.মি. প্রাইমারি, ২৫.৭২ কি.মি. সেকেন্ডারি, ও ১৮.৬৩ কি.মি. টারশিয়ারি এই তিন ধরনের ড্রেন রয়েছে। প্রাইমারি ড্রেনের মধ্যে রয়েছে নদী এবং ছড়া (অথবা একই রকম জলাশয়)। সেকেন্ডারি নিষ্কাশন নালার ক্ষেত্রে পৌরসভার অন্যান্য ওয়ার্ডের তুলনায় সর্বোচ্চ দৈর্ঘ্য হচ্ছে ওয়ার্ড নং ৩, ৪ এবং ৮ এ। তাদের দৈর্ঘ্য যথাক্রমে ৩.৬৪ কি.মি., ৩.৭৩ কি.মি. এবং ৪.৬২ কি.মি.। সংযোগস্থাপণকারী নিষ্কাশন নালার দৈর্ঘ্য ওয়ার্ড নং ৪ এ সর্বোচ্চ।

চেঙ্গি নদীটি খাগড়াছড়ি পৌরসভার পশ্চিম প্রান্ত দিয়ে প্রবাহিত হয়েছে। খাগড়াছড়ি একটি বন্যা প্রবণ অঞ্চল এবং প্রধানত এটি পাহাড় থেকে আকস্মিক বন্যার দ্বারা আক্রান্ত হয়। আকস্মিক বন্যা এবং নিষ্কাশন ব্যবস্থার অভাব এই পৌরসভাটির উন্নয়নের প্রধান অন্তরায়। ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা পূরণের জন্য অপর্যাপ্ত ও খোলা নিষ্কাশন নালা ব্যবহারের ফলে নদীতে পলি জমছে, যার ফলে চেঙ্গি নদীর গভীরতা কমে যাচ্ছে। বেশী উচ্চতাবিশিষ্ট ভূমি থেকে যে আকস্মিক বন্যা সৃষ্টি হয়, তার ফলে নদীর উভয় তীরেই পানির অধিপ্রবাহ সৃষ্টি হয়। বিশেষ করে বর্ষাকালে এমন অবস্থা বেশি দেখা যায়। আধা ঘন্টার বেশি বৃষ্টিপাত হলেই পাহাড় থেকে আসা পানির ফলে আকস্মিক বন্যা সৃষ্টি হয়। যেসব মানুষরা নিচু ভূমিতে, বিশেষ করে নদীর পাশে বাস করে, তারা বন্যার ফলে বেশি ক্ষতিগ্রস্থ হয়, এমনকি উঁচু জায়গার আশ্রয়স্থলেও যাওয়ার প্রয়োজন পড়ে। এসব আকস্মিক বন্যার ফলে মুসলিম পাড়া, মহাজন পাড়া, বটতলি এলাকা এবং ফুটবিল এলাকায় অবৈধ দখল এবং অবৈধ ব্যবসা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ১৬.২৫ কি.মি. এর চারটি প্রধান ছড়া যথা বড় খাগড়াছড়ি ছড়া, সিঙ্গিনালা ছড়া, পানখাইয়া পাড়া ছড়া রয়েছে, যারা খাগড়াছড়ি পৌরসভার পুরো নিষ্কাশন ব্যবস্থার ওপর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পৌরসভাটিতে মোট ৩২৬.৮৪ একর জলাভূমি রয়েছে, যার ভেতর পুকুর ও খাদ রয়েছে। বেশীরভাগ জলাবদ্ধতা সৃষ্টি হয় ওয়ার্ড নং ৯ এর ফুটবিল, তেঁতুল তলা, বটতলি এবং অর্পণা চৌধুরী পাড়া, শান্তিনগর, শব্দমিয়া পাড়া এলাকার নিচু জায়গাগুলো পাহাড় থেকে ভারী বৃষ্টিপাত এবং আকস্মিক বন্যার ফলে বন্যাকবলিত হয়। ফোকাস গ্রুপ ডিসকাশন থেকে জানা যায়, বটতলি এবং ফুটবিল এলাকার ৫৪.১১% রাস্তা জলাবদ্ধ, এমনকি পানি ২ থেকে তিন মাস পর্যন্ত স্থায়ী হয়। ওয়ার্ড নং ১ এর সিঙ্গিনালা পাড়া এবং খবংপুরিয়া এলাকায় চেঙ্গি নদী থেকে পানি অধিগমনের ফলে ৯.৮৮% এলাকা জলাবদ্ধ হয় এবং প্রায় ৬ থেকে ৮ ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়। ওয়ার্ড নং ২ এবং ৩ এর প্রায় ৭% এবং ৮.৬৫% এলাকা জলাবদ্ধতার কবলে পড়ে। ওয়ার্ড নং ৩ এ মারাত্মক নদীক্ষয় হয়। এখানে জলাবদ্ধতা প্রায় ৫ থেকে ৬ ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়। ওয়ার্ড নং ৫ এবং ৮ এ জলাবদ্ধতার ঘনত্ব এবং সংখ্যা অন্যান্য ওয়ার্ডের চেয়ে কম এবং এটি খুব স্বল্প সময়ের জন্য স্থায়ী হয় (সাধারণত এক ঘন্টারও কম)। ওয়ার্ড নং ৪ এবং ৬ এ খুব সামান্য পরিমাণে জলাবদ্ধতা হয়।

সমস্যা ও কারণঃ

জনগণের সাথে পরামর্শ, মাঠ পরিদর্শন এবং পৌরসভার বিশিষ্ট ব্যাক্তিবর্গের সাথে আলোচনা করার পর দেখা যায়, বেশীরভাগ অংশীদার জলাবদ্ধতা কে এই পৌরসভার প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করেছেন। বর্ষাকালে জলাবদ্ধতা সাধারণ মানুষের স্বাভাবিক জীবনযাত্রায় চরম বাঁধা সৃষ্টি করে। খাগড়াছড়ি পৌরসভার নিষ্কাশন ব্যবস্থা সমন্বিত এবং ক্রমান্বয়িক (hierarchical) নয়, যার ফলে এটি আকস্মিক বন্যার পানি পরিবহন করতে পারে না এবং এর ফলশ্রুতিতে শহরের বিভিন্ন স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়। নিষ্কাশন ব্যবস্থার ধারণক্ষমতা সাধারণত অনিয়ন্ত্রিত আবাসন, দখল, পর্যাপ্ত রক্ষণাবেক্ষণ ও চ্যানেলে পলি জমার ব্যবস্থার অভাবে এবং অপর্যাপ্ত পানির ধারণ ও প্রবাহের ধারণক্ষমতার ফলে কমে যায়। যেখানে রাস্তার পাশে নিষ্কাশন নালা আছে, তারা পুরো এলাকার আকস্মিক বন্যা ও বৃষ্টিপাতের ফলে সৃষ্ট পানি নিষ্কাশন করার মত ধারণক্ষমতা রাখে না। খাগড়াছড়ি পৌরসভার ৪৪.৫% নিষ্কাশন নালী প্রাইমারি (চেঙ্গি নদী এবং প্রধান খাল/ছড়া)। এর পাশাপাশি শহরের নিষ্কাশন ব্যবস্থা অপর্যাপ্ত এবং সমন্বিত এবং নিষ্কাশন ব্যবস্থা সুপরিকল্পিত নয়।

নিম্নোক্ত কারণ গুলোতে শহরে জলাবদ্ধতা ঘটেঃ

- শহরের নিষ্কাশন ব্যবস্থা অপর্যাপ্ত এবং নিষ্কাশন ব্যবস্থা সুপরিকল্পিত নয়।
- পাহাড়ের পাশে কিংবা পাহাড়ের মধ্যবর্তী নিষ্কাশন নালী এবং রাস্তাগুলো সুপরিকল্পিত নয়, প্রশস্ত নয়, গভীর নয় এমনকি ঢালও কম। যার ফলে বর্ষাকালে এরা পাহাড়ের ওপর থেকে ও পাহাড়ের ঢাল থেকে কাঁদা ও পানি পরিবহন করতে সক্ষম হয় না।
- বেশিরভাগ সময় মানুষের ফেলা আবর্জনার কারণে নর্দমার প্রবাহ বাধাপ্রাপ্ত হয় যেগুলো পৌরসভা কর্তৃপক্ষ অপসারণ করে না।
- বর্ষাকালে প্রধান ছড়াগুলো ব্যাপক পরিমাণ পানি ধারণ করতে পারে না। তাই পানির সুষ্ঠু নিষ্কাশনের জন্য ছড়া ও নদীর পুনরুদ্ধার করা প্রয়োজন।
- নিষ্কাশিত বর্জ্য আটকে থাকার কারণে বেশিরভাগ প্রাইমারি শ্রেনীর ড্রেনগুলোর পানি ধারণ ক্ষমতা হ্রাস পেয়েছে। প্রাইমারি ড্রেন গুলোর সঠিক দেখাশুনা করা হয় না এবং এগুলো নদী পর্যন্ত পানি বহন করার জন্য যথেষ্ট প্রশস্থ নয়।

৩.২.২ পরিবহন ও যোগাযোগ

৩.২.২.১ সড়ক বিন্যাস

খাগড়াছড়ি পৌরসভার রাস্তার মোট দৈর্ঘ্য ১২৪.৪৭ কি.মি.। শহরের মোট সড়কের মধ্যে বেশির ভাগ সড়কই পাকা, যা শহরের জন্য একটি ভাল দিক। এমনকি ৮২.৭৫ কি.মি. পাকা রাস্তা পাওয়া যায়, যা শহরের মোট রাস্তার ৬৬%। সাধারণত রাস্তাকে তিন ভাগে ভাগ করা হয়, যথা পাকা, কাঁচা ও সেমিপাকা। সেমিপাকা ভাগে ভাঙ্গা পাকা ও হেরিং বোন বন্ড উভয়

রকম রাস্তাই রয়েছে এবং যার পরিমাণ মাত্র ১৫.২৭%, যার পরিমাণ তিনটি ভাগের ভেতর সবচেয়ে কম। সেমিপাকা রাস্তার মোট দৈর্ঘ্য হচ্ছে ১৯.০২ কি.মি. যেখানে কাঁচা রাস্তার মোট দৈর্ঘ্য ২২.৭০ কি.মি.।
সড়ক বিন্যাসের চারটি শ্রেনী- প্রাইমারি রোড, সেকেন্ডারি রোড, কালেক্টর রোড এবং অ্যাকসেস রোড। এর মধ্যে, ৭১.৮৫% অ্যাকসেস রোড রয়েছে যেগুলো খুবই কম প্রশস্তের এবং এগুলো স্থানীয় চলাচলের জন্য ব্যবহৃত হয়। প্রাইমারি শ্রেনীর সড়কের মোট দৈর্ঘ্য ২.৯৫ কি.মি., যা মোট সড়ক নেটওয়ার্কের মাত্র ২.০৮%। শতাংশে হিসেব করে সকল প্রকারের প্রাইমারি রাস্তার দৈর্ঘ্য দাঁড়ায় ২.৫৯ কি.মি.। সেকেন্ডারি শ্রেনীর রাস্তার মোট দৈর্ঘ্য মোট রাস্তার মাত্র ৭.১১%। সবগুলো সেকেন্ডারি শ্রেনীর রাস্তার দৈর্ঘ্য যোগ করলে মোট রাস্তার দৈর্ঘ্য ৮.৮৫ কি.মি. পাওয়া যায়। কালেক্টর টাইপ সড়কের মোট দৈর্ঘ্য ২৩.৬০ কি.মি. যা মোট সড়ক নেটওয়ার্কের ১৮.৯৬%।

৩.২.২.২ স্থানীয় চলাচল: পরিবহন মাধ্যম এবং যাতায়াত সুবিধাসমূহ

খাগড়াছড়ি দেশের পার্বত্য জেলাগুলোর মধ্যে একটি। কিন্তু এই এলাকা তুলনামূলকভাবে সমতল এবং অন্যান্য জেলা পরিষদের তুলনায় উঁচু। এটি অন্যান্য পার্বত্য জেলার চেয়ে বেশি উন্নত। তাই, প্রায় সবরকম যানবাহনই এখানে দেখা যায়। বিভিন্ন রকম যানবাহনের ভেতর ব্যাটারি চালিত টম টম, সিএনজি অটো রিকশা, রিকশা, বাইসাইকেল, মাহেন্দ্র, ভ্যান, কার, মাইক্রো বাস, ট্রাক ইত্যাদি রয়েছে। শহরের বাসিন্দারা সাধারণত ভাড়া কম হওয়ার কারণে টমটম, সিএনজি অটোরিকশা এবং রিকশা ব্যবহার করে এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করে। শহরে কোন আন্তঃনগর বাস চলাচল ব্যবস্থা নেই। যেহেতু খাগড়াছড়ি একটি অন্যতম পর্যটন নগরী, তাই ঢাকা, চট্টগ্রাম সহ অন্যান্য জেলা শহরের সাথে এর ভাল যোগাযোগ ব্যবস্থা রয়েছে, কিন্তু খাগড়াছড়ির সাথে রাঙামাটি কিংবা বান্দরবানের ভাল কোন যোগাযোগ ব্যবস্থা নেই। পাশাপাশি এলাকা যেমন পানছড়ি, দীঘিনালা ইত্যাদিতে ভ্রমণ এবং পরিবহনের জন্য মাহেন্দ্র, সিএনজি খুবই ভাল মাধ্যম। মাইক্রোবাস কিংবা কারও ভাড়া হিসেবে চালিত হয় এবং এরা টাউন হলে দাঁড়ায়।

খাগড়াছড়ি পৌরসভায় ট্রাক কিংবা পণ্য পরিবহনের জন্য কোন টার্মিনাল নেই। দীর্ঘ দূরত্বে জিনিসপত্র ট্রাক অথবা কভার ভ্যানের মাধ্যমে পরিবহন করা হয়। ট্রাক সাধারণত বাস টার্মিনালে থামে, বলতে গেলে তারা প্রায় প্রধান সড়কের পাশেই বাস দাঁড়ায়। মাল নামানো এবং ওঠানোর সময় বাজার এলাকার রাস্তার পাশের সব জায়গা দখল করে। ছোট পিকআপ, ঠেলাগাড়ি ইত্যাদি কম দূরত্বে জিনিসপত্র পরিবহনের কাজে ব্যবহৃত হয়। যদিও শহরের পাশেই চেঙ্গি নদী অবস্থিত, পানিপথে পণ্য পরিবহনের জন্য তেমন কোন যানবাহন নেই। চেঙ্গি নদী প্রধানত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের দ্বারা বন থেকে প্রাপ্ত পণ্য পরিবহনের কাজে ব্যবহৃত হয়।

৩.২.৩ পরিবহন এবং যোগাযোগ ব্যবস্থার সমস্যা

সড়ক বিষয়ক সমস্যা

- খাগড়াছড়ি-দীঘিনালা মহাসড়ক খুবই নিচু। ভবিষ্যতে জনসংখ্যা ও ঘনত্বের বৃদ্ধি এবং বাণিজ্যিক উন্নতির ফলে এই অঞ্চলে ঘন ঘন দূর্ঘটনা ঘটার জন্য রাস্তার অবস্থা দায়ী থাকবে।
- এছাড়াও, ওভারব্রীজ, ফুটপাত, গতিরোধক এবং অন্যান্য অবকাঠামোগুলো বেশীরভাগ রাস্তায় নেই।
- নারিকেল বাগান সড়কে সাইকেলের জন্য একটি নতুন রাস্তা তৈরী হয়েছে, যা আগে স্থানীয় ব্যবসায়ীদের হাতে ছিল। এখন এটি মাল ওঠা নামা এবং পার্কিং এর কাজে ব্যবহৃত হয়।

পরিবহন

- রাস্তায় টম টম সংখ্যা বৃদ্ধি ট্রাফিক জ্যামের প্রধান কারণ হয়ে দাঁড়িয়েছে। এছাড়াও পৌরসভায় কোন নির্দিষ্ট টম টম স্ট্যান্ড নেই। যার ফলে বেশীরভাগ টম টম যেখানে সেখানে রাখা হয়।
- বর্তমান বাস টার্মিনালে সব বাস একত্রে থাকতে পারছে না। এছাড়াও, দূরপাল্লার বাসের জন্য নারিকেলবাগানে (যেখান থেকে তাদের যাত্রা শুরু হয়) আলাদা কোন স্টপেজ নেই।
- বাস এবং ট্রাক উভয়েরই একই টার্মিনালে থামার ফলে ভিড় সৃষ্টি হচ্ছে।

- বাসিন্দাদের জন্য কোন সরকারি বাস সেবা নেই।

৩.২.৪ ভূমির বন্ধুরতা

শহরের দক্ষিণ, দক্ষিণ-পূর্ব এবং পশ্চিম দিক পাহাড়ে ঘেরা ফলে এটি একটি জটিল ট্রপোগ্রাফির অঞ্চলে পরিণত হয়েছে। এই ভৌত অবস্থা একসময় উপত্যকার নিয়ন্ত্রণের জন্য উপকারী থাকলেও এখন এটি নগর বৃদ্ধির অন্তরায়।

৩.২.৫ ভূমি বিরোধ ও রাজনৈতিক অস্থিরতা

স্বাধীনতার পর থেকেই পার্বত্য চট্টগ্রামের জনগণের মূলনীতি এবং রাজনীতির সাথে ক্ষুদ্র জনগোষ্ঠীর একীভুতকরণ সরকারের জন্য একটি বড় চ্যালেঞ্জ। সমস্যাটি দীর্ঘমেয়াদী এবং অসম প্রকৃতির হওয়ার কারণে, এই অঞ্চলের পূর্ণ সম্ভাবনা খুঁজে বের করা দেশের পক্ষে অসম্ভব। পর্যাপ্ত ভূমি ব্যবস্থাপনা নীতিমালার অভাব, ভূমি মালিকা এবং ভূমি ব্যবহারের ওপর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ধারণা, একাধিক নিয়ন্ত্রণকারী কতৃপক্ষ এবং বাঙ্গালী আবাসীদের থেকে সৃষ্ট সমস্যা এসব কারণে এই বিষয়টি আরো জটিল হচ্ছে। বর্তমান প্রেক্ষাপটে, ভূমি বিষয়ক সমস্যাটি সবচেয়ে বেশি জটিল হয়ে উঠেছে যা উন্নয়নের ক্ষেত্রে প্রধান বাঁধা।

৩.২.৬ অত্যন্ত অপ্রতুল উন্মুক্ত স্থান এবং বিনোদন সুবিধা

উন্মুক্ত স্থান (মাঠ, পার্ক) ব্যস্ত শহরের জন্য একটি অপরিহার্য অংশ। এটি সাধারন মানুষ এবং বিশেষ করে শিশু ও যুবকদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য অত্যাবশ্যক। মাঠে যেসব খেলা এবং ব্যায়াম করা হয় সেগুলো শরীর এবং মনের জন্য খুবই দরকারি কিন্তু একটি উন্নত নগর হিসেবে গড়ে ওঠা খাগড়াছড়ি পৌরসভায় উন্মুক্ত স্থানের যথেষ্ট অপর্যাপ্ততা রয়েছে।

সমস্যা

শহরের ২০ টি খেলার মাঠ রয়েছে যা শহরের ৪৭,২৭৮ (বিবিএস) জন জনসংখ্যার জন্য যথেষ্ট নয়। বেশিরভাগ খেলার মাঠ শিক্ষা প্রতিষ্ঠানের আওতায় যেখানে সাধারণ মানুষের প্রবেশ নিষেধ। স্টেডিয়াম খেলাধুলা এবং ক্রীড়ার জন্য একটি বিশেষ জায়গা। কিন্তু এটি স্থানীয় এবং আশেপাশের ছেলেমেয়েদের জন্য প্রতিদিন খোলা থাকে না।

৩.২.৭ স্বাস্থ্য সেবার অভাব

একটি সমাজের জন্য শহরের মৌলিক সেবা গুলোর মধ্যে স্বাস্থ্যসেবা অন্যতম কিন্তু খাগড়াছড়ি পৌরসভায় যথেষ্ট পরিমানে সেবার ব্যবস্থা নেই। মোট ৮ টি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান রয়েছে যেগুলো শুধুমাত্র ওয়ার্ড নং ৪, ৬, ৭ ও ৮ কে সেবা প্রদান করে। বাকি ৪ টি ওয়ার্ড স্বাস্থ্যসেবা বঞ্চিত। ফলে চিকিৎসার জন্য এই এলাকার মানুষকে ভোগান্তিতে পড়তে হয়।

সমস্যা

সরকার পরিচালিত স্বাস্থ্যসেবা সুবিধার মধ্যে খুব সাধারন কিছু সমস্যা হচ্ছে,

- ডাক্তার এবং অন্যান্য সহায়তা কর্মীদেরকে সাধারণত হাসপাতালে সবসময় পাওয়া যায় না।
- অপর্যাপ্ত চিকিৎসা সরবরাহ।
- রোগ নির্ণয়ের জন্য অপর্যাপ্ত চিকিৎসা সরঞ্জাম।
- বেসরকারি হাসপাতালগুলোর বিরুদ্ধে প্রধান অভিযোগ হচ্ছে তাদের উচ্চ সেবা মূল্য, এবং সেবার মানও কাঙ্ক্ষিত নয়।

৩.২.৮ অপর্যাপ্ত পানি সরবরাহ

খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহ যৌথভাবে পৌরসভা এবং গণস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) দ্বারা নিয়ন্ত্রিত হয়। পানির পাইপ লাইনের সর্বমোট দৈর্ঘ্য হচ্ছে ৪৩.৭৭ কি.মি., যার সাহায্যে মাত্র ২ লাখ গ্যালন পানি প্রতিদিন সরবরাহ করা সম্ভব যেখানে প্রতিদিন সর্বমোট পানির চাহিদা ৮ লাখ গ্যালন। পৌরসভার তথ্য অনুযায়ী শহরে ৫৪২ টি চাপকল রয়েছে, যেগুলো বাসা বাড়িতে ব্যবহৃত হয়, যেসব বাসাবাড়ি এখনো পৌরসভার সরবরাহকৃত পানি থেকে বঞ্চিত। পাহাড়ি অঞ্চলে চাপকল খুব বেশী পানি তুলতে পারে না, কারণ এসব যায়গায় পানির সীমা অনেক নিচে অবস্থান করে। প্রধানত ওয়ার্ড নং ০৯ এ পানির ঘাটতি দেখা যায় কারণ এখানে এখনো পৌরসভা থেকে পানির সুবিধা পৌঁছায় নি। কালাডোবা এবং ফুটবিলপাড়া নামক দুইটি বস্তি এখানে অবস্থিত, যেখানে পর্যাপ্ত পানির কোন ব্যবস্থা নেই। যার ফলশ্রুতিতে বেশিরভাগ পরিবার চেঙ্গি নদীর পানির ওপর নির্ভর করে বেঁচে থাকে। এছাড়াও কলেজ গেইট এবং কুমিল্লাটিলা বস্তি (ওয়ার্ড ২), খাগড়াপুর এবং পূর্ব ইসলামপুর বস্তি (ওয়ার্ড ৫) এবং শালবন বস্তি (ওয়ার্ড ৬) এসব জায়গায় পানির স্বল্পতা দেখা যায়। পানখাইয়াপাড়ায় পানির স্বল্পতা কিছুটা কম। এছাড়াও শান্তিনগর, মুসলিম পাড়া, সিঙ্গিনালা, নয়নপুর এবং বুলবুলি পট্টি ভান্ডারি পাড়াতেও গ্রীষ্মকালে সামান্য পরিমানে পানির স্বল্পতা দেখা যায়। যাইহোক, পৌরসভাতে পানি সরবরাহের জন্য ১১ টি পাম্প হাউজ রয়েছে, এদের মধ্যে মাত্র ৭ টি বর্তমানে সচল রয়েছে। তিনটি পাম্প ডিপিএইচই এর পাশে, একটি পাহাড়ের চূড়ায় এবং বাকি চারটি পূর্ব বাজারে অবস্থিত। যদিও ভৌত অবকাঠামো জরিপ হতে খাগড়াছড়ি পৌরসভায় মোট ১৫ টি পাম্প হাউজ পাওয়া যায়। এর পাশাপাশি এখানে ২ টি পানি পরিশোধনাগার রয়েছে। এর ভেতর একটি পাহাড়ের চূড়ায় থানার পাশে অবস্থিত, এবং অপরটি পূর্ব বাজারে অবস্থিত। পৌরসভাটিতে ৩ টি ওভারহেড ট্যাংক রয়েছে। এর ভেতর একটির ধারণক্ষমতা ৬০০০০০ লিটার (১,৫০,০০০ গ্যালন) এবং এটি পূর্ব বাজারে অবস্থিত। বাকি দুইটি ওভারহেড ট্যাংক পাহাড়ের চূড়ায় অবস্থিত এবং এদের ধারণক্ষমতা যথাক্রমে ৫৫,০০০ লিটার এবং ৪৫,০০০ লিটার। এই পৌরসভার যুগান্তকারী পদক্ষেপ হচ্ছে স্ট্রিট টেপ প্রতিষ্ঠা করা। এখানে প্রায় ৪ টি স্ট্রিট পানির কল রয়েছে যেগুলো প্রধান খাগড়াছড়ি সদর বাজার (মুক্ত মঞ্চের পাশে), চেঙ্গি স্কয়ারের পাশে, শহীদ কাদের রোডে এবং পৌরসভার সামনে অবস্থিত। এই সব কলগুলো মূলত ভ্রমণকারী এবং পথিকদের দের জন্য। ডিপিএইচই এর প্রতিবেদন অনুযায়ী খাগড়াছড়ি পৌরসভার পানির গুণগত মান তুলনামূলকভাবে ভাল। গবেষণাগারে পরীক্ষার পর এই পানিতে কোন জীবাণু পাওয়া যায়নি, কিন্তু ৩ টি পাম্পের পানিতে আয়রণ পাওয়া গেছে। যদিও পরিশোধনের পর পানিতে আর কোন আয়রণ থাকে না।

সমস্যা

খাগড়াছড়ি পৌরসভার প্রায় অর্ধেকেরও বেশি এলাকা ডিপিএইচই এর পানি সরবরাহের ব্যবস্থা নাই। পাহাড়ি অঞ্চলগুলোতে পানির অভাব একটি প্রধান সমস্যা। এছাড়াও অধিকাংশ ক্ষেত্রে এই অভাব চাপকলের মাধ্যমে পূর্ণ করা হচ্ছে। বাকিরা এই অভাব নদী, পুকুর, খাল ইত্যাদির পানি দিয়ে পূরণ করছে। পৌরসভার ভেতর পাইপলাইন দিয়ে প্রায় ৭০,০০০ মানুষ বা ৯,৬৯১ পরিবারের পানির চাহিদা পূরণ করা হচ্ছে। গণস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ভাষ্যমতে এই পানি সরবরাহে ব্যাসের ওপর ভিত্তি করে ৫ প্রকারের পাইপ ব্যবহার করা হয়। এই এলাকায় যথাক্রমে ২", ৩", ৪", ৬" এবং ৮" ব্যাসের পাইপলাইন ব্যবহার করা হয়। বর্তমানে পৌরসভাটিতে কোন স্ট্রিট হাইড্রেন্ট নেই।

৩.২.৯ বর্জ্য ব্যবস্থাপনা

পৌরসভায় বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা পর্যাপ্ত পরিমাণে নেই। পরিপূর্ণ বর্জ্য ব্যবস্থাপনার জন্য বর্তমানে অবস্থিত ডাস্টবিনের সংখ্যা পর্যাপ্ত নয়। যার ফলশ্রুতিতে যত্রতত্র ময়লা ফেলা এখানে সাধারণ ঘটনা। ময়লা সাধারণত সবজি বাজার (পানির ট্যাংকের নিকটবর্তী), কল্যাণপুর, মধুপুর বাজার, শালবাগান, নামি বাজার, কলাবাগান, কোর্ট রোড, শান্তিনগর মুখ, কলেজ গেইট মোহাম্মদপুর মুখ, স্বনির্ভর বাজার এবং সেনানিবাস এলাকা নামক কিছু নির্দিষ্ট জায়গা থেকে সংগ্রহ করা হয়। পৌরসভাটিতে বর্জ্য নিষ্কাশনের জন্য কোন নির্দিষ্ট জমি নেই, তাই আলুটিলা পাহাড়ের রাস্তার পাশে সমস্ত ময়লা ফেলা হয়। কিন্তু পৌরসভার মেয়র জানিয়েছেন যে, কুমিল্লা টিলায় ১১ একর বিশিষ্ট নতুন নিষ্কাশনের জায়গা নির্মানের কাজ খুব দ্রুত শুরু হতে যাচ্ছে। এছাড়াও পৌরসভা প্রতিদিন ময়লা পরিবহনের জন্য ৩ টি বড় ট্রাক নির্দিষ্ট করে দিয়েছে, যেগুলো

ময়লা সংগ্রহ করার নির্দিষ্ট স্থান গুলো থেকে প্রতিদিন সকাল ৯:৩০ এ ময়লা সংগ্রহ করে। এছাড়াও অন্যান্য জায়গার আবর্জনা দুপুর ১:৩০ থেকে দুপুর ৩:৩০ পর্যন্ত সংগ্রহ করা হয়। যদিও বর্তমানে বাড়ি বাড়ি গিয়ে বর্জ্য সংগ্রহ করার মত কোন ব্যবস্থা নেই।

সমস্যা:

১. নির্বিচারে যেখানে সেখানে আবর্জনা ফেলার ফলে শহরের পরিবেশ দূষিত হচ্ছে এবং শহরে বসবাসকারী জনসাধারণের স্বাস্থ্যের ঝুঁকির পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।

২. নর্দমাতে ময়লা ফেলার কারণে নর্দমার পানি প্রবাহ বাধাপ্রাপ্ত হয় এবং তা নগরের বিভিন্ন অংশে জলাবদ্ধতা সৃষ্টি করে।

৩.৩ ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যা প্রবৃদ্ধি

ভবিষ্যৎ বিকাশের অভিক্ষেপ উন্নয়নের প্রক্রিয়া ও দীর্ঘমেয়াদী উন্নয়নের দিকনির্দেশনা প্রদানে সাহায্য করে যেন বর্তমান সমস্যা গুলো চিহ্নিতকরণ ও সম্ভাব্য পরামর্শ প্রদান করে নগর উন্নয়নের জন্য টেকসই প্রকল্প প্রদান করা যায় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সামর্থ বৃদ্ধি করা যায়।

৩.৩.১ জনসংখ্যা অভিক্ষেপ

জনসংখ্যা অভিক্ষেপের জন্য ব্যবহৃত পদ্ধতি

পরিকল্পনা প্রক্রিয়ার মধ্যে সবচেয়ে কঠিন কাজ হলো একটি এলাকায় ভবিষ্যতের নির্দিষ্ট কোন সময়ের অভিক্ষেপকে জনসংখ্যার পরিমান হিসাব করা।

অন্যদিকে, বিভিন্ন সেকেন্ডারি উৎস থেকে পাওয়া তথ্যগুলো আরো জটিল করে তোলে। সেকেন্ডারি উৎস থেকে পাওয়া জনসংখ্যার তথ্য বিশেষ করে খাগড়াছড়ি পৌরসভার জন্য প্রাপ্ত তথ্য খুবই অস্পষ্ট। এজন্য চুড়ান্ত অভিক্ষেপের জন্য বিভিন্ন সময়ে বিশেষজ্ঞ ও বিবিএস কর্মকর্তাদের সাথে আলোচনা করা হয়েছে। কম্পাউন্ড রেট অফ গ্রোথ মেথড (Compound Rate of Growth Method)- এর মাধ্যমে ২০১১ সালের আদমশুমারি থেকে প্রাপ্ত জনসংখ্যার ক্রমবৃদ্ধির হার অনুসারে ৫ বছর অন্তর অন্তর ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যার অভিক্ষেপ করা হয়েছে। জনসংখ্যা পরিবর্তনের ৪ টি মূল উপাদান হলঃ

- জন্ম
- মৃত্যু
- অভিবাসন
- অভিবাসন/দেশান্তর

মৃত্যুহারের চেয়ে অধিক জন্মহার জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধি ঘটায় এবং জন্মহারের চেয়ে অধিক মৃত্যুহার জনসংখ্যার স্বাভাবিক হ্রাস ঘটায়। অভিবাসন ও প্রবসণের পার্থক্যই হল গড় অভিবাসনের পরিমাণ।

জনসংখ্যার অভিক্ষেপ বিভিন্ন ভাবে হতে পারে। কিছু হল রৈখিক বৃদ্ধি যেখানে জনসংখ্যা অভিক্ষেপে একটি সরলরেখা ব্যবহার করা হয় যেখানে ধরে নেওয়া হয় যে, বৃদ্ধির হার হচ্ছে ধ্রুবক যা একটি নির্দিষ্ট সময়ের পর পরিবর্তিত হয়। ফলে কোন পরিবর্তন আসে না। সূচকীয় বৃদ্ধির ক্ষেত্রে, বৃদ্ধির হারটি ধ্রুব হলেও চলমান ক্রমবৃদ্ধি ঘটে। কোহর্ট কম্পনেন্ট মেথড (cohort component method)- এ জনসংখ্যাকে বয়সের ভিত্তিতে নির্ণয় করা হয়। এই পদ্ধতিগুলোতে সঠিক তথ্য এবং পৌনপুনিক ধ্রুবক প্রয়োজন, যা পাওয়া এই দেশে খুবই কষ্টসাধ্য ব্যাপার। এই কারণে এখানে কম্পাউন্ড গ্রোথ রেট পদ্ধতি ব্যবহার করা হয়েছে।

প্রকল্প এলাকায় ভবিষ্যৎ জনসংখ্যা অভিক্ষেপের জন্য নিম্নোক্ত গাণিতিক সূত্র ব্যবহার করা হয়েছেঃ

$$P_n = P_o (1+ r)^n$$

যেখানে,

P_o= ভিত্তি বছরে জনসংখ্যা,

P_n= অভীষ্ট বছরে প্রাক্কলিত জনসংখ্যা,

n= মধ্যবর্তী বছরসংখ্যা,

r= বার্ষিক ক্রমবৃদ্ধির হার।

পূর্বধারণা

চলমান সমীক্ষার উদ্দেশ্য হল খাগড়াছড়ি পৌরসভার জন্য ২০৩৭ সাল পর্যন্ত, ২০০১ থেকে ২০১১ সালের জনসংখ্যার ভিত্তিতে, জনসংখ্যার প্রক্ষেপন করা। কিছু পূর্বানুমানের ভিত্তিতে প্রথমে ভিত্তি বছরের জনসংখ্যা ব্যবহার করে, ৫ বছর অন্তর অন্তর ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যার অভিক্ষেপ করা হয়েছে। সাধারণভাবে পূর্বের জনসংখ্যার বৃদ্ধির গতিধারার ভিত্তিতে এবং ভবিষ্যতে উন্নয়নের সম্ভাবনাকে বিবেচনা করে প্রক্ষেপণ করা হয়।

এক্ষেত্রে যেসব গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা করা হয় সেগুলো হলোঃ

- স্বাভাবিক বৃদ্ধি;
- জনসংখ্যার বিন্যাস, বিশেষত বিভিন্ন বয়স শ্রেণির বিন্যাস;
- গড় অভিবাসন;
- বিদ্যমান শহরের সাথে নতুন এলাকার সংযুক্তি;
- থ্রি টায়ার গ্রোথ রেট যেমন নিম্ন, মধ্যম ও উচ্চ স্তরের ক্রমবৃদ্ধির হার;
- ৩০% সমন্বয় গুণনীয়ক ব্যবহার করা যেতে পারে।

জনসংখ্যা অভিক্ষেপের ফলাফল

উপরোক্ত গাণিতিক সূত্রের ভিত্তিতে ৫ বছর অন্তর অন্তর ২০৩৭ সাল পর্যন্ত প্রকল্প এলাকায় ওয়ার্ড অনুযায়ী জনসংখ্যার অভিক্ষেপ করা হয়েছে। যেহেতু ২০১১ সালের তথ্য খুব সহজেই পাওয়া গেছে তাই ২০১১ সালকে ভিত্তি বছর হিসেবে ধরা হয়েছে।

বিদ্যমান ৩৪৬১.০৪ একর প্রকল্প এলাকায় ২০১১ সালের জনসংখ্যা ছিল ৪৯২৮৯ জন। জনসংখ্যার ক্রমবৃদ্ধির হার ২.৪০% অনুসারে খাগড়াছড়ি পৌরসভার জনসংখ্যা ২০১৭ সালে ৫৬৮২৯ জন এবং ২০৩৭ সালের প্রাক্কলিত জনসংখ্যা ৯১৩৩৬ জন। প্রকল্প এলাকাতে ২০৩৭ সালে জনসংখ্যার গড় ঘনত্ব হবে ২৬ জন/একর। ওয়ার্ড নং ৩ আবাসিক এলাকার পরিমান বেশি হওয়ায় জনসংখ্যার ঘনত্বও সবচেয়ে বেশি হবে (৫৬ জন/একর ২০১৭ সালে) যেখানে ওয়ার্ড নং ৯ (৯ জন/একর ২০১৭ সালে) এবং ওয়ার্ড নং ১ (১৫ জন/একর ২০১৭ সালে) সর্বনিম্ন ঘনত্ব বিশিষ্ট ওয়ার্ড হবে।

সারণি ৩-১: প্রকল্প এলাকাতে ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যার ঘনত্বের অভিক্ষেপ

ওয়ার্ড	এলাকা (একর)	জনসংখ্যা ২০১১	জনসংখ্যা বৃদ্ধির হার	জনসংখ্যা ২০১৭	জন/একর ২০১৭	জনসংখ্যা ২০২২	জনসংখ্যা ২০২৭	জনসংখ্যা ২০৩২	জনসংখ্যা ২০৩৭	জন/একর ২০৩৭
ওয়ার্ড ০১	৬১৯.২১	৪৮৬৯	২.৪%	৫৬১৪	৯	৬৩২১	৭১১৭	৮০১৩	৯০২৩	১৫
ওয়ার্ড ০২	৩৮৬.০৯	৬৯৫৬		৮০২০	২১	৯০৩০	১০১৬৮	১১৪৪৮	১২৮৯০	৩৩
ওয়ার্ড ০৩	২০৪.৩১	৬১৭৩		৭১১৭	৩৫	৮০১৪	৯০২৩	১০১৫৯	১১৪৩৯	৫৬

কাঠামো পরিকল্পনা

ওয়ার্ড	এলাকা (একর)	জনসংখ্যা ২০১১	জনসংখ্যা বৃদ্ধির হার	জনসংখ্যা ২০১৭	জন/একর ২০১৭	জনসংখ্যা ২০২২	জনসংখ্যা ২০২৭	জনসংখ্যা ২০৩২	জনসংখ্যা ২০৩৭	জন/একর ২০৩৭
ওয়ার্ড ০৪	১৩৯	৪০৭৩		৪৬৯৬	৩৪	৫২৮৮	৫৯৫৩	৬৭০৩	৭৫৪৮	৫৪
ওয়ার্ড ০৫	২৯৬.১১	৫৩৯৭		৬২২৩	২১	৭০০৬	৭৮৮৯	৮৮৮২	১০০০১	৩৪
ওয়ার্ড ০৬	২৭৯.৭৫	৫৫২৯		৬৩৭৫	২৩	৭১৭৮	৮০৮২	৯১০০	১০২৪৬	৩৭
ওয়ার্ড ০৭	২৫২.৬১	৬৬১৯		৭৬৩২	৩০	৮৫৯৩	৯৬৭৫	১০৮৯৩	১২২৬৫	৪৯
ওয়ার্ড ০৮	১২৬.৯৭	২২০৫		২৫৪২	২০	২৮৬৩	৩২২৩	৩৬২৯	৪০৮৬	৩২
ওয়ার্ড ০৯	১১৫৬.৯৮	৫৪৫৭		৬২৯২	৫	৭০৮৪	৭৯৭৬	৮৯৮১	১০১১২	৯
মোট	৩৪৬১.০৪	৪৭২৭৮		৫৪৫১০	১৬	৬১৩৭৬	৬৯১০৬	৭৭৮০৯	৮৭৬০৯	২৫

তথ্যসূত্রঃ বিবিএস ২০০১ ও ২০১১ এবং পরামর্শক কর্তৃক

মানচিত্র ৩-১: বছর ভিত্তিক জনসংখ্যার ঘনত্ব ও জনসংখ্যার বন্টন

1:33,000



Ward No.	Area (sq. km.)	Pop 2017	PPA 2017	Pop 2022	Pop 2027	Pop 2032	Pop 2037	PPA 2037
Ward 01	2.51	5614	9	6321	7117	8013	9023	15
Ward 02	1.56	8020	21	9030	10168	11448	12890	33
Ward 03	0.830	7117	35	8014	9023	10159	11439	56
Ward 04	0.560	4696	34	5288	5953	6703	7548	54
Ward 05	1.200	6223	21	7006	7889	8882	10001	34
Ward 06	1.130	6375	23	7178	8082	9100	10246	37
Ward 07	1.020	7632	30	8593	9675	10893	12265	49
Ward 08	0.510	2542	20	2863	3223	3629	4086	32
Ward 09	4.680	6292	5	7084	7976	8981	10112	9
Total	14.010	54510	16	61376	69106	77809	87609	25

MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary

Water Bodies
- Khal
- River

Road Category
- Primary
- Secondary
- Tertiary
- Access

Population Distribution (PPA in 2017)
- 5 - 9
- 10 - 23
- 24 - 35

Year wise Population per acre (PPA)

28

- PPA_17
- PPA_22
- PPA_27
- PPA_32
- PPA_37

চতুর্থ অধ্যায় সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও পরিকল্পনা পর্যালোচনা

সূচিপত্র

৪.১ সূচনা----------৪-১
৪.২ স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯----------৪-১
৪.৩ মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ ----------৪-১
৪.৩.১ মহাপরিকল্পনার প্রচার ----------৪-১
৪.৩.২ মহাপরিকল্পনায় খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাধারের শর্তাবলী পরিবর্তন ----------৪-১
৪.৩.৩ আইন লঙ্ঘনের জন্য শাস্তিমূলক ব্যবস্থা ---------- ৪-২
৪.৩.৪ মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা ---------- ৪-২
৪.৪ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১০-২০১৫ ---------- ৪-২
৪.৫ জাতীয় 3R (REDUCE, RECYCLE AND REUSE) বর্জ্য ব্যবস্থাপনা কৌশল, ২০১০ ---------- ৪-৩
৪.৫.১ 3R প্রচারের কৌশল ---------- ৪-৩
৪.৫.২ মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা ---------- ৪-৩
৪.৬ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯ ---------- ৪-৪
৪.৬.১ কৌশল ও কর্ম পরিকল্পনা ---------- ৪-৪
৪.৬.২ পরিবেশ রক্ষা ও জলবায়ু পরিবর্তনের প্রতিবন্ধকতা ---------- ৪-৫
৪.৬.৩ মহাপরিকল্পনার সাথে প্রাসঙ্গিকতা ---------- ৪-৫
৪.৭ বাংলাদেশ পানি আইন, ২০১৩ ---------- ৪-৫
৪.৭.১ আইনের বিস্তারিত ---------- ৪-৫
৪.৭.২ মহাপরিকল্পনার সাথে আইনের প্রাসঙ্গিকতা ---------- ৪-৭
৪.৮ পরিবেশ সংরক্ষণ আইন (সংশোধিত), ২০১০ ---------- ৪-৭

চতুর্থ অধ্যায়
সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও পরিকল্পনা পর্যালোচনা

৪.১ সূচনা

পরিকল্পনা প্রতিবেদনের চতুর্থ অধ্যায়ে চলমান পরিকল্পনা সংশ্লিষ্ট কিছু জাতীয় আইন, নীতি ও পরিকল্পনার পর্যালোচনা করা হয়েছে।

৪.২ স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯

এই আইনের মধ্যে পৌরসভা গঠন ও পরিচালনা করার জন্য সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা রয়েছে। এই আইনের উপর ভিত্তি করে সরকার পৌরসভা প্রতিষ্ঠা করে, পৌরসভাকে তার কর বৃদ্ধির ক্ষমতা সহ স্থানীয় পৌরসভা পরিচালনার জন্য দায়িত্ব ও ক্ষমতা প্রদান করেছে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর তফসিল -২ এর অনুচ্ছেদ -৩২ পৌরসভাকে পৌর এলাকার মহাপরিকল্পনা তৈরির জন্য ক্ষমতা প্রদান করেছে।

এই আইনে 'সাইট ডেভেলপমেন্ট স্কিম' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৩), 'সাইট ডেভেলপমেন্ট স্কিম এর কার্যবিবরণ' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৪), 'বিল্ডিং নির্মাণ ও পুনঃনির্মাণ' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৫), 'বিল্ডিং সমাপ্তি ও বিল্ডিং এর পরিবর্তন' (তফসিল-২ এর অনুচ্ছেদ -৩৬), 'রেগুলেশন অফ বিল্ডিং' (তফসিল-২ এর অনুচ্ছেদ -৩৭) তৈরির বিধান রয়েছে।

মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা

এই আইনটি পৌরসভা এবং মহাপরিকল্পনা এর সাথে সম্পর্কিত। আইনটি পৌরসভা প্রতিষ্ঠাসহ তার সমস্ত দায়িত্ব ও কার্যবিধি পালন এবং মহাপরিকল্পনা প্রস্তুত করার জন্য ক্ষমতা প্রদান করেছে। এই আইন বলে পৌরসভা মহাপরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের ক্ষমতাপ্রাপ্ত হয়েছে।

৪.৩ মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০

এই আইনের মূল বৈশিষ্ট্য নিম্নরূপঃ

৪.৩.১ মহাপরিকল্পনার প্রচার

পৌরসভা এই আইন মহাপরিকল্পনা প্রণয়নের পর পরিকল্পনার বিষয়বস্তু সম্পর্কে জনগণকে অবহিত ব্যাপক স্তরে প্রচার চালাতে বলে। এই আইন বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ মূল্যে মহাপরিকল্পনার অনুলিপি বিক্রি করবে। এই আইনে বলা হয়েছে যে, মহাপরিকল্পনা শুধু পরিকল্পনার প্রস্তাবনাকেই বর্ণনা করবে না, সাধারণ জনগণের কাছে উন্নয়নের বিষয়ে তাদের দায়িত্ব বার্তাও প্রেরণ করবে।

৪.৩.২ মহাপরিকল্পনায় খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাধারের শর্তাবলী পরিবর্তন

এই আইন মহাপরিকল্পনায় নির্ধারিত খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাধার পরিবর্তনের শর্তাবলী নিয়ন্ত্রণ করে। এই মহাপরিকল্পনার উপরে উল্লেখিত বিধানে কোনও পরিবর্তন করার আগে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ

অনুমোদন নিতে হবে। এই আইন উপরের স্থাপনাগুলোর ভাড়া, লিজ দেওয়া ও হস্তান্তর নিষিদ্ধ করে। কোন মূল্যেই মহাপরিকল্পনায় প্রস্তাবিত খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাশয় ভাড়া দেওয়া, লিজ দেওয়া ও হস্তান্তর করা যাবে না।

৪.৩.৩ আইন লঙ্ঘনের জন্য শাস্তিমূলক ব্যবস্থা

এই আইনের কোন বিধান লঙ্ঘনের জন্য সর্বোচ্চ ৫ বছরের কারাদণ্ড বা ৫০ হাজার টাকা জরিমানা নির্ধারণ করা হয়েছে এবং এই আইনের নিয়ম ভঙ্গ করে উপরোক্ত স্থানগুলোতে অন্যকোন উন্নয়নমূলক কর্মকাণ্ড করা হলে আদালতের রায় অনুযায়ী তা বাজেয়াপ্ত করা হবে।

জনস্বার্থে মাঠ, উন্মুক্ত উদ্যান ও প্রাকৃতিক জলাধারের অস্তিত্বকে সুরক্ষিত করার জন্য এই আইন তৈরি করা হয়েছে।

এই আইন নগর উন্নয়ন সংক্রান্ত প্রাসঙ্গিক জাতীয় নীতি ও বিধান বিশ্লেষণ এবং চলমান পরিকল্পনার জন্য সম্ভাব্য সুযোগ খুঁজে বের করে এবং চলমান নীতিমালার সীমাবদ্ধতা ও দুর্বলতা খুঁজে বের করে পৌরসভার উন্নয়ন ও পরিচালনার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেয়।

৪.৩.৪ মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা

উপরোক্ত আইনটি বর্তমান মহাপরিকল্পনার জন্য অত্যন্ত প্রাসঙ্গিক। মহাপরিকল্পনায় পৌরসভার নদী, খাল ও সকল গুরুত্বপূর্ণ পুকুর সংরক্ষণের জন্য নির্দেশনা হয়েছে এই আইনে যে জলাশয়গুলো ব্যবহারযোগ্যতা ও পরিবশগত শুদ্ধতার জন্য অপরিহার্য সেগুলো সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ক্ষমতা প্রদান করবে। এই আইনের বিধি প্রয়োগ করে পৌরসভা এবং প্রাসঙ্গিক সংস্থাগুলো বিশেষ রাষ্ট্রীয় জলাধারগুলোর অবৈধ দখল ও ভরাট করা প্রতিরোধ করতে পারবে।

৪.৪ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১০-২০১৫

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অধীনে দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর দ্বারা ২০১০ সালের এপ্রিলে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০০৮-২০১৫ প্রণীত হয়। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণীত হয় দুর্যোগের কিছু গুরুত্বপূর্ণ বিষয় যেমন, ঝুঁকি হ্রাস, ক্ষমতা নির্মাণ, জলবায়ু পরিবর্তন অভিযোজন, জীবনযাত্রার সুরক্ষা, লিঙ্গ, মূলধারা, সম্প্রদায়ের ক্ষমতায়ন ও পুনরুদ্ধার ব্যবস্থাপনার লক্ষ্য অর্জনের জন্য। পরিকল্পাটি দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম সমন্বয় এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকল সংস্থার কাছে একটি মৌলিক নির্দেশিকা হিসেবে কাজ করে।

দেশের বিভিন্ন স্তরে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা প্রতিষ্ঠা এই পরিকল্পনার মূল উদ্দেশ্য। এতে দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং নির্দিষ্ট ঝুঁকির বিভিন্ন স্তরের পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে যা পরিকল্পনাটিকে ঝুঁকি হ্রাস ও টেকসই উন্নয়ন অর্জনের জন্য স্বতন্ত্র হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

পরিকল্পনাটি প্রস্তুত করার জন্য একটি অংশগ্রহণমূলক পদ্ধতি গ্রহণ করা হয়। পরিকল্পনার নকশা করার আগে বিভিন্ন শ্রেণীর সুবিধাভোগীদের সাথে আলোচনা করা হয়েছিল। এইভাবে এটি স্থানীয়, জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ের প্রতিষ্ঠানের সাথে কার্যকর অংশীদারিত্বের মাধ্যমে একটি রোড ম্যাপ তৈরি করেছে। আশা করা হচ্ছে যে এই পরিকল্পনাটি দুর্যোগ মোকাবেলায় আঞ্চলিক ও জাতীয় নেটওয়ার্ক এর উন্নয়ন ও শক্তিশালীকরণে অবদান রাখবে।

জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১০ এর মূল বিষয়বস্তু নিচে দেয়া হল,

- দুর্যোগ ব্যবস্থাপনার রূপকল্প;
- পরিকল্পনার উদ্দেশ্য;
- পরিকল্পনার কৌশলগত লক্ষ্য;
- জরুরী অপারেশন ও ঝুঁকি হ্রাসে সংশ্লিষ্ট সংস্থার ভূমিকা এবং দায়িত্ব - দুর্যোগ ব্যবস্থাপনা নিয়ন্ত্রণমূলক কাঠামো।

পরিকল্পনাটি দুর্যোগ ও এর ব্যবস্থাপনায় একটি দীর্ঘমেয়াদী কৌশলগত লক্ষ্য প্রদান করে। পরিবর্তনের জন্য জাতীয় এবং আন্তর্জাতিক চালকের সাথে এটি সরকারের রূপকল্প, মূল ফলাফলের এলাকা এবং শ্রেণীবদ্ধ অগ্রাধিকার ও কৌশল এর সম্পর্ক প্রদর্শন করে। এটি বিভিন্ন সংস্থার দ্বারা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য একটি দিক নির্দেশনাও প্রদান করে। পরিকল্পনাটি অন্যান্য মন্ত্রণালয়, বিভিন্ন প্রশাসনিক স্তরে ব্যবস্থাপনা পরিকল্পনা, যেমন জেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং পৌরসভা/সিটি কর্পোরেশন এর দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ও প্রকাশ করে। এছাড়াও এই পরিকল্পনা বিভিন্ন মন্ত্রণালয়ের বিভিন্ন পরিকল্পনা ও উন্নয়ন প্রকল্পে দুর্যোগের উপাদান অন্তর্ভুক্ত করার সুপারিশ করে।

এই পরিকল্পনা এনজিও, সুশীল সমাজ এবং বেসরকারি খাতকে দুর্যোগ ব্যবস্থাপনার কৌশলগত লক্ষ্যসমূহ ও সরকারি বাস্তবায়নের জন্য তাদের দায়বদ্ধতা এবং উপায়গুলো নির্ধারণ করে দেয়।

মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা

বাংলাদেশ বিশ্বের অন্যতম দুর্যোগ প্রবণ দেশ। প্রতি বছর এ দেশের গ্রাম ও শহর এলাকায় বিভিন্ন ধরণের দুর্যোগ আঘাত হানে। এটি দুর্যোগের ক্ষতিকর প্রভাব কমানোর জন্য প্রাক দুর্যোগ নীতি ও দুর্যোগ পরবর্তী প্রশমনের নকশা তৈরি করতে সাহায্য করবে।

৪.৫ জাতীয় 3R (reduce, recycle and reuse) বর্জ্য ব্যবস্থাপনা কৌশল, ২০১০

জাতীয় 3R বর্জ্য ব্যবস্থাপনা কৌশল, ২০১০ পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত। 3R কৌশল এর উদ্দেশ্য হল ২০১৫ এর মধ্যে উন্মুক্ত আঁস্তাকুড়, নদী ও প্লাবন ভূমিতে বর্জ্য নিস্কাশন পুরোপুরিভাবে বর্জন করা এবং উৎস থেকে বর্জ্য পৃথকীকরণ এর মাধ্যমে পুনর্ব্যবহারে উন্নিত করা ও পুনর্ব্যবহৃত পণ্যের জন্য বাজার তৈরি করা ও বর্জ্য পুনর্ব্যবহারের জন্য উৎসাহ প্রদান করা।

৪.৫.১ 3R প্রচারের কৌশল

জাতীয় 3R প্রচারের কৌশলগুলোর প্রধান বৈশিষ্ট্যঃ

- বর্জ্য পুনর্ব্যবহার এর মাধ্যমে বর্জ্য পরিহার/হ্রাস এবং সব ধরণের পরিবেশগত স্বাস্থ্যকর নিষ্কাশনকে গুরুত্ব দেয়া।
- যতদূর সম্ভব অলাভজনক বর্জ্য পুনর্ব্যবহার করা।
- পরিবেশ বান্ধব কাঁচামাল ব্যবহার করা।
- সম্ভাব্য ন্যূনতম স্তরে বর্জ্যে বিপজ্জনক সামগ্রী বজায় রাখা।
- মনুষ্য অস্তিত্ব রক্ষা করার মৌলিক পূর্বশর্ত হিসেবে পরিবেশ সংরক্ষণ এবং জীববৈচিত্র্যকে সংরক্ষণ এবং স্বাস্থ্যসম্মত বর্জ্য ব্যবস্থা নিশ্চিত করে একটি পরিবেশগতভাবে স্বাস্থ্যকর অবশিষ্টাংশ বর্জ্যের ব্যবস্থা এবং নিষ্পত্তি নিশ্চিতকরণ।

৪.৫.২ মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা

শহর এলাকায় উৎপাদিত বিশাল পরিমাণ কঠিন বর্জ্যের সহজ নিষ্কাশন কোন কার্যকর সমাধান নয়। বর্জ্য ব্যবস্থার টেকসই সমাধানের জন্য অবশ্যই বিকল্প উপায় থাকতে হবে। এই কৌশলটি বর্জ্য ব্যবস্থাপনার টেকসই সমাধানের সুপারিশের জন্য মহাপরিকল্পনাকে সাহায্য ও করবে।

৪.৬ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা, ২০০৯ পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রণয়ন করা হয়েছিল। জলবায়ু পরিবর্তনজনিত কারনে বাংলাদেশ সবচেয়ে ঝুঁকিপূর্ণ এলাকা। জলবায়ু পরিবর্তনের সাথে সাথে সম্ভবত আগামী বছরগুলোতে বন্যা, গ্রীষ্মমন্ডলীয় ঘূর্ণিঝড়, ঝড়বৃষ্টি এবং খরা আরও গভীর ও তীব্র হয়ে উঠবে যার ফলে দেশের গুরুত্বপূর্ণ অর্জন হুমকির সম্মুখীন হতে পারে। এটি এমডিজি সহ ক্রমবর্ধমান আয় ও দারিদ্র দূরীকরণ অর্জনকে আরো পিছিয়ে দিতে পারে।

গত ৩৫ বছরে, বন্যা ব্যবস্থার পরিকল্পনা, উপকূলীয় বাঁধা, ঘূর্ণিঝড় ও বন্যা আশ্রয়কেন্দ্র এবং সড়ক ও মহাসড়ক কে বন্যার পানির স্তর থেকে উচ্চ পর্যায়ে নির্মাণে ১০ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে। বন্যা, ঘূর্ণিঝড় ও ঝড় বৃষ্টি এবং একটি সমাজ ভিত্তিক দুর্যোগ প্রস্তুতি ব্যবস্থার জন্য কার্যকরী সতর্কতা ব্যবস্থা উন্নত করা হয়েছে। দুর্যোগ সহনীয় বিভিন্ন ধান ও অন্যান্য ফসলও উদ্ভাবন করা হয়েছে।

৪.৬.১ কৌশল ও কর্ম পরিকল্পনা

জলবায়ু পরিবর্তন কর্ম পরিকল্পনা ৬ টি স্তম্ভের উপর ভিত্তি করে তৈরিঃ

- খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা এবং স্বাস্থ্য
- সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা
- অবকাঠামো
- গবেষণা এবং জ্ঞান ব্যবস্থাপনা
- কম কার্বন উৎপাদন এবং প্রশমন
- সক্ষমশীলতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালীকরণ

জলবায়ু পরিবর্তন কর্ম পরিকল্পনা ১০ বছর মেয়াদী একটি কার্যক্রম (২০০৯-২০১৮) এবং পূর্বে উল্লেখিত স্তম্ভের ভিতরে, ৪৪ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য চিহ্নিত করা হয়েছে।

সারণি ৪-১: জলবায়ুপরিবর্তনের ফলে কর্মপরিকল্পনা

ক্রমিক নং	মূল ভাবনা	কৌশল
১	খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা এবং স্বাস্থ্য	সবচেয়ে গরীব এবং সমাজে নারী ও শিশুদের সহ সর্বাধিক ঝুঁকিপূর্ণ সবাইকে জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে নিরাপদ রাখা শুনিশ্চিত করতে হবে এবং সকল কার্যক্রমের উদ্দেশ্য এই গোষ্ঠির সকল ধরনের চাহিদা যেমন, খাদ্য নিরাপত্তা, নিরাপদ বাসস্থান, চাকরি এবং স্বাস্থ্য সহ সকল ধরনের মৌলিক সুবিধার অধিকার।
২	সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা	যেসকল দুর্যোগ ব্যবস্থাপনা কৌশলগুলো ইতিমধ্যে সফল হয়েছে সেগুলো ক্রমবর্ধমান এবং মারাত্মক প্রাকৃতিক দুর্যোগের জন্য ব্যবহার করতে হবে।
৩	অবকাঠামো	বর্তমান স্থাপনা (যথা, সমুদ্র তীরবর্তী ও নদীর বাঁধ) সংরক্ষণ ও কাজের উপযোগী হিসেবে নিশ্চিত করতে হবে এবং জরুরি অবকাঠামোগুলোর (সাইক্লোন শেলটার ও ড্রেনেজ ব্যবস্থা) সঠিক অবস্থান নির্ধারণ করা যেন জল বায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা সম্ভব হয়।
৪	গবেষণা এবং জ্ঞান ব্যবস্থাপনা	অর্থনৈতিক ও আর্থসামাজিক সেক্টরে জলবায়ু পরিবর্তনের প্রভাবের ফলে ভবিষ্যতের পরিস্থিতি ও সময় নির্ধারণ, ভবিষ্যতের বিনিয়োগ কৌশল নির্দেশনা, বাংলাদেশের বৈশ্বিক চলমান বৈজ্ঞানিক ধ্যানধারণার সাথে সংযুক্তিকরণ এবং সর্বোৎকৃষ্ট প্রায়োগিক জলবায়ু পরিবর্তন ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।
৫	কার্বন উৎপাদন কমানো এবং প্রশমন	সামনের দশকগুলোতে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে কার্বন উৎপাদন কমানোর পদ্ধতিগুলো এবং তাদের বাস্তবায়ন এবং এনার্জি বৃদ্ধির চাহিদা নির্ধারণ

ক্রমিক নং	মূল ভাবনা	কৌশল
৬	সক্ষমশীলতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালীকরণ	সরকারি মন্ত্রনালয় ও দপ্তর, সামাজিক এবং বেসরকারি সেক্টরগুলোকে জলবায়ু পরিবর্তনের প্রতিবন্ধকতা কাটিয়ে ওঠার জন্য সক্ষমতাবৃদ্ধি নিশ্চিত করতে হবে এবং তাদের প্রধান উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করতে হবে

একটা কর্ম পরিকল্পনা আছে যেখানে নগরের বর্জ্য "কার্বন উৎপাদন কমানো এবং প্রশমন" এই মূলভাবের আওতায় ব্যবস্থাপনা করার প্রস্তাব রাখা হয়েছে। কর্মের প্রস্তাবনাগুলো হলোঃ

প্রথমত, শহরের বর্জ্য ফেলার জায়গাগুলো এমন ভাবে নকশা করতে হবে যেন করে সকল নগর এলাকায় ময়লা থেকে উৎপাদিত মিথেন সংরক্ষণ করা যায়।

দ্বিতীয়ত, স্যানিটারি ল্যান্ড ফিল সাইট থেকে মিথেন সংগ্রহ করে সিডিএম (CDM) পদ্ধতি ব্যবহার করে ছোট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করা।

৪.৬.২ পরিবেশ রক্ষা ও জলবায়ু পরিবর্তনের প্রতিবন্ধকতা

জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে খাদ্যের চাহিদাও বৃদ্ধি পায় এবং জলবায়ু পরিবর্তনের জন্য সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ দ্বারা খাদ্য উৎপাদন বিরূপভাবে প্রভাবিত হয়। দারিদ্র্য এবং প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ দুইটাই খুব কঠিন প্রক্রিয়া। দরিদ্রতা কমাতে এবং পরিবেশ সংরক্ষণ করতে কিছু বিষয়ে আলোকপাত করা দরকার, যেমন, সাধারন সম্পদের উপর সবার অধিকার; শস্য, মৎস্য, বনায়ন এবং গৃহপালিত পশু। পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা এবং সংরক্ষিত এলাকাগুলো সংরক্ষণ; বাস্তুতন্ত্র এবং জীববৈচিত্র্যের ক্ষতি; ভূমিক্ষয় এবং নদীভাঙ্গন; উপকুল এলাকা ব্যবস্থাপনা; বন্যা এবং খরা; এবং ভূগর্ভস্থ পানি হ্রাস। এখানে আর কিছু বিষয় আছে যেমন, বৃহত্তর চট্টগ্রাম অনুমোদিত ও অবৈধভাবে পাহাড় কাটা বিশেষ করে রাঙ্গামাটি, বান্দরবান এবং খাগড়াছড়ি যা সম্প্রতিক সময়ে ভূমি ধ্বসের প্রধান কারণ।

জীববৈচিত্র্যের রক্ষার জন্য জলাধারগুলো সংরক্ষণ করা খুবই জরুরী, এই জলাধারগুলো বর্ষার সময় শহর এলাকাকে জলাবদ্ধতার বিরূপ প্রভাব থেকে রক্ষা করবে। জলাধারগুলোর সংরক্ষণ ড্রেনেজ ব্যবস্থাকে উন্নত করবে, বিশুদ্ধ পানি সরবরাহ করবে, খরা মৌসুমের জন্য পানি ধরে রাখার সক্ষমতা বৃদ্ধি পাবে, যা জীববৈচিত্র্য সংরক্ষণ এবং ভূগর্ভস্থ পানি রিচার্জ করতে সহায়তা করবে।

জলবায়ু পরিবর্তন কৌশল এবং কর্মপরিকল্পনা তৈরি করা হয় যেন জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে পারে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য রক্ষাকবচ হিসাবে কাজ করে।

৪.৬.৩ মহাপরিকল্পনার সাথে প্রাসঙ্গিকতা

জলবায়ু পরিবর্তনের দৃষ্টিকোণ থেকে কৌশল এবং নীতিমালাগুলো মহাপরিকল্পনার প্রণয়নের সাথে খুবই প্রাসঙ্গিক।

দেশের যেকোনো প্রান্তেই উন্নয়নমুলক কর্মকাণ্ড ঘটুক না কেন জলবায়ু পরিবর্তনের বিষয়টি অবশ্যই তার সঙ্গে যুক্ত করতে হবে যেহেতু পরিবর্তন ইতিমধ্যে শুরু হয়ে গেছে অথবা হবে। মহাপরিকল্পনার কৌশল বা নীতিমালায় এই ব্যাপারে দিকনির্দেশনা থাকতে হবে যেন জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য যথেষ্ট প্রস্তাবনা দেয়া যায়।

৪.৭ বাংলাদেশ পানি আইন, ২০১৩

৪.৭.১ আইনের বিস্তারিত

সাম্প্রতিক জাতীয় জলনীতির আয়তায় পানি আইন ২০১৩ পাশ করা হয়েছে। এটা তৈরি করা হয়েছে যেন বাংলাদেশের পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, তোলা, সরবরাহ, ব্যবহার, রক্ষা করা এবং সংরক্ষণ করা যায়। আইনটি একটি সঠিক কাঠামো প্রদান করেছে যেন দেশের পানি সম্পদ ভালোভাবে ব্যবস্থাপনা করা যায়।

প্রধানমন্ত্রী কে প্রধান করে উচ্চ পর্যায়ের জাতীয় পানি সম্পদ পরিষদ গঠনে (এখানে পরিষদ হিসেবে চিহ্নিত করা হয়েছে) করা হয়েছে এবং সরকার পানি সম্পদের মতো একটি গুরুতপূর্ণ বিষয়কে গুরুত প্রদান করেছে। পানি সম্পদ মন্ত্রনালয়ের নির্বাহী কমিটি এই পরিষদ থেকে গৃহীত সিদ্ধান্তকে বাস্তবায়ন করবে।

আইনের সংক্ষিপ্ত পর্যালোচনা নিচে দেয়া হলোঃ

ক. এই আইনের আয়তায়, বাংলাদেশের সীমানার ভিতর যতধরনের পানি রয়েছে (যেমন, ভূপৃষ্ঠের পানি, ভূগর্ভস্থ পানি, সাগরের পানি এবং বায়ুমণ্ডলের পানি) রাষ্ট্রের মালিকানাধীন।

খ. ব্যক্তিগত ভূমির মালিকরা তাদের সম্পত্তির ভিতরের ভূপৃষ্টের পানি যে কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে

১. আইন অনুসারে বেশি পরিমানে পানি ব্যবহারের উদ্যোগ নিতে অনুমতি/ লাইসেন্স লাগবে।

২. গৃহস্থালি কাজের বাইরেও কোন সংগঠন বা ব্যক্তির পানি উত্তোলন করতে পারবে।

গ. পানি সম্পদ উত্তোলন, বিতরণ, ব্যবহার, উন্নয়ন, রক্ষা করা এবং সংরক্ষণ করা আইন সিদ্ধ নয়; তারা,

১. পূর্ব অনুমতি ছাড়া কোন খাঁড়ি বা নদীর প্রাকৃতিক গতি প্রকৃতি নষ্ট হয় এমন কোন কাঠামো তৈরি করা যাবে না।

২. একজন বা একটি সংগঠন দ্বারা ভূপৃষ্ঠ বা ভূগর্ভস্থ সর্বোচ্চ কি পরিমান পানি উত্তোলন করা যাবে তা আইনে উল্লেখ করা হয় নি।

ঘ. যেসব এলাকায় পানি সম্পদগুলো সঙ্কটপূর্ণ অবস্থায় রয়েছে সেখানে পানি ব্যবহারের উপর অগ্রাধিকার ক্রম তৈরি করা একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এখানে উল্লেখ করা প্রয়োজন যে শুধুমাত্র খাওয়ার জন্য এবং গৃহস্থালী কাজে পানি ব্যবহার মৌলিক অধিকার হিসেবে বিবেচিত হবে।

ঙ. পানিসম্পদ রক্ষা ও সংরক্ষণের দৃষ্টিকোণ থেকে, ভূপৃষ্ঠের পানি, ভূগর্ভস্থ পানি এবং বৃষ্টির পানির সহজলভ্যতা থাকার ভিত্তিতে সেচ এবং নগর এলাকার পানির চাহিদার জন্য আইন আনুসারে সময়োপযোগী সিদ্ধান্ত নিতে হবে।

চ. রাষ্ট্রের সীমানার ভিতর যত নদী, খাঁড়ি, জলাধার, বন্যা প্রবাহ অঞ্চল এবং জলাভূমি ইত্যাদি ব্যবস্থাপনা করার জন্য পানিসম্পদ মন্ত্রনালয়ের নির্বাহী কমিটি নিকট অর্পণ করা হয়েছে, যা একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

ছ. আইন অনুসারে যেসকল জলাভূমিতে অতিথি পাখি আসে সেসকল এলাকার পানি নিষ্কাশন নিষিদ্ধ। অতএব, নির্বাহী কমিটি থেকে পূর্ব অনুমতি ব্যতিত প্রাকৃতিক জলধারার উপর কোন প্রকার ভবন নির্মাণ করা সম্পূর্ণ নিষিদ্ধ। কিছু কাজ আছে, যেমন, নদীর নাব্যতা ধরে রাখার জন্য নদী খনন করা, জলাভূমি ভরাট করে ভূমি উদ্ধার করা প্রকল্প, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন রক্ষা করতে কাঠামো তৈরি করার ক্ষেত্রে পূর্ব অনুমতি মুলতবী থাকবে। এগুলো জলাভূমির উত্তম ব্যবহারের জন্য খুব ভালো পদক্ষেপ।

ঞ. ভূমি দখল এবং অনধিকার প্রবেশ যা সরাসরিভাবে বন্যা প্রবাহ অঞ্চল, জলাধার এবং নদীর অববাহিকায় বাঁধা প্রদান করে তা সরকার বা কর্তৃপক্ষ কিভাবে সনাক্ত করবে তা আইনে পরিষ্কার ভাবে বলা নাই।

ট. প্রস্তাবিত জাতীয় জল ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য গণশুনানি খুবই ভালো বিধান।

ঠ. আইন লঙ্ঘনকারীদের জন্য কিছু শাস্তি এবং জরিমানার বিধান রাখা হয়েছে, যেমন,

সরকারি আইন ও নীতির বিষয়ে অনীহা ও অবহেলা; সরকারি কর্মকর্তাদের সাথে অসহযোগিতা; প্রয়োজনীয় তথ্যাদি প্রদান না করা; মিথ্যা তথ্য দেয়া অসাধু ব্যক্তিদের সাথে যোগসাজোগ এবং পানি সম্পদ ব্যবস্থাপনায় বাঁধা প্রদান করা।

ড. এই আইনের বিধিমালা অনুসারে পানিসম্পদ পরিকল্পনা সংস্থার মহাপরিচালক বা তার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির লিখিত অভিযোগ ছাড়া কোন কোর্ট এই আইনের অধীনে মামলা গ্রহণ করবে না যা এই আইনের একটি ক্ষতিকর দিক।

ঢ. নির্বাহী কমিটি যদি মনে করে তাহলে আইনের অধীনে যেকোনো পদক্ষেপ নিতে পারে এই ধারার তাদের অসীম ক্ষমতা দেয়া হয়েছে।

ণ. কোন সরকারি কর্তৃপক্ষ যদি এই আইনের লঙ্ঘন, অসম্মতি, অবহেলা, কর্তৃপক্ষ বা ব্যক্তি কর্তৃক ভুল বসত কোন আর্থিক ক্ষতি করে থাকে এবং/অথবা ভালো কাজের জন্য যদি আইনের বাস্তবায়ন করতে বিরত থাকে তবে আইন আনুসারে তাদের অব্যাহতি দেয়া হয়েছে।

ত. সকল ধরনের পানি সম্পদ রক্ষা করার জন্য আইনটি খুবই তাৎপর্যপূর্ণ বলে স্বীকৃত। পানি সম্পদের উন্নয়ন, ব্যবস্থাপনা, নিষ্কাশন, উত্তোলন, ব্যবহার, রক্ষা করা এবং সংরক্ষণ করার জন্য এটি একটা আইনি কাঠামো প্রদান করে। বিভিন্ন ব্যবহারকারির জন্য পানির সকল ধরনের গুনাগুণ সুনিশ্চিত করার জন্য সরকার এই আইন অনুসরণে দায়বদ্ধ।

৪.৭.২ মহাপরিকল্পনার সাথে আইনের প্রাসঙ্গিকতা

শহর এলাকা, যেখানে মানুষের ঘনত্বের হার অনেক বেশি, তারাই পানির প্রধান ভোক্তা। বিচার বিশ্লেষণ ছাড়া ভাবে জলাশয় এবং জলাধার ভরাট করার ফলে শহর এলাকায় নানাবিধ সমস্যা হচ্ছে। জলাশয় রক্ষা করার জন্য এই আইন স্থানীয় সরকারকে সহায়তা প্রদান করবে। পানি সরবরাহের জন্য মহাপরিকল্পনায় এই আইন অনুসারে কিছু সুপারিশ করা হয়েছে।

৪.৮ পরিবেশ সংরক্ষণ আইন (সংশোধিত), ২০১০

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন (বিইসিএ) দেশের পরিবেশকে সংরক্ষণ করার জন্য বাংলাদেশ সরকারের দ্বারা ১৯৯৫ সালে প্রণয়িত কিছু আইনের সমষ্টি, যার মূল উদ্দেশ্য ছিল "পরিবেশের ভারসাম্য বজায় রাখা, পরিবেশের মান উন্নয়ন, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ এবং কমানো" (বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৫২)। এছাড়াও, বাংলাদেশ দালান নির্মাণ আইন ১৯৫২ ও পাহাড় সংরক্ষণে কিছু ভূমিকা রাখে, যা পঞ্চম অধ্যায়ে বলা আছে।

পঞ্চম অধ্যায় নগরের প্রবৃদ্ধি

সূচিপত্র

৫.১ ভূমিকা ---------- ৫-১
৫.২ কাঠামো পরিকল্পনার ফোকাস ---------- ৫-১
৫.৩ ভূসম্পদের সর্বোত্তম ব্যবহার কৌশল ---------- ৫-১
৫.৪ নতুন এলাকার উন্নয়ন কৌশল ---------- ৫-৩
৫.৫ সংরক্ষিত এবং সুরক্ষিত এলাকা ---------- ৫-৪
৫.৬ কাঠামো পরিকল্পনার সুপারিশকৃত নীতিসমূহ ---------- ৫-৬
৫.৬.১ খাগড়াছড়ি শহর ও তৎসংলগ্ন প্রভাব এলাকার কাঠামো পরিকল্পনার অধীন এলাকা ---------- ৫-৭
৫.৬.২ কাঠামো পরিকল্পনার অঞ্চলিকরণ ও ভবিষ্যতের সম্প্রসারণ ---------- ৫-৭
৫.৬.২.১ জোনিং ---------- ৫-৭
৫.৬.৩ ভবিষ্যৎ সম্প্রসারণ ---------- ৫-৯
৫.৬.৪ কাঠামো পরিকল্পনার জন্য প্রস্তাবিত নীতিমালা ---------- ৫-৯
৫.৬.৪.১ নগর ভূসম্পদের সর্বোত্তম ব্যবহারের জন্য নীতি ---------- ৫-৯
৫.৬.৪.২ খাস জমি এবং সরকারি মালিকানাধীন জমির ব্যবহার ---------- ৫-১১
৫.৬.৪.৩ নগর সম্প্রসারণ এলাকা ---------- ৫-১১
৫.৬.৪.৪ সংরক্ষণ ও সুরক্ষা এলাকা ---------- ৫-১৪
৫.৬.৪.৫ পর্যটন এবং বিনোদন ---------- ৫-১৯

পঞ্চম অধ্যায়
নগরের প্রবৃদ্ধি

৫.১ ভূমিকা

এই অধ্যায়ে কাঠামো পরিকল্পনার ভূমি ব্যবহার, উন্নয়ন নীতি এবং উন্নয়ন কৌশল নিয়ে আলোচনা করা হয়েছে। শহরে ভূমির সর্বোত্তম ব্যবহারের কৌশল, নতুন এলাকার উন্নয়নের পরিকল্পনা এবং ভবিষ্যতের সুরক্ষার জন্য সংরক্ষিত এলাকা এসব কিছু এই অধ্যায়ের অন্তর্ভুক্ত।

৫.২ কাঠামো পরিকল্পনার ফোকাস

আঞ্চলিক প্রেক্ষাপটে খাগড়াছড়ি শহর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি আশেপাশের অন্যান্য জেলা ও উপজেলার সাথে সড়ক ও জল পথের মাধ্যমে যুক্ত, যার ফলে খাগড়াছড়ি আরো গুরুত্বপূর্ণ জেলা ও অঞ্চল হিসেবে পরিচিত। উন্নয়নের ধারা মূলত শহরের উত্তরাংশে সীমিত রাখা হয়েছে যেখানে অপেক্ষাকৃত বেশি মানুষ বাস করে। এই এলাকাটি বিভিন্ন সেবা এবং সুবিধার ধারাকে কেন্দ্র করে গড়ে উঠেছে।

নগরের দক্ষিণ অংশে বিশাল এলাকা নিচু কৃষি জমি, যা উন্নয়নের জন্য বাধার কারণ। প্রধান সড়কগুলোর যানবাহনের জন্য স্থানীয় যানবাহনগুলোর জন্য ঝুঁকি তৈরি করে। তবে শহরটির অবস্থান, বিদ্যুৎ, জ্বালানী ও পরিবহনের প্রাপ্যতা, দক্ষ ও অদক্ষ শ্রম সরবরাহ এবং এর পাশাপাশি সরকারের অনুকূল নীতিমালার কারণে খাগড়াছড়ি শহরে খুব সহজেই উন্নয়নের বিকল্প উপায় খুঁজে পাওয়া যায়। খাগড়াছড়ি এবং তার আশপাশের এলাকায় কাঠামো পরিকল্পনার বাস্তবায়নের ফলে বিবেচিত পরিকল্পনাগুলো বাস্তবে রূপ নিবে। শহরের ভবিষ্যতে উন্নয়নের জন্য ভূমি ব্যবহারের জন্য জোনিং (zoning) নীতি এবং কৌশলসমূহের উপর যথাযথ গুরুত্ব প্রদান করতে হবে।

খাগড়াছড়ির ভবিষ্যৎ উন্নয়ন নীতিমালাকে জোরদার করার জন্য যথাযথ কৌশল বিবেচনা করা প্রয়োজন। ব্যাপক উন্নয়নের জন্য কৌশলসমূহ একটি সমন্বিত পদ্ধতির মাধ্যমে পারস্পরিক মিথস্ক্রিয়া দ্বারা সার্বিক উন্নয়ন বয়ে আনবে।

৫.৩ ভূসম্পদের সর্বোত্তম ব্যবহার কৌশল

সদ্ব্যবহার হল বিবেচনাপ্রসূত মূল্যায়ন। কৃষি জমিকে শহুরে ব্যবহারে পরিবর্তনের জন্য সবচেয়ে অনুকূল সময় কখন তা নিয়ে ভিন্ন মত আছে। একজনের চাহিদার পরিমান এবং তার চাহিদাকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত ধারন করার ক্ষমতা একেক জনের জন্য একেক রকম হয়। তদুপরি, আবাসন, শিল্প, বানিজ্য বা অন্যান্য কর্মকান্ডে কোন কোন এলাকাকে চিহ্নিত করা হবে তা তাদের বিদ্যমান বিন্যাসের রীতি এবং যোগাযোগ ব্যবস্থার উপর নির্ভরশীল। জমির অবস্থা পরিবর্তন করার ক্রম প্রবনতাকে ভর্তুকি, প্রণোদনা এবং অন্যান্য পদ্ধতি দ্বারা নিয়ন্ত্রণ করা যায়।

এখন পৌরসভার কোন ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ নেই। তারা ইমারত নির্মাণের ছাড়পত্র প্রদানেই সীমাবদ্ধ আছে। নগর ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য পরিকল্পনার নিয়ন্ত্রণ খুবই কার্যকরী পদ্ধতি। সমাজের আর্থ-সামাজিক পরিবর্তনের সাথে সাথে পরিকল্পনাও পরিবর্তন করতে হয় এবং এটি একটি চলমান প্রক্রিয়া। যদি পরিবর্তন ব্যতীত সমাজ চলমান থাকে তাহলে যে সমস্ত অবৈধ কাজ হবে তা নিয়ন্ত্রনের অসাধ্য হয়ে যাবে এবং পরিকল্পনা ব্যবস্থাপনা অনেক বেশি পিছিয়ে পড়বে। অতএব, কাঠামো পরিকল্পনার মূল লক্ষ্য হল, শহরে প্রাপ্য ভূসম্পদের সর্বোত্তম ব্যবহার করা। বিদ্যমান ভূসম্পদের সর্বোত্তম ব্যবহারের জন্য নিম্নলিখিত কৌশলসমূহ সুপারিশ করা হলঃ

ক. বিদ্যমান নগর এলাকার ঘনত্ব বৃদ্ধি

বিকশিত নগর এলাকায় কম ঘনত্বের এলাকার জন্য ঘনত্ব বৃদ্ধির কৌশল গ্রহণ করা অপ্রতুল ভূসম্পদের যথার্থ ব্যবহারের জন্য বিশেষ প্রয়োজন। বিদ্যমান কম ঘনত্বের এলাকাতে অবকাঠামো ও সেবার উন্নয়ন ও বিকাশের মাধ্যমে এটি অর্জন করা সম্ভব। ঘনত্ব বৃদ্ধির ২ টি সুফল রয়েছে। এতে প্রতি ১০০০০ জনে অবকাঠামো স্থাপনের ব্যয় হ্রাস পায় এবং সামাজিক সম্প্রীতি বৃদ্ধি পায়। ঘনত্ব বৃদ্ধি পরিকল্পিত সেবা এবং অপরিবর্তনীয় অবকাঠামো সুবিধার সাথে বিপরীত ভাবে সম্পর্কিত। তবে ঘনত্ব বৃদ্ধির প্রক্রিয়াকে কখনো না কখনো জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধি ও অভিবাসিত জনসংখ্যার সাথে সমন্বিত করতে হবে।

খ. প্রান্ত এলাকার বিশৃঙ্খল উন্নয়ন নিয়ন্ত্রণ

শহরের প্রান্ত এলাকাতে সাধারণত স্বতঃস্ফূর্ত উন্নয়ন ঘটে। খাগড়াছড়ি শহরেও এর কোন ব্যতিক্রম নেই। খাগড়াছড়ির সীমানার দিকে লক্ষ্য করা গেছে ক্রমান্বয়ে অপরিকল্পিত উন্নয়ন ঘটেছে যা ভবিষ্যতে বসবাস করার পরিবেশকে ধ্বংস করতে পারে। কোনো নিয়ন্ত্রণ ছাড়াই বসতিগুলো এলোমেলো ভাবে গড়ে উঠছে। বস্তি ও কম আয়ের গোষ্ঠীর অস্বাস্থ্যকর এবং করুনভাবে বসবাস শহরের মূল্যবান ভূমিকে পরিবর্তন করে ফেলছে। মহাপরিকল্পনার অনুমোদনক্রমে আইন অনুযায়ী পৌরসভা কর্তৃপক্ষকে অবশ্যই এই এলাকার উন্নয়ন নিয়ন্ত্রণ করতে হবে।

গ. প্রান্ত এলাকার উন্নয়ন

খাগড়াছড়ি শহরের প্রান্ত এলাকায় ভবিষ্যতে অর্থনৈতিক উন্নয়নের সম্ভাবনায় অনেক মানুষ জমি কিনছে। উত্তর এবং দক্ষিণ পশ্চিমাঞ্চলের দিকে বেশিরভাগ জমিই পূর্বে কৃষি জমি হিসেবে ব্যবহার করা হতো যেগুলো বর্তমানে অবকাঠামো এবং অন্যান্য সুযোগ সুবিধার অভাবে খালি রয়েছে। দক্ষিণ পশ্চিমের বেশীরভাগ জমিই পাহাড়ি অঞ্চলে। যদিও প্রান্তিক এলাকায় প্রবৃদ্ধি এখনো ধীর রয়েছে, তবুও এলাকাগুলো শহরের সাথে ধীরে ধীরে যোগ হচ্ছে। তবে এগুলো নগরায়ণে তেমন অবদান রাখে না, কারণ এলাকার দরিদ্র জনগোষ্ঠী, অবকাঠামো এবং সেবার অভাব, ভূমির মূল্য বৃদ্ধি, দীর্ঘস্থায়ী ভূমি উন্নয়ন চক্র ইত্যাদি অন্তর্নিহিতভাবে অপ্রাতিষ্ঠানিক খাতের মাধ্যমে পরিচালিত হয়। এই প্রান্ত এলাকার উন্নয়ন গুরুতরভাবে নিয়ন্ত্রণ করা উচিত এবং এই এলাকাগুলোতে কিছু অবকাঠামো যেমন যাতায়াত, বিদ্যুৎ, জ্বালানী ইত্যাদি দৈনন্দিন সেবা সমূহ প্রদান করা উচিত।

প্রান্তিক এলাকার গ্রামীণ অর্থনীতির সংরক্ষণ ও বর্ধন এবং জীবিকার ক্রমবর্ধমান বিকাশ এই কাঠামো পরিকল্পনার উন্নয়ন কৌশলে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অবৈধভাবে দখল থেকে গ্রামীণ ভূমিকে রক্ষা করার জন্য এই নির্দেশনাগুলো অনেক গুরুত্বপূর্ণ।। এই পরিকল্পনা অনুযায়ী গ্রামাঞ্চলে এবং পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকায় এলোমেলো এবং অপরিকল্পিতভাবে নগরায়ন রোধ করা প্রয়োজন। অতএব, প্রান্তিক এলাকায় শহরের সম্প্রসারণ অপরিকল্পিত বিস্তার রোধ করতে হবে।

শহরের ইতিবাচক প্রসারকে উৎসাহিত করার জন্যে পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকার অনাকাঙ্ক্ষিত গ্রামীণ বৃদ্ধিকে নিরুৎসাহিত করা, অব্যবহৃত এবং অব্যবহারযোগ্য জমিকে কাঙ্ক্ষিত ঘনত্বে ব্যবহার করায় উৎসাহিত করা, জমি ভাঙ্গনকে নিরুৎসাহিত করা এবং আর্থিক ও অবকাঠামোগত সরঞ্জাম খুব কার্যকরভাবে ব্যবহার করা যেতে পারে।

হয় স্থানীয় সরকারি সংস্থাগুলো তাদের নিজস্ব সম্পদ ব্যবহার করে তাদের কর্মসূচী চালিয়ে যাবে, অথবা অন্যান্য সংস্থার সাথে হাত মিলিয়ে বিভিন্ন ইউনিয়ন পরিষদ অথবা উপজেলা পরিষদ এলাকায় উন্নয়নমূলক কর্মসূচী গ্রহণ করবে, এক্ষেত্রে দায়িত্ব ভাগ করে নেয়া হবে।

ঘ. টেকসই ভূমি ব্যবহার

বাংলাদেশের একটি অন্যতম দুর্লভ সম্পদ হচ্ছে ভূমি। তাই এই পরিকল্পনাতে এই গুরুত্বপূর্ণ সম্পদের জন্য কৌশল নির্ধারণ করা হয়েছে যেখানে এই সম্পদ এমনভাবে ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে যেন তা পরিবেশগত এবং সামাজিক

ভারসাম্য নিশ্চিত করে (যেমন আয়, জাতিতত্ত্ব)। টেকসই ভূমি ব্যবহার বুঝায়, যে ভূমি ব্যবহার একটি প্রজন্মকে সন্তুষ্টি প্রদান করে ও তার পরবর্তী প্রজন্মও সেখান থেকে একই সন্তুষ্টি লাভ করে। জমিতে বিনিয়োগকৃত পুঁজি ও অন্যান্য উন্নয়ন থেকে মানুষ অনেক দীর্ঘ সময়ের জন্য সুফল পায়। একারণে সম্পদশালী মানুষজন তুলনামূলক বেশি সুবিধা পেয়ে থাকেন।

নিম্নবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত শ্রেণির মানুষদের জন্য সরকার বিভিন্ন নীতি ও প্রণোদনার ব্যবস্থা করে। এভাবে এই শ্রেণির মানুষের জন্য ভূসম্পদের যোগান দেয়া হয়।

৫.৪ নতুন এলাকার উন্নয়ন কৌশল

ভবিষ্যৎ পরিকল্পিত আবাসন উন্নয়ন একটি সুশৃঙ্খল ও পরিবেশবান্ধব আবাসিক এলাকা সৃষ্টি করবে। এরকম নতুন এলাকার উন্নয়নে সমস্ত ফাঁকা কৃষি জমি অধিগ্রহণ করা অপ্রয়োজনীয়। তবে উন্নয়নকে বিক্ষিপ্তভাবে পরিচালিত না করে একটি সুনিয়ন্ত্রিত এবং সুবিন্যস্ত পদ্ধতিতে পরিচালিত করতে হবে। সরকার একা না করে সরকারি-বেসরকারি অংশগ্রহণের ভিত্তিতে উন্নয়ন কর্মকান্ড গ্রহণ করলে তা অনেক বেশি সফল ও কার্যকর হয়। এ জন্য প্রয়োজন পরিকল্পনার যথাযথ মানদন্ড, বিধিবিধান এবং ভূমি উন্নয়নের নতুন নতুন পদ্ধতির। পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে নিম্নলিখিত বিষয়সমূহ অর্জন করা সম্ভবঃ

– জমি ও অবকাঠামো উন্নয়নের সম্পূর্ণ/আংশিক ব্যয় পুনরুদ্ধার;

– বেসরকারি খাত/স্থানীয় জনগণের অংশগ্রহণ ও অংশীদারিত্ব নিশ্চিত হয়;

– সকল আয়ের মানুষের জন্য জমির মালিকানা নিশ্চিত হয়;

– টেকসই ও উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টি।

স্থানীয় সরকার এবং অন্যান্য সংস্থাকে শুধুমাত্র সেবা প্রদানকারী না হয়ে ভূমি উন্নয়ন কর্মকান্ডে সহায়ক হওয়া উচিত। উন্নয়নকৃত ভূমির সুফল সাধারণত উচ্চশ্রেণির মানুষরাই ভোগ করে থাকে; বঞ্চিতরা বঞ্চিতই থেকে যায়। নতুন নগর এলাকার চাহিদা উন্নয়ন প্রক্রিয়াকে উৎসাহিত করবে। সকল শহর এলাকার জন্য এধরণের উন্নয়ন কোনও পরিকল্পনা বা উন্নয়ন নিয়ন্ত্রণ ছাড়াই সংঘটিত হচ্ছে। দেখা যায় যে, ভূমি উন্নয়নে সাধারণ মানুষজন পরিবেশগত, বাস্তুগত, ভূতাত্ত্বিক বিষয়সমূহ এবং সেগুলো সংশ্লিষ্ট সমস্যাসমূহ উপেক্ষা করে। এই মহাপরিকল্পনা, এসকল বিষয়সমূহে আলোকপাত করে পরিকল্পনা সম্পর্কিত উপযুক্ত নীতিমালা ও মানদন্ড প্রদান করে, বিকশিত এলাকার উন্নয়ন ও বিকাশকে দিকনির্দেশনা প্রদান করবে। দেখা যায় যে সরকারি খাতের ভূমি উন্নয়ন প্রক্রিয়া শেষ হতে অনেক দীর্ঘ সময় প্রয়োজন হয়। এজন্য অগ্রাধিকার এলাকাসমূহে ব্যক্তিখাতের অধীনে পরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করা প্রয়োজন। তাই অপ্রথাগত ভূমি উন্নয়ন প্রক্রিয়াকে সুনির্দিষ্ট পন্থার অন্তর্ভূক্ত করতে স্থানীয় পর্যায়ে সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সরকার শুধুমাত্র মৌলিক অবকাঠামো ও সেবা সুবিধা প্রদানের দায়িত্ব পালন করবে। নতুন এলাকার পরিকল্পিত উন্নয়নের পদ্ধতিসমূহ নিচে সংক্ষিপ্তভাবে বর্ণনা করা হলঃ

ক. অবকাঠামো নির্ভর উন্নয়ন কৌশল (আইএলডিআই)

সড়ক, পানি, বিদ্যুৎ, ড্রেনেজ প্রভৃতি মৌলিক অবকাঠামোসমূহের উন্নয়ন ভিত্তিক নগরোন্নয়ন আইএলডিআই এর অন্তর্ভূক্ত। ব্যক্তিখাতের উন্নয়নকে উৎসাহিত করতে সরকার এসকল সেবাসমূহ প্রদান করবে। সরকারি-বেসরকারি অংশগ্রহণের ভিত্তিতে ভূমি উন্নয়ন প্রক্রিয়াকে সহায়তা করতে একটি আইএলডিআই কর্মসূচী গ্রহণ করা যেতে পারে। এর ফলে সুবিধাভোগী জমির মালিকদের কাছ থেকে অবকাঠামো উন্নয়নের ব্যয় পুনরুদ্ধার করতে হবে। জমির মালিকানাও সংরক্ষিত থাকবে এবং শুধুমাত্র অবকাঠামো ব্যতীত অন্য কোন কারণে জমি অধিগ্রহণ করা হবে না। পরস্পর সমঝোতা এবং সিদ্ধান্তের ভিত্তিতে কর্তৃপক্ষ ব্যয় পুনরুদ্ধাদের পদ্ধতি নির্ধারণ করবে।

অবকাঠামো নির্মাণের সময় লক্ষ্য রাখতে হবে যে, পরিবেশগত বিপর্যয় না ঘটে। তাই, টেকসই পরিবেশবান্ধব পদ্ধতিতে অবকাঠামোর উন্নয়ন করতে হবে। আইএলডিআই এর মাধ্যমে নতুন বিকশিত নগর এলাকার উন্নয়ন নিশ্চিত হবে এবং টেকসই ভাবে পরিবেশ প্রভাব নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। বিদ্যমান নগর এলাকার অভ্যন্তরে অবস্থিত অব্যবহৃত এবং অনুন্নত এলাকাসমূহে উন্নয়ন কর্মকান্ড গ্রহণ করা উচিত। এই পরিকল্পনাতে ভবিষ্যৎ আইএলডিআই প্রকল্পের জন্য জমি চিহ্নিত ও সংরক্ষিত রাখা হয়েছে।

সড়ক, পানি, বিদ্যুৎ প্রভৃতি অবকাঠামোর যোগান অসীম হতে পারে না। তাই, এই সেবাসমূহের ব্যাপারে চাহিদা ও যোগান উভয় দিকেই দৃষ্টি প্রদান করা প্রয়োজন। অবকাঠামোর অসীম যোগান কখনই টেকসই হয় না।

আইএলডিআই এর মাধ্যমে উন্নয়নের জন্য উপযোগী এলাকার দিকে এবং অনুপোযোগী এলাকা এড়িয়ে শহরের বিকাশকে পরিচালিত করতে আর্থিক ও অবকাঠামো নির্ভর পদ্ধতিসমূহ বিবেচনায় নেওয়া প্রয়োজন।

খ. সরকারি খাতে ভূমি উন্নয়নঃ

সরকারকে (জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন, পিডব্লিউডি) ভূমি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। পৌরকেন্দ্র, বাণিজ্যিক এলাকা, দরিদ্র ও বাস্তুচ্যুত মানুষদের জন্য আবাসিক এলাকা, প্রভৃতি এবং সাধারণ জনগণের জন্য আবাসন যেসব ক্ষেত্রে বেসরকারি খাতের উদ্যোক্তারা তেমন একটা এগিয়ে আসেন না; সেসব এলাকার পরিকল্পিত উন্নয়নে সরকারি খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

গ. সরকারি-বেসরকারি অংশিদারিত্ব (পিপিপি)-এর বিভিন্ন পদ্ধতি

দক্ষ ও কার্যকরভাবে অবকাঠামো ও সেবার সময়োচিত স্থাপনা নিশ্চিত করতে সকল ধরণের পিপিপি পদ্ধতির সম্ভাব্যতা পরীক্ষা করা প্রয়োজন। শুধুমাত্র অর্থাভাবের কারণেই পিপিপি পদ্ধতিসমূহ জনপ্রিয়তা লাভ করছেনা। এর মাধ্যমে সম্পদ ও বাস্তবায়নের ব্যবস্থায়নায় দক্ষতা অর্জন সম্ভব হয়। পিপিপি-এর মাধ্যমে সরকারি দায়িত্বসমূহ বেসরকারি খাতে সাধারণ আউটসোর্সিং (Outsourcing) থেকে চুক্তিভিত্তিক বা কিছুটা চুক্তিভিত্তিক সম্পর্ক, যৌথ সামাজিক দায়বদ্ধতা এবং জনসেবা থেকে প্রশাসনের সহযোগী হিসেবে অর্পণ করা হয়। পিপিপি প্রক্রিয়া শুরুর পূর্বে এর বিভিন্ন সমস্যাসমূহ যেমন; নিয়ন্ত্রণের অস্পষ্টতা, আর্থিক সুবিধা গ্রহণ, সরকারি খাতের ক্রমহ্রাসমান সক্ষমতা প্রভৃতির দিকে নজর দেওয়া প্রয়োজন।

৫.৫ সংরক্ষিত এবং সুরক্ষিত এলাকা

পরিবেশগতভাবে সংবেদনশীল, ঐতিহ্য ও সাংস্কৃতিক বিবেচনায় মূল্যবান স্থানসমূহকে আইনের দ্বারা সংরক্ষণ করতে হবে। সংরক্ষণের এই ব্যয় অবশ্যই সরকারি কোষাগার থেকে আসতে হবে। সমাজের এসকল সম্পদসমূহ যদি ব্যক্তি পুঁজিনির্ভর অর্থনীতির হাতে ছেড়ে দেওয়া হয় তাহলে তা সমাজ বা স্থানীয় পরিবেশের উপর দীর্ঘকালীন প্রভাব মূল্যায়িত না হয়ে ব্যক্তিগত লাভের মাধ্যমে মূল্যায়িত হবে। তাই,নিম্নলিখিত গুরুত্বপূর্ণ স্থানসমূহ সংরক্ষণ করা প্রয়োজনঃ

ক) পাহাড়ি এলাকা

খাগড়াছড়ি এলাকার চারপাশে একে ঘিরে সবুজ পাহাড় অনিন্দ্যসুন্দর প্রাকৃতিক দৃশ্যের সৃষ্টি করে। এই শহরটি পাহাড় ঘেরা একটি উপত্যকায় অবস্থিত। এই প্রাকৃতিক দৃশ্য সবাইকে, বিশেষ করে পর্যটকদের আকর্ষণ করে। পাহাড়গুলো কেবল তাদের প্রাকৃতিক সৌন্দর্যের জন্যই গুরুত্বপূর্ণ নয়, এরা প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় ও সমানভাবে গুরুত্বপূর্ণ, তাই এর অন্যান্য বৈশিষ্ট্যগুলো অবশ্যই বজায় রাখা উচিৎ এবং যে কোন মূল্যে এর সংরক্ষণ করা উচিৎ। পাহাড়গুলোকে বাহ্যিক বিনোদনের মাধ্যম হিসেবে ব্যবহার করা যেতে পারে। এই পাহাড়ি অঞ্চলগুলোকে ভ্রমণ সুবিধা, ক্যাম্পিং সুবিধা, বিনোদনের উপাদান, সাংস্কৃতিক, ঐতিহ্য, ভূমি ব্যবহার অভিজ্ঞতা, প্রাকৃতিক প্রচ্ছদ, শিক্ষা ও কৃষি সুবিধার প্রসারের মাধ্যমে পর্যটকদের কাছে আরো আকর্ষনীয় করে তোলা যেতে পারে। এইসব পাহাড়ি এলাকাগুলো খাগড়াছড়ি পৌরসভার ২, ৫, ৬ নং ওয়ার্ডের অধীনে সবুজবাগ, কুমিল্লা টিলা এবং আর্তমানব এলাকায় অবস্থিত, যাদের সংরক্ষণ করা প্রয়োজন।

১৯৫২ সালের ইমারত নির্মান আইনের ১৮ ধারায় প্রনীত ইমারত নির্মাণ, পুকুর খনন ও পাহাড় কর্তন সংক্রান্ত বিধিমালার অংশ

পাহাড় কর্তন বা ধ্বংস সাধনের বিশেষ বিধানাবলীঃ

(১) কোন পাহাড় কর্তন বা ধ্বংস সাধন অনুমোদনের জন্য আবেদনপত্রের সহিত বিধি ৪ ও ৫ এ বর্ণিত কাগজপত্র ছাড়াও নিম্নবর্ণিত কাগজপত্র জমা প্রদান করিতে হইবে, যথাঃ

(ক) পরিবেশ অধিদপ্তর হইতে উক্ত কর্তন বা ধ্বংস সাধনের জন্য গৃহীত ছাড়পত্র;

(খ) জায়গার অবস্থান, পার্শ্ববর্তী জায়গার পরিবেশগত অবস্থা, পাহাড়ি জমির উচ্চতা, ঢালু অংশ, সমতল ভূমি বা নীচু ভূমি, খাদ, গর্ত ইত্যাদি প্রকারের জমির টপোগ্রাফিক্যাল বা কন্টোর ম্যাপ; এবং

(গ) রাস্তার প্রোফাইল সহ প্রস্তাবিত জায়গার উন্নয়ন পরিকল্পনার বিস্তারিত নির্দেশিকা এবং এলাকার সহিত সংযোগকারী রাস্তা, নালা, বিদ্যুৎ, গ্যাস, পানি, পয়ঃনিস্কাশন লাইন ইত্যাদি এবং পরিবেশ সংরক্ষণকল্পে প্রয়োজনীয় বৃক্ষরোপন, রিটেইনিং ওয়াল ও প্রতিরক্ষা দেয়াল, টেরাসিং প্যালাসাইডিং ইত্যাদি বিস্তারিতভাবে প্রর্দশিত নকশা।

(২) কর্তন বা ধ্বংস সাধনের জন্য অনুমোদনপ্রাপ্ত পাহাড়ের পাদদেশে টার্ফিং এবং স্লোপকে স্টেবিলাইজ করিয়া ধ্বংস নিয়ন্ত্রণ করার ব্যবস্থা করিতে হইবে; এবং যে সমস্ত নালা বা খালের উৎস কর্তনের জন্য অনুমোদনপ্রাপ্ত পাহাড়ের সহিত সংযুক্ত সে সমস্ত নালা বা খালের উৎসমুখে স্পিলওয়ে, সিলটট্রাপ ইত্যাদি নির্মাণ করিতে হইবে।

বাংলাদেশ দালান নির্মাণ আইন ১৯৫২ পাহাড়ের সুরক্ষার সবরকম ব্যবস্থা রাখে। এই নিয়মগুলো ১৮ নং ধারার অধীনে প্রনীত এবং রামাপ্যান্ট পাহাড় কাটা প্রতিরোধের জন্য **দালান নির্মাণ, পুকুর খনন এবং পাহাড় কাটা** সংক্রান্ত আইন প্রনয়ন করা হয়েছে। এই বিধানের ২৭ নং ধারার উপধারায়(১) বলা হয়েছে (ক) পাহাড় কাটার জন্য পরিবেশ অধিদপ্তরের অনুমোদন; (খ) সীমাসূচক রেখা/ ভৌগলিক মানচিত্রের মাধ্যমে পাহাড়ের অবস্থাণ, উচ্চতা, ঢাল, এলাকার সীমাসূচক রেখা, এলাকার নিম্নোতা দেখাতে হবে; (গ) পাহাড়ের দিকে অগ্রসর হওয়া রাস্তার বর্ণনা, এলাকার উন্নয়ন পরিকল্পনা এবং নিষ্কাশন ব্যবস্থা, বিদ্যুৎ, গ্যাস, পানি সরবরাহ লাইন, পরিবেশ সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ এবং সুরক্ষা দেয়াল, চত্বর, প্যালিসেডিং ইত্যাদি; ভূমিধ্বস প্রতিরোধে পাহাড়ে সার্ফিং এবং ঢাল স্থিতিশীলকরণের জন্য প্রস্তাবিত অনুমোদনকৃত পরিকল্পনা।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, (সংশোধিত) ২০১০ পাহাড় কাটার ক্ষেত্রে সবরকম বিধিনিষেধ এবং নিয়ন্ত্রণ রাখে। এই আইনের ৬(খ) ধারায় বলা আছে,

“পাহাড় কাটায় নিষেধাজ্ঞা যে কোন ব্যাক্তি, সরকারি, অর্ধ-সরকারি কিংবা বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাহাড় কিংবা টিলা কাটা অথবা ঘিরে ফেলা সম্পূর্ণ নিষিদ্ধঃ তবে জাতীয় স্বার্থের প্রয়োজনে পরিবেশ অধিদপ্তর থেকে অনুমতি নিয়ে পাহাড় বা টিলা কেটে ফেলা সম্ভব হবে।”

পাহাড় কেটে ফেলা এবং যে কোন ধরনের পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের অনুমোদনের প্রয়োজন হবে।

কিন্তু এই আইনের বিধি বিধান বা নিয়ম ভঙ্গের জন্য বিল্ডিং কমিটি কিংবা পরিবেশ অধিদপ্তর কোনরকম শাস্তির বিধান রাখে না।

খ) প্রধান পুকুর, হ্রদ এবং ছড়াঃ

দ্রুত নগরায়ন এবং জমির মূল্য বৃদ্ধির ফলে শহরের জলাশয়গুলো দিন দিন কমে যাচ্ছে। পৌরসভাতে বিপুল পরিমাণে পুকুর এবং বাঙ্গালকাটি নামক একটি হ্রদ রয়েছে। এছাড়াও বড় খাগড়াছড়ি ছড়া, সিঙ্গিনালা ছড়া, অনন্ত মাস্টার পাড়া ছড়া, নারাংখাইয়া ছড়া, রাঙ্গাপানি ছড়া, পানখাইয়া ছড়া নামের বিভিন্ন ছড়া রয়েছে, যারা খাগড়াছড়ি পৌরসভার প্রাকৃতিক

পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখে। এছাড়াও এই জলাশয়গুলো জরুরী ক্ষেত্রে পানির উৎস হিসেবে ব্যবহৃত হয়। তাই, জরুরী ক্ষেত্র ছাড়াও এই জলাশয়গুলোকে বিনোদনমূলক স্থান হিসেবেও ব্যবহার করা যায়।

গ) ভ্রমণ স্থানঃ

খাগড়াছড়ি শহরের বিভিন্ন জায়গা পর্যটকদের মূল আকর্ষণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। পর্যটকগণ এই অঞ্চলের সবচেয়ে বড় নাগরিক কেন্দ্র হিসেবে খাগড়াছড়িকেই ভ্রমণ এবং থাকার জন্য বেছে নেয়। এছাড়াও নিম্নোক্ত স্থানগুলোকে পর্যটকরা রাত্রিযাপনের জন্য বেছে নেয়ঃ

- আলুটিলা রহস্যময় গুহা
- শতবর্ষী বটবৃক্ষ (মাটিরাঙ্গা)
- দীঘিনালা মানিক্কের দীঘি
- দিঘিনালা ঝর্না
- দিঘিনালা সংরক্ষিত বন
- পার্বত্য চট্টগ্রাম কৃষি সমিতি প্রকল্প
- লক্ষ্মীছড়ি ঝরণা
- মানিকছড়ি মগরাজার বাড়ি
- মাতাইপুকুরি
- নুনছড়ি দেবতা পুকুর
- অরণ্য কুটির
- রামগড় হ্রদ ও চা বাগান
- রামগড় পাহাড়
- সামরিক স্মৃতি স্মারক (রামগড়)
- রিসাং ঝর্না
- সাজেক ও মারিসা উপত্যকা
- সাপছড়ি ঝড়না
- সিন্দুকছড়ি পুকুর
- ইংয়ড বুদ্ধ বিহার
- ভগবান টিলা

ঘ) চেঙ্গি নদীঃ

খাগড়াছড়ি শহরের চেঙ্গি নামক পাহাড়ি নদীটি একটি মহামূল্যবান সম্পদ, যা এই শহরের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি একই সাথে পানি সরবরাহ এবং গুরুত্বপূর্ণ বিনোদনের স্থান হিসেবে কাজ করে। যদি কখনো শহরের ভূ-অভ্যন্তরীন পানির স্বল্পতা দেখা যায়, এই নদীটিকে পানির উৎস হিসেবে ব্যবহার করা যাবে। নদীর পাড় হাঁটা এবং বিশ্রাম নেয়ার যায়গা হিসেবে অনায়াসেই ব্যবহার করা যেতে পারে।

৫.৬ কাঠামো পরিকল্পনার সুপারিশকৃত নীতিসমূহ

আগামী ২০ বছর অর্থাৎ ২০৩৭ সাল পর্যন্ত এই কাঠামো পরিকল্পনায় প্রস্তাবিত নীতিসমূহ কার্যকর থাকবে। খাগড়াছড়ি শহরের ভবিষ্যতের সার্বিক উন্নয়নের উপর প্রধান নগর সম্পর্কিত বিষয়ের সবধরনের নীতির প্রভাব থাকবে। এই সকল নীতিতে পরিবহণ, যোগাযোগ, নিষ্কাশন,পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা, শিল্প ও বাণিজ্যিক উন্নয়ন, আবাসন, বিনোদনমূলক এলাকা, শিক্ষা ও স্বাস্থ্য এবং শহরের দরিদ্র শ্রেণি অন্তর্ভুক্ত থাকবে।

৫.৬.১ খাগড়াছড়ি শহর ও তৎসংলগ্ন প্রভাব এলাকার কাঠামো পরিকল্পনার অধীন এলাকা

খাগড়াছড়ি শহর ও তৎসংলগ্ন প্রভাব এলাকার কাঠামো পরিকল্পনার অধীনে সর্বমোট এলাকা ২৪.১৭ বর্গ কি.মি. বা ৫৯৭৩.৩২ একর যার মধ্যে ১৪.০১ বর্গ কি.মি. পৌরসভা এলাকা ও ১০.১৬ বর্গ কি.মি. প্রভাব এলাকা। পৌরসভার ৯টি ওয়ার্ড ও পাশ্ববর্তী এলাকা এই কাঠামো পরিকল্পনার অন্তর্ভুক্ত।

৫.৬.২ কাঠামো পরিকল্পনার অঞ্চলিকরণ ও ভবিষ্যতের সম্প্রসারণ

৫.৬.২.১ জোনিং

প্রধান উন্নয়ন অঞ্চল সমুহ বিশদভাবে ভবিষ্যৎ উন্নয়ন সম্ভাব্য এলাকা চিহ্নিত করে এবং কাঠামো পরিকল্পনা এলাকার মধ্যে যেসব এলাকাতে মূল উন্নয়নের সম্ভাবনা পরিলক্ষিত হয়, যার দ্বারা বিকাশ নির্দেশিত হয় তার উপর ভিত্তি করে ৩টি ভাগে শ্রেণিবিন্যস্ত করা হয়। নিম্নলিখিত সারণিতে কাঠামো এলাকার অঞ্চলসমূহ, তাদের আয়তন ও শতাংশ নির্দেশ করে। ***মানচিত্র ৫-১*** এ কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলসমূহ দেখানো হলোঃ

সারণি ৫-১: কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলসমূহ

অঞ্চল সমূহের নাম	অঞ্চল সমূহের বর্ণনা	আয়তন (একর)	শতাংশ
বিকশিত নগর এলাকা/প্রধান শহর	উন্নয়নশীল শহর এলাকা/প্রধান শহর উন্নত এলাকা হিসাবে বলা হতে পারে এই এলাকার জনসংখ্যা এবং সেবা কেন্দ্রীকরণের সর্বোচ্চ গুরুত্ব আছে। ভূমি ব্যবহার পরিকল্পনার (২০১৭-২০৩৭) সময়ের মধ্যে অধিকাংশ জনসংখ্যার বৃদ্ধির পরিসংখ্যান অব্যাহত থাকবে।	৮৩৪.৬৬	**১৩.৯৭**
বর্ধিত নগরায়ন এলাকা	এই এলাকা শহরের মূল এলাকার বাইরে অবস্থিত এবং মহাপরিকল্পনাতে প্রস্তাবিত নতুন ভূমি ব্যবহার সম্পর্কে নির্দেশিত হয়েছে। যেখানে বিভিন্ন ব্যবহারসমূহ ২০৩৭ সাল পর্যন্ত প্রস্তাবিত যা সময়ের সাথে সাথে হবে। এই এলাকার নানাবিধ উন্নয়ন মহাপরিকল্পনার সাথে তাল মিলিয়ে করতে হবে। তদুপরি, প্রয়োজনীয় সুযোগ সুবিধাগুলো সময়ের সাথে ধাপে ধাপে প্রদান করতে হবে, যেন তা উন্নয়নের সাথে খাপ খাওয়াতে পারে। এই এলাকায় উন্নয়নের অগ্রগতির ধারা ধাপে ধাপে এগিয়ে নিয়ে যেতে হবে। এইসব এলাকাগুলোতে অনুন্নত সেবা এবং সুবিধা প্রদানের মাধ্যমে নিম্ন আয়ের মানুষ এই এলাকার দিকে বেশি আকৃষ্ট হয়। যার কারণে এইসব এলাকায় বিশেষ ব্যবস্থা নেয়া হয়, যেন মহাপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে কোন বাঁধা সৃষ্টি না হয়।	৩৫২০.৫৬	**৫৮.৯৪**
সংরক্ষণ ও সুরক্ষা এলাকা	সংরক্ষণ এবং সুরক্ষা এলাকা সংরক্ষণ করবে কৃষি জমি, যেসব উৎপাদনশীল কৃষি জমি খাদ্য এবং অন্যান্য কৃষি পণ্য উৎপাদন করে শহুরে উন্নয়নকে ত্বরান্বিত করবে। এইসব এলাকা ধারাবাহিক নগরায়নের জন্য উন্নয়নকে খাদ্য ও কৃষি পন্যের প্রসারের মাধ্যমে ত্বরান্বিত করবে। এছাড়াও নদী, খাল, জলাশয় যা বৃষ্টি এবং বন্যার পানির প্রবাহ ঠিক রেখে এদের সংরক্ষণ করার মাধ্যমে প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখবে। সংরক্ষণ এবং সুরক্ষা এলাকা অত্যন্ত উৎপাদনশীল কৃষি জমি দ্বারা পরিবেষ্টিত হবে, যাকে অবশ্যই জোনিং বাস্তবায়নের মাধ্যমে সংরক্ষণ করতে হবে। এসকল জমি খাদ্য ও অন্যান্য কৃষি পণ্য উৎপাদনের মাধ্যমে নগর উন্নয়নে ভূমিকা রাখে। এসব ছাড়াও অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যবহার হচ্ছে পাহাড়, জলাশয়/চ্যানেল এবং নিচু ভূমি/বিল যারা বৃষ্টি ও বন্যার পানি ধারণ এবং পরিবহন করে প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সাধারণত এই জমিগুলো অবৈধ দখলের কবলে পড়ে অথবা উন্নয়নমূলক কাজের জন্য ভরাট করা হয়, যা ব্যাপকভাবে পরিবেশের অবনতি ঘটায়। বাংলাদেশে নগর এলাকাগুলোতে মহাসড়ক, রেলপথ এবং অন্যান্য যান চলাচলের জন্য মনোনিত ও অব্যবহৃত জমিগুলো অবৈধ দখলের শিকার হয়। এটি পরিকল্পিত নগরের উন্নয়নের ক্ষেত্রে একটি প্রধাণ সমস্যা। যান চলাচলের এই রাইট অফ ওয়ে (ROW) যোগাযোগ নেটওয়ার্ক এর সময়ের সাথে বিলীন হয়ে যায়, একই সাথে অব্যাহত অবকাঠামো উন্নয়নের সাথে সাথে জমির মারাত্মক স্বল্পতা দেখা যায়। তাই, এই রাইট অফ ওয়ে কে ঘিরে একটি বলয় এলাকা তৈরী করা উচিৎ, এবং একে সর্বক্ষণিক তত্বাবধায়ন এবং সংরক্ষণের ভেতর রাখা উচিৎ। পাহাড়, ঐতিহ্যবাহী স্থান, ঐতিহাসিক স্থান ইত্যাদি কে সংরক্ষণ ও সংরক্ষিত এলাকার আওতায় রাখা উচিৎ।	১৬১৮.১১	**২৭.০৯**

মানচিত্র ৫-১: প্রকল্প এলাকার কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলসমূহ

1:42,573



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:42,573 or 1 " = 3,548 ' or 1 cm = 426 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Structure Plan Boundary

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Policy Zones
- Existing Urban Area
- Urban Growth Area
- Conservation Area
- Water Bodies: Khal; River

৫.৬.৩ ভবিষ্যৎ সম্প্রসারণ

বর্তমান নগর এলাকা প্রায় ১৪৯৮.৪৬৮ একর। কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) তৈরি করা হয়েছে ৫৯৭৩.৩২ একর জমির জন্য যার মধ্যে বর্তমান নগর এলাকা, ভবিষ্যৎ নগর এলাকা এবং সংরক্ষণ এলাকা অন্তর্ভুক্ত। যখন কোন শহর জনসংখ্যার বৃদ্ধি এবং আনুষাঙ্গিক চাহিদার মুখোমুখি হয়, তখন তার সীমানা বৃদ্ধির প্রয়োজন পড়ে। এই চাহিদা পূরনের জন্য পরামর্শকদল পৌরসভার সীমানাকে কাঠামো পরিকল্পনার সাথে মিল রেখে সম্প্রসারণের কথা বলেন। তারা ভবিষ্যৎ প্রবৃদ্ধি এলাকাতে (হলুদ চিহ্নিত) নগর সম্প্রসারণ করার পরামর্শ দেয়া হয়েছে।

নগর সম্প্রসারণের প্রস্তাবিত সমস্ত নির্দেশাবলী নিম্নে সুপারিশ করা হয়েছেঃ

- উত্তর-পশ্চিমাঞ্চলের দিকে ভবিষ্যত নগর সম্প্রসারণ এলাকাটি দীঘিনালা সড়কের দিকে কৃষি গবেষণা ইন্সটিটিউট পর্যন্ত বিস্তৃত।
- দক্ষিণ দিকের এলাকা রাঙ্গামাটি সড়কের ঠাকুর ছড়া এলাকা পর্যন্ত বিস্তৃত।
- দক্ষিণ-পশ্চিমাঞ্চলের দিকে চট্টগ্রাম সড়ক সংলগ্ন শিলাছড়া ব্রিজ পর্যন্ত বিস্তৃত।

এইসব এলাকাগুলো পরবর্তীতে সম্প্রসারণের জন্য সংরক্ষণ করা উচিৎ। কাঠামো পরিকল্পনা, নগর সম্প্রসারণ এলাকা এবং সংরক্ষিত এলাকা ***মানচিত্র ৫-১*** এ দেখানো হয়েছে।

৫.৬.৪ কাঠামো পরিকল্পনার জন্য প্রস্তাবিত নীতিমালা

এই নীতিগুলো প্রকল্প এলাকার সামগ্রিক ভবিষ্যৎ উন্নয়নের উপর প্রভাব ফেলবে। এই নীতির মধ্যে বিভিন্ন বিষয় আছে যেমন, নগরের ভূসম্পদ, খাস জমি, সরকারি জমির সর্বোত্তম ব্যবহার। খালি জমি, ভবিষ্যৎ নগর এলাকার উন্নয়ন, সংরক্ষণ ও সুরক্ষা এলাকা, নগরের প্রান্তিক এলাকা, সংরক্ষিত নগরায়ন এলাকা এবং পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা সম্পর্কে নিম্নে আলোকপাত করা হয়েছে।

৫.৬.৪.১ নগর ভূসম্পদের সর্বোত্তম ব্যবহারের জন্য নীতি

নীতি-ভূসম্পদ /০১: নগরের বিদ্যমান ভূমির সর্বোত্তম ব্যবহার

খাগড়াছড়ি পৌরসভায় বিকশিত নগর এলাকা সুষমভাবে বৃদ্ধিপ্রাপ্ত হয়নি। উচ্চ ঘনত্বের পরিপূরকভাবে শহুরে ভূমি ও পরিসেবা সুবিধার প্রয়োজন। খাগড়াছড়ি পৌরসভাতে এখনও অব্যবহৃত জমি বিদ্যমান। এই খালি জমির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে শহর এলাকায় ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।

যৌক্তিকতা

বিদ্যমান খালি জমির সর্বোত্তম ব্যবহার না করে নগর এলাকার সীমানা প্রসারিত করা যৌক্তিক নয়। এই ধরণের প্রবণতা কৃষিজমিকে সঙ্কুচিত করবে। দ্রুত জনসংখ্যা বৃদ্ধির জন্য কৃষিজমির অর্থনৈতিক ব্যবহার সর্বদা আকাঙ্খিত এবং এর চেষ্টা করা উচিত।

বাস্তবায়নের পদ্ধতিঃ

নিয়ন্ত্রণ ব্যবস্থা, যেমন, খালি জমির উপর অতিরিক্ত ট্যাক্স আরোপ করা যেতে পারে, যা ভূমিকে ব্যবহারে আনার জন্য একটি কার্যকর হাতিয়ার। বেসরকারি সংস্থার প্রকল্পের জন্য জমির বৃহৎ পরিমাণ অধিগ্রহণ নিরুৎসাহিত করতে হবে। অন্যান্য পদ্ধতির মধ্যে সুবিধা বঞ্চিত এলাকার আবকাঠামো ও নাগরিক সুযোগসুবিধা বৃদ্ধি করে জমির মালিকদের উন্নয়নমূলক কার্যক্রমে উৎসাহিত করতে হবে।

অবকাঠামোগুলোর ধারণ ক্ষমতার উপর ভিত্তি করে ঘনত্ব নিয়ন্ত্রিত রাখা হওয়া উচিত। সেবার মান ও সুযোগ সুবিধা গুলো বজায় রাখা প্রয়োজন। উন্নয়ননীতি এবং বিধান কার্যকরভাবে প্রয়োগ করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা কর্তৃপক্ষ
- জেলা প্রশাসন
- পরিবেশ অধিদপ্তর (Directorate of Environment)
- সংশ্লিষ্ট সরকারি সংস্থাসমূহ
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূসম্পদ /০২: নগর উন্নয়ন প্রকল্পের প্রসার ঘটানো

শহরের বিশাল অংশই কম বেশি উন্নত। কিন্তু যদি উপযুক্ত নগর উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয় এবং অবকাঠামো উন্নয়ন করা হয় তাহলে এসব এলাকা আরোও উন্নত হবে এবং বেশি সংখ্যক মানুষকে জায়গা দিতে পারবে। উন্নয়ন কর্মকান্ডের দ্বারা উচ্চ আয় ও সামাজিক প্রসার ঘটে। এধরণের উন্নয়ন কার্যক্রম, ভবনের স্থানান্তর এবং ভূমি ব্যবহারের পরিবর্তন অত্যন্ত প্রয়োজনীয়।

যৌক্তিকতাঃ

নগরের ভৌত সম্প্রসারণ হ্রাস করবে এবং ভূমি সাশ্রয় করবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

যেকোন এলাকার উন্নয়ন পদ্ধতিসমূহের মধ্যে রয়েছে; বস্তি উন্নয়ন, নগর সংরক্ষণ, উন্নয়ন, পুনঃগঠন, সংস্কার, আধুনিকীকরণ, নির্দেশিত ভূমি উন্নয়ন, ভূমির পুনর্বিন্যাস, সমাজ/ওয়ার্ড ভিত্তিক পরিকল্পনা প্রভৃতি।

যদিও এধরণের উন্নয়ন কর্মকান্ডে বৃহৎ জনগোষ্ঠী উপকৃত হয় তবে কিছু ব্যক্তি এর সামাজিক ও আর্থিক বোঝা বহন করেন। এধরণের প্রতিকূলতা দূরীকরণে যেসকল ব্যক্তি এধরণের উন্নয়ন ব্যয়ের শিকার হোন তাদেরকে যথাযথভাবে ক্ষতিপূরণ প্রদান করতে হবে। এধরণের কর্মকান্ডে সমাজ, এনজিও এবং সিবিও-এর কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে বিভিন্ন ধরণের অংশগ্রহণভিত্তিক গ্রামীণ মূল্যায়ন (পিআরএ) পদ্ধতি, ফোকাস গ্রুপ ডিসকাশন (এফজিডি), গণসচেতনতা মূলক কর্মকান্ড অন্তর্ভূক্ত করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা কর্তৃপক্ষ
- কৃষি মন্ত্রণালয়
- দাতা সংস্থা
- সরকারি-বেসরকারি অংশীদারিত্ব
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

৫.৬.৪.২ খাস জমি এবং সরকারি মালিকানাধীন জমির ব্যবহার

নীতি-ভূসম্পদ /০৩: উন্নয়ন কাজে খাস জমি এবং সরকারি মালিকানাধীন জমির ব্যবহার করতে হবে।

পৌর এলাকার মধ্যে বিদ্যমান যথেষ্ট পরিমাণ খাস জমি ব্যবহারের আওতায় আনা যেতে পারে। নগর ভূসম্পদের উপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে এই জমিগুলো ভালোভাবে চিহ্নিত ও নথিভূক্ত করা উচিত। সরকারের অধীন অন্যান্য জমি যেমন; বাজার (খাগড়াছড়ি বাজার, ন্যাপ্সি বাজার, মধুপুর বাজার, স্বনির্ভর বাজার ইত্যাদি), চেঙ্গি নদী পার্শবর্তী এলাকা, পার্ক প্রভৃতি যা সাধারণত অরক্ষিত থাকে; রাজস্ব আদায় ও উন্নয়ন কর্মকান্ড নিশ্চিত করতে সেগুলোর মালিকানা পৌরসভার নিকট হস্তান্তর করাই যুক্তিযুক্ত।

যৌক্তিকতাঃ

খাসজমি হল রাষ্ট্র বা সাধারণ জনগণের জমি যা তাদের সুবিধার্থে ব্যবহার করা উচিত। দেশের সব এলাকায় এই জমি যদি খালি থাকে তবে তা অবৈধ দখল হয়ে যায়। জমির দুষ্প্রাপ্যতার মধ্যে এধরণের জমির সামাজিক ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ।

বাস্তবায়নের পদ্ধতিঃ

প্রকল্প এলাকার খাসজমির মানচিত্র এবং নথি নিয়মিতভাবে হালনাগাদ করা উচিত। পরিস্থিতি নিয়মিত পর্যালোচনা করা এবং নির্দিষ্ট সময় অন্তর অন্তর পর্যালোচনা করা উচিত। পৌরসভা এইসব জমিতে উন্নয়ন প্রকল্প নিতে পারে এবং তাদের তথ্য জনপ্রশাসনে অবহিত করে নথি হালনাগাদ কাজে সহায়তা করতে পারে। সরকারি প্রকল্প/পরিকল্পনায় ব্যবহার করার জন্য পৌরসভার অধীনে জমি হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা রাখা উচিত।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা কর্তৃপক্ষ
- ডিসি, খাগড়াছড়ি
- ভূমি মন্ত্রণালয়
- রেলপথ মন্ত্রণালয়
- পানি সম্পদ মন্ত্রণালয়
- সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা
- সরকারি-বেসরকারি অংশিদারিত্ব
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

৫.৬.৪.৩ নগর সম্প্রসারণ এলাকা

নীতি ভূসম্পদ /০৪: ভবিষ্যৎ নগর এলাকার উন্নয়ন নীতি

ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে মানিয়ে নিতে শহরের জমির ভবিষ্যৎ প্রয়োজনীয়তা নির্ধারণ করা প্রয়োজন। এক্ষেত্রে উপযুক্ত নীতিকাঠামো প্রস্তুত করলে সফলতা পাওয়া যাবে।

যৌক্তিকতাঃ

নতুন এলাকাসমূহের বিকাশমান অবস্থায় সুবিন্যস্ত ও পরিকল্পিত উন্নয়নের ক্ষেত্রে ভূমি হুকুম দখলের কারণে কম ক্ষতিপূরণ প্রদান করতে হয়। যা পরিকল্পিত উন্নয়নের জন্য খুবই সুবিধাজনক। পরিকল্পিত উন্নয়নের জন্য স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ করতে হবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

ভবিষ্যৎ নগরোন্নয়নের জন্য স্থানীয় জনগণ যারা পরিকল্পিত উন্নয়নকে সহায়তা করবেন তাদের অংশগ্রহণ প্রয়োজন। বাস্তবায়নের প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণের মূলনীতি আত্মীকরণ করতে হবে এবং ভবিষ্যৎ উন্নয়নের জন্য নতুন নতুন পদ্ধতি চালু করার চেষ্টা করতে হবে। সরকার বেসরকারি খাতকে কারিগরী ও আর্থিক সহায়তা প্রদান করবে এবং সেবা প্রদানকারী সংস্থাগুলো সহায়ক ভূমিকা পালন করবে। এর ফলে উন্নয়ন কর্মকান্ড সহজতর এবং দ্রুত হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- গণপূর্ত অধিদপ্তর
- পানি উন্নয়ন বোর্ড
- আর্থিক সংস্থা
- দাতা সংস্থা
- সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাসমূহ
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

<u>নীতি ভূসম্পদ /০৫: জমি অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা এবং বিক্ষিপ্ত নগরায়ন নিরুৎসাহিত করতে হবে।</u>

এই পরিকল্পনাতে গ্রামীণ এবং পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকাসমূহকে বিশৃঙ্খল এবং অপরিকল্পিত নগরায়নের হাত থেকে রক্ষা করার প্রয়োজনীয়তার উপর জোর দেওয়া হয়েছে। তাই নগর প্রান্ত এলাকায় ভবিষ্যৎ লাভের আশায় জমি খালি ফেলে রাখা এবং ছড়ানো ছিটানো ভাবে নগরায়নকে নিরুৎসাহিত করা হয়েছে।

যৌক্তিকতাঃ

বর্তমানে বিদ্যমান নগর এলাকাসমূহতে ঘনত্ব তেমন বেশি নয়; অন্যদিকে নতুন নগর বসতিগুলো গ্রাম এলাকাতে ছড়িয়ে ছিটিয়ে গড়ে উঠছে। বিভিন্ন সরকারি কর্তৃপক্ষ/সংস্থা এই বিস্তৃত বসতিগুলোতে সেবা এবং অবকাঠামো যথাযথভাবে প্রদান করতে পারছে না। যার ফলে দেখা যায় যে, এসকল সেবার মান ভালো হচ্ছেনা এবং ঘনত্ব কম হওয়ার কারণে সেবা প্রদানের ব্যয় অনেক বেশি হচ্ছে। তাই এই কাঠামো পরিকল্পনার কৌশল হল নগরের সীমান্ত এলাকায় অসংগঠিত উন্নয়ন না করে বিদ্যমান নগর এলাকার মধ্যে অব্যবহৃত এবং অনুন্নত জমিতে উন্নয়ন কর্মকান্ডকে উৎসাহিত করা।

বাস্তবায়নের পদ্ধতিঃ

গ্রামীণ অর্থনীতির সংরক্ষণ ও বিকাশ এবং জীবিকার উন্নয়ন করতে হবে; এই কাঠামো পরিকল্পনার (স্ট্রাকচার প্ল্যান) উন্নয়ন কৌশলে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এজন্য পল্লী এলাকার জমিকে অনাকাঙ্খিত উন্নয়ন থেকে রক্ষা করা খুবই গুরুত্বপূর্ণ। উপযুক্ত দিকে নগরের বিকাশকে পরিচালিত করতে, গ্রামীণ পরিবেশগতভাবে সংবেদনশীল হওয়ায়

অনাবশ্যক নগরায়ন নিরুৎসাহিত করতে হবে। অব্যবহৃত ও স্বল্প ব্যবহৃত জমিকে আকাঙ্খিত ঘনত্বে উন্নীত করতে হবে, ভবিষ্যৎ লাভের জন্য জমি খালি রাখা নিরুৎসাহিত করতে হবে; আর্থিক ও অবকাঠামো নির্ভর পদ্ধতিসমূহ কার্যকরভাবে ব্যবহার করা যেতে পারে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা সমূহ
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

নীতি ভূসম্পদ /০৬: নগর প্রান্ত এলাকার ভূসম্পদের সর্বোত্তম ব্যবহারের নীতি

এই এলাকাসমূহ শহরের প্রান্তদেশে অবস্থিত যেখানে, রাস্তা এবং সেবার অভাবই হল কম বিকাশ ও সুষম উন্নয়নের কারণ। সাধারণভাবেই এখানে সেবার সুবিধা নগর এলাকা থেকে কম হওয়ায় জমি এবং বাড়ির ভাড়া কম। স্বল্প আয়ের মানুষজন এসব এলাকায় আকৃষ্ট হয়ে থাকেন। অনাকাংক্ষিত বিকাশ যা কৃষি জমি ধ্বংস করে তা রোধ করতে এইসব প্রান্তিক এলাকার কার্যকর ব্যবহার প্রয়োজন আর এই ব্যবহার শুধুমাত্র পরিকল্পিত উন্নয়নের মাধ্যমেই সম্ভব।

যৌক্তিকতাঃ

নগর প্রান্ত এলাকার পরিধি বৃদ্ধি পেতে থাকবে। নিম্ন আয়ের মানুষে আকাঙ্খিত জায়গা হওয়ায়, তারা আসতে থাকবে যার কারণে এই বৃদ্ধি বন্ধ করা যাবে না। তাই পরিকল্পিত বিকাশ শহরের সার্বিক উন্নয়নের জন্য অপরিহার্য। নগর প্রান্ত এলাকার বৃদ্ধির জন্য যথাযথ কৌশলগত পদ্ধতির অনুপস্থিতি সকল পরিকল্পনার দীর্ঘমেয়াদী বাস্তবায়ন ও ব্যাপকতাকে নষ্ট করবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

মহাপরিকল্পনা হল নগরের বিকাশকে সঠিক দিকনির্দেশনা প্রদান করার চূড়ান্ত হাতিয়ার। বর্তমান ও ভবিষ্যৎ চাহিদার ভিত্তিতে প্রয়োজনীয় অবকাঠামো ও পরিসেবার পরিকল্পনা প্রণয়ন করা উচিত।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- গণপূর্ত অধিদপ্তর
- ডিসি, খাগড়াছড়ি
- দাতা সংস্থা
- অন্যান্য
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

৫.৬.৪.৪ সংরক্ষণ ও সুরক্ষা এলাকা

নীতি-ভূসম্পদ /০৭: সংরক্ষণ ও সুরক্ষা এলাকার নীতি

মহাপরিকল্পনার আওতাধীন নির্দিষ্ট এলাকা সমূহের সার্বিক উন্নয়ন এবং যথাযথ ব্যবস্থাপনা ভবিষ্যতের টেকসই উন্নয়নের জন্য কিছু ভূমি সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই এলাকা সমূহ যেকোন মূল্যে সংরক্ষণ করা উচিত।

নীতি-ভূসম্পদ /০৮: উৎপাদনশীল কৃষি জমি

যৌক্তিকতাঃ

খাগড়াছড়ি পৌরসভা এলাকার পশ্চিম অংশ সুবিশাল কৃষিজমি নিয়ে গঠিত। নগরজীবনকে চলমান রাখতে এই এলাকার উৎপাদিত খাদ্য ও পানি নিষ্কাশন যথেষ্ট অবদান রাখছে। শহরে স্বাস্থ্যকর বাসযোগ্যতা নিশ্চিত করতে এইসব জমি যথাসম্ভব রক্ষা করা আবশ্যক।

বাস্তবায়নের পদ্ধতিঃ

পরিবেশ অধিদপ্তরের EIA নির্দেশিকায় উৎপাদনশীল জমিতে উন্নয়ন গ্রহণের বিরুদ্ধে সুপারিশ করা হয়েছে। এর মাধ্যমে বিদ্যমান ব্যবহৃত জমিসমূহের অধিক অর্থনৈতিক ব্যবহার অপরিহার্য করে তুলবে। এটি উৎপাদনশীল কৃষিজমির হ্রাস রোধ করবে। ন্যূনতম প্রয়োজনীয়তার ভিত্তিতে শহরের বিকাশ এবং জমি অধিগ্রহণ সতর্কভাবে নির্ধারণ করতে হবে। ২০৩৭ পর্যন্ত পৌরসভার জনসংখ্যাকে বর্তমান আবাসিক জমিতে ঘনত্ব বৃদ্ধির মাধ্যমে আবাসিত করা সম্ভব। এভাবে কৃষি জমির একটি বৃহৎ অংশ অন্তত এই সময়ের জন্য রক্ষা করা যায়।

পৌরসভা সীমানার ভিতরে ভূমি কৃষি জমি হিসাবে বর্তমানে ব্যবহৃত হতে পারে কিন্তু ভবিষ্যতের ব্যবহার অবশ্যই শহুরে হবে। মহাপরিকল্পনায় প্রস্তাবিত কৃষিজমি ভবিষ্যতের নগরায়নের জন্য সংরক্ষিত থাকবে। যখন নগরের জমির চাহিদা বৃদ্ধি পাবে কৃষি জমিগুলো নগরায়নের জন্য ব্যবহার করা যাবে। কৃষি ভূমি ব্যবহার সম্পর্কৃত পরিবেশ অধিদপ্তরের যে নির্দেশনা রয়েছে তা সংশোধন করে নগরায়নের কাজে ব্যবহার করার বিধান রাখা প্রয়োজন।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- কৃষি মন্ত্রণালয়
- ডিসি, খাগড়াছড়ি
- পরিবেশ অধিদপ্তর
- পানি উন্নয়ন বোর্ড
- অন্যান্য
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূসম্পদ /০৯: নদীভাঙন সুরক্ষা

যৌক্তিকতাঃ

চেঙ্গি নদীর ভাঙ্গন ভূমি এবং সম্পদের ক্ষয়ক্ষতির জন্য হুমকি হতে পারে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে পাড় এ বাঁধ দেওয়া।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- বিডব্লিউডিবি
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূসম্পদ /১০: নদী, খাল/নালা, বিল, পুকুর ও নিচুজমির সংরক্ষণ

নদী, খাল, পানির নালা, বিল, পুকুর ও নিচু জমি সমূহের সংরক্ষণ করা উচিত।

যৌক্তিকতাঃ

ড্রেনেজ ব্যবস্থা খাগড়াছড়ি পৌরসভার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। তাই এটি পরিকল্পিত ও সুবিন্যস্তভাবে করা প্রয়োজন। ড্রেনেজ সংশ্লিষ্ট উপাদানগুলো হচ্ছে বিল, পুকুর এবং নিচু ভূমি। ছড়া হচ্ছে প্রাকৃতিক নিষ্কাশন ব্যবস্থা, যাদের মধ্য দিয়ে চেঙ্গি নদীতে সুষ্ঠু ভাবে পানি নিষ্কাশনের জন্য এদের অবৈধ দখল রোধ করা উচিৎ। বর্ষাকালে আকস্মিক বন্যা হয় এবং যার ফলে নদীতে পানি উপচানোর ফলে ওয়ার্ড নং ১, ৩ ও ৯ এবং এর আশেপাশের অঞ্চলের ক্ষতি হয়। এছাড়াও নদী বিনোদন ও প্রাকৃতিক সৌন্দর্যের মাধ্যম হিসেবেও কাজ করে। নদীভাঙ্গন রোধ করার জন্য নদীর পাড়ে অবৈধ দখল ও অবকাঠামো নির্মাণ বন্ধ করা উচিৎ। প্রধাণ ছড়াগুলি যেমন বড় খাগড়াছড়ি ছড়া, সিঙ্গিনালা ছড়া, অনন্ত মাস্টার পাড়া ছড়া এবং নারাংখাইয়া ছড়া, রাঙ্গাপানি ছড়া, পানখাইয়া পাড়া ছড়া ও বাঙ্গালকাটি হ্রদ ইত্যাদি জলাশয়কে নিরাপত্তা দিতে হবে, যেন অবৈধ দখল থেকে মুক্ত হয়ে এলাকাকে কার্যকর রাখতে পারে। চেঙ্গি নদী ও ছড়াগুলোর প্রবাহ এমনভাবে সংরক্ষণ করতে হবে, যেন বর্ষাকালে আকস্মিক বন্যার সময় পানির নিষ্কাশন সুষ্ঠুভাবে হয়।

বাস্তবায়নের পদ্ধতিঃ

খাগড়াছড়ি পৌরসভার প্রভাব এলাকার এই মহাপরিকল্পনা জলাধার সংরক্ষণ আইন, ২০০০ অনুসারে জলাশয়গুলো সংরক্ষণ করা প্রয়োজন। জনসংখ্যা অভিক্ষেপ থেকে দেখা যায় যে, ২০৩৭ সাল পর্যন্ত পৌরসভার বর্ধিত জনসংখ্যাকে বর্তমান আবাসিক জমিতে ঘনত্ব বৃদ্ধির মাধ্যমে আবাসন ব্যবস্থা করা সম্ভব। এভাবে অনেকগুলো জলাশয় সংরক্ষণ করা সম্ভব হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- ডিসি, খাগড়াছড়ি
- পানি উন্নয়ন বোর্ড
- দাতা সংস্থা
- অন্যান্য
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূসম্পদ /১১: খোলা/সবুজ বিনোদনমূলক স্থান

যৌক্তিকতাঃ

জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে খোলা জায়গার পরিমান কমে যায় এবং জনাকীর্ণ নগর এলাকা গড়ে উঠে। নগর এলাকা গড়ে উঠার সাথে সাথে যেন খোলা জায়গা বিলীন হয়ে না যায় তা নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

নগর পরিকল্পনাতেই বিনোদনমূলক খোলা জায়গার প্রস্তাবনা থাকবে এবং সেই অনুযায়ী ভূমি অধিগ্রহণ এবং অর্থায়ন করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- পরিবেশ অধিদপ্তর
- উদ্যান বিভাগ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূসম্পদ /১২: সামাজিক বনায়ণ বৃদ্ধি

যৌক্তিকতাঃ

বসবাসযোগ্য পরিবেশ তৈরি ও ভূমিধস হ্রাস করার জন্য বনায়ন বৃদ্ধি করতে হবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

অংশগ্রহণমূলক এবং অংশীদারিমূলক সামাজিক বনায়ন প্রকল্প গ্রহণ, নার্সারি স্থাপন এবং গাছ কাটার বিরুদ্ধে কঠোর আইন প্রয়োগের জন্য উতসাহ দিতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- পরিবেশ অধিদপ্তর
- বিডব্লিউডিবি
- বন অধিদপ্তর
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- উদ্যান বিভাগ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

নীতি-ভূসম্পদ /১৩: সবুজ বেষ্টনীর উন্নয়ন

যৌক্তিকতাঃ

যৌক্তিকতাঃ

অবৈধ ও অননুমোদিত দখল থেকে অবকাঠামোকে সুরক্ষা প্রদান করা প্রয়োজন। রাস্তার পাশের জায়গা (রাইট অফ ওয়ে) দখল এবং অন্যান্য সরকারি জায়গা অননুমোদিত দখল একটি সাধারণ ব্যাপার এবং এটি জনসাধারণের জন্য বিশাল

বিড়ম্বনার সৃষ্টি করছে। এইসব এলাকা সবুজ বেষ্টনী দ্বারা সুরক্ষিত হবে। সবুজ বেষ্টনীভুক্ত এলাকা হচ্ছে মহাসড়ক, রেলপথ, আঞ্চলিক সড়ক, নদী, খাল বিল সংলগ্ন এলাকা এবং জনসাধারণের খোলা জায়গা। পদ্ধতিগতভাবে বৃক্ষরোপণ ও বনায়ন এগুলো দখল থেকে রক্ষা করতে পারে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

জাতীয় মহাসড়কের উভয় পাশে ১০ মিটার অব্যবহৃত ভূমিতে উপযুক্ত বৃক্ষরোপণের দ্বারা রক্ষা করা উচিত এবং এগুলো সঠিক পর্যবেক্ষণ এবং তত্ত্বাবধানে রাখা উচিত। নদী/খাল/নদীতীর, সরকারি জমি এবং অন্যান্য জনস্বার্থের জন্য নির্দিষ্ট জায়গাগুলোর মত এলাকাসমূহও যথোপযুক্ত বৃক্ষরোপণ দ্বারা রক্ষা করা উচিত।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- ডিসি, খাগড়াছড়ি
- পৌরসভা
- সড়ক ও জনপথ
- রেলপথ মন্ত্রণালয়
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- পরিবেশ অধিদপ্তর
- দাতা সংস্থা
- উদ্যান বিভাগ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নীতি-ভূসম্পদ /১৪: দুর্যোগ প্রতিরোধে প্রাকৃতিকভাবে 'প্রচন্ড দুর্যোগপ্রবণ' এলাকাসমূহ চিহ্নিত করা

যৌক্তিকতাঃ

জরিপ রিপোর্ট থেকে জানা যায় যে, খাগড়াছড়ি বাংলাদেশের সবচেয়ে বন্যাপ্রবণ এবং সবচেয়ে ভাল কৃষিজ এলাকাসমূহের একটি। এটি একটি মাঝারি ভূমিকম্প প্রবণ এলাকা। প্রচন্ড দুর্যোগ থেকে এই এলাকাকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থা প্রয়োজন। ***মানচিত্র ৫-২*** খাগড়াছড়ি এলাকার ঝুঁকিপূর্ণ অঞ্চল দেখানো হয়েছে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

প্রাকৃতিকভাবে 'প্রচন্ড দুর্যোগপ্রবণ' (ভূমিকম্প, বন্যা) এলাকাসমূহ চিহ্নিত করে দুর্যোগ প্রতিরোধে প্রতিকারক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। দুর্যোগ হল প্রাকৃতিক চরম ঘটনা এবং মানবীয় কর্মকান্ডের ফলাফল। উন্নয়ন কর্মকান্ডে দুর্যোগের ঝুঁকি একটি অমিমাংসিত বিষয়। নগরায়ন এবং দুর্যোগের সম্পর্ক খুবই জটিল এবং পরিস্থিতির উপর নির্ভর করে। জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ সংঘটনের হার বৃদ্ধি পেতে পারে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- পরিবেশ অধিদপ্তর
- সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা
- দাতা সংস্থা
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

মানচিত্র ৫-২: কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ ও ঝুঁকিপূর্ণ এলাকা

1:42,573

Land use Category	Area (Acre)	%
Agriculture	1168.74	33.77
Restricted Area	411.37	11.89
Hill Area	108.53	3.14
Water Body	326.84	9.44
Other Use	1445.57	41.77
Total	3461.05	100



Level of Vulnerability	Structure No.
Low	121
Medium	260
High	2381
Total Vulnerable	2762

Chengi Square
Shapla Chhatar
Shila Chhara
Thakur Chhara
Sobujbag
Army Area
Comilla Tilla
BGB Area
Larma Square
Police Line Area
Shalbon
APBN Area
To Panchhari
To Dighinala
To Chittagong
To Vuachhari
Matiranga
Bhangamara
Kamalchhari
Golabari
Perachhara
Ward No. 01
Ward No. 02
Ward No. 03
Ward No. 04
Ward No. 05
Ward No. 06
Ward No. 07
Ward No. 08
Ward No. 09
Chengi River
Risang Bus Stopage
Alutila Cave
Alutila Cave Ticket Counter
Alutila Buddhist Pagoda
Alutila Tarang
Aparajita Buddhist Pagoda
BSCIC Zero Mile
Shilachhara Bridge
Thakurchhara Primary School
Thakurchhara Shiv Temple
Mohol Chhori
Thakurchhara Naton Bazar
Komolchori
Rangapani Chhara
Pani Muchor Chora
Apar Perachora
Tetultola Village
Battlion Area
Police Line
Shalbon Rasulpur
Harinath Para
East Mohammadpur
Mohammadpur
APBN Khal
Modhupur
South Modhupur
Pankhaiya Para
Rupnagar
Islampur
Upali Para
Khobongpuriya
Young Star Club
Mohajon Para
Shobdo Miya Para
Aram Bag Area
Kolyanpur
Tapoban Ashram
Dumping Site
Resettlement Area (Abasan Prokolpo)
Artomanob
Hill Agricultural Reserch Station, Bari
Ramakrishna Mission
Giri Sorno
Bon Bihar, Dharmapur
Singinala Para
Rosulpur
Comilla Tila
Vulnerable
High Vulnerable
Medium Vulnerable
91°57'0"E
91°58'0"E
91°59'0"E
92°0'0"E
23°8'0"N
23°7'0"N
23°6'0"N
23°5'0"N

MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:42,573 or 1 " = 3,548 ' or 1 cm = 426 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Structure Plan Boundary

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector
- Proposed Embankment

Policy Zones
- Existing Urban Area
- Urban Growth Area
- Conservation Area
- Water Bodies: Khal; River
- Vulnerable Hill Area
- Vulnerable Hill Area
- Restricted Area

৫.৬.৪.৫ পর্যটন এবং বিনোদন

পর্যটক এবং দর্শনার্থীদের আকর্ষণ করার জন্য একটি শহরের নিজস্ব আকর্ষণ থাকা প্রয়োজন। পর্যটন এবং বিনোদন সুবিধার প্রচারগুলি পর্যটকদের আকৃষ্ট করার জন্য পুল ফ্যাক্টর হিসাবে কাজ করবে।

নীতি-ভূসম্পদ /১৫: পর্যটন সম্প্রসারণ

যৌক্তিকতাঃ

পর্যটনের উন্নয়ন জাতীয় এবং আন্তর্জাতিক উভয়ই পর্যটকদের আকৃষ্ট করবে এবং তাদের ব্যয়িত অর্থ নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে। উন্নত অবকাঠামো, থাকার ভাল ব্যবস্থা, শহুরে পরিষেবা এবং সুবিধা শহর ও আশেপাশে পর্যটন প্রচারে সহায়তা করবে। উন্নত শহুরে পরিষেবা ও সুযোগ-সুবিধা কেবল পর্যটনকেই উতসাহিত করবে না, শহর ও এর আশেপাশের অঞ্চলগুলির অর্থনৈতিক উন্নতিও করবে। খাগড়াছড়ি-রাঙ্গামাটি সড়কের পাশের মাইছুড়িতে প্রস্তাবিত অভ্যন্তরীণ বিমানবন্দর এই অঞ্চলে পর্যটনকে বাড়িয়ে তুলবে। ***মানচিত্র ৫-৩*** এ ডোমেস্টিক বিমানবন্দরের অবস্থান দেখানো হয়েছে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

রাস্তা-ঘাট, আবাসন ইত্যাদির উন্নয়ন প্রকল্প গ্রহণ এবং কিছু বিনোদনমূলক জায়গা, পার্ক ইত্যাদির বিকাশের জন্য বাজেট বরাদ্দ যেন তা পর্যটকদের আকর্ষণ করে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পর্যটন কর্পোরেশন
- পৌরসভা
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

মানচিত্র ৫-৩: প্রকল্প এলাকায় প্রস্তাবিত ডোমেস্টিক এয়ারপোর্ট

1:84,535



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 1 2 4 6 8 10 12 Kilometers

Scale: 1:84,535 or 1 " = 7,045 ' or 1 cm = 845 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Structure Plan Boundary

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Policy Zones
- Existing Urban Area
- Urban Growth Area
- Conservation Area
- Water Bodies: Khal; River

নীতি-ভূসম্পদ /১৬: শহর পর্যায়ে বিনোদন সুবিধা সম্প্রসারণ

যৌক্তিকতাঃ

বিনোদন কেন্দ্র, পার্ক, খেলার মাঠ, মজার মেলার মতো সুবিধা পর্যটক এবং দর্শকদের আকর্ষণ করতে পারে। এই ধরনের পরিষেবার অনেক চাহিদা আছে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

বিনোদনমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য বাজেট বরাদ্দ করতে হবে। উপযুক্ত স্থান নির্বাচন এবং উদ্ভাবনী ধারণার সংযোজন হতে হবে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পর্যটন কর্পোরেশন
- পৌরসভা
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- সংস্কৃতি ও ক্রীড়া মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
- প্রাইভেট ডেভেলপার

নীতি-ভূসম্পদ /১৭: স্থানীয় ঐতিহ্য ভিত্তিক পর্যটন সম্প্রসারণ

যৌক্তিকতাঃ

স্থানীয় ঐতিহ্য এবং সংস্কৃতিকে ভিত্তি করে পর্যটনকে উতসাহিত করতে হবে। এর মধ্যে হস্তশিল্প, সংস্কৃতি, প্রত্নতাত্ত্বিক / ঐতিহাসিক স্থান, ধর্মীয় গুরুত্বের স্থান, উপজাতি গ্রাম অন্তর্ভুক্ত।

বাস্তবায়নের পদ্ধতিঃ

ঐতিহ্য সংরক্ষণ, ঐতিহ্যবাহী সংস্কৃতি প্রচার, অবকাঠামো উন্নয়ন।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- প্রত্নতত্ত্ব বিভাগ
- সংস্কৃতি ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- বেসরকারি সংস্থা
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (CHTDB)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
- প্রাইভেট ডেভেলপার

ষষ্ঠ অধ্যায় অর্থনীতি

সূচিপত্র

৬.১ ভূমিকা ----------৬-১
৬.২ স্থানীয় অর্থনীতি এবং অর্থনীতির চালক ----------৬-১
৬.৩ অশোধিত কার্যকলাপের হার (CRUDE ACTIVITY RATE) ---------- ৬-৪
৬.৪ জীবন জীবিকা ---------- ৬-৪
৬.৫ খাগড়াছড়ি শহরের সঙ্গে আঞ্চলিক ও জাতীয় বাণিজ্যিক সম্পর্ক---------- ৬-৫
৬.৬ স্থানীয় অর্থনীতির উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব ---------- ৬-৫
৬.৭ উন্নয়ন কৌশল ও নীতিমালা ---------- ৬-৫
৬.৮ বাস্তবায়ন ---------- ৬-৬

ষষ্ঠ অধ্যায়
অর্থনীতি

৬.১ ভূমিকা

এই অধ্যায়ের বিষয়বস্তু স্থানীয় অর্থনীতির ভিত্তি। এতে স্থানীয় জনগণের জীবন জীবিকা নিয়েও আলোচনা করা হয়েছে। পরিশেষে স্থানীয় অর্থনীতির প্রবৃদ্ধি বিষয়ে কৌশল এবং নীতিমালা সুপারিশ করা হয়েছে।

৬.২ স্থানীয় অর্থনীতি এবং অর্থনীতির চালক

অর্থনৈতিক চালিকাশক্তি হচ্ছে মূলত কিছু বলের সমষ্টি, যা অর্থনীতি কে সামনে এগিয়ে নিয়ে যায়। প্রতিটি অর্থনীতিতেই অনেকগুলো অর্থনৈতিক চালিকাশক্তি থাকতে পারে, কিন্তু কেবলমাত্র একটি অথবা খুব কম সংখ্যক চালিকাশক্তিই দেশের অর্থনীতি তে ভূমিকা রাখে। প্রতিটি অর্থনীতিতে মূলত তিনটি খাত থাকে- প্রাইমারি খাত, সেকেন্ডারি খাত এবং টার্শিয়ারি খাত বা সার্ভিস খাত। কৃষিকাজ, মৎসচাষ, হাঁস-মুরগিপালন, গবাদিপশু পালন এবং কৃষি বিপণন নিয়ে হচ্ছে প্রাইমারি খাত। সেকেন্ডারি খাতে আছে, শিল্প এবং শিল্প পণ্য বিপণন। তৃতীয় খাত হচ্ছে টার্শিয়ারি খাত বা সার্ভিস খাত। এই খাতের কাজ হচ্ছে ব্যবসা বাণিজ্য পরিচালনা করা। এই খাত যে কোন অর্থনীতির সর্ববৃহৎ খাত। এই খাতের মূল কাজ ভোক্তাদের সেবা প্রদান। এই খাতে আছে বাণিজ্য যেমন, পাইকারী ও খুচরা পণ্য বিপণন, অর্থ বিষয়ক সেবা, শিক্ষা এবং স্বাস্থ্য বিষয়ক সেবা, হোটেল রেস্টুরেন্ট এবং পরিবহন ইত্যাদি। যেহেতু খাগড়াছড়ি একটি নগর এলাকা, তাই এখানে প্রাইমারি খাতের বড় কোন উপস্থিতি দেখা যায় না।

বাংলাদেশের সেবা খাতসমূহ বিশাল স্তরের কর্মকান্ড পরিচালনা করে, যেমন বাণিজ্য, হোটেল এবং রেস্তোরা, পরিবহন, সঞ্চয়স্থান, অর্থব্যবস্থা, বীমা, রিয়েল এস্টেট, ব্যবসায়িক সেবা, সম্প্রদায়, সামাজিক এবং ব্যক্তিগত সেবা, অবকাঠামো নির্মাণ সেবা, গৃহপরিচারিকা, ভ্রমণ, চিকিৎসা এবং শিক্ষা। বিপরীতে, স্বতন্ত্র ব্যক্তিরা বিভিন্ন শিল্প-কারখানা বা উৎপাদন ক্ষেত্রগুলোতে গিয়ে বিভিন্ন স্পৃশ্য বস্তু যেমন গাড়ি, কাপড় কিংবা সরঞ্জাম প্রস্তুত করে। সেবাপ্রাপ্ত এলাকাগুলোতে ব্যবসা খুব দ্রুত প্রাধান্য পাচ্ছে এবং "অর্থনীতির জ্ঞান" হিসেবে পরিচিতি পাচ্ছে, যার মানে হচ্ছে গ্রাহকদের চাহিদাকে প্রাধান্য দিয়ে একই সাথে প্রতিদ্বন্দ্বীদের সাথে প্রতিযোগিতা করা, এবং প্রয়োজন এবং চাহিদার মধ্যে সম্পর্ক স্থাপন করে খুব দ্রুত এবং স্বল্প খরচে ব্যবসা পরিচালনা করা।

সারণি ৬-১: পরিবারের আয়ের উৎস

ক্র.নং	পারিবারিক আয়ের প্রধান উৎস	সংখ্যা	%
১	চাকরি	১৫২	৫০.৬৭
২	ব্যবসা	১২৬	৪২.০০
৩	বাড়ি ভাড়া	১৮	৬.০০
৪	দিনমজুর	৫০	১৬.৬৭
৫	অন্যান্য	৪০	১৩.৩৩
	মোট	৩৮৬	**১০০.০০**

তথ্যসূত্রঃ খাগড়াছড়ি পৌরসভার বেসলাইন জরিপ, ২০১৬

বেসলাইন জরিপ অনুযায়ী, সাড়া প্রদানকারীদের ভেতর প্রায় ৪২% পরিবারের আয়ের প্রধান উৎস হচ্ছে ব্যবসা, ৫০.৬৭% পরিবারের আয়ের প্রধান উৎস চাকরি হতে প্রাপ্ত বেতন, পরিবারের আয়ের প্রধান উৎসের বর্ণনা ***সারণি ৬-১*** এ বিস্তারিত ভাবে দেয়া হল।

শহরের সার্বিক অর্থনৈতিক কর্মকান্ড ছয়টি বাজারের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। এ ছাড়া শহরে কয়েকটি ছোট বিপণন কেন্দ্র রয়েছে। বিসিক শিল্প এস্টেটে খুব কম শিল্প প্রতিষ্ঠানই রয়েছে যারা শহরের অর্থনীতি এবং কর্মসংস্থানের ওপর প্রভাব ফেলতে পারে।

খাগড়াছড়ি শহরে ৬ টি পৌর-মার্কেট এবং ৬ টি হাট/বাজার রয়েছে। এর মধ্যে মধুপুর বাজার, স্বনির্ভর বাজার, খাগড়াছড়ি বাজার, বটতলি বাজার ইত্যাদি উল্লেখযোগ্য। শহরের প্রায় সব রকমের বাণিজ্যিক কর্মকান্ডই এই সব মার্কেট এবং বাজার থেকে পরিচালিত হয়। শহরে বড়ছোট ২৩ টি রেস্তোরা এবং ২০ টি আবাসিক হোটেল রয়েছে। ভূমি ব্যবহার জরিপ হতে দেখা যায়, পৌরসভার কেবলমাত্র ৫৭.০১ একর (১.৬৫%) জমি বাণিজ্যিক ক্ষেত্রে ব্যবহৃত হয় এবং ৫২.১৭ একর জমি মিশ্র ক্ষেত্রে ব্যবহৃত হয়। যদি এই মিশ্র ব্যবহার্য জমির অর্ধেককেও বাণিজ্যিক ক্ষেত্রে ব্যবহৃত জমি হিসেবে ধরা হয়, তাহলে বাণিজ্যিক ক্ষেত্রে ব্যবহৃত জমির মোট পরিমাণ দাঁড়ায় ৮৩.০৯৫ একর। যেটা প্রয়োজনের তূলনায় খুবই নগণ্য, এবং এটাই বোঝায় যে জেলা শহর হিসেবে এখানে বাণিজ্যিক কর্মকান্ডের পরিমাণ খুবই কম। শিল্প ক্ষেত্রে এই অবস্থা আরো শোচনীয়। জরিপ হতে দেখা যায়, মাত্র ৬.২৮ একর জমি শিল্পক্ষেত্রে ব্যবহৃত হয়, যেটা মোট পৌরসভার মাত্র ০.১৮%। এর ভেতর চালের মিল, তেলের মিল, আটার মিল এবং বেকারি রয়েছে। এরা পণ্য উৎপাদনের একক, তাই এদের শিল্প কারখানা হিসেবেও ধরা যায় না। বিসিক এস্টেটে মাত্র একটি খাবার পানির প্ল্যান্ট রয়েছে, যা বর্তমানে অচল রয়েছে।

শহরের প্রধান ব্যবসা স্থল সম্পর্তিত তথ্য ***সারণি ৬-২*** এ দেয়া হলো।

সারণি ৬-২: প্রধান অর্থনৈতিক কর্মকান্ডের অবস্থান

ক্র. নং.	প্রধান অর্থনৈক কর্মকান্ডের অবস্থান	সংখ্যা
১	পৌর মার্কেট	০৬
২	হাট/বাজার	০৬
৩	আবাসিক হোটেল	২০

তথ্যসূত্রঃ খাগড়াছড়ি পৌরসভা, ২০১৬

সারণি ৬-৩: খাগড়াছড়ি পৌরসভার প্রধান বাজারের তালিকা

ক্র. নং.	বাজারের নাম	ওয়ার্ড নং
১	মধুপুর বাজার	৭
২	স্বনির্ভর বাজার	১
৩	খাগড়াছড়ি সদর বাজার	৮
৪	বটতলি বাজার	৯
৫	ন্যান্সি বাজার	৫
৬	নিচের বাজার, পশুর বাজার	৮

তথ্যসূত্রঃ খাগড়াছড়ি পৌরসভা, ২০১৬

শহরের ক্রেতারা সাধারণত এই সকল বাজার থেকে তাদের নিত্য প্রয়োজনীয় দ্রব্য ক্রয় করে। রবি এবং বৃহস্পতিবার খাগড়াছড়ি এলাকার হাটের দিন। সুদূর পাহাড়ি অঞ্চল যেমন, পানছড়ি, দিঘিনালা, ভাইবোন ছড়া থেকে মানুষজন এখানে তাদের জিনিসপত্র বিক্রি করার জন্য নিয়ে আসে। প্রায় সকল পণ্যই কৃষিজাত পণ্য যেগুলো পাহাড়ি অঞ্চলের কৃষকদের দ্বারা উৎপাদিত। কৃষক এবং ব্যবসায়ীরা পাহাড়ি অঞ্চল থেকে মূলত ফল, সবজি, মশলা এবং অন্যান্য উপজাতীয় পণ্য বিক্রির উদ্দেশ্যে জিপ, ভ্যান এমনকি বাইসাইকেলে বহন করে নিয়ে আসে। খুব ছোট বিক্রেতারা তাদের সামান্য কিছু পণ্য রাস্তার ধারে বসে বিক্রি করে। যার ফলে বাজারের কিছু মানুষ রাস্তার ধারে ভিড় করে। এভাবে মানুষের জটলা তৈরী হয়। খাগড়াছড়ি অঞ্চলের হলুদ পুরো বাংলাদেশে বিখ্যাত। খাগড়াছড়ি থেকে বিপুল পরিমাণ পণ্য দেশের বিভিন্ন অঞ্চল যেমন চট্টগ্রাম, ঢাকায় রপ্তানি করা হয়।

যদিও খাগড়াছড়ি শহর পর্যটকদের কাছে খুব বেশি আকর্ষণীয় নয়, কিন্তু পর্যটকরা এই শহরকে এক স্থান থেকে অন্য স্থানে চলাচলের মূল কেন্দ্রবিন্দুতে পরিণত করেছে। খাগড়াছড়ি এলাকায় শহরের সাথে অন্যান্য অঞ্চলের যোগাযোগ

ব্যবস্থার সহজলভ্যতা এবং অপেক্ষাকৃত স্থিতিশীল রাজনৈতিক অবস্থার কারণে এখানে আবাসিক হোটেলের সাথে সাথে পর্যটকদের সংখ্যা দিনদিন বেড়ে যাচ্ছে। এই বিশাল সংখ্যক পর্যটকরা এখানের বাণিজ্যিক কর্মকান্ডে বিশেষ ভূমিকা পালন করে। পর্যটকদের জন্য ভরা মৌসুম হচ্ছে অক্টোবর থেকে ফেব্রুয়ারী মাস, এবং এই সময় দোকানপাট এবং হোটেলগুলোতে সর্বোচ্চ সংখ্যক ব্যবসা হয়।

পর্যকটকদের জন্য প্রধান ভ্রমণ কেন্দ্রগুলো হচ্ছে – আলুটিলা রহস্যময় গুহা, শতবর্ষী বটবৃক্ষ, দীঘিনালা মানিক্কের দীঘি, দীঘিনালা ঝর্ণা, দীঘিনালা সংরক্ষিত বন, পার্বত্য চট্টগ্রাম কৃষি গবেষণা প্রকল্প, লক্ষ্মীছড়ি ঝর্ণা, মানিকছড়ি মগরাজার আবাসস্থল, মাতাইপুকুরী, দেবতা পুকুর, পানিছড়ি বৃহৎ বুদ্ধ ভাস্কর্য, রামগড় হ্রদ এবং চা বাগান, রামগড় পাহাড়, রাইফেলস স্মৃতি ভাস্কর্য (রামগড়), রিসাং ঝর্ণা, সাজেক ও মারিসা উপত্যকা, সাপছড়ি ঝর্ণা, সিন্দুকছড়ি পুকুর, ইয়োঙ্গড বুদ্ধ বিহার, ভগবান টিলা ইত্যাদি।

বিশাল সংখ্যক পর্যটকরা খাগড়াছড়ি অঞ্চলের সাজেক উপত্যকা ভ্রমণ করতে আসে। সাজেক উপত্যকা পাহাড়ের ওপর থেকে এর মনমুগ্ধকর প্রাকৃতিক দৃশ্যের কারণে খুব বেশি আলোচিত। পর্যটকরা সকালে খাগড়াছড়ি থেকে বিশাল দূরত্ব অতিক্রম করে এখানে আসে এবং বিকেলের মধ্যেই ফিরে যায়, কারন এখানে থাকা এবং খাওয়ার পর্যাপ্ত সুযোগ সুবিধা নেই।

খাগড়াছড়ি অঞ্চলের অর্থনৈতিক কর্মকান্ড প্রাকৃতিগতভাবেই কম, এর কারন হিসেবে বলা যায় অদক্ষ জনবল, কম বিনিয়োগ এবং শ্রমক্ষেত্রে বিশাল বড় জনগোষ্ঠির অংশগ্রহণ।

বেসলাইন জরিপ হতে প্রাপ্ত কর্মসংস্থাণের অবস্থা হতে দেখা যায়, প্রায় ৩১% মানুষ কৃষি ও এর আনুষাঙ্গিক কর্মকান্ডের সাথে যুক্ত, যেসব এলাকা শহরের সীমান্তে অবস্থিত। ৩০% মানুষ দিনমজুর এবং ১০% মানুষ বিভিন্ন ব্যবসায়িক কর্মকান্ডে যুক্ত।

সারণি ৬-৪: কর্মসংস্থানের অবস্থা

ক্রমিক নং	কর্মসংস্থানের কেন্দ্র	কর্মরত (%)
১.	কৃষি এবং আনুষাঙ্গিক	৩১.৩
২.	মাছ ধরা/চাষ করা	১.৫
৩.	ব্যবসা	১০
৪.	উৎপাদন	১
৪.	দিনমজুর	৩০
৫.	আত্মনির্ভরশীল	১৭
৬.	অন্যান্য	১০
	সর্বমোট	১০০

তথ্যসূত্রঃ বেসলাইন জরিপ, খাগড়াছড়ি পৌরসভা, ২০১৬

ভৌগলিকভাবে, খাগড়াছড়ি অঞ্চলের আশেপাশের পাহাড়গুলোতে ছড়িয়ে ছটিয়ে আছে অনেক উপজাতীয় বসতি, যেখানে জুম চাষ সম্প্রদায়ের জীবিকা নির্ধারণের প্রধান উপায়। উপজাতীয়রা মূলত নিম্ন আয়ের ফলে খুব নিচুমানের জীবনযাপন করে। তারা প্রধানত পাহাড়ি বন থেকে বিভিন্ন সম্পদ সংগ্রহ করে এবং উদ্যানপালনের (horticultura) মাধ্যমে জীবিকা নির্বাহ করে থাকে। পাহাড়ি অঞ্চলে ফল যেমন আনারস, আম, পেঁপে, কলা এবং পেয়ারা জন্মে।

খাগড়াছড়ি এলাকার প্রধান দুর্বলতা হিসেবে ধরা হয় মূলত জলবায়ুর পরিবর্তনের ফলে মৌলিক সেবার অভাব, বিশেষ করে পানির সরবরাহ, নিষ্কাশন, পয়ঃনিষ্কাশন এবং বর্জ্য পরিশোধন। পরিকল্পিত নগর উন্নয়নের দিকে কম দৃষ্টিপাত করার ফলে পুরো উন্নয়নের ওপর নিয়ন্ত্রণ কমে যায়, যা দীর্ঘমেয়াদি হতে পারে। মৌলিক অবকাঠামোর সাথে সাথে জলবায়ুর সাথে বন্ধুত্বপূর্ণ উন্নয়নমূলক কর্মকান্ডের মাধ্যমে স্থিতিশীলতা অর্জন, স্থিতিশীলতার মাত্রা সনাক্তকরণ এবং উন্নয়নের লক্ষ্যে অগ্রসর হওয়া পৌরসভার মূল উদ্দেশ্য।

খাগড়াছড়ি পৌরসভা পর্যটন, আসবাবপত্রের কারখানা, হস্তশিল্প কারখানা এবং মাছ চাষের জন্য খুবই সম্ভাবনাময় স্থান। এই জেলার সাথে অন্যান্য জেলার যোগাযোগ ব্যাবস্থা খুবই ভাল। এই জেলায় বিভিন্ন জাতের ফল যেমন আমড়াপালি

আম, কাঁঠাল, লিচু ইত্যাদি উৎপাদিত হয়, যেগুলো দেশে এবং বিদেশে খুবই জনপ্রিয়। খাগড়াছড়ি এলাকার অর্থনীতিতে কৃষি পণ্য খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শিল্প কারখানাগুলোতে অর্থায়নের মূল অন্তরায় রয়েছে লোডশেডিং, স্থানীয় রাজনৈতিক অস্থবিরতা, পর্যাপ্ত ঋণের অভাব এবং পর্যাপ্ত প্রাতিষ্ঠানিক সাহায্যের অভাব।

ওপরে বর্ণিত তথ্যগুলো হতে দেখা যায় যে, স্থানীয় অর্থনৈতিক গত খুবই স্থবির, যেটা প্রধানত তৃণমূল বা চাকরি খাতের ওপর ভিত্তি করে গড়ে ওঠা। জনসংখ্যা সমীক্ষা প্রতিবেদন এবং পারিবারিক জরিপ হতে দেখা যায়, এই পৌরসভার কর্মসংস্থান মূলত পরিষেবা খাত এবং ব্যবসার ওপর নির্ভরশীল।

৬.৩ অশোধিত কার্যকলাপের হার (Crude Activity Rate)

বিবিএসের তথ্য অনুযায়ী, ক্রুড এ্যক্টিভিটি রেট হচ্ছে ১০ বছর বা বেশি বয়সি অর্থনৈতিকভাবে সক্রিয় জনসংখ্যা এবং মোট জনসংখ্যার অনুপাত যা শতাংশে প্রকাশ করা হয়। অর্থনৈতিকভাবে সক্রিয় জনসংখ্যা হচ্ছে তারাই, যারা ইতিমধ্যে কাজ করছে অথবা কাজ অনুসন্ধান করছে। বাংলাদেশের সার্বিক ক্রুড এ্যক্টিভিটি রেট হচ্ছে ৩৫.৩৯%- পুরুষের ক্ষেত্রে ৫৭.৫৮% এবং নারীর ক্ষেত্রে ১২.২৭%। খাগড়াছড়ি জেলার সার্বিক ক্রুড এ্যক্টিভিটি রেট হচ্ছে ৩১.৯৬% (উভয় লিংগ)- পুরুষ- ৫৪.৮১% এবং নারী-৭.২৬%। সংখ্যাগুলো জাতীয় মানের অনেক নিচে।

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলটি ভৌগলিকভাবে সমতল নয় এবং এর অনেকগুলো খাড়া পর্বতশৃঙ্গ, পাহাড়ি ভূখন্ড এবং অনেক যায়গায় ঘন বাঁশবন রয়েছে। তাই এই অঞ্চলের অসমতল ভূ-বিন্যাস, বিচ্ছিন্ন এবং আলাদা বসতির ধরণ এবং বিভিন্ন রাজনৈতিক কারনগুলো সরাসরি এই অঞ্চলের উন্নয়নমূলক কর্মকান্ডে বাঁধা সৃষ্টি করে।

৬.৪ জীবন জীবিকা

জীবন জীবিকার মাধ্যমে মানুষ প্রতিদিন জীবন ধারণের জন্য আয় রোজগার করে থাকে। এটি কিছু কর্মকান্ডের সমষ্টি, যার প্রধান উদ্দেশ্য খাদ্য, পানি, আবাসস্থল, বস্ত্র, স্বাস্থ্য এবং শিক্ষা নিশ্চিত করা এবং একই সাথে এই সব প্রয়োজন পূরণ করার মত ক্ষমতা অর্জন করা। জীবিকা নির্বাহের জন্য কর্মকান্ড প্রধানত একটি ধারাবাহিক প্রক্রিয়া। উদাহরণস্বরূপ, একজন জেলের জীবিকা নির্ভর করে মাছের প্রাপ্যতা এবং গ্রহণযোগ্যতার ওপর। শহর হিসাবে খাগড়াছড়ি এলাকার মানুষের জীবনধারণ প্রক্রিয়া গ্রামের তুলনায় ভিন্ন। তবে নগরায়ন ধারা ধীর থাকায় অনেক গ্রামীণ সংস্কৃতি এখনো রয়ে গিয়েছে, যার ফলে এখনো অনেক মানুষ কৃষি এবং এর আনুষাঙ্গিক কাজের সাথে জড়িত (পারিবারিক জরিপ অনুযায়ী ৩১.৩%)। প্রায় ১০ শতাংশ পরিবার ব্যবসা এবং চাকুরির আয় রোজগার থাকে জীবন ধারণ করে থাকে।

নমুনা জরিপ থেকে দেখা যায় যে ৭৪.৩৪% খানার মাসিক আয় ৳১৪০০০ বা তার বেশি; ৭.৬৬ শতাংশ খানার মাসিক আয় ৳৮০০০ বা তার কম। এটি দারিদ্র সীমার আয়ের সামান্য উপরে।

জরিপ থেকে দেখা যায় যে ৪৪% বাড়ী ঘর সেমি পাকা। এ সমস্ত বাড়ীর ছাদ টিনের এবং দেয়াল ইটের তৈরী। প্রায় ৩২.৩৩ শতাংশ বাড়ি টিন শেডের; এবং মাত্র ১১.৬৭ শতাংশ বাড়ি পাকা বা এপার্টমেন্ট ধরণের।

প্রায় ৯৯ শতাংশ বাড়ীতে বিদ্যুৎ সংযোগ আছে, কিন্তু ৭৬.৬৭ শতাংশ বাড়ীতে পৌরসভা কিংবা ডিপিএইচই থেকে প্রদত্ত কোন পানির সংযোগ নেই। নমুনা জরিপ থেকে দেখা যায় যে ৬০.৬৭ শতাংশ বাড়ীতে স্যানিটারি ল্যাট্রিন আছে।

পৌরসভা সূত্র (২০১৬) থেকে জানা যায় যে শহরে ১৪ টি বস্তি আছে। এগুলোতে ৩৬১৫ টি পরিবারের অধীনে ১৭৭৪৯ জন মানুষ বসবাস করে। বস্তিতে বসবাসকারী পরিবারগুলোর মধ্যে ৫ শতাংশ পরিবার মাসে গড়ে ৳৪০০০ থেকে ৳ ৬০০০ আয় করে থাকে। ১.৬৭ শতাংশ মানুষ ৳৪০০০ টাকার কম আয় করে এবং এদেরকে দরিদ্র বলা যায়। প্রায় ৩৮.৩৩% পরিবার মাসে গড়ে ৳১০,০০০ থেকে ৳১৪০০০ আয় করে থাকে।

৬.৫ খাগড়াছড়ি শহরের সঙ্গে আঞ্চলিক ও জাতীয় বাণিজ্যিক সম্পর্ক

খাগড়াছড়ি শহরের সঙ্গে দেশের প্রায় সকল এলাকার বাণিজ্যিক সম্পর্ক আছে, এর ভেতর চট্টগ্রাম এবং ঢাকার সাথে প্রধান সম্পর্ক। খাগড়াছড়ি থেকে মূলত ফল (আম, কাঁঠাল, লিচু, তরমুজ, কলা), কাঠ, কৃষি পণ্য সারা দেশে রপ্তানী করা হয়। পচনশীল দ্রব্য ছাড়া প্রায় সব ধরনের ভোগ্য পণ্য ঢাকা ও চট্টগ্রাম থেকে আমদানী করা হয়। কিছু উপজাতীয় পণ্য যেমন শাল, হস্তশিল্প দ্বারা তৈরি পণ্য রাঙ্গামাটি থেকে আমদানি করা হয়।

৬.৬ স্থানীয় অর্থনীতির উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব

জলবায়ু পরিবর্তনের ফলে কিছু গভীর প্রকৃতিক বিপর্যয় তৈরী হবে যেমন, ট্রপিক্যাল সাইক্লোন যা সম্পদ ও প্রাণহানী ঘটাবে। অতি বৃষ্টি বন্যার প্রকোপ বৃদ্ধি করবে ফলে কৃষি, বাড়ীঘর ও অবকাঠামো ক্ষতিগ্রস্থ হবে। খাগড়াছড়ি এলাকার প্রধান দুর্বলতা হিসেবে ধরা হয় মূলত জলবায়ুর পরিবর্তনের ফলে মৌলিক সেবার অভাব, বিশেষ করে পানির সর্বরাহ, নিষ্কাশন, পয়ঃনিষ্কাশন এবং বর্জ্য পরিশোধন। পরিকল্পিত নগর উন্নয়নের দিকে কম দৃষ্টিপাত করার ফলে পুরো উন্নয়নের ওপর নিয়ন্ত্রণ কমে যায়, যা দীর্ঘমেয়াদি হতে পারে।

জলবায়ু পরিবর্তন সহনীয় উন্নয়ন অর্জন করতে হলে অবকাঠামোগুলোকে জলবায়ু পরিবর্তন সহনীয় করে নির্মাণ করার কার্যক্রম গ্রহণ করতে হবে। এটি হতে হবে পৌরসভার অগ্রাধিকার দায়িত্ব।

৬.৭ উন্নয়ন কৌশল ও নীতিমালা

উদ্দেশ্যঃ বিনিয়োগ ও কর্মসংস্থান প্রসার করা এবং নিরাপত্তা সুনিশ্চিত করা।

কৌশলঃ অবকাঠামো এবং সেবা খাতে বিনিয়োগ বৃদ্ধি করতে হবে (নিম্ন সুদে ঋণ প্রদানের মাধ্যমে)। পৌরসভার তথ্যমতে চাঁদাবাজি শিল্প খাতে বিনিয়োগ হওয়ার জন্য একটা বড় হুমকি। পর্যাপ্ত আইন শৃঙ্খলা বৃদ্ধির মাধ্যমে এই হুমকি দূর করার জন্য মহাপরিকল্পনায় প্রস্তাবনা রাখা হয়েছে।

নীতি/অর্থ/১: এসএমই খাতের উন্নয়নে স্থানীয় ও আঞ্চলিক চাহিদা মেটানো

এই খাতের প্রসারের ফলে নতুন কর্মসংস্থান হবে এবং নতূন উদ্যোক্তারা বিনিয়োগে আকৃষ্ট হবে।

নীতি/অর্থ/২: উন্নত অবকাঠামো এবং পরিষেবার সাথে সাথে বিসিক শিল্প এলাকায় পুনঃবিনিয়োগ

শিল্প এলাকা পরিপূর্ণভাবে ব্যবহারের সুযোগ তৈরী হবে ফলে নতুন বিনিয়োগকারীরা শিল্প স্থাপনে এগিয়ে আসবে।

নীতি/অর্থ/৩: নতুন উদ্যোক্তাদের জন্য ক্ষুদ্র ঋণের ব্যাবস্থা

নতুন উদ্যোক্তাদের ঋণের চাহিদা পূরণ করতে সহায়তা করবে ।

নীতি/অর্থ/৪: পৌরসভার উদ্যোগে আধুনিক বিপণী কেন্দ্র প্রতিষ্ঠা

এর ফলে শহরের বাইরে থেকে ক্রেতারা এখানে কেনাকাটা করতে আগ্রহী হবে। শহরের অর্থনৈতিক তৎপরতা বৃদ্ধি পাবে, আরো বিপনি কেন্দ্র তৈরী হবে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে।

নীতি/অর্থ/৫: নিষ্কাশন ব্যাবস্থার উন্নতি, কঠিন বর্জ্য ব্যাবস্থাপনা, পানি সর্বরাহ নেটওয়ার্ক সম্প্রসারণ এবং সড়ক রক্ষণাবেক্ষণ

ভালো অবকাঠামো শহরের ভালো চিত্র তৈরী করে। মানুষ সে শহরে বসবাস এবং বিনিয়োগ করতে আগ্রহী হয়।

নীতি/অর্থ/৬: গুণগত মান অনুযায়ী শহরে অতিরিক্ত সড়ক যোগাযোগ গড়ে তোলা

ভালো যোগযোগ ব্যবস্থা আমদানী রপ্তানী সহায়ক এবং সহজ যাতায়াত মানুষের মধ্যে যোগাযোগ এবং মিথস্ক্রিয়া বৃদ্ধি করে।

নীতি/অর্থ/৭: উন্নত সুবিধার বাস এবং ট্রাক টার্মিনাল স্থাপন করা

ভালো মানের পরিবহন ব্যবস্থা যাত্রী এবং মালামাল পরিবহন সহায়ক।

নীতি/অর্থ/৮: শহরে পর্যটনভিত্তিক অর্থনৈতিক অঞ্চলের ধারনা প্রচার ও প্রসার করা

নীতি/অর্থ/৯: পৌরসভা এবং বাজারের তহবিলের মাঝে আন্তঃসম্পর্কিত বিরোধ নিষ্পত্তি করা

নীতি/অর্থ/১০: বিনিয়োগ কারীদের আকৃষ্ট করার জন্য আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন করা।

৬.৮ বাস্তবায়ন

স্থানীয় অর্থনীতি প্রসারের জন্য নীতিমালা বাস্তবায়নের দায়িত্ব পৌরসভা ছাড়াও এই শহরের উন্নয়ন এবং সেবা প্রদানে নিয়োজিত সকল সরকারি প্রতিষ্ঠানের। এই কাজে তাদের সক্রিয় ভূমিকা পালন করতে হবে। শহরের অর্থনীতিকে সমৃদ্ধ করতে হলে সকলের সম্মিলিত প্রয়াস প্রয়োজন। ঋণ সুবিধা প্রদান জাতীয় পর্যায়ের সিদ্ধান্ত। বিসিক শিল্প এলাকাকে পুনরুজীবিত করা বিসিকের দায়িত্ব। পৌরসভায় একটা শপিং সেন্টার নির্মাণ করলে পৌরসভা আরো উন্নতি করবে এবং প্রাইভেট সেক্টরে আর বেশি বিনিয়োগ হবে; অবকাঠামো উন্নয়ন এবং পৌর সেবার মান বৃদ্ধি করা পৌরসভার দায়িত্ব। কিন্তু এগুলো বাস্তবায়ন করতে সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় এবং অন্যান্য মন্ত্রণালয়ের আর্থিক সহায়তা প্রদান করতে হবে। বাজার ফান্ডের ব্যাপারে পৌরসভা এবং পার্বত্য জেলা কাউন্সিলকে সমঝোতা করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। পর্যটন ভিত্তিক অর্থনৈতিক এলাকা গঠনে বড় প্রকল্প হাতে নেয়ার ক্ষেত্রে পার্বত্য জেলা কাউন্সিলকে, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এবং বাংলাদেশ অর্থনৈতিক এলাকা কর্তৃপক্ষের যৌথভাবে সহায়তা প্রদান করতে হবে।

সপ্তম অধ্যায় নগর দারিদ্র্য

সূচিপত্র

৭.১ ভূমিকা ---------- ৭-১
৭.২ বাংলাদেশে নগর দারিদ্র্য ---------- ৭-১
৭.৩ দারিদ্র্য এবং বস্তির জনসংখ্যা ---------- ৭-১
৭.৪ খাগড়াছড়ি শহরের বস্তি ---------- ৭-১
৭.৪.১ জনসংখ্যা ---------- ৭-২
৭.৪.২ বস্তিবাসীদের বয়স ---------- ৭-৩
৭.৪.৩ নারী-পুরুষ অনুপাত ---------- ৭-৫
৭.৪.৪ দরিদ্র পরিবারের সদস্যদের শিক্ষার স্তর ---------- ৭-৫
৭.৪.৫ পেশা এবং পরিবারের সদস্য ---------- ৭-৫
৭.৪.৬ পরিবারের আয় ---------- ৭-৬
৭.৪.৭ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ---------- ৭-৬
৭.৪.৮ ঋণ গ্রস্থতা ---------- ৭-৭
৭.৪.৯ বিদ্যুৎ সংযোগ ---------- ৭-৭
৭.৪.১০ স্বাস্থ্য সেবা সরবরাহ ---------- ৭-৭
৭.৪.১১ পানি সরবরাহ ---------- ৭-৭
৭.৪.১২ পয়ঃনিষ্কাশন ---------- ৭-৮
৭.৪.১৩ বর্জ্য ব্যবস্থাপনা ---------- ৭-৮
৭.৪.১৪ যাতায়াত ব্যবস্থা ---------- ৭-৮
৭.৪.১৪.১ বস্তির সাথে সংযোগ প্রদানকারী সড়কের অবস্থা ---------- ৭-৮
৭.৪.১৪.২ অভ্যন্তরীণ সড়কের অবস্থা ---------- ৭-৮
৭.৪.১৫ ড্রেনেজ ব্যবস্থা ---------- ৭-৮
৭.৪.১৬ বস্তি উন্নয়ন পরিষদ ---------- ৭-৯
৭.৪.১৭ বস্তিতে পৌরসভার সহায়তা ---------- ৭-৯
৭.৫ বস্তিবাসীদের ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.১ মৌসুমি ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.২ দুর্যোগের ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.৩ উচ্ছেদ ঝুঁকি ---------- ৭-১০
৭.৫.৪ কর্মহীনতার ঝুঁকি ---------- ৭-১০
৭.৫.৫ অসুস্থতা ঝুঁকি ---------- ৭-১০
৭.৫.৬ জলবায়ু পরিবর্তন ঝুঁকি ---------- ৭-১০
৭.৬ উন্নয়ন কৌশল এবং নীতিমালা ---------- ৭-১০
৭.৭ বাস্তবায়ন ---------- ৭-১১

সপ্তম অধ্যায়
নগর দারিদ্র্য

৭.১ ভূমিকা

সপ্তম অধ্যায়ে খাগড়াছড়ি শহরের দরিদ্রদের জীবন জীবিকা সম্পর্কে আলোচনা করা হয়েছে। এর মধ্যে আছে প্রতিদিনের জীবন যাপনের সমস্যা ও ঝুঁকি। পরিশেষে সমস্যা থেকে পরিত্রানের কৌশল এবং নীতিমালা সুপারিশ করা হয়েছে।

৭.২ বাংলাদেশে নগর দারিদ্র্য

স্বাধীনতা উত্তর বাংলাদেশে নগরায়নের সূত্রপাত হয় আশির দশকে। প্রাথমিকভাবে এই ধারা শুরু হয় পল্লী দারিদ্র্য তাড়িত মানুষের শহরে আগমনকে কেন্দ্র করে। গ্রামীন দারিদ্র্য এবং বেকারত্ব বহু পরিবারকে গ্রাম ছাড়া করে শহরমুখী করে শহরের কর্মসংস্থানের সুযোগ গ্রহণের জন্য (Lewis 2011)। কয়েক দশক ধরে শহুরে জনসংখ্যা প্রবৃদ্ধির হার ক্রমাগতভাবে জাতীয় জনসংখ্যা প্রবৃদ্ধির উপরে অবস্থান করে।

২০০৪ সালে নগরায়নের হার হয় ২৫% এবং ২০১১ সালে হয় ২৮% (নগর এলাকার সংজ্ঞা অনুযায়ী)। বাংলাদেশের নগরায়ন শহুরে জীবনের একটি বৈশিষ্ঠপূর্ণ এবং অত্যাবশ্যকীয় অংশ। ২০০০ সালের বিবিএস এর খানা আয় এবং ব্যয় জরিপ (HIES) থেকে প্রাপ্ত তথ্য নিয়ে হেড কাউন্ট পদ্ধতিতে দারিদ্র্য নির্ধারণ করতে গিয়ে দেখা যায় যে শহরে দারিদ্রের হার ৫৩ শতাংশ এবং গ্রামে ৩৬.৬০ শতাংশ। একই তথ্য নিয়ে ডাইরেক্ট কেলরি ইনটেক (DCI) পদ্ধতিতে যাচাই করে দেখা যায় যে শহরে দারিদ্রের হার ৫২.৫ শতাংশ এবং গ্রামে ৪২.৩ শতাংশ (LCG 2010)। দারিদ্র্য সমাবেশ বড় শহরগুলোতে বেশি হয়।

৭.৩ দারিদ্র্য এবং বস্তির জনসংখ্যা

বিবিএস অনুযায়ী বস্তি হচ্ছে, *"A cluster of compact settlements of five or more that generally grow very unsystematically and haphazardly in an unhealthy condition atmosphere on a vacant land."* বস্তি শহুরের দরিদ্র জনগোষ্ঠির আবাসস্থল। খাগড়াছড়ি শহরে পরামর্শকদের কর্তৃক সম্পাদিত খানা নমুনা জরিপ থেকে দেখা যায় যে, ১.৬৭% খানার মাসিক আয় গড়ে ৳৪০০০ বা তার নিচে। শহরের বস্তিগুলো সাধারণত প্রান্ত এলাকায় গড়ে উঠে যেখানে জমি বা বাড়িভাড়া কম থাকে। দাম কম থাকার প্রধান কারণ এলাকাগুলো অনুন্নত এবং মৌলিক নাগরিক সুবিধার আভাব রয়েছে। LGED কর্তৃক UGIIP III প্রকল্পের অধীনে ৬০ টি দরিদ্র পরিবারের উপর একটি জরিপ সম্পাদন করা হয় যা থেকে খাগড়াছড়ি শহরের দরিদ্র জনগোষ্ঠীর একটি চিত্র পাওয়া যায়।

৭.৪ খাগড়াছড়ি শহরের বস্তি

২০১৬ সালে পৌরসভা কর্তৃক সম্পাদিত বেসলাইন জরিপ থেকে শহরে ১৪টি বস্তি বা গুচ্ছ দরিদ্র আবাসনের সন্ধান পাওয়া যায়, যেখানে প্রায় ৩৬১৫টি পরিবারের প্রায় ১৭৭৪৯ মানুষ বাস করে। তবে বস্তিগুলোর অধিবাসিদের অধিকাংশই নিজেরাই তাদের ঘরের মালিক। প্রায় সব ওয়ার্ডেই বিভিন্ন আয়তনের বস্তি আছে। তবে খাস বা রাষ্ট্রীয় জমিতে গড়ে ওঠা বস্তিও আছে।

কাঠামো পরিকল্পনা

৭.৪.১ জনসংখ্যা

সারণি ৭-১ এ খাগড়াছড়ি শহরে বস্তির ওয়ার্ড অনুসারে তথ্য দেখানো হয়েছে। বেশিরভাগ বড় বস্তিগুলোই ওয়ার্ড নং ১, ২, ৩, ৪ এবং ৬ এ অবস্থিত। ওয়ার্ড নং ৬ এর বস্তিটি সবচেয়ে বড় বস্তি যার নাম শালবন বৃহত্তর বস্তি যার আয়তন প্রায় ৪.৫ একর। ওয়ার্ড নং ১ এ সিঙ্গিনালা নামক একটি বস্তি রয়েছে। এর আয়তন প্রায় ২ একর এবং এখানে ১৬৬ টি পরিবার বাস করে। ওয়ার্ড নং ২ এ কলেজগেট বস্তি এবং কুমিল্লা টিলা বস্তি নামক দুইটি বস্তি রয়েছে। কলেজগেট বস্তির আয়তন প্রায় ১.৬ একর এবং এখানে ৭২৩ টিরও বেশি পরিবার বাস করে। কুমিল্লা টিলা বস্তিতে ৪০৫ টি পরিবার বাস করে এবং এর আয়তন ২.৩০ একর। এই বস্তিটি প্রায় পাহাড়ের কিনারে অবস্থিত। ওয়ার্ড ৩ এ শান্তিনগর বস্তি এবং মুসলিম পাড়া বস্তি নামক দুইটি বস্তি অবস্থিত। শান্তিনগর বস্তির আয়তন ১.৪ একর, যেখানে মুসলিম পাড়ার আয়তন ১.৩ একর। এই দুইটি বস্তিতে যথাক্রমে ৪২২ এবং ৪৫২ টি পরিবার বাস করে। ওয়ার্ড নং ৪ এ মাত্র একটি বস্তি আছে, যার আয়তন প্রায় ১ একর। এই বস্তিতে ১৮৫ টি পরিবার বাস করে। এছাড়াও ওয়ার্ড নং ৫, ৮ এবং ৯ এ দুইটি দরিদ্র গুচ্ছ আবাস রয়েছে, যেখানে ১৫৬৪ এবং ৮২১ টি পরিবার বাস করে। ওয়ার্ড ৬ এবং ৭ এ একটি গুচ্ছ আবাস রয়েছে। ওয়ার্ড নং ৬ এ ৫০৬৯ জন এবং ওয়ার্ড নং ৭ এ ৫১১ জন মানুষ বাস করে।

সারণি ৭-১: খাগড়াছড়ি শহরের বস্তি সংক্রান্ত তথ্য

বস্তির নাম	আয়তন (একর)	পরিবারের সংখ্যা	মহিলা			পুরুষ	মোট
			পুরুষ	মহিলা	মোট		
ওয়ার্ড নং ০১							
সিঙ্গিনালা	২.০০	১১৬	৩১৩	২৯৪	৬০৭	ক্ষুদ্র ব্যাবসা	ব্যক্তি মালিকানাধীন
ওয়ার্ড নং ০২							
কলেজ গেট	১.৬০	৭২৩	২৮২৪	১৫০৯	৪৩৩৩	-	ব্যক্তি মালিকানাধীন এবং খাসজমি
কুমিল্লা টিলা	২.৩০	৪০৫	১২০৮	৮৪৫	২০৫৩	দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
ওয়ার্ড নং ০৩							
শান্তিনগর	১.৪০	৪২২	১৩৫২	৯৫০	২৩০২	দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
মুসলিম পাড়া	১.৩০	৪৫২	১২৫৫	৮৭৬	২১৩১	দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
ওয়ার্ড নং ০৪							
কলাবাগান	১.০০	১৮৫	৪৮৭	৪০৭	৮৯৪	দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
ওয়ার্ড নং ০৫							
খাগড়াপুর	১.৫০	৮৬	২০৩	১৯২	৪০২	দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
পূর্ব ইসলামপুর	১.২০	২১৭	৬৬৪	৪৯৮	১১৬২	ক্ষুদ্র ব্যাবসা/ দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
ওয়ার্ড নং ০৬							
শালবন বৃহত্তর	৪.৫০	১১১১	২৬০০	২৪৬৯	৫০৬৯		ব্যক্তি মালিকানাধীন এবং খাসজমি
ওয়ার্ড নং ০৭							
পানখাইয়া পাড়া রোড	২.৫০	৯৯	২৬১	২৫০	৫১১	কৃষিকাজ	ব্যক্তি মালিকানাধীন এবং বর্গা
ওয়ার্ড নং ০৮							
নয়নপুর	১.২০	৯৬	১৯৫	১৮৯	৩৮৪	দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
বুলবিলি পট্টি ও ভান্ডারি পাড়া	১.২০	১২১	২২২	২১৫	৪৩৭	দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
ওয়ার্ড নং ০৯							
কালাডোবা	৩.৫০	৫৭	১৬৩	১৬৫	৩২৮	দিনমজুর	ব্যক্তি মালিকানাধীন
ফুটবিল পাড়া	৪.০০	৩০	৭৩	৬৫	১৩৮	-	-
সর্বমোট	**২৯.২০**	**৪১২০**	**১১৮২০**	**৮৯২৪**	**২০৭৫১**		

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.২ বস্তিবাসীদের বয়স

প্রায় ৯.৯ শতাংশ বস্তিবাসীর বয়স ৫ বছর বা তার নিচে; প্রায় ৬২.৯ শতাংশের বয়স ১৬ থেকে ৬০ বছর যারা কর্মজীবী বয়সের অন্তর্ভূক্ত। মাত্র ৭.১ শতাংশ বস্তিবাসী বৃদ্ধ যাদের বয়স ৬০ বছরের বেশি। ***চিত্রলেখ ৭-১*** দেখা যেতে পারে।

চিত্রলেখ ৭-১: বস্তির পরিবারগুলোর সদস্যদের বয়স বণ্টন



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

মানচিত্র ৭-১: খাগড়াছড়ির বস্তিগুলোর অবস্থান

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Road

Slum
- Slum Location

Water Bodies
- Khal
- River

৭.৪.৩ নারী-পুরুষ অনুপাত

খাগড়াছড়ি এলাকায় পুরুষ এবং নারীর অনুপাত ১০০:৮৭ লক্ষ করা যায়, যেখানে নারীর সংখ্যা পুরুষের তুলনায় কম।

৭.৪.৪ দরিদ্র পরিবারের সদস্যদের শিক্ষার স্তর

খাগড়াছড়ি এলাকায় বস্তিবাসী পরিবারের সদস্যদের ভেতর প্রায় ৮৫ শতাংশ শিক্ষিত, এর ভেতর ২৭.৫৫ শতাংশ মানুষ কেবলমাত্র প্রাথমিক পর্যায়ে পড়াশোনা করেছে এবং ২৬.১৯ শতাংশ মাধ্যমিক পর্যায়ে পড়াশোনা করেছে। বিস্তারিত ***সারণি ৭-২*** এ দ্রষ্টব্য।

সারণি ৭-২: উত্তরদাতাদের মধ্যে শিক্ষার অবস্থা

ক্রমিক নং	শিক্ষাগত যোগ্যতা	লিঙ্গ				মোট	%
		পুরুষ		মহিলা			
		সংখ্যা	%	সংখ্যা	%		
১	অশিক্ষিত	১০	৪৫.৪৫	১২	৫৪.৫৫	২২	৭.৪৮
২	শুধু স্বাক্ষর করতে পারে	১০	৩৭.০৪	১৭	৬২.৯৬	২৭	৯.১৮
৩	স্বশিক্ষিত (শুধু পড়তে ও লিখতে পারে)	১	২৫.০০	৩	৭৫.০০	৪	১.৩৬
৪	প্রাথমিক পর্যন্ত (সর্বোচ্চ পঞ্চম শ্রেণী পর্যন্ত)	৪৬	৫৯.৭৪	৩১	৪০.২৬	৭৭	২৬.১৯
৫	জুনিয়র সেকেন্ডারি পর্যন্ত (ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত)	১৭	৫০.০০	১৭	৫০.০০	৩৪	১১.৫৬
৬	সেকেন্ডারি পর্যন্ত (দশম শ্রেণী পর্যন্ত)	২১	৫১.২২	২০	৪৮.৭৮	৪১	১৩.৯৫
৭	এসএসসি অথবা সমমান	২০	৫৫.৫৬	১৬	৪৪.৪৪	৩৬	১২.২৪
৮	এইচএসসি অথবা সমমান	১৩	৭২.২২	৫	২৭.৭৮	১৮	৬.১২
৯	স্নাতক এবং উপরে	৬	৮৫.৭১	১	১৪.২৯	৭	২.৩৮
১০	স্নাতকোত্তর এবং উপরে	২	৫০.০০	২	৫০.০০	৪	১.৩৬
১১	অন্যান্য	১১	৪৫.৮৩	১৩	৫৪.১৭	২৪	৮.১৬
মোট		**১৫৭**	**৫৩.৪০**	**১৩৭**	**৪৬.৬০**	**২৯৪**	**১০০**

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৫ পেশা এবং পরিবারের সদস্য

দরিদ্র পরিবারের সদস্যদের ভেতর ৩৩% এরও বেশি সদস্য ছাত্র, যেখানে ২৫.৫১% সদস্য গৃহিনী। (***সারণি ৭-৩)*** এদের ভেতর ২৮.৫৬% হচ্ছে চাকুরীজীবি। এছাড়া বাকি সবাই অন্যান্য সদস্যদের ওপর নির্ভরশীল।

সারণি ৭-৩: পরিবারের সদস্যদের পেশা

ক্রমিক নং	পেশার ধরণ	লিঙ্গ				মোট	
		পুরুষ		মহিলা		সংখ্যা	%
		সংখ্যা	%	সংখ্যা	%		
১	চাকরি	১৭	৮৯.৪৭	২	১০.৫৩	১৯	৬.৪৬
২	মধ্যম ব্যবসা	৪	১০০	-		৪	১.৩৬
৩	ক্ষুদ্র (ছোট) ব্যবসা	১৮	৯৪.৭৪	১	৫.২৬	১৯	৬.৪৬
৪	কৃষি কাজ	৭	১০০	-		৭	২.৩৮
৫	দক্ষ শ্রমিক	১৫	৮৩.৩৩	৩	১৬.৬৭	১৮	৬.১২
৬	অদক্ষ শ্রমিক	১৪	১০০	-	-	১৪	৪.৭৬
৭	নির্ভরশীল	২	৬৬.৬৭	১	৩৩.৩৩	৩	১.০২
৮	ছাত্রছাত্রী	৫৮	৫৯.১৮	৪০	৪০.৮২	৯৮	৩৩.৩৩

ক্রমিক নং	পেশার ধরণ	লিঙ্গ				মোট	
		পুরুষ		মহিলা		সংখ্যা	%
		সংখ্যা	%	সংখ্যা	%		
৯	রিক্সা/ ভ্যান চালক	১৯	৫৫.৮৮	১৫	৪৪.১২	৩৪	১১.৫৬
১০	পোশাক শ্রমিক	৩	১০০	-	-	৩	১.০২
১১	গৃহিণী	-		৭৫	১০০	৭৫	২৫.৫১
	মোট	১৫৭	৫৩.৪০	১৩৭	৪৬.৬০	২৯৪	১০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৬ পরিবারের আয়

বিশ্ব ব্যাংকের সংজ্ঞা অনুযায়ী কোন ব্যক্তির আয় দিনে ২ ডলারের কাছাকাছি (১৬০ টাকা), যেটা মাসিক প্রায় ৪৮০০ টাকায় দাঁড়ায়, তবে সে দরিদ্র *(Global Poverty line update, World Bank, 2016; www.worldbank.org/en/topic/poverty/brief/global-poverty-line-faq).* যদি কেউ দিনে এর চেয়ে কম রোজগার করে তবে সে অতি দরিদ্র। ***চিত্রলেখ ৭-২*** থেকে দেখা যায় যে দরিদ্র পরিবারগুলোর ৫% প্রতিমাসে ৪ হাজার থেকে ৬ হাজার টাকা আয় করে থাকে, যাদের দরিদ্র বলা যায়। ১.৬৭% পরিবার অতিমাত্রায় দরিদ্র, যাদের মাসিক আয় ৪ হাজারের নিচে। প্রায় ৩৮% মানুষের মাসিক আয় ১৪ হাজারের চেয়ে বেশি। তথ্য হতে দেখা যায়, খাগড়াছড়ি এলাকার বেশিরভাগ বস্তিবাসী দরিদ্র নয়। যদি একই পরিবারের দুইজন মানুষ একই সাথে দৈনিক ১৫২ টাকা করে মোট ৩০৪ টাকা আয় করে, তাদের মাসিক আয় দাঁড়ায় ৯১২০ টাকা, যেটা দরিদ্র সীমার সামান্য উপরে।

চিত্রলেখ ৭-২: পরিবারের আয়ের কাঠামো



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৭ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

বস্তিবাসীদের প্রশ্ন করা হয়েছিল যে পরিবারের কোন সদস্য কোনপ্রকার দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ করেছে কিনা। বাসিন্দাদের ভেতর ৯৫% না-বোধক জবাব দিয়েছে। এর মানে দাঁড়ায়, খাগড়াছড়ি শহরে সরকার কিংবা বেসরকারি উন্নয়ন সংস্থার তত্ত্বাবধায়নে কোন রকম দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পরিচালনা করা হয় না। মাত্র ৫% মানুষ পাওয়া গেছে, যারা ছোটখাট কিছু প্রশিক্ষণ নিয়েছে। মোট ৩ জনের ভেতর একজন মাছ চাষের ওপর, একজন মহিলা মাতৃ-স্বাস্থ্য বিষয়ক এবং একজন কৃষি-বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করেছে। প্রশিক্ষণ দেয়া হয়েছে আঞ্চলিক বিজ্ঞান কলেজ, মহিলা-



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

চিত্রলেখ ৭-৩: দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণ

বিষয়ক বিভাগ আয়োজিত একটি অনুষ্ঠান এবং ব্র্যাকের পক্ষ থেকে। মাছ চাষের ওপর প্রশিক্ষণ ছিল ৬০ দিনের, মাতৃ সেবার প্রশিক্ষণ ১২০ দিন এবং কৃষি-সংক্রান্ত প্রশিক্ষণ মাত্র এক দিন ব্যাপী ছিল।

৭.৪.৮ ঋণ গ্রস্থতা

বস্তিবাসীদের মধ্যে যেসব দরিদ্র পরিবারে জরিপ করা হয়েছে, তাদের ভেতর মাত্র ২৫ শতাংশ বিভিন্ন স্তরে ঋণ গ্রস্থ। প্রদত্ত তথ্য হতে দেখা যায় যে, প্রায় ৪৭ শতাংশের ঋণ ২০ হাজার টাকার উপর; ৩৩.৩৩ মতাংশের ঋণ ১৫ হাজার থেকে ১০ হাজার টারকার মধ্যে। বিস্তারিত ***সারণি ৭-৪*** এ দ্রষ্টব্য।

সারণি ৭-৪: লক্ষণীয় ঋণের পরিমাণ

ক্রমিক নং	ঋণ (টাকা) উপরের মাত্রা বাদে	সংখ্যা	%
১	কোন ঋণ নেই	৪৫	৭৫.০০
২	≤ ১,০০০	০	০.০০
৩	১,০০০ - ৫,০০০	১	১.৬৭
৪	৫,০০০ - ১০,০০০	১	১.৬৭
৫	১০,০০০ - ১৫,০০০	১	১.৬৭
৬	১৫,০০০ - ২০,০০০	৫	৮.৩৩
৭	২০,০০০ >	৭	১১.৬৭
মোট		৬০	১০০
গড় ঋণ (টাকায়)=		৮৯০০০	-

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৯ বিদ্যুৎ সংযোগ

খাগড়াছড়ি এলাকার বস্তিতে ৯৮% বাড়িতে বিদ্যুৎ সংযোগ রয়েছে। কিন্তু তার মানে এই না যে তারা নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা পায়। খাগড়াছড়ি এলাকায় বিদ্যুতের ঘাটতি রয়েছে এবং দিনের ভেতর প্রতি আধা ঘন্টা পর পর বিদ্যুৎ চলে যায়।

৭.৪.১০ স্বাস্থ্য সেবা সরবরাহ

উত্তরপ্রদানকারীদের ভেতর ৮৫ শতাংশ মানুষের ভাষ্যমতে, এই অঞ্চলে দরিদ্রদের জন্য কোন বিশেষায়িত স্বাস্থ্যসেবা কেন্দ্র কিংবা সুবিধা নেই। জনস্বাস্থ্য সেবার অনুপস্থিতির কারণে বেশিরভাগ বস্তিবাসী (৭৭.৭৮%) ব্যক্তিগত সেবা গ্রহণে বাধ্য হয়। উত্তর প্রদানকারীদের ভেতর মাত্র ১১.১১% দরিদ্র জনগণ জনস্বাস্থ্য সেবা গ্রহণ করে। উত্তর প্রদানকারীদের প্রশ্ন করা হয়েছিল, তারা পৌরসভার পক্ষ থেকে কোনপ্রকার স্বাস্থ্যসেবা পায় কিনা। তাদের প্রত্যেকেই না-বোধক জবাব দিয়েছে।

৭.৪.১১ পানি সরবরাহ

প্রায় ৯৭% মানুষ পানির উৎস হিসেবে নলকূপের পানি ব্যবহার করে। বস্তির মাত্র ৩.৩৩% পরিবার ডিপিএইচই এর সরবরাহকৃত পানি পান করে। বেশীরভাগ বস্তি এমন সব সংকটাপূর্ণ জায়গায় অবস্থিত, যেখানে যাওয়া আসা করা এবং পানি সরবরাহ পাওয়া দুষ্কর। জরিপ হতে দেখা যায় যে, ৯৬.৬৭% পরিবার নলকূপের পানিকেই খাবার পানির উৎস হিসেবে ব্যবহার করে।

উত্তর প্রদানকারীদের আরো প্রশ্ন করা হয়েছিল, তারা পানির সরবরাহের মূল্য হিসেবে কত টাকা পর্যন্ত বহন করতে পারে। ৭৫% মানুষ উত্তর প্রদানে অসঙ্গতি প্রকাশ করেছে। এবং মাত্র ২% বলেছে, তারা সর্বোচ্চ ১৫০০ টাকা পর্যন্ত বহন করতে পারে। যখন তাদের প্রশ্ন করা হয়েছিল, তারা মাসিক পানির মূল্য কত টাকা করে দিতে চায়, ৪০% মানুষের জবাব ছিল মাসিক ১০১ থেকে ১৫০ টাকা। ৩৩.৩৩% মানুষ বলেছে তারা ১৫১ থেকে ২০০ টাকা পর্যন্ত দিতে চায় এবং ২৬% মানুষ মাসে ১০০ টাকার বেশি প্রদান করতে অসঙ্গতি প্রকাশ করেছে।

৭.৪.১২ পয়ঃনিষ্কাশন

জরিপ হতে দেখা যায়, স্বাস্থ্যসম্মত শৌচাগার আছে ৩৫% পরিবারের। ৪১.৬৭% পরিবার পিট/স্ল্যাব ল্যাট্রিন ব্যবহার করে। কাঁচা ল্যাট্রিন আছে ২১.৬৭% পরিবারের, যেটি খুবই অস্বাস্থ্যকর। বস্তিতে ঝুলন্ত ল্যাট্রিন ব্যবহার করে ১.৬৭ শতাংশ পরিবার। শহর এলাকার পয়ঃনিষ্কাশন ব্যবস্থার চিত্র দরিদ্র এলাকার চেয়ে তুলনামূলক ভাবে ভাল।

৭.৪.১৩ বর্জ্য ব্যবস্থাপনা

দরিদ্র পরিবারের ৮৩ শতাংশ বাড়ীর আশে পাশে খালি জায়গায় তাদের দৈনন্দিন ব্যবহৃত বর্জ্য ফেলে থাকে, যা পরিবেশ দূষিত করে। মাত্র ২৮% পরিবার পৌরসভার ডাস্টবিনে তাদের বর্জ্য ফেলে। উত্তর প্রদানকারীদের প্রশ্ন করা হয়েছিল, তারা বাড়ি বাড়ি গিয়ে ময়লা সংগ্রহ করার খাতে টাকা দিতে রাজি কিনা। মাত্র ৪২% পরিবার টাকা প্রদানে রাজি ছিল, বাকি ৫৮.৬৭% পরিবার টাকা দিতে অসম্মতি প্রকাশ করেছিল।

৭.৪.১৪ যাতায়াত ব্যবস্থা

৭.৪.১৪.১ বস্তির সাথে সংযোগ প্রদানকারী সড়কের অবস্থা

সড়ক সংযোগ এবং সড়কের অবস্থা সম্পর্কেও বস্তিবাসীদের প্রশ্ন করা হয়েছিল। প্রায় ৬৭% মানুষ মনে করে, সংযোগকারী সড়কের অবস্থা খারাপ। মাত্র ৬.৬৭% এর মতে, সড়কের অবস্থা ভাল এবং ৩৬.৬৭% মানুষের মতে সড়কের অবস্থা সন্তোষজনক। ***সারণি ৭-৫*** এ বিস্তারিত,

সারণি ৭-৫: সংযোগকারী সড়কের অবস্থা

ক্রমিক নং	বস্তির সাথে সংযোগকারী সড়কের অবস্থা	সংখ্যা	%
১	ভাল	৪	৬.৬৭
২	সন্তোষজনক	২২	৩৬.৬৭
৩	খারাপ	৩৪	৫৬.৬৭
	সর্বমোট	৬০	১০০

তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি

৭.৪.১৪.২ অভ্যন্তরীণ সড়কের অবস্থা

বস্তির ক্ষেত্রে অভ্যন্তরীণ সড়ক খুবই গুরুত্বপূর্ণ, কারণ তারা একই সাথে অভ্যন্তরীণ এবং বহির্ভূত দুই ধরনের যোগাযোগ ব্যবস্থাকেই সচল রাখে। ৬১.৬৭% মানুষের মতে অভ্যন্তরীণ সড়কের অবস্থা খারাপ, ৩৫% এর মতে সড়কের অবস্থা সন্তোষজনক এবং ৩.৩৩% এর মতে সড়কের অবস্থা ভাল। বিস্তারির ***সারণি ৭-৬*** এ দ্রষ্টব্য।

সারণি ৭-৬: অভ্যন্তরীণ সড়কের অবস্থা

ক্রমিক নং	বস্তির অভ্যন্তরীণ সড়কের অবস্থা	সংখ্যা	%
১	ভাল	২	৩.৩৩
২	সন্তোষজনক	২১	৩৫.০০
৩	খারাপ	৩৭	৬১.৬৭
	সর্বমোট	৬০	১০০

তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি

৭.৪.১৫ ড্রেনেজ ব্যবস্থা

উত্তরপ্রদানকারীদের ভেতর ৬৫% মানুষ বলেছে, বস্তিতে কোন ড্রেন নেই, মাত্র ৬.৬৭% বলেছে ড্রেন উপস্থিত আছে এবং তারা এটা নিয়ে সন্তুষ্ট, ৫% মানুষ বলেছে এর অবস্থা খারাপ।

৭.৪.১৬ বস্তি উন্নয়ন পরিষদ

বস্তি উন্নয়ন সমিতি সম্পর্কে জানতে চাওয়া হলে, প্রায় ৯২% মানুষ বলে যে এমন কোন সমিতি তাদের বস্তি তে নেই।

সারণি ৭-৭: বস্তিতে বস্তি উন্নয়ন সমিতির উপস্থিতি

ক্রমিক নং	বস্তি উন্নয়ন সমিতি	সংখ্যা	%
১	আছে	৫	৮.৩৩
২	নেই	৫৫	৯১.৬৭
সর্বমোট		৬০	১০০

তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি

৭.৪.১৭ বস্তিতে পৌরসভার সহায়তা

উত্তরদাতাদের জিজ্ঞাস করা হয়েছিল, তারা পৌরসভা থেকে কোন প্রকারের সহায়তা পায় কিনা। মাত্র ৩৮.৩৩% হ্যাঁ-বোধক জবাব দিয়েছে। যেখানে ৬১.৬৭% এর মতামত অনুযায়ী পৌরসভা বস্তিতে কোন ধরণের সহায়তা প্রদান করা হয় না। বিস্তারিত ***সারণি ৭-৮*** দ্রষ্টব্য।

সারণি ৭-৮: পৌরসভার সহায়তা

ক্রমিক নং	কখনো কি পৌরসভার সহায়তা পেয়েছেন	সংখ্যা	%
১	হ্যাঁ	২৩	৩৮.৩৩
২	না	৩৭	৬১.৬৭
মোট		৬০	১০০

তথ্যসূত্রঃ আর্থ-সামাজিক বেসলাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি

৭.৫ বস্তিবাসীদের ঝুঁকি

যেকোনো শহরের বস্তিবাসীরা হল সবচেয়ে বঞ্চিত জনগোষ্ঠী। তারা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে সামাজিক এবং শারীরিকভাবে দুর্বল। সকল দুর্বলতাই শেষ পর্যন্ত তাদের জীবিকায় আঘাত হানে। নিচে কিছু প্রধান দুর্বলতাগুলো দেয়া হল যা তারা প্রায়শই সম্মুখীন হয়। এর ভিতর আছে আসন্ন জলবায়ু পরিবর্তন যা তারা নিকট ভবিষ্যতে সম্মুখীন হবে।

৭.৫.১ মৌসুমি ঝুঁকি

বস্তিবাসীরা সাধারনত অনানুষ্ঠানিক পেশার সাথে সংযুক্ত থাকে এবং দিন এনে দিন খায়। বর্ষার মৌসুমে দিনমজুররা প্রায়ই কাজে যেতে পারে না, ফলে তাদের আয় বন্ধ হয়ে যায়। খারাপ আবহাওয়ার কারণে বিক্রেতাদের বিক্রি কমে যায় এবং দিনমজুররা কাজে যেতে পারে না। গরীব পরিবারগুলো সাধারনত অভাবের সময় কাজের অভাবে ঋণ নিতে বাধ্য হয়। তারা বাকিতে তাদের নিত্যপণ্যগুলো স্থানীয় দোকান থেকে নেয় এবং পরে পরিশোধ করে। মাঝে মাঝে মুনাফা সহ শোধ করতে হয়। ঋণ পরিশোধ করতে তাদের কঠোর পরিশ্রম করতে হয়। বর্ষা মৌসুমে তাদের আর্থিক দৈন্যতা দেখা দেয় যা তাদের উন্নতির প্রধান বাধা হিসেবে থাকে এমনকি বর্ষা মৌসুম শেষ হয়ে যাওয়ার পরেও তাদের অবস্থার বিশেষ কোন পরিবর্তন ঘটে না। খাপ খাইয়ে নেয়ার সক্ষমতা ও কমতে থাকে, যেমন, তাদের খাদ্যে সংগ্রহ ৫০ শতাংশে নেমে যায় যা পরিবারের সদস্যদের স্বাস্থ্য এবং পুষ্টির সমস্যা হয় যা তাদের কর্মক্ষমতা কমিয়ে দেয়।

৭.৫.২ দুর্যোগের ঝুঁকি

দুর্যোগ যেমন বন্যা, ঘূর্ণিঝড় অথবা ভূমিধ্বসের সময় গরীব বস্তিবাসী দের আয় কমে যায়। ভূমিধ্বস অথবা নদীভাঙ্গনের ফলে তাদের অস্থায়ী ঘরবাড়িগুলো ধ্বংস হয়ে যায় এবং তাদের জীবনে অনিশ্চিত অবস্থা তৈরি হয়। কখনো তারা আশ্রয়হীন হয়ে পরে। নতুন করে আবাস নির্মাণ করতে তাদের আয়ের অধিকাংশই চলে যায়।

৭.৫.৩ উচ্ছেদ ঝুঁকি

অনেক দরিদ্র পরিবার সরকারি জমিতে ঘর তৈরী করে থাকে। এর ফলে তারা সর্বক্ষণ উচ্ছেদ ঝুঁকিতে থাকে। উচ্ছেদের ফলে তারা তাদের আবাস হারায়। এতে তারা গৃহহীন হয়ে পড়ে।

৭.৫.৪ কর্মহীনতার ঝুঁকি

দরিদ্রদের আয়ের ব্যাপক অনিশ্চিয়তা রয়েছে। অধিকাংশ দরিদ্র অনানুষ্ঠানিক কাজে নিয়োজিত, ফলে তারা দৈনিক আয়ের উপর নির্ভরশীল। রাজনৈতিক, সামাজিক বা প্রকৃতিক কোন কারণে কাজ করতে না পারলে তারা দৈনিক আয় রোজগার থেকে বঞ্চিত হবে।। এ ধরণের অনিশ্চয়তা থেকে পরিত্রান পেতে দরিদ্র মানুষরা একাধিক পেশায় দক্ষতা অর্জন করে থাকে, যেন রোজগারের একাধিক দ্বর উন্মুক্ত থাকে। তারা পরিবারের সর্বাধিক সংখ্যক সদস্যকে রোজগারে নিয়োজিত রাখতে চেষ্টা করে যেন পারিবারিক আয় ঝুঁকিতে না পড়ে। এ জন্য শিশুদেরও কাজে নিয়োগ করা হয়, ফলে শিশুরা শিক্ষা থেকে বঞ্চিত হয় এবং তারা তাদের উন্নত ভবিষ্যত থেকে বঞ্চিত হয়।

৭.৫.৫ অসুস্থতা ঝুঁকি

স্বাস্থ্য সচেনতার অভাব এবং নিম্ন জীবনযাত্রার মান দরিদ্রদের স্বাস্থ্য ঝুঁকিতে ফেলবে। অসুস্থ হলে দিন মজুর শ্রেণীর মানুষ দৈনিক রোজগার থেকে বঞ্চিত হবে এবং তারা আরো দরিদ্র হয়ে পড়বে। সরকারি স্বাস্থ্যসেবা না পেলে দরিদ্ররা বেসরকারি স্বাস্থ্যসেবার দ্বারস্থ হবে ফলে স্বাস্থ্য ব্যয় বৃদ্ধি পাবে এবং তাদেও দারিদ্র্য বৃদ্ধি পাবে।

৭.৫.৬ জলবায়ু পরিবর্তন ঝুঁকি

যে কোন জলবায়ু পরিবর্তনের প্রধান ভূক্তভোগী হবে দরিদ্র জনগোষ্ঠী। জলবায়ূ পরিবর্তনের ফলে অধিক বৃষ্টি হবে, বন্যা হবে। দরিদ্রদের বাড়ীঘর ক্ষতিগ্রস্ত হবে। বেশি দিন ক্রমাগত বৃষ্টি হলে দরিদ্ররা কাজ থেকে বঞ্চিত হবে। খরা হলে বা উষ্ণতা বৃদ্ধি পেলে পানির চাহিদা বৃদ্ধি পাবে এবং আভাব দেখা দেবে। ভুমিকম্প হলে স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হবে। দরিদ্ররা দৈনিক কাজ থেকে বঞ্চিত হবে। এভাবে যে কোন নগর বিপর্যয় হলে দরিদ্ররা সর্বাগ্রে ক্ষতিগ্রস্ত হবে।

৭.৬ উন্নয়ন কৌশল এবং নীতিমালা

উদ্দেশ্য: নগর দরিদ্রদের জীবন জীবিকার উন্নয়ন।

কৌশল: দরিদ্রদের কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য সেবা প্রসার এবং এলাকার পরিবেশ উন্নয়ন।

নীতিমালা:

নীতি/দারিদ্র্য-১: নতুন কর্মসংস্থান তৈরী করতে শিল্পায়নের প্রসার

শিল্পনায়ন সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য আরো কর্মসংস্থান বৃদ্ধি করবে।

নীতি/দারিদ্র্য -২: নিরাপদ মেয়াদে দরিদ্রদের জন্য বাসস্থান প্রদান

নিজস্ব আবাসন হচ্ছে একপ্রকার সামাজিক নিরাপত্তা ব্যবস্থা, যার মাধ্যমে আবাসন নির্মাণে উচ্চ খরচ কমবে, যার ফলে কাজ করার উদ্দীপনা বৃদ্ধি পাবে।

নীতি/দারিদ্র্য -৩: দূর্যোগের সময় দরিদ্রদের জন্য বিশেষ বরাদ্দ রাখা

দুর্যোগের সময় এটি দরিদ্র মানুষদের আর্থিক সংকট থেকে রক্ষা করবে।

নীতি/দারিদ্র্য -৪: দরিদ্রদের অন্যান্য কাজে সংযুক্ত করার জন্য সহজ শর্তে জামানত বিহীন ঋণের ব্যবস্থা করা

দরিদ্ররা প্রায়ই ঋণ প্রদানে অসমর্থ হয়।

নীতি/দারিদ্র্য -৫: স্বীকৃতি দেয়া যাবে এমন বস্তিগুলোকে স্বীকৃতি দেয়া

পৌরসভার সাহায্য পাওয়ার জন্য স্বীকৃতি পাওয়া খুবই গুরুত্বপূর্ণ।

নীতি/দারিদ্র্য -৬: সকল স্বীকৃত বস্তিতে ড্রেন, ফুটপাত, পানি ও বিদ্যুৎ সরবরাহ সহ সকল প্রকার অভ্যন্তরীণ ও অবকাঠামোগত সেবা প্রদান করা

বস্তিবাসীদের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য এটি খুবই গুরুত্বপূর্ণ।

নীতি/দারিদ্র্য -৭: নারী পুরুষ উভয়ের জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের ব্যবস্থা করা

এর ফলে দরিদ্রদের কর্মসংস্থানের সুযোগ আরো বৃদ্ধি পাবে।

৭.৭ বাস্তবায়ন

দরিদ্রদের জন্য প্রস্তাবিত উন্নয়নর কৌশল এবং নীতিমালা বাস্তবায়নের জন্য নিম্ন বর্ণিত ব্যবস্থা নিতে হবে।

১. শিল্পায়ন করতে হলে যৌথ ব্যবস্থা নিতে হবে। এতে থাকবে পৌরসভা, শিল্প মন্ত্রণারয় এবং অর্থ মন্ত্রণালয়। পৌরসভা যাবতীয় অবকাঠামো এবং সেবা সুবিধা প্রদান করবে।

২. পৌরসভা দুর্যোগকালে পৌরসভা সরকারি সহায়তায় ক্ষতিগ্রস্তদের গৃহ সহায়তা প্রদান করবে।

৩. পৌরসভা বস্তিগুলোকে স্বীকৃত প্রদান করবে এবং সবরকমের অবকাঠামোগত সহায়তা প্রদান করবে।

৪. যুব মন্ত্রণালয় পেশাগত দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করবে।

অষ্টম অধ্যায় পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ

সূচিপত্র

৮.১ ভূমিকা ---------- ৮-১
৮.২ জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তা ---------- ৮-১
৮.৩ অংশগ্রহণের বর্তমান চিত্র ---------- ৮-১
৮.৪ বর্তমান প্রকল্পের অধীনে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা ---------- ৮-২
৮.৪.১ মতবিনিময় সভা ---------- ৮-২
৮.৪.১.১ প্রথম মতবিনিময় সভা ---------- ৮-২
৮.৪.১.২ দ্বিতীয় মতবিনিময় সভা ---------- ৮-৫
৮.৪.১.৩ তৃতীয় মতবিনিময় সভা ---------- ৮-৯
৮.৪.১.৪ চূড়ান্ত মতবিনিময় সভা ---------- ৮-১৬
৮.৪.১.৫ ইউজিপ প্রকল্পের ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনা উপস্থাপন ও পর্যালোচনা সভা ---------- ৮-১৭
৮.৪.২ ফোকাস গ্রুপ ডিসকাশন ---------- ৮-২১
৮.৫ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ও সুপারিশ সমূহ ---------- ৮-২৪
৮.৫.১ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ---------- ৮-২৪
৮.৫.২ সুপারিশ সমূহ ---------- ৮-২৪
৮.৬ জনগণের অংশগ্রহণের প্রতিবন্ধকতাসমূহ ---------- ৮-২৫
৮.৭ নীতি সুপারিশ ---------- ৮-২৫
৮.৮ বাস্তবায়ন ---------- ৮-২৬

অষ্টম অধ্যায়
পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ

৮.১ ভূমিকা

মহাপরিকল্পনা প্রতিবেদনের অধ্যায় ৮ এ অংশগ্রহণমূলক পরিকল্পনার গুরুত্ব, সিদ্ধান্ত গ্রহণে জনগণের অংশগ্রহণের বর্তমান অবস্থা, চলতি প্রকল্পে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা, অংশগ্রহণে বাধাসমূহ এবং সব শেষে কার্যকর জন অংশগ্রহণের জন্য কিছু নীতি ও প্রস্তাবনা নিয়ে আলোকপাত করা হয়েছে।

৮.২ জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তা

বাংলাদেশ একটি গণতান্ত্রিক দেশ যেখানে একটি রাজনৈতিক দল জনগণের ভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে দেশ শাসনের দায়িত্ব নেয়। কিন্তু এখন পর্যন্ত উন্নয়ন পরিকল্পনার সকল সিদ্ধান্ত নিয়েছেন আমলা দ্বারা পরিচালিত রাজনীতিবিদগণ। এখানে উন্নয়ন প্রকল্পের সুবিধা, অসুবিধাভোগী জনগণের ইচ্ছা-অনিচ্ছা খুব কমই গ্রাহ্য করা হয়। অনেকদিন ধরেই উন্নয়ন পরিকল্পনা পদ্ধতিতে এরকম রীতি চলে আসছে। ইদানিংকালে সরকার, স্থানীয় উন্নয়নে উন্নয়ন প্রকল্পের নীতি নির্ধারণ স্তরে সুবিধাভোগী জনগণের অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করছে। স্থানীয় উন্নয়ন পরিকল্পনায় কেন জনগণের অংশগ্রহণ প্রয়োজন সে ব্যাপারে যুক্তিসমূহ নিম্নে বর্ণিত হলো-

১. স্থানীয় জনগণকে একটি উন্নয়ন প্রকল্প হতে প্রাপ্ত সুবিধাসমূহ ভোগ করতে হবে। সুতরাং, যুক্তিযুক্তভাবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মতামত প্রদান তাদের অধিকার।

২. বহিরাগতদের চেয়ে স্থানীয় জনগণ স্থানীয় এলাকার খুটিনাটি ব্যাপারে অধিক ওয়াকিবহাল। তারা বহিরাগত পরামর্শক, যারা অল্প কিছু সময় এলাকা পরিদর্শন করে সুপারিশ দিয়ে থাকেন, তাদের চাইতে স্থানীয়রা ভালো পরামর্শ দিতে পারেন।

৩. মাঝেমাঝে যেসব সমস্যাগুলো জনগণের অসুবিধার কারণ হতে পারে সেগুলো নিতান্ত গতানুগতিক পর্যালোচনা ছাড়াই প্রকল্পগুলো হাতে নেয়া হয় যা পরবর্তীতে জনগণের মধ্যে প্রকল্পের বিরুদ্ধে অসন্তোষ তৈরি করে পুরো প্রকল্পকে ঝুঁকির মুখে ঠেলে দিতে পারে।

৪. জনগণের সাথে পূর্ব আলোচনার মাধ্যমে অনেক বিতর্কিত বিষয় মধ্যস্ততা করা যেতে পারে যা প্রকল্পকে সহজে এগিয়ে চলতে সাহায্য করে।

৮.৩ অংশগ্রহণের বর্তমান চিত্র

স্থানীয় সরকার (পৌরসভা) আইন প্রচলন করার পূর্বে পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭ বিদ্যমান ছিল। এই অধ্যাদেশে পৌরসভা উন্নয়নে জনগণের অংশগ্রহণের কোনো বিধান ছিল না। প্রথমবারের মত সরকার আইনি বিধানসহ উন্নয়ন সিদ্ধান্ত গ্রহণে স্থানীয় জনগণকে জড়িত করা বাধ্যতামূলক করা হয়েছে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৮, এর অনুচ্ছেদ ৫০ এ বর্ণিত আছে-

"৫০ (১) প্রতি পৌরসভায় নির্বাচিত পৌরসভা সেবামূলক ও অন্যান্য কার্যে জনগণের মতামত গ্রহণের উদ্দেশ্যে কমিটি গঠন করিবে যাহার সদস্য সংখ্যা সর্বোচ্চ পঞ্চাশ (৫০) হইতে পারিবে। (২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটির

কাঠামো পরিকল্পনা

সভায় কর ধার্যকরণ ও আদায়সহ বিভিন্ন সেবা ও উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে সদস্যগণের মতামত ব্যক্ত করিবার সুযোগ থাকিবে৷ ”

এখানে বর্ণিত আছে – (১) প্রত্যেক নির্বাচিত পৌরসভায় সেবা এবং অন্যান্য কর্মকান্ডের ব্যাপারে জনগণের মতামত নেয়ার জন্য ৫০ সদস্য (এর বেশি নয়) বিশিষ্ট একটি করে কমিটি গঠন করা হবে। (২) উপধারা (১) এর অধীনে তৈরি কমিটির মিটিং এ কর নিরূপণ ও অনুধাবন এবং পৌরসভা প্রদত্ত বিভিন্ন সেবা এবং উন্নয়ন কর্মকান্ডের ব্যাপারে সদস্যদের নিজ নিজ মতামত ব্যক্ত করার সুযোগ থাকবে।

এই নীতির আওতায় প্রত্যেক পৌরসভা নগর পর্যায়ে নগর পর্যায়ের সমন্বয় কমিটি (টিএলসিসি) এবং প্রত্যেকটা ওয়ার্ডে ওয়ার্ড সমন্বয় কমিটি গঠন করবে। যা স্থানীয় মানুষজনদেরকে একটা প্ল্যাটফর্ম প্রদান করবে যেন তারা উন্নয়ন কার্যক্রম এবং সেবা প্রদানে পৌরসভাকে জবাবদিহি করতে পারে।

একই সাথে, অনেক স্থানীয় সরকার উন্নয়ন প্রকল্প তাদের কর্মক্ষেত্রের সুযোগে জনগণের অংশগ্রহণের বিষয় অন্তর্ভুক্ত করেছে।

৮.৪ বর্তমান প্রকল্পের অধীনে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা

ইউজিপ-৩ প্রকল্পের অধীনে গৃহীত পৌরসভা মহাপরিকল্পনা প্রকল্পে চার স্তরের জনপরামর্শের ব্যবস্থা রাখা হয়েছে – এর মধ্যে তিনটি হলো প্রকল্প এলাকার জনগণের সাথে এবং একটি এলজিইডি কর্তৃপক্ষের সাথে। মাঠ পর্যায়ের আলোচনা সভাগুলো জন প্রতিনিধি সহ নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে করা হয়। ToR এর শর্তসমূহ পূরণ করে বিভিন্ন শ্রেণীর অংশীদারদের সাথে বিস্তারিত নির্ধারিত দলভিত্তিক আলোচনা করা হয়।

নিম্নে চলতি প্রকল্পের অধীনে সম্পাদিত জন অংশগ্রহণমূলক কার্যাবলীর সংক্ষিপ্তসার বর্ণনা করা হলো।

৮.৪.১ মতবিনিময় সভা

ToR এর নির্দেশাবলী অনুসারে পরামর্শক দল তিনটি মতবিনিময় সভার আয়োজন করেন।

৮.৪.১.১ প্রথম মতবিনিময় সভা

প্রথম মতবিনিময় সভা বা প্রথম ইন্সেপশান সভা ১১ মে, ২০১৬ সালে খাগড়াছড়ি পৌরসভার অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়, যার মূল উদ্দেশ্য ছিল প্রাথমিক তথ্যগুলো পৌরসভার নেতাবৃন্দ/প্রতিনিধিবৃন্দ/সম্প্রদায়ের কাছে পৌঁছে দেয়া এবং একই সাথে তাদেরকে পরিকল্পনা তৈরীর কাজে অংশগ্রহণ করতে উদ্বুদ্ধ করা। মতবিনিময় সভাটির সভাপতিত্ব করেন পৌরসভার মেয়র জনাব রফিকুল আলম। দলনেতা, নগর পরিকল্পনা বিশেষজ্ঞবৃন্দ একটি পরিকল্পনাবিদ ও পরামর্শক দলের সাথে খাগড়াছড়ি পৌরসভা যান এবং প্রতিষ্ঠা সেমিনার/ পরামর্শ কর্মশালা সফলভাবে পরিচালনা করেন। সকল ওয়ার্ড কাউন্সিলর, টি.এল.সি.সি সদস্যবৃন্দ, নারী প্রতিনিধিগণ, সহকারী প্রকৌশলী, ডব্লিও.বি. সদস্যবৃন্দ এবং স্থানীয় ব্যবসায়ী সম্প্রদায় এই সভায় অংশগ্রহণ করেন। পৌরসভা মেয়রের প্রারম্ভিক বক্তৃতার পর দলনেতা ডক্টর আক্তার হোসেন চৌধুরী পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য এবং প্রয়োজনীয়তা তুলে ধরেন, কিভাবে মানুষ এই প্রকল্প থেকে সুবিধা লাভ করবে, কিভাবে পৌরসভা একটি মহাপরিকল্পনা প্রস্তুতিতে সাহায্য করবে এবং সর্বশেষে তিনি সবার কাছে জানতে চান ২০ বছর পর সবাই কিভাবে এই পৌরসভাটিকে দেখতে চান।

স্থিরচিত্র ৮-১: প্রথম মতবিনিময় সভা

উপস্থাপনার পর, সভায় অংশগ্রহণকারীদের ভেতর এই প্রকল্পের এবং এলাকার বর্তমান অবস্থা সম্পর্কিত একটি উন্মুক্ত আলোচনা হয়।

সমস্যার তালিকা (প্রথম মতবিনিময় সভা)

- খাগড়াছড়ি পাহাড়ি জেলা পরিষদের সাথে অন্যান্য সরকারি সংস্থার সমন্বয়ের অভাব।
- পৌরসভা এলাকায় কোনরকম উন্নয়ন ছাড়াই বাজার ফান্ড কর সংগ্রহ।
- লোডশেডিং
- জলাবদ্ধতা
- অবৈধভাবে পাহাড় কাটা
- ভূমি ব্যবহার পরিবর্তন, কৃষি জমিকে বাণিজ্যিক জমিতে রূপান্তর।
- বর্জ্য ব্যবস্থাপনার অভাব, পাহাড়ের ঢালে ময়লা ফেলায় হ্রদের পানি দূষিত হয়।
- বিশুদ্ধ খাবার পানির অভাব।
- প্রাকৃতিক প্রবাহের দখল।
- প্রযুক্তিগত দক্ষতা এবং জনশক্তির অভাব।
- পর্যাপ্ত স্যানিটেশনের অভাব।
- বাস এবং ট্যাক্সি টার্মিনালের অভাব।
- রাস্তার পাশে বস্তি নির্মাণ।
- খাস জমির অবৈধ দখল।
- পার্ক, খেলার মাঠ ইত্যাদির অভাব।



চিত্রলেখ ৮-১: অংশীদারদের উত্থাপিত প্রধাণ সমস্যা

অভিমতের তালিকা (প্রথম মতবিনিময় সভা)

- একটি সুন্দর পর্যটন শহর
- পরিচ্ছন্ন ও পরিকল্পিত শহর
- যানজটমুক্ত শহর
- কাঠ, বাঁশের ব্যবসা এবং মাছ চাষকে গুরুত্ব দেয়া
  - জুম চাষ
  - খাদ্যশষ্য
  - ফল
  - সবজি
  - মশলা
  - উদ্যানপালন
- যানবাহনের অবকাঠামো উন্নয়নঃ নদী এবং সড়ক
- ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রচার
  - হস্তশিল্প
  - ঐতিহ্যবাহী বুনন শিল্প
- পর্যটন সংক্রান্ত পৃষ্ঠপোষকতা এবং এর ব্যাকওয়ার্ড লিংকেজ কমানো
  - হোটেল ও রেস্তোরা
  - ঐতিহ্যবাহী খাবার ও অস্থায়ী আবাস
  - ভ্রমণ গাইড
  - যানবাহন
  - কেনাকাটা

স্থিরচিত্র ৮-২: প্রথম মতবিনিময় সভা, ১১ মে, ২০১৬

৮.৪.১.২ দ্বিতীয় মতবিনিময় সভা

জরিপের ধাপে, পৌরসভার নেতৃবৃন্দ, প্রতিনিধি এবং সম্প্রদায় দের সাথে আলোচনা ও পরামর্শের ব্যবস্থা করা হয় যেন পৌরসভার জরিপের কর্মপদ্ধতিতে সকলকে জড়িত করা এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করা যায়। ওয়ার্ডের সীমা, বেঞ্চমার্ক খুঁটি, চলতি জরিপ কার্যক্রম, জরিপ হতে প্রাপ্ত ফলাফল ইত্যাদি। জরিপ বৈঠকের দ্বিতীয় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় খাগড়াছড়ি পৌরসভার কনফারেন্স রুমে ০৮ডিসেম্বর, ২০১৬ তারিখে, যেখানে সকল প্রকারের জরিপ হতে প্রাপ্ত তথ্য পৌরসভার নেতা, প্রতিনিধি, সম্প্রদায় কে জানানো হয় এবং একই সাথে পরিকল্পনা প্রস্তুতিতে সবার অংশগ্রহণ নিশ্চিত করা হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পৌরসভার মেয়র জনাব রফিকুল আলম। দলনেতা, প্রবীণ নগর পরিকল্পনাবিদ, নগর পরিকল্পনা বিশেষজ্ঞ এবং এর সাথে পরামর্শক নগর পরিকল্পকের একটি দল খাগড়াছড়ি পৌরসভা ভ্রমণ করেন এবং জরিপ সভা/পরামর্শ কর্মশালা সফলভাবে শেষ করেন। সকল ওয়ার্ড কাউন্সিলর, মহিলা কাউন্সিলর, সহকারী প্রকৌশলী, টিএলসিসি সদস্যবৃন্দ, ডব্লিউসি সদস্যবৃন্দ এবং স্থানীয় ব্যবসায়ী সমিতি এই বৈঠকে উপস্থিত ছিলেন। পৌরসভা মেয়রের প্রারম্ভিক বক্তৃতার পর দলনেতা ডক্টর আক্তার হোসেন চৌধুরী মহাপরিকল্পনা সম্পর্কিত একটি প্রাম্ভিক বক্তৃতা দেন। এরপর পরিকল্পনাবিদ আব্দুল্লাহ আল মাসুদ একটি পাওয়ারপয়েন্ট উপস্থাপনার মাধ্যমে জরিপ থেকে প্রাপ্ত তথ্যের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে বক্তৃতা দেন, তিনি চিত্রলেখ দেখানোর মাধ্যমে বিভিন্ন জরিপের ফলাফল দেখান।

দ্বিতীয় মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য ইশতেহার, কলম এবং মন্তব্যের জন্য কাগজ দেয়া হয়। তাদের মূল্যবান মতামতগুলো কাগজে লিখে দিতে অনুরোধ করা হয়, যেন তাদের দৃষ্টিভঙ্গি এবং সমস্যা সম্পর্কে সহজে জানা যায়। বিশিষ্টজনেরা তাদের দৃষ্টিভঙ্গি, অর্থনৈতিক প্রবৃদ্ধি, নাগরিক দুর্যোগ ও স্থিতিস্থাপকতা, নগরের অবকাঠামোগত উন্নয়ন এবং সুবিধা সম্পর্কে মতামত দেন। মৌখিক পরামর্শের সাথে সাথে অনেকে লিখিত ভাবেও পরামর্শ দেন।

স্থিরচিত্র ৮-৩: খাগড়াছড়ি পৌরসভার দ্বিতীয় মতবিনিময় সভা, ০৮ ডিসেম্বর, ২০১৬

রূপকল্প বিবৃতি (দ্বিতীয় মতবিনিময় সভা)

১) বেশিরভাগ মানুষ বলেছেন যে, খাগড়াছড়ি পৌরসভা পর্যটনের দিক থেকে সম্ভাবনাময় একটি জায়গা এবং এর আরো উন্নয়ন করা প্রয়োজন। তারা পৌরসভাটিকে একটি পর্যটন নগরী হিসেবে দেখতে চান।

২) তারা পরিচ্ছন্ন, মনোমুগ্ধকর ও পরিবেশ বান্ধব শহরের সাথে সাথে সকল অত্যাধুনিক সুবিধা যেমন পর্যাপ্ত স্কুল, কলেজ, বিনোদন পার্ক, যানজটমুক্ত এবং সাম্প্রদায়িক বন্ধন যুক্ত একটি শহরের স্বপ্ন দেখে। এক কথায় বলতে গেলে, তারা বসবাসের জন্য একটি পরিকল্পিত শহর চায়।



চিত্রলেখ ৮-২: খাগড়াছড়ি পৌরসভার অংশীদারদের রূপকল্প বিবৃতি

শহরের দুর্যোগ ও স্থিতিস্থাপকতা (দ্বিতীয় মতবিনিময় সভা)

১) খাগড়াছড়ি পৌরসভার ড্রেনগুলো ড্রেনে বর্জ্য ফেলা এবং প্রাকৃতিক নালাগুলোর অবৈধ দখলের ফলে বদ্ধ হয়ে গেছে, যার ফলে জলাবদ্ধতা তৈরী হয়। কারণ পানি নদীতে গিয়ে পতিত হতে পারে না।

২) খাগড়াছড়ির মত পাহাড়ি এলাকায় আকস্মিক বন্যা একটি নিয়মিত ঘটনা। তাই দ্বিতীয় মতবিনিময় সভায় বেশীরভাগ মানুষ আকস্মিক বন্যার আগমন এবং বসতির ওপর এর প্রভাব উল্লেখ করেন।

৩) দ্বিতীয় মতবিনিময় সভায় খাগড়াছড়ির সাম্প্রতিক ভূমিধ্বসের ভয়াবহতা সম্পর্কে অংশগ্রহণকারীরা বলেন।

৪) এর পাশাপাশি তারা নদীভাঙ্গনকে ওয়ার্ড নং ১, ৩ এবং ৯ এর প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করেন।



চিত্রলেখ ৮-৩: খাগড়াছড়ি পৌরসভায় দুর্যোগ

অভিমত/উন্নয়নমূলক প্রস্তাবনা তালিকা (দ্বিতীয় মতবিনিময় সভা)

১) বেশীরভাগ মানুষ বলেছেন যে, ইসলামপুর, মিলনপুর, সবুজবাগ, শালবন, কলেজগেট, নিউজিল্যান্ড সড়ক, উপালি পাড়া ইত্যাদি সড়কের পাশে নতুন করে কোন সড়ক নির্মাণের প্রয়োজন নেই। সবুজবাগ এলাকায় একটি সিঁড়ির প্রয়োজন রয়েছে।

২) তারা আরো বলেছেন যে, মাস্টার পাড়া থেকে মহাজন পাড়া পর্যন্ত একটি ব্রিজ নির্মাণ করা যায়, যেন শহরের কেন্দ্রকে সহজেই অতিক্রম করা যায়। এছাড়াও আরামবাগ থেকে গঞ্জপাড়া পর্যন্ত আরো একটি ব্রিজ প্রয়োজন।

৩) পানখাইয়াপাড়া থেকে মিলনপুর পর্যন্ত একটি সংযোগস্থাপণকারী ড্রেন প্রস্তুত করা প্রয়োজন।



চিত্রলেখ ৮-৪: খাগড়াছড়ি পৌরসভার প্রয়োজনীয় নাগরিক অবকাঠামো উন্নয়ন

নাগরিক সুবিধার চাহিদা (দ্বিতীয় মতবিনিময় সভা)

সাধারণ মানুষ বলেছেন, খেলার মাঠ এবং বিনোদন পার্ক নদীর পাড়ে তৈরী করা উচিত। এর সাথে নদীর পাড়ে হাঁটার জায়গা এবং বসার ব্যবস্থা করা যেতে পারে, যেন বৃদ্ধরা হাঁটাচলা এবং বিশ্রাম নেয়ার জন্য এখানে আসতে পারে। কিছু কিছু মানুষ বলেছেন, প্রতিটি ওয়ার্ডেই একটি করে খেলার মাঠ থাকা প্রয়োজন। বাঙ্গালকাটি এলাকার যেখানে পুরাতন হ্রদ রয়েছে, এটির সংস্কার এবং একই সাথে এখানে একটি পার্ক স্থাপন করা যেতে পারে, এবং পর্যটকদের জন্য নিউজিল্যান্ড রোডের পাশে কিছু বসার জায়গা করে দেয়া যেতে পারে যেন তারা সহজেই প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে পারে।



চিত্রলেখ ৮৫-: খাগড়াছড়ি পৌরসভায় সরকারি সেবার চাহিদা

স্থিরচিত্র ৮-৪: দ্বিতীয় মতবিনিময় সভা

৮.৪.১.৩ তৃতীয় মতবিনিময় সভা

খসড়া পরিকল্পনা পর্যায়ে, পৌরসভার নেতা, প্রতিনিধি এবং সম্প্রদায়ের সাথে আলোচনা এবং পরামর্শ সভার আয়োজন করা হয়, যেন পরিকল্পনা পদ্ধতি তে তাদের অংশগ্রহণ নিশ্চিত করা যায়। খসড়া পরিকল্পনার তৃতীয় মতবিনিময় সভা খাগড়াছড়ি পৌরসভার কনফারেন্স রুমে ১১-সেপ্টেম্বর-২০১৭ সালে অনুষ্ঠিত হয়, যেখানে পরিকল্পনা পদ্ধতির অংশ হিসেবে সকল তথ্য নেতা, প্রতিনিধি এবং সম্প্রদায়ের সামনে তুলে ধরা হয়, যাএ মূল উদ্দেশ্য ছিল পরিকল্পনা তৈরীতে এদের অংশগ্রহণ নিশ্চিত করা। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন পৌরসভার মেয়র জনাব রফিকুল আলম। দলনেতা, প্রবীণ নগর পরিকল্পনাবিদ, নগর পরিকল্পনা বিশেষজ্ঞ এবং এর সাথে পরামর্শক নগর পরিকল্পকের একটি দল খাগড়াছড়ি পৌরসভা ভ্রমণ করেন এবং জরিপ সভা/পরামর্শ কর্মশালা সফলভাবে শেষ করেন। সকল ওয়ার্ড কাউন্সিলর, মহিলা কাউন্সিলর, সহকারী প্রকৌশলী, টিএলসিসি সদস্যবৃন্দ, ডব্লিউসি সদস্যবৃন্দ এবং স্থানীয় ব্যবসায়ী সমিতি এই বৈঠকে উপস্থিত ছিলেন। পৌরসভা মেয়রের প্রারম্ভিক বক্তৃতার পর শেলটেক কনসালটেন্টস এর নির্বাহী পরিচালক, জীনাত নাহরীন মহাপরিকল্পনা সম্পর্কিত একটি প্রারম্ভিক বক্তৃতা দেন। এরপর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল মাসুদ একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশানের মাধ্যমে অংশীদারদের সহায়তায় পরামর্শকদের পুরো পরিকল্পনা প্রস্তুতি তুলে ধরেন।

তৃতীয় মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য ইশতেহার, কলম এবং মন্তব্যের জন্য কাগজ দেয়া হয়। তাদের মূল্যবান মতামতগুলো কাগজে লিখে দিতে অনুরোধ করা হয়, যেন তাদের দৃষ্টিভঙ্গি এবং সমস্যা সম্পর্কে সহজে জানা যায়। বিশিষ্টজনেরা তাদের দৃষ্টিভঙ্গি, অর্থনৈতিক প্রবৃদ্ধি, নাগরিক দুর্যোগ ও স্থিতিস্থাপকতা, নগরের অবকাঠামোগত উন্নয়ন এবং সুবিধা সম্পর্কে মতামত দেন। মৌখিক পরামর্শের সাথে সাথে অনেকে লিখিত ভাবেও পরামর্শ দেন।

স্থিরচিত্র ৮-৫: তৃতীয় মতবিনিময় সভা, ১১ সেপ্টেম্বর, ২০১৭

রূপকল্প বিবৃতিঃ

অধিকাংশ মানুষ বলেছেন, তারা খাগড়াছড়ি পৌরসভাকে একটি পরিকল্পিত শহর হিসেবে দেখতে চান। এর পাশাপাশি তারা একটি পর্যটন সমৃদ্ধ, মনমুগ্ধকর, সন্ত্রাস এবং মাদক মুক্ত শহরের স্বপ্ন দেখেন, যেখানে পর্যাপ্ত শিক্ষা ব্যবস্থা, শিশুদের জন্য বিনোদন ব্যবস্থা, সামাজিক অংশগ্রহণ, উন্নত সড়ক ব্যবস্থা, উন্নত দুর্যোগ ব্যবস্থাপনা এবং সব মিলিয়ে একটি পরিকল্পিত শহর হবে। তারা আরো বলেছেন, প্রধান রাস্তার দু'ধারে বৃক্ষরোপণ করা উচিত।



চিত্রলেখ ৮-৬: খাগড়াছড়ি পৌরসভার অংশীদারদের রূপকল্পের বিবৃতি

অর্থনৈতিক চালিকাশক্তিঃ

বেশীরভাগ মানুষ মনে করেন, মনমুগ্ধকর সৌন্দর্যের জন্য পর্যটন হচ্ছে খাগড়াছড়ি পৌরসভার প্রধান অর্থনৈতিক চালিকাশক্তি। কিন্তু এখানে প্রধান পর্যটন কেন্দ্র সাজেক। যদি খাগড়াছড়ির আশেপাশে আরো কোন আকর্ষণীয় স্থানের উন্নয়ন করা যায়, এবং পর্যাপ্ত পর্যটন সেবা ও সুবিধা দেয়া যায়, আরো বেশী পর্যটক খাগড়াছড়ি ভ্রমণ করতে আসবে। মানুষ আরো মনে করেন, শিল্প কারখানা প্রস্তুত করলে শহরের বেকারত্ব অনেকাংশেই দূর হবে। এছাড়াও ক্ষুদ্র ঋণের ব্যবস্থা থাকা উচিত, যেন মানুষ বসতি নির্মাণের মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি করতে পারে।



চিত্রলেখ ৮-৭: খাগড়াছড়ি পৌরসভার অর্থনৈতিক চালিকাশক্তি

নাগরিক অবকাঠামো উন্নয়নঃ

অধিকাংশ মানুষ বলেছেন, ড্রেনেজ ব্যবস্থাপনায় সর্বাধিক গুরুত্ব দিতে হবে, যার সম্প্রসারণ প্রয়োজন। এর সাথে সাথে চেঙ্গি নদীর পাড়ে বাঁধ নির্মাণও খুবই গুরুত্বপূর্ণ। মাসুদ কাউন্সিলরের বাড়ির পাশে মহিলা কলেজ রোড মধ্যম এলাকায় সড়ক নির্মাণ প্রয়োজন। এছাড়াও তারা মনে করে, বৃত্তাকার সড়ক নির্মাণের মাধ্যমে পর্যটন ব্যবস্থার উন্নয়ন সম্ভব। তারা মনে করেন, প্রধান সড়ক থেকে সংযোগকারী সড়ক নির্মাণ করা প্রয়োজন। এছাড়াও তারা সড়ক প্রশস্তকরণকেও গুরুত্বপূর্ণ মনে করেন।



চিত্রলেখ ৮-৮: খাগড়াছড়ি পৌরসভায় নাগরিক অবকাঠামো উন্নয়নের চাহিদা

যোগাযোগ ব্যবস্থাঃ

অনেক মানুষ বলেছেন খাগড়াছড়ি পৌরসভার কিছু জায়গায় ওভারব্রিজ নির্মাণ প্রয়োজন। তাদের মতে, পানছড়ি টার্মিনাল খুবই প্রয়োজন। তারা আরো বলেছেন, ওভারব্রিজের বদলে আন্ডারপাস প্রদান করা যেতে পারে। সড়কও এক-মুখী হতে পারে। মানুষ ইজিবাইকের জন্য আলাদা সড়ক থাকা উচিত বলে মনে করেন। এবং কিছু রাস্তায় নিরাপত্তার খাতিরে যানবাহনের গতি নির্ধারণ করা জরুরী।



চিত্রলেখ ৮-৯: যোগাযোগ ব্যবস্থা

জলাবদ্ধতা এবং নর্দমাঃ

চেঙ্গি নদীকে ড্রেজিং করা বেশীরভাগ মানুষের আরো একটি পরামর্শ। তারা আরো মনে করেন যে, ড্রেনেজ পরিকল্পনা এবং পর্যাপ্ত ব্যবস্থাপনা করাও জরুরী। ড্রেনকে স্ল্যাব দ্বারা ঢেকে দেয়া জরুরী, নাহলে ড্রেন অন্যান্য বর্জ্য দ্বারা বন্ধ হয়ে যাবে এবং জলাবদ্ধতা সৃষ্টি করবে।



চিত্রলেখ ৮-১০: খাগড়াছড়ি পৌরসভার জলাবদ্ধতা এবং নর্দমা সমস্যা

কমিউনিটি সুবিধাঃ



চিত্রলেখ ৮-১১: খাগড়াছড়ি পৌরসভায় কমিউনিটি সুবিধা

বিনোদন সুবিধাঃ

বেশীরভাগ মানুষ শহরে শিশুদের জন্য একটি পার্ক চায়। তারা বাঙ্গালকাটি হ্রদের পাশে শিশু পার্ক চায়। কিছু মানুষ বলেছে সবুজবাগ কিংবা কুমিল্লাটিলা এলাকায় একটি চিড়িয়াখানা করা যেতে পারে। এবং শহরে খেলার মাঠের খুবই প্রয়োজন। স্টেডিয়াম এবং ব্যায়ামাগারের সংস্কার প্রয়োজন। কিছু মানুষ বিনোদনের জন্য সুইমিং পুল চায়। নদীর তীরে বিনোদন সুবিধাগুলো দেয়া উচিত।



চিত্রলেখ ৮-১২: খাগড়াছড়ি পৌরসভায় বিনোদন সুবিধা

নাগরিক দুর্যোগ এবং স্থিতিস্থাপকতাঃ

পৌরসভায় জলাবদ্ধতা একটি প্রধান দুর্যোগ। মানুষ মনে করে, ড্রেনেজ সুবিধা পর্যাপ্ত নয়। ভূমিধ্বসও একটি প্রধান সমস্যা। ভূমিধ্বসের ফলে সৃষ্ট ক্ষয়ক্ষতি কমানোর জন্য পাহাড়ের চূড়া থেকে বাড়িগুলো সরিয়ে ফেলতে হবে। এছাড়াও যারা নদীর পাশে নিচু জায়গায় থাকে, তাদের জন্য আবাসস্থল তৈরী করতে হবে। তারা আরও মনে করেন, নদীভাঙ্গন কমানোর জন্য স্থায়ী বাঁধ নির্মাণ করা প্রয়োজন। কার্যকরী দুর্যোগ ব্যবস্থাপনার জন্য এলাকা অনুসারে প্রশিক্ষণ প্রাপ্ত দুর্যোগ ব্যবস্থাপনা দল থাকতে হবে।



চিত্রলেখ ৮-১৩: খাগড়াছড়ি পৌরসভায় নাগরিক দুর্যোগ এবং স্থিতিস্থাপকতা

খসড়া মহাপরিকল্পনায় মন্তব্য ও পরামর্শঃ

খসড়া মহাপরিকল্পনার বিভিন্ন শাখায় মন্তব্য (অবকাঠামো, যোগাযোগ ব্যবস্থা, ড্রেনেজ, কমিউনিটি সেবা, জলাবদ্ধতা, দুর্যোগ ইত্যাদি)

মন্তব্য	সংখ্যা
১) শিশুদের বিনোদনের জন্য খাগড়াছড়ি পৌরসভার ওয়ার্ড নং ২ এর বাঙ্গালকাটি হ্রদে একটি শিশুপার্ক তৈরী করা যেতে পারে।	৫
২) দুর্যোগ ব্যবস্থাপনার জন্য চেঙ্গি নদীর নিকটবর্তী মার্কেটে একটি আশ্রয় কেন্দ্র স্থাপন করা যেতে পারে।	১

৩) ভুমিধ্বস রোধে পাহাড়ের চূড়ায় বিপজ্জনক অবস্থানে থাকা বাড়িগুলো সরিয়ে ফেলা।	১
মন্তব্য	**সংখ্যা**
৪) বিশুদ্ধ খাবার পানির স্বল্পতা কমিয়ে বিভিন্ন ওয়ার্ডে পানির সরবরাহ বাড়ানো।	২
৫) প্রতিটি ওয়ার্ডে কমিউনিটি সেন্টার স্থাপনের প্রয়োজন আছে।	২
৬) ড্রেনগুলো ঢেকে দেয়া হলে ভাল হবে।	২
৭) প্রাকৃতিক পানির উৎসগুলো পরিষ্কার এবং বিশুদ্ধ রাখা উচিত।	১
৮) যোগাযোগ ব্যবস্থার উন্নতি করতে হবে।	১
৯) পৌরসভা এলাকার ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নকে প্রাধান্য দিতে হবে।	৩
১০) খেলার মাঠের জন্য ওয়ার্ড ভিত্তিক আলাদা এলাকা ঠিক করতে হবে।	৩
১১) পৌরসভা এলাকায় ওয়াই-ফাই সুবিধা দিতে হবে।	৩
১২) খাগড়াছড়ি স্টেডিয়ামের অভ্যন্তরে একটি সুইমিংপুল স্থাপন করা জরুরী।	১
১৩) ব্যায়ামাগার স্থাপন করতে হবে।	৩
১৪) পানছড়ি টার্মিনাল অতি প্রয়োজনীয়।	১
১৫) সবুজবাগ/কুমিল্লা টিলায় একটি চিড়িয়াখানা স্থাপন করা জরুরী।	১
১৬) প্রত্যেক ওয়ার্ডেই কাউন্সিলর অফিস স্থাপন করা জরুরী।	১
১৭) দীঘিনালা স্টেশন খুবই দরকারি।	১
১৮) খাগড়াছড়ি পৌরসভায় কিছু ওভার ব্রিজ দরকার।	২
১৯) মিলনপুর ব্রিজ থেকে ত্রিপুরা সংসদ ব্রিজ পর্যন্ত বাঁধ নির্মাণ করতে হবে।	
২০) ফুটপাত নির্মাণ করা।	১
২১) চেঙ্গি নদীর বাঁধ উন্নয়ন করা এবং সেখানে ফুটপাথ তৈরী করা যেন বৃদ্ধ মানুষজন সকালে এবং বিকেলে সেখানে হাঁটতে পারে।	২
২২) পৌরসভার জলাশয়গুলো পুনরায় স্থাপন করা।	১
২৩) মহাপরিকল্পনার প্রথম ৫ বছরের ভেতর বিদ্যুৎ ব্যবস্থার উন্নতি করা।	১
২৪) নদীভাঙ্গন রোধে জরুরী কর্মসূচি গ্রহণ করা।	১
২৫) স্টেডিয়াম সংস্কার করা।	১
২৬) জলাবদ্ধতা রোধে জরুরী কর্মসূচি গ্রহণ করা।	২
২৭) প্রত্যেক ওয়ার্ডেই দুর্যোগ ব্যবস্থাপনা দল গঠন করা। ৯ টি ওয়ার্ডে দুর্যোগ ব্যবস্থাপনার জন্য ৯ টি দল থাকবে।	১
২৮) প্রধান সড়কের সাথে মহল্লার সড়কগুলোর সংযোগ স্থাপন করা।	১
২৯) মাধ্যম এলাকায় মহিলা কলেজ রোডের পাশে পাকা রাস্তা নির্মাণ করা।	১
৩০) সহজ সাইকেল নেটওয়ার্ক নিশ্চিত করতে আলাদা সড়ক দেয়া।	১
৩১) সড়ক পুনঃনির্মাণ করা।	২
৩২) ওভারব্রিজের পরিবর্তে ওভারপাস তৈরী করা।	১
৩৩) ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন করা।	১
৩৪) যানবাহনের গতি নিয়ন্ত্রণ করা।	১
৩৫) ভূমিধ্বস প্রতিরোধে ভেটাসার ঘাস (ভারতীয় প্রজাতী) লাগানো।	১

খসড়া মহাপরিকল্পনার জন্য পরামর্শ

পরামর্শ	মতামতের সংখ্যা
১) সকল রাস্তার বর্তমান প্রস্থ মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে। স্থানীয় ভূমি মালিকদের মন্তব্য অন্তর্ভুক্ত করতে হবে।	১
২) ওয়ার্ড নং ২ এর সবুজবাগ এলাকায় দরিদ্র ছাত্রছাত্রীদের জন্য একটি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে।	১
৩) দূরবর্তী এলাকায় স্যানিটারী শৌচাগার বৃদ্ধি করা।	১

পরামর্শ	মতামতের সংখ্যা
৪) খাগড়াছড়ি অঞ্চল পর্যটনের দিক থেকে কেবলমাত্র সাজেক উপত্যকার ওপর নির্ভর করে। তাই উপযুক্ত ব্যবস্থাপনা এবং অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে খাগড়াছড়ির সকল পর্যটন কেন্দ্রকে সংযুক্ত করতে হবে।	১
৫) এটি একটি সৌন্দর্যমন্ডিত এবং উন্নত শহর হিসেবে গড়ে উঠবে।	২
৬) সৌর ব্যবস্থা চালু হলে বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়ন হবে। নতুন সাবস্টেশন তৈরীর ফলে ভবিষ্যতে লোড শেডিং কমবে।	২
৭) বিসিক শিল্পনগরী তে শিল্প কারখানার উন্নয়নের মাধ্যমে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরী হবে।	৪
৮) আবাসিক এলাকায় কিছু হাসপাতাল রয়েছে, তাই মানুষ আসলেই মানুষ উপকৃত হচ্ছে কিনা তা দেখতে হবে।	১
৯) উন্নয়নমূলক কার্যক্রমে সাধারণ মানুষের অংশগ্রহণ বাড়ানো।	৩
১০) শেলটেকের গৃহীত উদ্যোগ প্রশংশনীয়।	১
১১) মহাপরিকল্পনার মাধ্যমে প্রাপ্ত বিষয়গুলো আসলেই প্রয়োজনীয়।	১
১২) একটি পরিকল্পিত শহর গড়ে তোলার জন্য যথোপযুক্ত পরিকল্পনা গ্রহণ করা।	১
১৩) চলমান উন্নয়নমূলক কর্মকান্ড শেষ হওয়ার সাথে সাথেই নতুন পরিকল্পনার শুরু করা উচিত।	১
১৪) আবাসন ঋণ এবং অন্যান্য ঋণ প্রদান করা হলে এটি বাসস্থান নির্মাণে সহযোগিতা করবে এবং একই সাথে তাদের ব্যবসার উন্নতি করে নিজস্ব মর্যাদা বৃদ্ধি করবে।	১
১৫) মহাপরিকল্পনার আওতায় বিভিন্ন ক্ষেত্রে বিশেষিত প্রশিক্ষণ/প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা যেতে পারে।	১
১৬) ছোট এয়ারপোর্ট এবং অর্থনৈতিক ও বিনোদনভিত্তিক পরিকল্পনা প্রস্তাবের জন্য বিশেষভাবে মহাপরিকল্পনা প্রশংশার দাবিদার।	৩
১৭) পর্যটকদের দৃষ্টি আকর্ষণের জন্য রাস্তার দু'ধারে বৃক্ষরোপন এবং পৌরসভার নগর ভবনে অলংকৃত বৃক্ষরোপণ করা যায়।	১
১৮) নদীর পাড়ের এলাকাগুলোকে বিনোদন কেন্দ্র হিসেবে ব্যবহার করা যায়।	১
১৯) পৌরসভার বস্তিবাসীদের শিক্ষা, স্বাস্থ্য এবং অর্থনৈতিক সেবার দিকে নজর দেয়া।	১
২০) দালান নির্মাণের নিয়মগুলোর সুষ্ঠু প্রয়োগ।	২
২১) কৃষি বিশ্ববিদ্যালয় তৈরী করা যেতে পারে।	১
২২) আধুনিক শিক্ষা সুবিধা বৃদ্ধি করা।	১
২৩) চেঙ্গি নদীর সুষ্ঠু পরিকল্পনা এবং ব্যবস্থাপনা।	১
২৪) প্রাকৃতিক বন এবং বন্য পশুদের জন্য আশ্রয়স্থল তৈরী করা।	১
২৫) বাস এবং ট্রাক টার্মিনালের জন্য বরাদ্দকৃত যায়গা চেঙ্গি নদীর অপর পাড়ে করা যেতে পারে।	১
২৬) পর্যটন শহর তৈরীর জন্য বৃত্তাকার সড়ক তৈরী করা যেতে পারে।	১

৮.৪.১.৪ চূড়ান্ত মতবিনিময় সভা

মহাপরিকল্পনা প্রণয়নের চতুর্থ ও চূড়ান্ত মতবিনিময় সভা এলজিইডির আরডিইসি ভবনের সভাকক্ষে ২৩ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়, সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব খন্দকার আলী নূর, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এলজিইডি, আইসিটি বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আহসান হাবিব, সভাপতির ভূমিকা পালন করেন ইউজিপ-৩ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব এ.কে.এম. রেজাউল ইসলাম এবং সভায় উপস্থাপকের ভূমিকা পালন করেন প্রকল্প ব্যবস্থাপক জনাব

জনাব মোঃ শামসুল ইসলাম, সভায় আরো উপস্থিত ছিলেন ইউজিপ-৩ ডিপিএইচই এর প্রকল্প ব্যবস্থাপক জনাব খাঁন মোঃ গোলাম রাব্বানী। খাগড়াছড়ি পৌরসভার পক্ষে সভায় উপস্থিত ছিলেন মেয়র জনাব রফিকুল আলম, নির্বাহী প্রকৌশলী দিলিপ কুমার বিশ্বাস, সচিব পারভিন আক্তার, টাউন প্লানিং ইনচার্জ মোঃ জামাল হোসেন, বস্তি উন্নয়ন কর্মকর্তা আবু তাহের।

মহাপরিকল্পনা প্রণয়নের নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান শেলটেক কনসালন্ট্যান্টস (প্রাঃ) লিঃ এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন টিম লিডার ড. আখতার হোসেন চৌধুরী, ডেপুটি টিমলিডার ও নির্বাহী পরিচালক জীনাত নাহরীন, শেলটেক কনসালন্ট্যান্টস (প্রাঃ) লিঃ এর ব্যবস্থাপক আনিসুর রহমান, পরিকল্পনাবিদ গাজী মোঃ শাহিনুর, পরিকল্পনাবিদ আব্দুল্লাহ আল মাসুদ, পরিকল্পনাবিদ আবু ছালেহ মোঃ শহীদুল্লাহ, পরিকল্পনাবিদ সুদীপ্ত চৌধুরী, পরিকল্পনাবিদ তৌহিদুল ইসলাম, পরিকল্পনাবিদ সুজানা হক এবং পরিকল্পনাবিদ জুলফিকার হায়দার ফয়সাল।

স্থিরচিত্র ৮-৬: চূড়ান্ত মতবিনিময় সভা, ২৩ সেপ্টেম্বর, ২০১৮ তার

চূড়ান্ত মতবিনিময় সভার বিস্তারিত কার্যবিবরনী ও বক্তাদের বক্তব্য রিপোর্টের শেষে সংযুক্ত করা হয়েছে।

৮.৪.১.৫ ইউজিপ প্রকল্পের ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনা উপস্থাপন ও পর্যালোচনা সভা

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন তৃতীয় নগর পরিচলন ও অবকাঠামো উন্নয়ন (সেক্টর) প্রকল্প (ইউজিপ-৩) এর আওতায় ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনার উপস্থাপন ও পর্যালোচনা সভা বিগত ১৫ এপ্রিল, ২০১৯ ইং

তারিখ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের লেভেল ৪ এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ডেভেলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিঃ ও শেলটেক কনসালটেন্টস (প্রাঃ) লিঃ পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে উপস্থিত ছিলেন। সভার প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ আবুল কালাম আজাদ। সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রক্ষনাবেক্ষণ), প্রকল্প পরিচালক, ইউজিপ-৩, প্রকল্প পরিচালক, সিটিইআইপি, প্রকল্প পরিচালক, সিআরডিপিএল, প্রকল্প পরিচালক, ইউটিএমআইডিপি, প্রকল্প পরিচালক, ১৯ পৌরসভা, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, চাঁপাইনবাবগঞ্জ, শেরপুর, মেহেরপুর, মৌলভীবাজার পৌরসভার মাননীয় মেয়র মহোদয়বৃন্দ ও তাদের প্রতিনিধি, নির্বাহী প্রকৌশলী বৃন্দ, শহর পরিকল্পনাবিদগণ, প্রফেসর, আইডব্লিউএফএম, বুয়েট, প্রফেসর, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বুয়েট ও প্রফেসর, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, পরিচালক, সিজিআইএস মহাকরিকল্পনা প্রণয়নে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ, আন্তর্জাতিক সংস্থার কর্মকর্তাবৃন্দ, সিজিআইএস এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং মহাপরিকল্পনা প্রকল্পের বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ সভায় উপস্থিত ছিলেন। সভার উল্লেখযোগ্য বিষয়গুলো নিচে তুলে ধরা হলো,

- সড়কের মানদন্ডের ক্ষেত্রে যেসব সড়কের প্রস্থ বাড়াতে অনেক কাঠামো ভাঙ্গতে হবে সেখানে মানদন্ড না মেনে নতুন মান নেয়া হয়েছে।
- ভবিষ্যৎ মহাপরিকল্পনা প্রণয়নে ডিজিটাল এলিভেশন মডেল (ড্যাম) অন্তর্ভুক্ত করার ব্যাপারটি বিবেচনা করা হয়।
- আলোচনার মূল বিষয় হল আগের মহাপরিকল্পনায় যা বলা নাই ভবিষ্যত মহাপরিকল্পনা প্রণয়নে তা অন্তর্ভুক্ত করা।
- ভবিষ্যতে জলবায়ু পরিবর্তনের কথা বিবেচনা করে পরিকল্পনা করতে হবে।
- ড্রেনেজ পরিকল্পনায় সাব ক্যাচমেন্ট এর কথা না থাকলে তা বলতে হবে এবং গতিপথ গুলো চিহ্নিত করে দিতে হবে।
- সুয়ারেজ এর বর্জ্য এবং ড্রেনেজ লাইন একই হওয়া যাবেনা।
- ইউজিপ-১ এ ড্রেনেজ মহাপরিকল্পনা করা হয়েছিল যা বর্তমানে কিছুটা পরিবর্তন করে কাজ করা লাগছে।
- এক্ষেত্রে বেজলাইন ডাটা যদি তৈরি করা যায় তাহলে পরিকল্পনা কিছুটা পরিবর্তনের সময় যেই বিষয় নিয়ে কাজ করা হয় শুধু তার জন্য জরিপ করলেই হবে। এ বিষয়ে নীতি প্রণয়ন করা যায়।
- এলজিইডির কাছে যে ডাটাগুলো রয়েছে তা কেনো সবার ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেয়া হচ্ছে না। তা উন্মুক্ত করে দিলে যারা গবেষণা করেন তারা তা ব্যবহার করতে পারবে এবং তা আপডেট করতে পারবে তাতে করে এলজিইডি আরো উপকৃত হবে।
- অনেক পৌরসভায় ইউজিপ-১ এ ড্রেনেজ মাস্টার প্ল্যান করা হয়েছে কিন্তু পরবর্তিতে প্ল্যান করার সময় ড্রেনের আউটফলগুলো চিহ্নিত করে রাখা হয় নাই ফলে লোকজন আউটফলের জায়গায় বাড়িঘর বা অন্যান্য কাজ করছে যা পানি প্রবাহে বাধা প্রদান করে। প্ল্যানের এই সাংঘর্ষিকতার জন্য অনেক জায়গায় সমস্যা হচ্ছে। মানে আগের প্ল্যানের অনুসরণ করা হয় না।
- ডাটা শেয়ারিং- একাডেমীসিয়ান ও পেশাদার ব্যক্তির মধ্যে তথ্য শেয়ার করা গেলে পরিকল্পনা প্রণয়নের ভুল ত্রুটি সমাধান করা যায়। এক্ষেত্রে তথ্য ব্যাংক তৈরি করতে হবে।
- পরিকল্পনাটিকে আরো ভালো ভাবে করার জন্য আমাদের সবার সাথে ডাটার শেয়ারিং করতে হবে এবং সরকারি কাজে প্রয়োজনে ডাটা সংগ্রহ করতে ভর্তুকি দিতে হবে।
- প্রয়োজনে সিজিআইএস, সার্ভে অফ বাংলাদেশ, অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক যেকোন সংস্থা থেকে থেকে ডাটা সংগ্রহ করা যেতে পারে।

- এই সকল ডাটা সংগ্রহ করতে কোন আইনি জটিলতা বা আর্থিক বিষয়গুলো ও দেখতে হবে।
- ডাটা সংগ্রহ থাকলে যেসকল প্রতিষ্ঠান পরিকল্পনা প্রনয়ন করে তারা এলজিইডির কাছ থেকে ডাটা সংগ্রহ করে ড্যাম তৈরি করতে পারবে যা তাদের ড্রেনেজ নেটওয়ার্ক তৈরিতে অনেক সহায়ক হবে পাশাপাশি তা বাস্তবায়ন করা ও সহজ হবে।
- মহাপরিকল্পনা প্রণয়নের পরবর্তী ধাপ হল তা বাস্তবায়ন। এক্ষেত্রে কোন কাজগুলো অগ্রাধিকার পাবে এবং তার প্রেক্ষিতে যেসব জমি অধিগ্রহণ করতে হবে তা এখনিই সিদ্ধান্ত নিতে হবে।
- প্রাথমিক ড্রেন এর ক্ষেত্রে খোলা ড্রেন ও পাইপ ড্রেনের বিষয়টি নিয়ে আরও চিন্তা করতে হবে। প্রকৌশলীদের ড্রেনের গুণগত মান সঠিক রাখা নিশ্চিত করতে হবে।
- পেশাদার ব্যক্তিদের নিয়ে পিয়ার রিভিউ গ্রুপ করতে হবে।
- বিভিন্ন কাজের জন্য বাস্তবায়ন সংস্থা আলাদা করে দিতে হবে, সব দায়িত্ব পৌরসভার না।
- ১০/১৫/২০ বছরে পৌরসভার সম্ভাবনা চিন্তা করে পরিকল্পনা করতে হবে।
- সরকার মনুষ্য বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আইন করেছে। কিন্তু ব্যবস্থাপনা কীভাবে হবে সেটা মহাপরিকল্পনায় থাকতে হবে।
- সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট, লিকুইড স্লাজ ম্যানেজমেন্ট এই বিষয়গুলো TOR এ থাকা উচিত এবং সেই অনুযায়ী বাজেট করা উচিত।
- ড্রেনেজ মাস্টার প্ল্যান করতে গেলে ডিটেইল ক্যাচমেন্ট এরিয়া দেখানো উচিত।
- ড্রেনেজ নেটওয়ার্ক করতে গেলে রিজিওনাল কানেক্টিভিটি দেখানো প্রয়োজন।
- পরিকল্পনা বাস্তবায়ন করতে হলে পৌরসভার আর্থিক ও দক্ষ জনবল বৃদ্ধি করতে হবে।
- পৌরসভায় নগর পরিকল্পনাবিদ থাকা আবশ্যক।

সভার বিস্তারিত এই প্রতিবেদনের পরিশিষ্ট অধ্যায়ে সংযুক্ত করা হয়েছে।

স্থিরচিত্র ৮-৭: সভার উপস্থিতি, ১৫ এপ্রিল, ২০১৯

৮.৪.২ ফোকাস গ্রুপ ডিসকাশন

বেসলাইন জরিপ হতে প্রাপ্ত প্রতিবেদনের চেয়েও আরো নিখুঁত তথ্য পাবার জন্য পৌরসভার সহযোগিতায় কিছু ফোকাস গ্রুপ ডিসকাশন করা হয়, যার উদ্দেশ্য ছিল স্থানীয় অংশীদার যেমন জন প্রতিনিধি, পেশাদার, স্থানীয় বাণিজ্য সংস্থা এবং বিজ্ঞ ব্যক্তিবর্গ প্রমুখদের অংশগ্রহণ নিশ্চিত করা। ফোকাস গ্রুপ ডিসকাশনর কিছু চিত্র নিম্নে দেয়া হল।

স্থিরচিত্র ৮-৮: খাগড়াছড়ি পৌরসভার মেয়র, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ সহকারী প্রকৌশলীর উপস্থিতিতে ব্যবসায়ী মালিক সমিতির ফোকাস গ্রুপ ডিসকাশন বৈঠক

স্থিরচিত্র ৮-৯: খাগড়াছড়ি পৌরসভার উপ সহকারী প্রকৌশলীর উপস্থিতিতে শিক্ষকদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন বৈঠক

স্থিরচিত্র ৮-১০: মেয়র এবং নির্বাহী প্রকৌশলীর উপস্থিতিতে খাগড়াছড়ি পৌরসভার সাংবাদিক ও আইনজীবীদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

স্থিরচিত্র ৮-১১: খাগড়াছড়ি পৌরসভার এসডিও এর বস্তিবাসীদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

স্থিরচিত্র ৮-১২: খাগড়াছড়ি পৌরসভার মেয়র এবং প্রকৌশল বিভাগের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

স্থিরচিত্র ৮-১৩: খাগড়াছড়ি পৌরসভার কাউন্সিলরদের সাথে ফোকাস গ্রুপ ডিসকাশন

৮.৫ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ও সুপারিশ সমূহ

৮.৫.১ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ

- বস্তিগুলোতে মহিলাদের সাথে গুরুত্ব দিয়ে পৃথক পৃথক উঠান বৈঠক করা হয়।
- বিভিন্ন নাগরিক সেবা যেমন, পার্ক, বাজার, পাবলিক টয়লেট, বাসস্ট্যান্ড, যাত্রী ছাউনি, ফুটপাথ ইত্যাদি প্রস্তাবনা প্রণয়ণের জন্য বিভিন্ন শ্রেণির মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে।
- বিভিন্ন **FGD** তে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৩০ শতাংশ।
- আর্থ-সামাজিক জরিপে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৩০ শতাংশ।

৮.৫.২ সুপারিশ সমূহ

- ✓ মহিলাদের জন্য পৃথক পাবলিক টয়লেট স্থাপন।
- ✓ কর্মসংস্থানের জন্য দরিদ্র মহিলাদের জন্য পৃথক দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ
- ✓ ওয়ার্ড সেন্টারে ম্যাটারনিটি ক্লিনিক এবং শিশু স্বাস্থ্যসেবা কেন্দ্র স্থাপন।
- ✓ পৌরসভার কর্মকাণ্ডে মহিলাদের আরো বেশি অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি।
- ✓ ক্ষুদ্র ব্যবসাতে মহিলাদের অংশগ্রহণে উৎসাহিত করার জন্য সুযোগ সুবিধা প্রদান।
- ✓ বিভিন্ন নাগরিক সেবা যেমন, পার্ক, বাজার, পাবলিক টয়লেট, বাসস্ট্যান্ড, যাত্রী ছাউনি, ফুটপাত ইত্যাদি সেবাসমূহ নারীবান্ধব করা।

মতবিনিময় সভায় মহিলাদের উপস্থিতি

ফোকাস গ্রুপ ডিসকাশনে নারীদের উপস্থিতি

স্থিরচিত্র ৮-১৪: মহাপরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ

৮.৬ জনগণের অংশগ্রহণের প্রতিবন্ধকতাসমূহ

বর্তমান সময়ে টি.এল.সি.সি এবং ডব্লিউ.এল.সি.সি একমাত্র প্রচারমাধ্যম যেখানে জনপ্রতিনিধিরা পৌরসভার কর্মক্ষমতা এবং স্থানীয় সমস্যা ও অভিলাষের ব্যাপারে মত প্রকাশ করতে পারে। কিন্তু জানা গেছে যে এই দুই পর্ষদ গুলোর মধ্যে নিয়মিত আলোচনাসভা অনুষ্ঠিত হয় না। আলোচনাসভা হলেও সেখানে যথেষ্ট পরিমাণ সদস্য অংশগ্রহণ না করার অভিযোগ পাওয়া গেছে। সদস্যদের সাথে কথা বলে জানা গেছে যে তাদের বেশিরভাগ চাহিদা অপূর্ণ থেকে যাওয়ার কারণে তারা আলোচনা সভায় অংশগ্রহণ করতে অনাগ্রহী।

এতে কোনো সন্দেহ নেই যে আর্থিক সংস্থানের অভাবে পৌরসভা কর্তৃপক্ষ আলোচনা সভায় উঠে আসা সব চাহিদা মেটাতে পারছে না। কিন্তু এই পর্ষদগুলো একটি ভালো প্রচার মাধ্যম হিসেবে কাজ করছে যেখানে জনগণ যেসব সমস্যার সম্মুখীন হচ্ছে সেগুলোর ব্যাপারে মুক্ত আলোচনা করা যায় এবং যৌথ প্রচেষ্টায় সম্ভাব্য সমাধান খুঁজে বের করা যায়। সুতরাং, একটি জবাবদিহি ও স্বচ্ছ স্থানীয় সরকার তৈরি করতে টি.এল.সি.সি এবং ডব্লিউ.এল.সি.সি সক্রিয় এবং কার্যকর থাকা উচিত।

৮.৭ নীতি সুপারিশ

স্থানীয় সরকার বিষয়ক ব্যাপারগুলোতে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি কে কার্যকর রাখতে নিম্নলিখিত কৌশল এবং নীতি সুপারিশগুলো বাস্তবায়ন করা যেতে পারেঃ

লক্ষ্য: পৌরসভার কার্যক্রমে জনগণের স্বক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা।

কৌশল: এলজিইডির নিয়মিত তত্ত্বাবধায়নের মাধ্যমে টি.এল.সি.সি এবং ডব্লিউ.এল.সি.সি কে সক্রিয় করা।

নীতি/অংশগ্রহণ ১: নিয়মিত টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি এর আলোচনা সভা নিশ্চিত করা

নিয়মিত আলোচনা সভা অনুষ্ঠিত হলে বোঝা যাবে যে সংস্থাগুলো অন্তত কার্যকর আছে।

নীতি/অংশগ্রহণ ২: সদস্যদের আলোচনা সভায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করা

সদস্যরা এই সংস্থাগুলোর প্রধান অংশ। তাদের অবশ্যই নিয়মিত আলোচনাসভায় অংশগ্রহণের ব্যাপারে উদ্বুদ্ধ করা উচিত।

নীতি/অংশগ্রহণ ৩: পরিকল্পনা তৈরির সময়, অবকাঠামোগত অবস্থান নির্বাচন এবং অবকাঠামো নকশা তৈরি করতে মহিলা, শিশু এবং প্রতিবন্ধি ব্যক্তিদের প্রয়োজন নিশ্চিত করা

মাস্টার প্ল্যান বাস্তবায়নের সময় এই পরিকল্পনা, অবস্থান এবং নকশা কঠোরভাবে অনুসরণ করা উচিত।

নীতি/অংশগ্রহণ ৪: বিভিন্ন ধরনের সমস্যা যেমন রাস্তা প্রশস্ত করার সুবিধাসমূহ, কীভাবে প্রশস্তকরন অর্জন করা যেতে পারে, ড্রেন পরিষ্কার রাখতে কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে, মানুষের ভূমিকা ইত্যাদি নিয়ে আলোচনা করা

এধরনের মতবিনিময় আলোচনা সভাগুলোকে প্রাঞ্জল করবে এবং ধীরে ধীরে কার্যকর প্রস্তাব উপস্থাপিত হবার আশা করা যায়।

নীতি/অংশগ্রহণ ৫: এলজিইডি কে নিয়মিত আলোচনা সভার কার্যধারা পাঠানো

আলোচনা সভার এই কার্যধারা দেখে এলজিইডি বুঝতে পারবে যে পর্ষদগুলো আসলেই কাজ করছে কিনা।

নীতি/অংশগ্রহণ ৬: সফল টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি মিটিং এর জন্য উদ্দীপক হিসেবে বিশেষ বাজেট তৈরি করা

এর ফলে পৌরসভা নিয়মিত আলোচনা সভা আয়োজন করতে উৎসাহিত হবে এবং টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি সক্রিয় হবে।

৮.৮ বাস্তবায়ন

নীতি সুপারিশগুলোর বাস্তবায়নের দ্বায়িত্ব হবে পৌরসভার নিজের এবং এল.জি.ই.ডি এর। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দ্বারা পরিচালিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কাজ হবে নির্দেশনা দেওয়া এবং তত্ত্বাবধান করা। অন্যদিকে, নীতিমালা বাস্তবায়নে পৌরসভাকে সক্রিয় ভূমিকা নিতে হবে।

নবম অধ্যায় বাস্তবায়নের বিষয়সমূহ

সূচিপত্র

৯.১ ভূমিকা ----------৯-১
৯.২ মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক ----------৯-১
৯.৩ মহাপরিকল্পনা পর্যালোচনা, সংশোধন এবং হালনাগাদ করা----------৯-১
৯.৪ মহাপরিকল্পনা বাস্তবায়ন---------- ৯-২
৯.৫ বাস্তবায়ন প্রকারতা ---------- ৯-২
৯.৬ উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম ---------- ৯-৫
৯.৬.১ ব্যয় কার্যক্রম ---------- ৯-৫
৯.৬.২ উন্নয়ন সমন্বয় ---------- ৯-৬
৯.৬.৩ প্রয়োজনীয় জনশক্তি ---------- ৯-৭
৯.৬.৪ দক্ষতা উন্নয়ন ---------- ৯-৮
৯.৬.৫ পৌরসভা দ্বারা প্রভাবিত এলাকায় উন্নয়ন নিয়ন্ত্রণ---------- ৯-৮
৯.৬.৬ নির্মাণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ---------- ৯-৮
৯.৭ মহাপরিকল্পনার বিপরীতে ভূমি ব্যবহারে বিধিনিষেধ ---------- ৯-৯
৯.৭.১ ইমারত নির্মাণ---------- ৯-৯
৯.৭.২ অপরিকল্পিত এলাকায় ভৌত উন্নয়ন ব্যবস্থাপনা ---------- ৯-৯
৯.৭.৩ যেসব এলাকায় উন্নয়ন করা হবে সেসব এলাকায় ইমারত অনুমোদন ----------৯-১০
৯.৭.৪ বাণিজ্যিক এবং মিশ্র ভূমি ব্যবহার এলাকায় যানবাহন পার্কিং ----------৯-১০
৯.৭.৫ নির্মাণ বিধিনিষেধ ----------৯-১০
৯.৮ খাগড়াছড়ি পৌরসভার সামর্থ্য নির্মাণ----------৯-১০
৯.৯ পরিকল্পনা বাস্তবায়নের জন্য সুশাসন নীতি----------৯-১২
৯.১০ আইনগত ব্যবস্থা----------৯-১৩
৯.১১ সম্পদ আহরণ ----------৯-১৪
৯.১২ বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা ----------৯-১৬
৯.১৩ উপসংহার ----------৯-২০

নবম অধ্যায়
বাস্তবায়নের বিষয়সমূহ

৯.১ ভূমিকা

পরিকল্পনার বাস্তবায়নে, মহাপরিকল্পনাকে বাস্তবে রূপ দেওয়া একটি বৃহৎ চ্যালেঞ্জ এবং এদিকে নজর দেয়া সবচেয়ে বেশি প্রয়োজন। বাস্তবায়নের বিষয়সমূহ গতানুগতিক প্রকৃতির, কিন্তু বিশেষ বিষয়ে বিশেষ দক্ষতা প্রয়োজন। পরিস্থিতি অনুযায়ী সঠিক সিদ্ধান্ত নিতে হবে।

পরিকল্পনার বাস্তবায়নে মহাপরিকল্পনা প্রণয়নের মূল কাঠামো ও দর্শনের সাথে সম্পর্কিত হওয়া উচিত। প্রতিটি বিষয়ের পৃথক মাত্রা এবং তীব্রতা রয়েছে। তাই বিষয়গুলোতে পৃথক পৃথক মনোযোগ প্রয়োজন। একই সময়ে তার আইনি, আর্থিক, ব্যবস্থাপনাগত সহায়তা এবং বাস্তবায়নকৃত প্রকল্প/পরিকল্পনা/কার্যক্রমের রক্ষণাবেক্ষণের প্রতিশ্রুতি সহ সুবিধাভোগীদের অংশগ্রহণ প্রয়োজন।

স্বচ্ছতা তথা সুশাসন, বাস্তবায়নের জন্য আরেকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। তা যদি সঠিকভাবে পরিচালিত হয় তবে তা পরিকল্পনা বাস্তবায়নকে সফল এবং প্রশংসাযোগ্য করে তুলতে পারে।

৯.২ মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক

উন্নয়নের প্রায় সব দিক (কাঠামো, সামাজিক ইত্যাদি) বিভিন্ন গোষ্ঠীর কল্যাণের জন্য মহাপরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়েছে। খাগড়াছড়ি পৌরসভা এই মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক। পরিকল্পনা প্রস্তাবের উল্লেখযোগ্য অংশ বাস্তবায়নের দায়িত্বও পৌরসভার উপর। পৌরসভা পরিকল্পনা সংশোধনের জন্য দায়ী থাকবে। বর্তমান পরিকল্পনা মেয়াদোত্তীর্ণ হয়ে যাওয়ার পর পৌরসভা নতুন পরিকল্পনা প্রস্তুত করবে। পরিকল্পনার প্রস্তাবসমূহ বাস্তবায়নে অনেক সময় প্রয়োজন। একারণে সরকারের আনুষ্ঠানিক অনুমোদন পাওয়ার সাথে সাথেই প্রস্তাবসমূহের বাস্তবায়নে উদ্যোগি হতে হবে। মহাপরিকল্পনার ভারপ্রাপ্ত হওয়ার কারণে পৌরসভা মহাপরিকল্পনার বাস্তবায়ন প্রক্রিয়া পর্যালোচনা করবে এবং সে অনুসারে পরবর্তী কর্ম সম্পাদন করবে। পরিকল্পনার প্রস্তাবসমূহ কার্যকরভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে, স্থানীয় সরকার, জাতীয় শীর্ষ স্তরে থাকা পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে মহাপরিকল্পনার বিরুদ্ধে যায় এমন কোনো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা যাবে না। যেকোনো নতুন প্রকল্প সংশোধিত মহাপরিকল্পনায় অন্তর্ভূক্ত করতে হবে।

৯.৩ মহাপরিকল্পনা পর্যালোচনা, সংশোধন এবং হালনাগাদ করা

জনগণের স্বার্থে ভবিষ্যতের সুষম উন্নয়নের কথা চিন্তা করে মহাপরিকল্পনায় (কাঠামো পরিকল্পনা/ ভূমি ব্যবহার পরিকল্পনা/পরিবহন ও যানবাহন ব্যবস্থাপনা পরিকল্পনা/ নিষ্কাশন ও উপযোগ সেবা পরিকল্পনা/ পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা/ নাগরিক সেবা পরিকল্পনা/ আর্থিক বিনিয়োগ পরিকল্পনা) সংশোধন প্রয়োজন হলে তা স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয়ের অনুমোদনের সাপেক্ষে পৌরসভার পৃষ্ঠপোষকতায় সংশোধন করা যেতে পারে।

আর্থিক বিনিয়োগ পরিকল্পনাটি পরিকল্পনা কালের প্রত্যেক পঞ্চম বছরে পর্যালোচনা করা উচিত যা বাস্তবায়ন শুরু হবে ষষ্ঠ বছরে। পর্যালোচনার উদ্দেশ্য হবে পরিকল্পনা বাস্তবায়ন, ভৌত বিকাশের ছাঁচ, অবকাঠামো উন্নয়ন এবং বিকাশের অভিমুখসহ সরকারি ও বেসরকারি ভৌত উন্নয়নের ধারার বিশ্লেষণ করা।

৯.৪ মহাপরিকল্পনা বাস্তবায়ন

পুরো মহাপরিকল্পনার প্যাকেজটি বেশ কয়েকটি অংশ নিয়ে গঠিত; যেমন- কাঠামো পরিকল্পনা, ভূমি ব্যবহার পরিকল্পনা, পরিবহন ও যানবাহন ব্যবস্থাপনা পরিকল্পনা, নিষ্কাশন ও অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, নাগরিক সেবা পরিকল্পনা, এবং আর্থিক বিনিয়োগ পরিকল্পনা। সহজে বাস্তবায়নের জন্য এই সব উন্নয়ন প্রস্তাবনাগুলোর কর্মপরিকল্পনা তৈরি করতে হবে।

মহাপরিকল্পনার প্রধান তত্ত্বাবধায়ক হিসাবে পৌরসভা মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য দায়বদ্ধ। খেয়াল করলে দেখা যায় যে ধারাবাহিকভাবে ৫ বছরের জন্য ধাপে ধাপে মহাপরিকল্পনা শুরু করা কঠিন হবে, কিন্তু সময়ের সাথে সাথে কার্যোপযোগিতা সহজতর হবে।

পরিকল্পনার পুরো দর্শনটি বুঝতে হবে। বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সময়মত কাজ পর্যালোচনা ও পর্যবেক্ষণ করার প্রয়োজন হবে।

জনগণ তাদের ভূমিকা সম্পর্কে সচেতন হয়ে উন্নয়ন প্রক্রিয়ায় অবদান রাখা উচিত। অগ্রাধিকার তালিকায় থাকা বিষয়গুলো বাস্তবায়নের জন্য অগ্রাধিকার পাওয়া উচিত। যদি কোনো ক্ষেত্রে অগ্রাধিকারে কোনো পরিবর্তন আসে, তবে এর পেছনে কারণসমূহ লিপিবদ্ধ করে জনসম্মুখে আনা উচিত।

দায়বদ্ধতা নিশ্চিত করতে, কোনো প্রকল্পের প্রধান বৈশিষ্ট্যগুলো বিল বোর্ডে রাখতে হবে যেন জনগণ অগ্রগতি দেখতে পারে এবং তাদের কোনো পরামর্শ থাকলে তা দিতে পারে।

৯.৫ বাস্তবায়ন প্রকারতা

বিভিন্ন খাতের প্রস্তাবিত ভূমি ব্যবহার পরিকল্পনা বাস্তবায়নের প্রক্রিয়াতে জনগণের জীবনে প্রভাব সন্নিবেশিত রয়েছে। খাতওয়ারী পরিকল্পনাগুলোতে কিছু অভিন্ন উপাদান থাকলেও, প্রতিটি খাতকে এক একটি স্বাধীন স্বত্বা হিসেবে বিবেচনা করতে হবে। সেজন্যই প্রতিটি খাতের প্রস্তাবনাগুলো কে বাস্তবায়ন করবে, কিভাবে করবে, কৌশলগুলো কি এবং কিভাবে জনগণের অংশগ্রহণ নিশ্চিত হবে তা নির্ধারণ করে দেয়া জরুরী। নিচে বিষয়গুলো সারণি আকারে উপাস্থাপিত হল।

সারণি ৯-১: সেক্টর ভিত্তিক বাস্তবায়ন কৌশল, বাস্তবায়নের মাধ্যম এবং স্থানীয় জনগণের অংশগ্রহণ পদ্ধতি

ভূমি ব্যবহার বিভাগ	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
আবাসন	• সম্ভাব্যতা যাচাই • সরকারি এবং আবাসন পরিকল্পনায় সহায়তা • কাঙ্ক্ষিত জনসংখ্যার জন্যে সাশ্রয়ী মূল্যে আবাসন • অবকাঠামো সুযোগ-সুবিধা প্রদান • স্বতঃস্ফূর্ত আবাসন উন্নয়নে হস্তক্ষেপ • বস্তি উন্নয়ন • অননুমোদিত পেশা অপসারণ করা • বিনিয়োগের পরিবেশ তৈরি • স্বচ্ছতা এবং দ্বায়বদ্ধতা সহজতর	• পৌরসভার কর্মীবৃন্দ এবং আউট সোর্সিং • বাস্তবায়নযোগ্য কার্যক্রম প্রস্তুতকরণ এবং তাদের বিতরণ • ব্যবহারকারীদের শ্রেণী চিহ্নিতকরণ • সড়ক, এলাকার জনগণের জন্য সুযোগ-সুবিধা এবং অন্যান্য সমর্থনকারী উপাদান প্রদান • সীমানাবর্তী এলাকার উন্নয়ন দেখাশোনা করা	• খবরের কাগজ, টেলিভিশন, রেডিও এর মাধ্যমে • প্রচারপত্র বিতরণ • সভাগুলো এবং অন্যান্য ফোরামে আলোচনা • স্থানীয় জনগণের আস্থা অর্জন • আবাসনের মাধ্যমে বিভিন্ন সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা • অবকাঠামো উন্নয়ন বনাম আবাসন উন্নয়ন ব্যাখ্যা করা • স্থানীয় জনগণ ভিত্তিক সচেতনতা প্রোগ্রাম শুরু করা

ভূমি ব্যবহার বিভাগ	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
	করা • মহাপরিকল্পনার কাগজপত্রের সাথে বিভিন্ন উপায়ে মেলানোর মাধ্যমে শুদ্ধতা পরীক্ষা • স্থানীয় এলাকা ভিত্তিক কর্ম পরিকল্পনা তৈরির জন্য এলাকা ভিত্তিক কর্মকান্ড • স্থানীয় জনগণকে ভূমির আচ্ছাদন অনুপাত মেনে চলার জন্য অনুপ্রাণিত করা	• বসবাসযোগ্য এলাকার উন্নয়ন • অবৈধ দখল উচ্ছেদ করা • ব্যাংক ঋণ সুবিধা, ঋণপত্র প্রচার করা ইত্যাদি • দলিলপত্র প্রকাশ করা • মহাপরিকল্পনা অনুসারে বাস্তবায়ন	
যানবাহন	• বিদ্যমান সড়ক তালিকা প্রস্তুতকরণ • রাস্তার অনুক্রম রক্ষা করা • রাস্তার সরু অংশ প্রসস্থ করা • রাস্তার আয়তন বনাম গাড়ির ঘনত্ব • গণযোগাযোগ উন্নীত করা • রাস্তার অবস্থা ও রক্ষণাবেক্ষণ পরিস্থিতি • বিভিন্ন যানবাহন মাধ্যম ও তাদের গুরুত্ব • অবকাঠামোর বন্দোবস্ত • রাস্তার স্থাপত্য • অবকাঠামো পরিকল্পনা তৈরির জন্য বিভিন্ন সরকারি সংস্থার পশ্চাদনুসরণ করা।	• পূর্ণ দৈর্ঘ্য জরিপ বা অধ্যয়ন • বিদ্যমান উপাত্ত সংগ্রহ • সড়ক প্রশস্তকরণ • বেসরকারি খাতকে জড়িত করা • নোডাল পয়েন্টগুলো চিহ্নিতকরণ • ব্রিজ, কালভার্ট ইত্যাদি নির্মাণ • সড়ক বাতি, বাস বে, বিশ্রাম স্থান, রাস্তার পাশে বাগান সরবরাহ করা	• চাহিদা এবং অন্যান্য পথ নির্দেশক উৎপাদক চিহ্নিত করতে স্থানীয় জনগণ / জড়িত করা • প্রশস্ততা এর সুবিধার ব্যাখ্যা • জরিপ পরিচালনা করা এবং স্থানীয় জনগণকে জড়িত করা • বেসরকারি খাতকে উদ্দীপক প্রদানের ব্যাপারে উৎসাহিত করা • স্থানীয় জনগণ সহায়তা প্রদান করতে পারে • হালনাগাদকৃত মানচিত্র এবং স্থানীয় জনগণ থেকে খোঁজা • স্থানীয় জনগণের সহায়তায় উপযুক্ত অবস্থান নির্বাচন • প্রস্তাবিত রাস্তার প্রান্তিককরণ সনাক্ত করুন
বাণিজ্যিক	• মুক্ত অর্থনীতি উদ্বুদ্ধকরণ • সহজাত পরিবেশ তৈরি করা • পাইকারি ও খুচরা এলাকা চিহ্নিতকরণ • সরকারি ভূমি উন্নয়ন নীতি • প্রধান কেনাকাটা এলাকার তালিকা • শপিং মল নির্মাণের সম্ভাব্যতা • বহু-ক্ষেত্রীয় ব্যাঙ্কিংকে উৎসাহ প্রদান • সড়ক ও অন্যান্য অবকাঠামো প্রদান • বাস/ট্রাক টার্মিনাল প্রদান • বাণিজ্যিক এলাকায় আইনশৃঙ্খলা	• ৫ বছর মেয়াদি পরিকল্পনা এবং এর মুক্ত বাজার নীতিকে সমর্থন • এলাকাভিত্তিক, পরিদর্শকের সংখ্যা, প্রবেশ এবং সঞ্চয়স্থান সম্পর্কিত উপাত্ত • শপিং মলে বিভিন্ন প্রকৃতির আরও কার্যক্রম পরিলক্ষিত হবে • প্রয়োজনীয় বিনিয়োগ করা বা করতে উৎসাহিত করা • নিরাপত্তার ভাল ব্যবস্থা করা উচিত • প্রস্তাবিত মার্কেট এলাকা	• এলাকার লোকজনের জাতীয় পরিকল্পনা সম্পর্কে সচেতন হওয়া উচিত • স্থানীয় উৎস এবং জরিপ থেকে সংগ্রহ • স্থল বন্দর ইতোমধ্যেই বিদ্যমান, ডিজাইনের চাহিদা এবং অন্যান্য নির্দেশক উপাদান চিহ্নিত করার জন্য স্টেকহোল্ডারের পরামর্শ নেওয়া শুরু করা • জনমত খোঁজা এবং স্থানীয় চাহিদাগুলো পরীক্ষা করা • ব্যাংকিং সেক্টরে সহায়তা প্রদান • পুলিশ বিভাগকে জড়িত করতে হবে

ভূমি ব্যবহার বিভাগ	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
	পরিস্থিতি	পাবলিক প্রাইভেট পার্টনারশিপে করা যেতে পারে। • অঞ্চলটির বিদ্যমান চরিত্র বজায় রাখা	• যারা খাগড়াছড়িতে ঘুরতে আসে তাদের কাছে শহরটি এমনভাবে প্রচার করতে হবে যেন শহরের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন চিত্র প্রকাশ পায়।
প্রশাসনিক	• কর্মী বিশেষভাবে প্রযুক্তিগত কর্মী সংখ্যা বৃদ্ধি • পৌরসভা কর্মকর্তাদের শক্তিশালীকরণ • ওয়ার্ড কমিটি শক্তিশালীকরণ	• ওয়ার্ড কমিটি শক্তিশালী করতে সহায়তা • আরও জনবল সরবরাহ করা • আরও ক্রিয়াকলাপ সরবরাহ করা	• স্থানীয় জনগণের সাথে আলোচনা • অভ্যন্তরীণ এবং অন্যান্য সভায় আলোচনা
শিল্প	• মহাপরিকল্পনায় প্রস্থাবিত অর্থনৈতিক অঞ্চলটি অবলম্বন করা • দুর্বল শিল্পগুলোকে পুনরুজ্জীবিত করা • ছোট ছোট শিল্পকারখানাগুলোকে উৎসাহ প্রদান • খোলা জমিতে শিল্প ভূসম্পত্তি স্থাপন করা • পরিবেশবান্ধব শিল্পাঞ্চল	• চাহিদা সনাক্তকরণ এবং প্রয়োজন মূল্যায়ন • অনুমতি প্রদানের মাধ্যমে উৎসাহিত করা এবং প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করা • ভূমি উন্নয়ন • প্রস্তাবিত মার্কেট এলাকা পাবলিক প্রাইভেট পার্টনারশিপে করা যেতে পারে।	• জনগণের জন্য মহাপরিকল্পনাটি সহজলভ্য করা • জনগণ এবং অন্যান্যদের সাথে পরামর্শ করা • জনগণকে অবগত করা • স্থানীয় জনগণের সাথে পরামর্শ করা • স্থানীয় এলাকা ভিত্তিক কর্ম ও সচেতনতামূলক কার্যক্রম
শিক্ষা	• জাতীয় শিক্ষা নীতি অনুসরণ • প্রয়োজন মূল্যায়ন করা • অবকাঠামোর তালিকা • শিক্ষক-ছাত্র অনুপাত	• নীতি সংগ্রহ • জরিপ এবং স্থানীয় পরামর্শ গ্রহণ • জরিপ এবং স্থানীয় জনগণের সাথে অবকাঠামো উন্নয়নের ব্যাপারে পরামর্শ করা	• জনগণের মধ্যে বিতরণ • অভ্যন্তরীণ জরিপ ও তথ্য • অভ্যন্তরীণ এবং স্থানীয় জনগণ
স্বাস্থ্য	• হাসপাতাল, ক্লিনিক ও নার্সিং হোমের সংখ্যার একটি তালিকা তৈরি • বর্তমান মেডিকেল কলেজ এবং নার্সিং স্কুলের সংখ্যার একটি তালিকা তৈরি • প্রতি ১০,০০০ জনসংখ্যায় ডাক্তারের সংখ্যা • দরিদ্র এলাকায় স্বাস্থ্য অবস্থা	• জরিপ এবং স্থানীয় পরামর্শ করা • জরিপ এবং স্থানীয় পরামর্শ করা • তালিকা প্রস্তুতকরণ ও জরিপ • এই এলাকাগুলোতে নমুনা স্বাস্থ্য পরীক্ষা	• জনগণের সাথে যোগাযোগ করা • ডাক্তারের কাছে যাওয়া এবং জনগণের সাথে পরামর্শ করা • অভ্যন্তরীণ জরিপ এবং স্থানীয় জনগণের কাছ থেকে পরামর্শ গ্রহণ • পরিবেশগত অবস্থা সম্পর্কে পরামর্শ করা
উপযোগ	• ভূগর্ভস্থ জলের প্রাপ্যতা • পৃষ্ঠ জলের প্রাপ্যতা • এধরনের পানির গুনগত মান • বর্জ্য জলের শোধন • শোধনাগারের প্রাপ্যতা	• জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাছে থেকে তথ্য • জরিপ • সংগ্রহ এবং পরীক্ষণ • মহাপরিকল্পনার প্রস্তাবনা	• স্থানীয় জনগণের সাথে আলোচনা • অভ্যন্তরীণ আলোচনা • মহাপরিকল্পনার প্রস্তাবনার ব্যাখ্যা

ভূমি ব্যবহার বিভাগ	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
		• বাস্তবায়নের জন্য প্রস্তাবিত পরিকল্পনাসমূহ • পূর্ণ দৈর্ঘ্য অধ্যয়ন পরিচালনা এবং বিনিয়োগ পরিকল্পনা প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট সংস্থার অগ্রসর হওয়া	
খোলা জায়গা ও বিনোদন এলাকা	• আশেপাশের এলাকার একটি তালিকা তৈরি • বিনোদনমূলক এলাকায় রূপান্তর করার জন্য বাঙ্গালকাটি লেক ও চেঙ্গি নদীর পাশ দিয়ে জরিপ • জল ভিত্তিক বিনোদন দর্শকদের আকর্ষণ করবে • অতিথিদের জন্য আবাসন	• জরিপ • স্থানীয় জনগণকে সচেতন করা • কর্ম পরিকল্পনা প্রস্তুতকরণ • চিড়িয়াখানার জন্য বিদেশি পশু আনা যেতে পারে। • প্রয়োজনীয় বাসস্থান নির্মাণ করা হবে	• স্থানীয় জনগণকে সচেতন করা • স্থানীয় জনগণকে মহাপরিকল্পনার সম্পর্কে বিস্তারিত জানাতে হবে • স্থানীয় এলাকাকে বন্ধুত্বপূর্ণ পরিবেশ সম্পর্কে সচেতন করে তুলতে হবে

৯.৬ উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম

উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম দুটি নির্ণায়কের উপর ভিত্তি করে তৈরি হতে পারে; যেমন- সমস্যার প্রখরতার উপর ভিত্তি করে অগ্রাধিকার নির্ধারণ করা এবং নগরায়নের সম্ভাবনা বিবেচনা করে স্থান নির্বাচন। কিছু উন্নয়ন শহর স্তরে হবে যা ওয়ার্ড স্তরে ভাঙ্গা যাবে না। কিন্তু একদম স্থানীয় স্তরের (ওয়ার্ড) কিছু প্রকট সমস্যা সামগ্রিক পদ্ধতিতে সমাধান করতে হবে। এর কোনো অগোছালো সমাধান নেই বরং এটি সামগ্রিকভাবে বিবেচনা করা উচিত।

একইভাবে, সমস্যার প্রখরতা ও প্রয়োজনের অগ্রাধিকার বিবেচনা করে বাস্তবায়নের পর্যায়ক্রম নির্ধারণ করা উচিত। স্বচ্ছতার জন্য উন্নয়ন প্রস্তাবনাগুলো পৌরসভার বৈঠকে আলোচনা করা উচিত এবং প্রখরতা ও অগ্রাধিকারের নির্ণায়কের মাধ্যমে যে সিদ্ধান্ত নেয়া হবে তা জনগণের সামনে প্রকাশ করা উচিত।

৯.৬.১ ব্যয় কার্যক্রম

কর্তৃপক্ষকে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সম্ভাব্য ব্যয়ের সর্বোচ্চ সীমা দিয়ে দেওয়ার জন্য একটি সুনির্দিষ্ট ব্যয় কার্যক্রম দরকার। এটি কর্তৃপক্ষকে বাস্তবায়নের সময়কালে তহবিল যোগানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সহায়তা করবে। সম্পাদনকারী কর্তৃপক্ষের বিভিন্ন খরচ উপাদানের হালনাগাদের উপর ভিত্তি করে বিস্তারিত গণনা করা উচিত। প্রথম পাঁচ বছরে যে প্রকল্পগুলো বাস্তবায়ন করা হবে সেগুলোর ব্যয় কার্যক্রমের কাজ হাতে নিতে হবে।

৯.৬.২ উন্নয়ন সমন্বয়

পৌরসভার প্রভাব এলাকার একটি বড় অংশ উপজেলা প্রশাসনের মধ্যে পড়ে যা আবার নিয়ন্ত্রিত হয় জেলা প্রশাসনের মাধ্যমে। জেলা/উপজেলা প্রশাসনকে পৌরসভার ভেতর ও বাইরে মহাপরিকল্পনার বিভিন্ন উন্নয়ন প্রস্তাবনা হাতে নিতে হবে। যেহেতু পৌরসভা মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক, সুতরাং পৌরসভাকে মহাপরিকল্পনার ভিত্তিতে সব উন্নয়ন কার্যক্রম হাতে নিতে হবে। পৌরসভা এবং এর প্রভাব অঞ্চল স্থানীয় থেকে জাতীয় পর্যায়ে একাধিক প্রশাসনের অধীনে আছে। (***চিত্রলেখ ৯-১***)



চিত্রলেখ ৯-১: সরকারি আইনগত অধিকারের অধিক্রমণ

প্রশাসনের নিম্নলিখিত স্তরগুলো পরিকল্পনা এবং উন্নয়ন কার্যক্রম হাতে নেয়ার জন্য আইনগতভাবে ক্ষমতায়নপ্রাপ্ত।

ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ আলোচনা করে সেসব কর্মকান্ড নিয়ে যা গুরুত্বপূর্ণ পরিকল্পনা কার্যক্রমের দিকে দৃষ্টিপাত করে। এই গুরুত্বপুর্ণ পরিকল্পনা কার্যক্রমগুলো নিম্নরূপঃ

ক) ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতির জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ

খ) ওয়ার্ড স্তরে প্রকল্প/পরিকল্পনা প্রস্তুতি এবং বাস্তবায়নযোগ্য পরিকল্পনা ও উন্নয়ন কর্মকান্ডগুলোর অগ্রাধিকারকরণ।

গ) পূর্ব নির্ধারিত মানদন্ডের ভিত্তিতে চূড়ান্ত অগ্রাধিকার তালিকাসহ সরকারি কার্যক্রমে সুবিধাভোগীদের তালিকা প্রস্তুত করা।

ঘ) উন্নয়ন পরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য সকল প্রকার সহায়তা প্রদান করা।

ঙ) স্থানীয় স্বেচ্ছাসেবী কার্যক্রম বাস্তবায়নে সহায়তা ও উৎসাহ প্রদান।

চ) সড়ক বাতি, নিরাপদ খাওয়ার পানির উৎস, অন্যান্য জনস্বাস্থ্য ইউনিট, সেচ সুবিধাগুলো এবং জন উপযোগের অন্যান্য স্থান নির্ণয় ইত্যাদি।

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২য় তফসিল) উপজেলা পরিষদের কার্যক্রম বিশেষ করে পরিকল্পনা বিষয়ক কার্যক্রম বর্ণনা করে। এ কার্যক্রমগুলো নিম্নরূপঃ

ক) ৫ বছরের জন্য এবং বিভিন্ন স্থিতিকালের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা।

খ) স্থানান্তরিত সরকারি প্রকল্প বাস্তবায়ন এবং সেই বিভাগের তত্ত্বাবধান ও সমন্বয়করন।

গ) ইউনিয়নের ভেতরকার সংযোগকারী রাস্তা তৈরি, মেরামত এবং রক্ষণাবেক্ষণ

ঘ) ভূগর্ভস্থ পানি সম্পদ সর্বাধিক কার্যকরী করার লক্ষ্যে সরকারি নির্দেশাবলী অনুসারে, ছোট ছোট সেচ প্রকল্পগুলোর দায়িত্ব গ্রহণ এবং বাস্তবায়ন করা

ঙ) স্যানিটেশন, ড্রেনেজ ব্যবস্থা এবং খাওয়ার পানি সরবরাহের উন্নয়ন।

চ) ইউনিয়ন পরিষদের কাজে সমন্বয়করণ, মনিটর এবং সহায়তা করা ।

ছ) স্বাস্থ্যকর অবস্থা, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষরোপন, পরিবেশের সুরক্ষা - সামাজিক অসদাচরণ এবং দুর্নীতির বিরুদ্ধে জনমত তৈরি করে।

জেলা পরিষদ আইন, ২০০০ নিম্নলিখিত গুরুত্বপূর্ণ পরিকল্পনা কর্মকান্ড বিহিত করেঃ

ক) বাজেটের উপর নির্ভর করে এর এক্তিয়ারের অধীনে পরিষদের কার্যক্রম গ্রহণ এবং ৫-বছর মেয়াদি পরিকল্পনা অথবা বিভিন্ন মেয়াদি অন্যান্য উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন করা যেতে পারে। এ ধরনের ক্ষেত্রে, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ অথবা কোনো বিশিষ্ট বিশেষজ্ঞ থেকে ধারণা নেওয়া যেতে পারে।

নিম্নলিখিত অংশগুলো উপরে উল্লেখিত পরিকল্পনায় নির্দেশ করা উচিত-

- পরিকল্পনাটির জন্য অর্থ কীভাবে উপলব্ধ করা হবে এবং কিভাবে তা তত্ত্বাবধান ও বাস্তবায়ন করা হবে
- পরিকল্পনাটি কারা বাস্তবায়ন করবে
- পরিকল্পনা সম্পর্কিত অন্যান্য তথ্য

খ) বাস্তবায়নের পূর্বে প্রত্যেক উন্নয়ন পরিকল্পনার একটি প্রতিলিপি সরকারের কাছে পাঠাতে হবে এবং সর্বসাধারণের অবগতির জন্য এটি প্রকাশিত হবে যখন পরিষদ উপযুক্ত মনে করবে ও প্রয়োজন হলে জন মতামত বিবেচনা করবে ও সেগুলো অন্তর্ভুক্ত করবে।

বিভাগীয় পর্যায়

একটি বিভাগ কয়েকটি জেলা নিয়ে গঠিত যেগুলো বিভাগীয় কমিশনার দ্বারা পরিচালিত। এর প্রধান কাজ হচ্ছে সমন্বয়করণ, সহায়তা করা এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে পরামর্শ দেওয়া। প্রতিষ্ঠানটির উদ্দেশ্য পরিকল্পনার চেয়ে বেশি সমন্বয়।

জাতীয় পর্যায়

জাতীয় পর্যায়ের সংস্থাগুলো তাদের জাতীয় দায়িত্বের একটি অংশ হিসেবে পৌরসভা এবং অন্যান্য কেন্দ্রসহ বিভিন্ন নগর এলাকায় সেবা প্রদান করে। কিছু গুরুত্বপূর্ণ জাতীয় সংস্থাগুলোর মধ্যে আছে নগর উন্নয়ন অধিদপ্তর, জাতীয় আবাসন কর্তৃপক্ষ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে গণপূর্ত বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকারের অধীনে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায়, যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে সড়ক ও জনপদ অধিদপ্তর, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীনে পরিবেশ অধিদপ্তর এবং শক্তি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। অন্যান্য মন্ত্রণালয়ের মধ্যে বাণিজ্য, শিক্ষা, অর্থ, কৃষি, যুব ও ক্রীড়া এবং পানি সম্পদ উন্নয়ন মন্ত্রণালয় মূলত তাদের আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ের সংস্থাগুলোর মাধ্যমে নগর উন্নয়ন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে জড়িত আছে।

উপরে বর্ণিত আলোচনা স্পষ্টভাবে নির্দেশ করে যে নিজ নিজ কর্তব্যের দিকে মনোনিবেশ করে বাংলাদেশে কর্মকান্ডের বিশাল অধিক্রমণ আছে যার মধ্যে খাগড়াছড়ি পৌরসভা এবং এর প্রভাব এলাকা; যেমন- আশেপাশের ইউনিয়ন পরিষদ আছে।

পর্যাপ্ত তহবিল এবং যথেষ্ট লোকবল না থাকা সত্ত্বেও পরিকল্পনা অনুসারে খাগড়াছড়ি পৌরসভার প্রভাব বলয়ের মধ্যে ইউনিয়ন গুলো ও পৌরসভা একত্রে কাজ করার সুযোগ রয়েছে। এক্ষেত্রে আরেকটি ব্যাপার হচ্ছে যে ইউনিয়ন পরিষদের ক্রম শ্রেণীবিভাগের মধ্যে নিচে থাকায় এটি তার উন্নয়ন ও উন্নয়ন নিয়ন্ত্রণের ক্ষেত্রে তেমন প্রভাব রাখতে পারে না।

৯.৬.৩ প্রয়োজনীয় জনশক্তি

এটি প্রমাণিত যে স্থানীয় সংস্থায় জনবলের ঘাটতি রয়েছে, বিশেষ করে কারিগরি পেশাজীবীদের। খাগড়াছড়ি পৌরসভা তাদের জনবলের প্রয়োজনীয়তার ব্যাপারটি মন্ত্রণালয়কে জানিয়েছে। এটি অনুমোদন পেলে পরিস্থিতি উন্নত হবে।

সার্বিক অবস্থা বিবেচনায় উপজেলা পরিষদে অতিসত্বর পরিকল্পনাবিদদের পদ অনুমোদন করে তাদের নিযুক্ত করা উচিত। এটি শুধুমাত্র উপজেলা পরিষদ নয়, ইউনিয়ন পরিষদ ও এর বিভিন্ন কমিটির জন্যও প্রয়োজন হবে।

৯.৬.৪ দক্ষতা উন্নয়ন

খাগড়াছড়ি পৌরসভা এবং উপজেলা পরিষদের পরিকল্পনাবিদগণ এবং এর সাথে অন্যান্য কারিগরি পেশাজীবিদের নিয়ে ধারাবাহিকভাবে একটি প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা উচিত। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় তাদের প্রশিক্ষণে যথাযথ মডিউল প্রবর্তন করতে পারে যেন মহাপরিকল্পনা সঠিকভাবে গ্রহণ করা যেতে পারে।

৯.৬.৫ পৌরসভা দ্বারা প্রভাবিত এলাকায় উন্নয়ন নিয়ন্ত্রণ

এটি পরিস্কার যে সময়ের সাথে সাথে পুরাতন রীতি অনুসারে চললে খাগড়াছড়ি পৌরসভা এলোমেলোভাবে গড়ে ওঠা শহরে পরিনত হবে । এতে তীব্র ও অনিয়ন্ত্রিত নগর সমস্যা দেখা দিবে। সুতরাং, ইউনিয়ন পরিষদ, উপজেলা এবং জেলার অধীনস্ত পৌরসভার প্রভাব এলাকা পৌরসভা মহাপরিকল্পনার মাধ্যমে নিয়ন্ত্রণ করা উচিত।

এটি প্রবলভাবে বিশ্বাস করা হয় যে উপজেলা পরিষদের একজন অথবা এর বেশি নগর পরিকল্পনাবিদ নিয়োগের মাধ্যমে (উদাহরনস্বরূপ, ৩টি ইউনিয়নের জন্য একজন পরিকল্পনাবিদ) এই ব্যাপারে ইউনিয়ন পরিষদকে সহায়তা করতে এগিয়ে আসা উচিত। সেই পরিকল্পনাবিদকে নিয়মিত কর্মী হিসেবে হেড কোয়ার্টারে প্রেরণ করা হবে, যিনি পরিকল্পনা পরিচালনার ব্যাপারে তিনটি নির্ধারিত ইউনিয়নকে সহায়তা করবে। এভাবে প্রভাব এলাকা তাদের আকাঙ্ক্ষিত পদমর্যাদায় পৌছাতে সমর্থ হবে।

৯.৬.৬ নির্মাণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

আইনানুসারে, খাগড়াছড়ি পৌরসভার নির্মাণ নিয়ন্ত্রণের সকল কাজ করবে। প্রভাব এলাকার মহাপরিকল্পনার রক্ষণাবেক্ষণের দায়িত্ব পৌরসভার হাতে হস্তান্তর করা প্রয়োজন, যেহেতু পৌরসভার ভবিষ্যতে এই এলাকায় বর্ধিত হবে। সকল উন্নয়ন নিয়ন্ত্রণ কর্ম পরিকল্পনা মেয়রের সম্মতিতে, নগর পরিকল্পনবিদ দ্বারা পরিচালিত হওয়া উচিত। **নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি** (স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯) উন্নয়ন নিয়ন্ত্রণ কার্যক্রম তত্ত্বাবধান করবে এবং কোনো অনিয়ম দেখা গেলে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

নগর পরিকল্পনা, নাগরিক সেবা এবং উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি

নগর পরিকল্পনা, নাগরিক সেবা এবং উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি গঠিত হবে ৫ জন সদস্য নিয়ে যার মধ্যে ৪ জন নির্বাচিত কাউন্সিলর (যার মধ্যে কমপক্ষে একজন মহিলা কাউন্সিলর) এবং মেয়র। নির্বাচিত কাউন্সিলরদের মধ্য থেকে একজন মেয়র হিসেবে নির্বাচিত হন। স্থায়ী কমিটির পাশাপাশি একটি নাগরিক কমিটি (পৌরসভার সাথে) গঠিত হতে পারে পৌরসভার কারিগরি পেশাদার, সরকারি সংস্থার প্রতিনিধিদের সদস্যসহ, উপজেলা পরিকল্পনাবিদ, বেসরকারি শাখা, পেশাজীবী সংগঠন, সুশীল সমাজ, বেসরকারি উন্নয়ন সংস্থা, সম্প্রদায় ভিত্তিক সংস্থা, নারী গোষ্ঠী এবং দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি নিয়ে। এভাবে পরিকল্পনা কার্যক্রমে বিভিন্ন শ্রেণীর মানুষকে একত্রিত করা সম্ভব।

এছাড়াও, পৌরসভার প্রতিটি বিভাগ/অংশে বিভিন্ন কমিটি গঠন করে পৌরসভার কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা উচিত। এভাবে বিভিন্ন শ্রেনীর সক্রিয় অংশগ্রহনের মাধমে পৌরসভা তার কাজ আরো ভালভাবে সম্পন্ন করতে পারবে।

ওয়ার্ড কমিটি

পৌরসভার প্রতিটি ওয়ার্ড এই একটি করে ওয়ার্ড কমিটি আছে। ওয়ার্ড কাউন্সিলর হবে এই কমিটির প্রেসিডেন্ট এবং নির্ধারিত মহিলা কাউন্সিলর হবে ভাইস-প্রেসিডেন্ট। ওয়ার্ড এর বাসিন্দাদের মধ্য থেকে মেয়র এবং কাউন্সিলর এর সাথে কন্সাল্টেশন এর মাধ্যমে ওয়ার্ড কমিটি এর সদস্য নির্বাচিত হয়। একজন পৌরসভা অফিসিয়াল সদস্য সচিব এর দায়িত্ব পালন করবেন এবং তিনি কাগজপত্র হালনাগাদ করণে সহায়তা করবেন। কমিটি সংগঠনের সময় বেসরকারি শাখা, সুশীল সমাজ, বেসরকারি উন্নয়ন সংস্থা, দরিদ্র জনগোষ্ঠী, নারী গোষ্ঠী, প্রভৃতির অংশগ্রহন নিশ্চিত করতে হবে।

মহাপরিকল্পনার পাশাপাশি ওয়ার্ড অ্যাকশন প্ল্যান (WAP) তৈরী এবং সমাধানমূলক সমস্যাগুলো চিহ্নিতকরণে এই কমিটি নিবিড়ভাবে জরিত থাকবে।

ওয়ার্ড কমিটির বিকেন্দ্রীকরণের মাধমে স্বচ্ছতা এবং জবাবদিহিতা সৃষ্টি হবে এবং পৌরসভার উন্নয়ন নিয়ন্ত্রনে সহায়তা করবে। কন্সালন্ট্যান্স এর সহায়তা নিয়ে পৌরসভার প্রজেক্ট ইমপ্লিমেন্টশন ইউনিট (PIU) সব ভৌত কাজ বাস্তবায়ন, নির্মাণকাজ দেখাশোনা, প্রশাসন, ব্যবস্থাপনা এবং সক্ষমতা তৈরী কার্যক্রম সম্পন্ন করবে।

ওয়ার্ড কমিটি তাদের বিষয়গুলো শহর পর্যায়ের সমন্নয় কমিটিকে এবং সর্বশেষে বাস্তবায়ন এর জন্য পৌর-পরিষদকে জানায়। পৌর-পরিষদ সেটিকে পৌর প্রেক্ষাপটে বিবেচনা করে এবং বাস্তবায়িত করে। কাউন্সিলের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন, উন্নয়ন নিয়ন্ত্রণ পদক্ষেপ এবং উন্নত সেবা প্রদান এর কাজ কার্যকর ওয়ার্ড কমিটি সহজতর করে।

৯.৭ মহাপরিকল্পনার বিপরীতে ভূমি ব্যবহারে বিধিনিষেধ

কোনো ব্যক্তি অনুমোদিত মহাপরিকল্পনায় প্রণীত ভূমি ব্যবহারের বাইরে কোনো ভূমি অন্য উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে না। সরকারি অথবা বেসরকারি খাতের সকল ভবিষ্যৎ উন্নয়ন এবং নির্মাণকার্য অনুমোদিত পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ্য হতে হবে। ভূমি ব্যবহার অঞ্চল/পরিকল্পনা লঙ্ঘিত কোনো দালান ভেঙ্গে ফেলার ক্ষেত্রে কোনো ব্যক্তিকে কোনো ক্ষতিপূরণ দেওয়া হবে না। তবে সরকারি অথবা জাতীয় স্বার্থের কোনো প্রকল্পের ক্ষেত্রে মহপরিকল্পনার ভূমি ব্যবহার বিধানে পরিবর্তন আসতে পারে।

৯.৭.১ ইমারত নির্মাণ

উন্নয়ন নিয়ন্ত্রণ হবে পূর্ববঙ্গ ইমারত নির্মাণ আইন ১৯৫২ এর ধারা- ১৮ এর অধীনে ইমারত নির্মাণ বিধিমালা এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর প্রয়োজনীয় বিধানের মাধ্যমে পরিকল্পনা বাস্তবায়নের প্রধান হাতিয়ার। অনুমোদনের জন্য দরখাস্ত জমা দেওয়া থেকে শুরু করে ইমারত নির্মাণের প্রতিবেদন সম্পন্ন হবে পৌরসভার অনুসরণ করা নির্ধারিত নিয়ম ও বিধান অনুসারে।

৯.৭.২ অপরিকল্পিত এলাকায় ভৌত উন্নয়ন ব্যবস্থাপনা

মহাপরিকল্পনা এলাকায় বিশাল এলাকা অপরিকল্পিত এবং এলোমেলোভাবে বৃদ্ধি পাচ্ছে। আমাদের অপরিকল্পিত এলাকায় সাধারন ঘটনা হলো বিচ্ছিন্ন উন্নয়ন ।

কার্যকর ভূমি ব্যবস্থাপনা হচ্ছে মহাপরিকল্পনা বাস্তবায়নের অন্যতম প্রধান হাতিয়ার। বর্তমান মধ্যম ও উচ্চ ঘনত্বের শহর এলাকায় সবচেয়ে কার্যকর পদ্ধতি হচ্ছে নগর পুনর্বাসন/ উন্নয়ন এবং গোষ্ঠী ভিত্তিক উন্নয়ন কৌশল (যার জন্য সঠিক প্রাতিষ্ঠানিক ও আর্থিক প্রক্রিয়া প্রতিষ্ঠা করতে হবে) উন্নয়ন।

বিদ্যমান অপেক্ষাকৃত কম ঘনত্বের নগর এলাকায়, সরকারি সংস্থাগুলো নির্মাণ অথবা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য এবং নাগরিক সুবিধা প্রদানের জন্য জমি অধিগ্রহণ করতে পারে। এছাড়া, স্থান ও সেবা পরিকল্পনা বাস্তবায়নের জন্যও সরকারি সংস্থাগুলো জমি অধিগ্রহণ করতে পারে যার সাহায্যে নিম্ন আয়ের পরিবারদের জন্য কম খরচে প্লট প্রদান করা সম্ভব।

দুস্থ গোষ্ঠীদের জন্য প্রাতিষ্ঠানিক এবং আর্থিক সহায়তার কৌশল প্রতিষ্ঠিত হবে। সম্ভাবনাময় নগর এলাকার জন্য ল্যান্ড পুলিং, ভূমি পুনর্বিন্যাস, ভূমি পুনঃউন্নয়ন, স্থান ও সেবা – এর মত ভূমি উন্নয়ন কৌশল প্রয়োগ করা যেতে পারে। সরকারি খাত সাহায্যকারীর ভূমিকা সুপারিশ করে এবং ব্যক্তিগত উন্নয়নকে উন্নীত করে।

৯.৭.৩ যেসব এলাকায় উন্নয়ন করা হবে সেসব এলাকায় ইমারত অনুমোদন

পৌরসভা এলাকার মহাপরিকল্পনার জন্য বেশ কয়েকটি উন্নয়ন প্রস্তাবনা দেয়া হয়েছে। এর মধ্যে বেশিরভাগ জমি ব্যক্তিগত মালিকানাধীন। এধরনের জমিতে মহাপরিকল্পনার বিপরীতে ভূমি মালিকদের কোনো উন্নয়ন অনুমোদিত নয়। এধরনের ভূমি যথাযথ কর্তৃপক্ষ অধিগ্রহণ না করলে অথবা উন্নয়ন প্রকল্প পরিত্যক্ত থাকলে তারা ক্ষতিগ্রস্থ হবে। মহাপরিকল্পনা অনুযায়ী নয়, এমন কোনো উন্নয়নকে খাগড়াছড়ি পৌরসভা অনুমতি দিবে না।

৯.৭.৪ বাণিজ্যিক এবং মিশ্র ভূমি ব্যবহার এলাকায় যানবাহন পার্কিং

ঢাকা জাতীয় ইমারত নির্মাণ বিধি ২০০৮ এর অনুযায়ী পার্কিং এর জন্য নির্দিষ্ট বিধান প্রয়োগ করা হবে। আবাসন এবং বাণিজ্যিক ভূমি ব্যবহার এলাকার জন্য বিধান বিদ্যমান আছে, কিন্তু মিশ্র ভূমি ব্যবহার এলাকাগুলোর জন্য সেরকম কিছু নেই। বিধান অনুসারে, প্রতি ২০০ মিটার^2 বাণিজ্যিক জায়গার জন্য ২৩ বর্গ মিটার জায়গা পার্কিং এর জন্য সংরক্ষিত রাখতে হবে। মিশ্র ব্যবহার এলাকার জন্য পরামর্শকের পরামর্শ হবে বাংলাদেশ জাতীয় ইমারত আইনগ্রন্থ ২০০৮ এর সেই বিধান যা মিশ্র ভূমি ব্যবহারের ক্ষেত্রে প্রয়োগ করা হবে।

৯.৭.৫ নির্মাণ বিধিনিষেধ

ক) পুকুর, নিচু জমি ও নিষ্কাশন নির্গমণ পথ

কোনো নিচু জমি ভরাট করা যাবে না এবং নিষ্কাশন ব্যবস্থায় কোনো বাধা গ্রহনযোগ্য হবে না। নিচু জমি ভরাট করার জন্য পৌরসভার কাছ থেকে পূর্ব অনুমতি লাগবে। প্রচলিত আইনগুলোর উপর ভিত্তি করে পৌরসভা এই ধরনের অনুমতি প্রদান করবে। সব পুকুর ভরাট করা গ্রহনযোগ্য হবে না যেহেতু তারা নগর পানি সরবরাহ এবং এর সাথে খোলা জায়গা ও পানি ধরে রাখতে কাজ করে। শহরটিতে অনেকগুলো পুকুর আছে। এটি সুপারিশ করা হয় যে ০.৫০ একর ক্ষেত্রফলের পুকুর রক্ষা করা উচিত। এসব পুকুর ভরাট নিষিদ্ধ করা উচিত। অনুকূল ব্যবহারের জন্য পৌরসভার উচিত এগুলো অধিগ্রহণ করা।

খ) নিরাপত্তা অঞ্চল

নিরাপত্তা অঞ্চলসমূহ; যেমন- ক্যান্টনমেন্ট, বি.জি.বি, পুলিশ, ক্যান্টনমেন্ট বোর্ড ইত্যাদি এলাকা তাদের নিজস্ব বিধিমালা মেনে চলে। তাদের এলাকা মাঝেমাঝে পৌরসভা এলাকা এবং তার বাইরে ছড়িয়ে ছিটিয়ে পড়ে। এই এলাকাগুলো বেসামরিক উন্নয়নের জন্য ব্যবহার করা উচিত নয়।

গ) রেডিও, টেলিভিশন, পানি শোধনাগার, পাম্প স্টেশন এবং পাওয়ার স্টেশন

তারবিহীন স্টেশন, রেডিও, টেলিভিশন, পানি শোধনাগার, পাম্প স্টেশন এবং পাওয়ার স্টেশন হলো মূল নিরাপত্তা অঞ্চল যেগুলো সচরাচর চিহ্নিত সীমানার মধ্যে থাকে। ঐতিহাসিক স্থানসমূহ, গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনাসমূহ যদি নিয়মিত তত্ত্বাবধান করা না হয় তবে তা অননুমোদিত অনধিকার প্রবেশের মাধ্যমে গড়ে উঠতে পারে যা নিরাপত্তা ব্যবস্থাকে ব্যহত করবে। এমনকি এসব এলাকার আশেপাশে পর্যবেক্ষণবিহীন উন্নয়নও নিরাপত্তা সমস্যা তৈরি করতে পারে।

৯.৮ খাগড়াছড়ি পৌরসভার সামর্থ্য নির্মাণ

সরকার (পৌরসভা) আইন ২০০৮ এবং এর পরবর্তী সংশোধন বিভিন্ন ক্ষেত্রে পৌরসভার সক্ষমতা বৃদ্ধি করেছে। যদি সঠিকভাবে আইনের বিধিনিষেধ চর্চা করা হয় তবে পৌরসভার সামর্থ্য ধীরে ধীরে শক্তিশালী হবে।

বর্তমান পরিকল্পনা প্যাকেজটি পৌরসভার জন্য অনেক উন্নয়ন পরিকল্পনা দিয়েছে। শুধুমাত্র পৌরসভা এই পরিকল্পনার তত্ত্বাবধায়ক হবে না, বরং পৌরসভা অনেক উন্নয়ন প্রকল্পও বাস্তবায়ন করবে। এছাড়াও, অন্যান্য নগর উন্নয়ন ও সেবাপ্রদানকারী সংস্থার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পর্যবেক্ষক দ্বায়বদ্ধ থাকবে। এই পরিস্থিতি পৌরসভার বর্তমান সামর্থ্য

কে সমৃদ্ধ করবে। উন্নয়ন নিয়ন্ত্রণের জন্য প্রকৌশল বিভাগ এবং অ্যাকাউন্টস সহ অন্যান্য বিভাগকে ভবিষ্যৎ কাজের পরিমাণ সামলানোর জন্য উল্লেখযোগ্যভাবে উন্নীত করা উচিত। কার্য সামর্থ্য বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করা উচিত। এছাড়াও, এখানে আধুনিক অফিস এবং কার্যসরঞ্জাম প্রতিষ্ঠা করা উচিত।

নিম্নলিখিত সমস্যাগুলো এবং কৌশলগত বিষয়সমূহ খাগড়াছড়ি পৌরসভার সুশাসনে বিবেচনা করা উচিত।

সারণি ৯-২: সমস্যা ও কৌশলগত বিষয়সমূহ যা সুশাসনের ক্ষেত্রে বিবেচনা করা উচিত

ক্ষেত্র	কার্যক্রম	লক্ষ্য	সমস্যাসমূহ	কৌশলগত বিষয়সমূহ
স্বচ্ছতা	উন্মুক্ততা এবং তথ্য প্রচারের উন্নতি	পৌরসভার সেবায় স্বচ্ছতা বাড়ানো এবং পৌরসভা ও নাগরিকদের মধ্যে ঐক্যমত্য তৈরি করা।	পৌরসভা কর্তৃক প্রদত্ত সেবা সম্পর্কে নাগরিকরা সচেতন নয়	গণ যোগাযোগ সরঞ্জাম দ্বারা তথ্য প্রচার
			নগর শাসনের অজ্ঞতা	নাগরিক দলিলের সংশোধন
দায়বদ্ধতা	প্রশাসনিক সংস্কার	নির্ধারিত বাজেট পরিকল্পনার উপর ভিত্তি করে অবকাঠামো উন্নয়নে কার্যকর এবং কার্যকর জনসাধারণের সেবা নিশ্চিত করা	অদক্ষ নগর উন্নয়ন কার্যক্রম	পৌরসভা ও সংশ্লিষ্ট সংস্থার মধ্যে অবকাঠামো উন্নয়নে সমন্বয় সাধন
			কাজকর্ম চালানোর দুর্বল সামর্থ্য	সামর্থ্য উন্নয়ন (কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ, সাংগঠনিক এবং প্রাতিষ্ঠানিক সংস্কার)
	কর সংস্কার		অদক্ষ জনসেবা	বিকেন্দ্রীকরণের সাথে প্রশাসনিক সংস্কার
			কোনো বিস্তৃত দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা নেই	মহাপরিকল্পনা বাস্তবায়ন
	আর্থিক সংস্কার		দুর্বল কর সংগ্রহ ও ব্যবস্থাপনা	কর সংস্কার এবং ক্রয় সংগ্রহ বৃদ্ধি
অংশগ্রহণ	নাগরিক সচেতনতা এবং অংশগ্রহণ	নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন, নিরীক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে নাগরিকের অংশগ্রহণকে উন্নীত করা।	জনগণের অভিযোগ/অনুরোধ জানানোর সামান্য সুযোগ	নাগরিক সমন্বয় কমিটি গঠন
			নীতি এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য স্থানীয় মানব সম্পদের সীমিত ব্যবহার।	অংশীদারদের সমন্বয় কমিটি গঠন এবং পৌরসভার সেবা প্রদানে সামাজিক প্রতিষ্ঠানকে একীভূত করা।
ভবিষ্যতবানী	নগর পরিকল্পনা এবং পরিবেশগত উন্নতি	আইন জারি এবং সামঞ্জস্যপূর্ণ বাজেট পরিকল্পনা নিশ্চিত করা।	আইন, নিয়ম এবং প্রবিধান প্রবর্তনে দুর্বল প্রতিষ্ঠানগত বা সাংগঠনিক সামর্থ্য	আইন জারির জন্য সমন্বয়
	আইন জারির জন্য সমন্বয় ব্যবস্থা		বেসরকারি খাতের কার্যক্রমের জন্য দুর্বল প্রবিধান এবং এর প্রয়োগ	আইন জারি এবং আইন তৈরির জন্য সামর্থ্য উন্নয়ন
			নির্ধারিত বাজেট পরিকল্পনা ছাড়া নগর পরিকল্পনা	অবকাঠামো উন্নয়ন জন্য বাজেট পরিকল্পনা

তথ্যসূত্রঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক উভয় পদ্ধতিতেই আদেশ উপদেশ এবং প্রশিক্ষণের মাধ্যমে পৌরসভার কর্মকাণ্ডে গতি আনা শুরু করতে হবে। ধীরে ধীরে লোকবল এমনভাবে বাড়ানো উচিৎ যেন পরিকল্পনা এবং প্রশাসনিক কার্যক্রমগুলো সহজে ও স্বাচ্ছন্দ্যে সম্পন্ন করা যায়। সময়ের সাথে সাথে এ প্রক্রিয়ার আরো গতি আনা যেতে পারে।

এদিকে, পৌরসভার কম্পিউটারে গুরুত্বপূর্ণ তথ্য, যেমন হোল্ডিংস বিবরণ, কর প্রদান, অন্যান্য দেনা, প্রকল্প ইত্যাদি, সবকিছু স্থানীয় নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকতে হবে। এর ফলে মেয়র সংশ্লিষ্ট ব্যক্তিদের না ডেকেই, তাৎক্ষণিক অবস্থা সম্পর্কে জানতে পারবে এবং এর সাথে তার সময় বাঁচাবে। সময়ের সাথে সাথে সকল উন্নয়ন কর্মকান্ডের তথ্য আদানপ্রদান করা যেতে পারে।

৯.৯ পরিকল্পনা বাস্তবায়নের জন্য সুশাসন নীতি

নীতিশাসন - ০১: সক্ষমতা তৈরি

আধুনিক প্রশাসন চালানোর জন্য এবং জনসাধারণের চাহিদা পূরণের জন্য পৌরসভাকে তার সামর্থ্য বৃদ্ধি করতে হবে।

যৌক্তিকতা

শুধু মহাপরিকল্পনা বজায় রাখার জন্য নয়, বরং শহরের সামগ্রিক ব্যবস্থাপনার জন্য সামর্থ্য গড়ে তোলা, যথাযথ জনবল নিয়োগ, বিদ্যমান খালি পদগুলো পূরণ করা অপরিহার্য। বিশেষ করে একজন নগর পরিকল্পনাবিদ নিয়োগ করা উচিত। বিভিন্ন রকম প্রশিক্ষণ হতে পারে সকল সামর্থ্য গড়ে তোলার ভীত।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতিশাসন – ০২: উন্নয়ন ব্যবস্থাপনা পদ্ধতি গড়ে তোলা

পৌরসভার যথাযথ তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information System – MIS) গড়ে তোলা উচিত।

যৌক্তিকতা

তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি ছাড়া মহাপরিকল্পনা বাস্তবায়ন এবং পরিকল্পনা নিয়ন্ত্রণ, উন্নয়ন, পর্যালোচনা, বাস্তবায়ন এবং নিয়ন্ত্রণ করা কঠিন।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতিশাসন – ০৩: অংশীদারিত্ব ভিত্তিক উন্নয়ন

পৌরসভা হচ্ছে মহাপরিকল্পনা বাস্তবায়নের নেতৃত্বস্থানীয় সংস্থা। পরিকল্পনাটি নগর ব্যবস্থাপনার একটি অন্যতম উপাদান। অন্যান্য সংস্থাগুলোর সহায়তায় এবং জন অংশগ্রহণের মাধ্যমে পৌরসভা এই পরিকল্পনা অন্যান্য সংস্থাগুলোর সাথে অংশীদারিত্বের জন্য যেকোনো উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন করতে পারে।

যৌক্তিকতা

অংশীদারিত্ব অভিজ্ঞতা, দক্ষতা এবং সমর্থন নিয়ে আসে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

৯.১০ আইনগত ব্যবস্থা

উন্নয়ন পরিকল্পনার জন্য আইনি কাঠামো স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এবং অন্যান্য বিধি এবং প্রবিধান, নির্দেশাবলী দেওয়া আছে। কখনও যদি উন্নয়নের স্বার্থের জন্য কিছু আইনি ব্যবস্থা সংশোধন/ পরিবর্তন করার প্রয়োজন হয়, সেক্ষেত্রে কিছু নীতি এখানে প্রস্তাব করা হলোঃ

আইনগত নীতি- ০১: পৌরসভার আইনের সংশোধন

সময়ের সাথে সাথে স্থানীয় সরকার (পৌরসভা) আইনের সংশোধন প্রয়োজন হতে পারে। কিছু ধারা; যেমন - পরিবর্তন/ প্রতিস্থাপনের পরিস্থিতি আসতে পারে উত্তম উন্নয়নের জন্য উচ্চতা বিধিনিষেধ, যা ক্রমবর্ধমান সুবিধাভোগীরা প্রদান করবে।

যৌক্তিকতা

বৈধতার সাথে কার্যোপযোগিতার দক্ষতা সুবিধাভোগীদের বিস্তৃতি আরও বৃদ্ধি করবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

আইনগত নীতি- ০২: সমন্বয় শক্তিশালীকরণ

উন্নয়ন কর্মের সফল বাস্তবায়নের জন্য আন্তঃ-সংস্থা সমন্বয় শক্তিশালীকরণ খুবই অপরিহার্য।

যৌক্তিকতা

উন্নয়ন কর্ম বাস্তবায়নের জন্য সমন্বয়করণ অপরিহার্য। এটি পরিকল্পনা এবং উন্নয়ন বাস্তবায়নে সক্ষমতা নিশ্চিত করবে। উদাহরণস্বরূপ, বিদ্যুৎ ছাড়া একটি ইমারত অকার্যকর।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা
- সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহ

আইনগত নীতি- ০৩: উন্নয়ন কর আরোপ

অনেক উন্নত/ উন্নয়নশীল দেশ এধরনের করারোপণ অনুশীলন করে।

যৌক্তিকতা

একটি অঞ্চলের উন্নয়নের সাথে খরচ জড়িত যা জমির মালিকদের নিকটস্থ মান এবং সুবিধা উন্নীত করে। এই ধরনের ব্যয় ভাগ করা যথেষ্ট যুক্তিসঙ্গত।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

আইনগত নীতি- ০৪: স্থানীয় সরকার (পৌরসভা) আইন লঙ্ঘনের জন্য জরিমানা আরোপ

অনেক সময়ে পৌরসভার নিয়ম ও বিধিগুলো ইচ্ছাকৃত/অনিচ্ছাকৃতভাবে লঙ্ঘিত হয়। এ জন্য শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যেতে পারে।

যৌক্তিকতা

যদি আইনী লঙ্ঘন এভাবে চলতে দেওয়া হয়, তবে এটি একটি সাধারণ অভ্যাস হয়ে দাঁড়াবে। অধিকন্তু, বিধি ও প্রবিধানগুলো হচ্ছে বৃহত্তর সমাজের কল্যাণের জন্য।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

আইনগত নীতি- ০৫: আর্থিক সমস্যা থেকে উত্তরণ

বাংলাদেশী শহরগুলোতে সবসময় অর্থের অভাব রয়েছে। জানা গেছে পৌরসভার আয় নগণ্য। এর স্বায়ত্তশাসনও সীমাবদ্ধ।

যৌক্তিকতা

যথোপযুক্ত আর্থিক সংস্থান ছাড়া উন্নয়ন কাজ বাধাগ্রস্ত হয়, ফলে জনসাধারণ ভোগান্তির শিকার হয়।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা
- পরিকল্পনা কমিশন
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (সিএইচটিডিবি)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

৯.১১ সম্পদ আহরণ

মহাপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধতকতা হলো সম্পদ আহরণ। যদিও পরিকল্পনার বিভিন্ন অংশ বাস্তবায়নের জন্য বিভিন্ন সংস্থা দ্বায়বদ্ধ থাকবে, তবে পৌরসভা হবে বাস্তবায়নের একমাত্র দায়বদ্ধ সংস্থা। এটা পরিষ্কার যে, বর্তমান পরিকল্পনার অধীনে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, সরকার কতৃক পর্যাপ্ত তহবিল সরবরাহে প্রতিক্রিয়ার উপর নির্ভর করবে। এই পরিস্থিতি রাজস্ব উৎসগুলো বাড়ানোর ক্ষেত্রে আহ্বান জানায়। সম্পদ আহরণের জন্য নিম্নোক্ত বিকল্পগুলো পেশ করা হলো।

বিকল্প ১: বর্তমান রাজস্ব ব্যবস্থাপনা উন্নত করা।

বিকল্প ২: সেবা বিতরণ উন্নত করা।

বিকল্প ৩: খেলাপিদের জন্য আইনি ব্যবস্থাগুলো প্রয়োগ করা।

বিকল্প ৪: বেসরকারি খাতের অংশগ্রহণ ও বিনিয়োগ।

বিকল্প ৫: রাজস্ব আয় হতে পারে এমন প্রকল্প হাতে নেওয়া।

বিকল্প ৬: আরও আবাসন ও বাণিজ্যিক উন্নয়ন প্রকল্প গ্রহণ।

বিকল্প ৭: অংশগ্রহণমূলক পদ্ধতি অবলম্বন করা।

যে কোনটি অথবা সবগুলো বিকল্পের পছন্দ করা যেতে পারে। বাস্তবায়নের জন্য সম্পদ সংগ্রহ বাড়াতে হবে।

সম্পদ নীতি- ০১: কর/রাজস্ব আদায়

জনসাধারণের আস্থা ফিরিয়ে আনার জন্য পৌরসভার বিভিন্ন কাজে জনসম্পৃক্ততা বাড়ানোর প্রচেষ্টা গ্রহণ করা উচিৎ। সম্পদ আহরণের জন্য কর / রাজস্ব আদায়ের ক্ষেত্রে পৌরসভার আইনি বাধ্যবাধকতা আছে।

যৌক্তিকতা

মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য খাগড়াছড়ি পৌরসভা সহ অবশ্যই অন্যান্য সংস্থার সম্পদ আহরণ করা প্রয়োজন। পৌরসভার অভ্যন্তর উৎস থেকে সম্পদ আসা উচিত। সম্পদ আহরণের অনেক মাধ্যম আছে।

- পৌরসভা উন্নয়নকৃত জমি বিক্রির জন্য দিতে পারে না।
- উন্নয়ন শুল্ক ধার্য করতে পারে।
- সম্পদ এবং দায়বদ্ধতার তালিকা তৈরি চলমান রাখতে পারে।
- হিসাবরক্ষণের আধুনিক ব্যবস্থা অবলম্বন করা।
- জড়িত অন্যান্য সংস্থা তাদের নিজ নিজ সম্পদ সংগ্রহ করবে।

সম্পদ নীতি- ০২: কর সংগ্রহ বৃদ্ধি

কর সংগ্রহ পৌরসভার প্রধান কাজ। কর সংগ্রহ দক্ষতাও গুরুত্বপূর্ণ। যথা সময়ে কর বৃদ্ধি করা খুবই অপরিহার্য।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (সিএইচটিডিবি)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

সম্পদ নীতি- ০৩: নিয়মমাফিক মূল্যায়ন

পৌরসভার সম্পত্তি মূল্যায়ন রাজস্ব আয়ের স্তরের ব্যাপারে একটি ধারণা দেয়।

যৌক্তিকতা

সম্পদ আহরণ বৃদ্ধির জন্য মূল্যায়নে নিয়মানুবর্তিতা গুরুত্বপূর্ন। এটি অব্যবহৃত সম্পদগুলো চিহ্নিত করবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

সম্পদ নীতি- ০৪: কর নির্ধারনকারীদের প্রশিক্ষণ

প্রত্যেক পাঁচ বছরে কর নির্ধারন করা হয়। নির্ধারকদের তাদের কাজ যথাসম্ভব দক্ষতার সাথে করার জন্য প্রশিক্ষণ প্রয়োজন।

যৌক্তিকতা

নির্ধারনের সময় বাদ দিয়ে কর নির্ধারনকারীরা অন্যান্য কাজে ব্যস্ত থাকে। নির্ধারনের নিয়মনীতিও পরিবর্তন হয়। তাদের পদ্ধতি ও কৌশল সম্পর্কেও জানতে হবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

সম্পদ নীতি- ০৫: করের হার সংশোধন

সরকার সময় সময় করের হার নির্ধারন করে। পৌরসভা পছন্দসই স্তরের কর সুপারিশ করতে পারে এবং সে অনুযায়ী মূল্যায়ন করতে পারে।

যৌক্তিকতা

মাঝে মাঝে নির্ধারিত কর অত্যন্ত নিম্ন হয় অথবা পৌরসভা নির্ধারিত কর হার হ্রাস করে। এর ফলে পৌরসভার রাজস্ব আয় বাধাগ্রস্থ হয়।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

সম্পদ নীতি- ০৬: সরকারি অনুদান

সরকারি অনুদান পৌরসভার প্রধান উন্নয়ন সম্পদের উৎস। প্রত্যেক পৌরসভার তহবিলের ক্রমান্বয় বৃদ্ধি, পৌরসভার নিম্ন রাজস্ব আয় নির্দেশ করে।

যৌক্তিকতা

এই ধরনের ক্রমাগত বরাদ্দকরণ সংস্থাটির নৈতিকতা নিচে নামানোর সাথে সাথে একধরনের নির্ভরশীলতা সৃষ্টি করে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (সিএইচটিডিবি)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

৯.১২ বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা

মহাপরিকল্পনা বাস্তবায়ন করা একমাত্র পৌরসভার দায়িত্ব নয়। পৌরসভার সাথে ৩০ টির অধিক অংশীদারি সংস্থা আছে, যেখানে সহযোগিতা এবং মিথস্ক্রিয়া প্রয়োজন। পৌরসভার দায়িত্ব হচ্ছে বাস্তবায়ন তত্ত্বাবধান করা এবং অনুসরণ করা। মহাপরিকল্পনা হল একটি বিধিবদ্ধ দলিল যা অংশীদারদের স্বীকৃতি দেওয়া এবং অনুসরণ করা উচিত। ***সারণি ৯-৩*** এ মহাপরিকল্পনায় প্রস্তাবিত মূল কার্যক্রমগুলো এবং অংশীদারদের দায়িত্ব তুলে ধরা হয়েছে।

সারণি ৯-৩: মহাপরিকল্পনার অধীনে বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা

উন্নয়ন ক্ষেত্র		প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
আবাসিক		আবাসন সুবিধা প্রদান	পৌরসভা কর্তৃপক্ষ, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, বেসরকারি রিয়েল এস্টেট ডেভেলপার
		আবাসন পরিকল্পনা গড়ে তোলার ক্ষেত্রে সরকারকে সহায়তা প্রদান।	পৌরসভা কর্তৃপক্ষ, বেসরকারি খাতের অন্যান্য উন্নয়ন সংস্থা
		আবাসন পরিকল্পনা তৈরির ক্ষেত্রে বেসরকারি খাতকে সহায়তা প্রদান	পৌরসভা কর্তৃপক্ষ
		নিম্ন আয়ের জনগণকে সা মূল্যের আবাসন প্রদান	বেসরকারি রিয়েল এস্টেট ডেভেলপার, পৌরসভা, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, দাতা সংস্থাসমূহ
		অবকাঠামো সুবিধা প্রদান	পৌরসভা কর্তৃপক্ষ
		স্বতঃস্ফূর্ত উন্নয়নের জন্য পরিকল্পনা হস্তক্ষেপ	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		বস্তি উন্নয়ন	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, দাতা সংস্থাসমূহ, বেসরকারি সংস্থাসমূহ , সহকারী কমিশনার (ভূমি)
		ভূমি এবং আবাসন বাজারে নজরদারি	পৌরসভা কর্তৃপক্ষ, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, সহকারী কমিশনার (ভূমি)
		আবাসন খাতে বিনিয়োগ সহজসাধ্য করা	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রাইভেট সেক্টর হাউজিং ফাইন্যান্সিং এজেন্সি
		আবাসন শাখায় জনগণের অংশগ্রহণ	পৌরসভা কর্তৃপক্ষ, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, বেসরকারি রিয়েল এস্টেট ডেভেলপার
		নিম্ন আয়ের লোকজনকে যথাযথ প্রযুক্তি প্রদান	হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, বেসরকারি সংস্থা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, পৌরসভা কর্তৃপক্ষ, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
যানবাহন ও যোগাযোগ		যথোপযুক্ত নিয়ন্ত্রিত ধীর গতির ট্রাফিক	পৌরসভা কর্তৃপক্ষ, ট্রাফিক পুলিশ
		বিভিন্ন সংগঠন ও সংস্থার সাথে সমন্বয়সাধন	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		আবাসন খাতে বিনিয়োগ সহজসাধ্য করা	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রাইভেট সেক্টর হাউজিং ফাইন্যান্সিং এজেন্সি
		আবাসন শাখায় জনগণের অংশগ্রহণ	পৌরসভা কর্তৃপক্ষ, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, বেসরকারি রিয়েল এস্টেট ডেভেলপার
		নিম্ন আয়ের লোকজনকে যথাযথ প্রযুক্তি প্রদান	হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, বেসরকারি সংস্থা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, পৌরসভা কর্তৃপক্ষ, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		রাস্তাঘাট উন্নয়নের ক্রমবৃদ্ধির ধারা	পৌরসভা কর্তৃপক্ষ, সড়ক ও জনপদ অধিদপ্তর
		বাস টার্মিনাল তৈরি	পৌরসভা কর্তৃপক্ষ, বাস মালিক সমিতি , স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		ট্রাক টার্মিনাল তৈরি	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, ট্রাক মালিক/চালক সমিতি
		রাস্তাঘাটের আদর্শ মান	পৌরসভা কর্তৃপক্ষ, সড়ক ও জনপদ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		মহল্লা পর্যায়ে উচ্চক্রম ভিত্তিক সড়ক ব্যবস্থা নির্মাণ	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, সড়ক ও জনপদ অধিদপ্তর
উপযোগ	ড্রেনেজ	বর্ষার পানির ড্রেনেজ উন্নয়ন পরিকল্পনা তৈরি	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পৌরসভা কর্তৃপক্ষ
		পর্যায় ভিত্তিতে ড্রেনেজ উন্নয়ন পরিকল্পনা গড়ে তোলা	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		উন্নত ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে পরিবেশগত অবস্থা উন্নত করা	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পরিবেশ অধিদপ্তর

উন্নয়ন ক্ষেত্র		প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
		যথাযথ ড্রেনেজ ব্যবস্থা রক্ষণাবেক্ষণ	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পৌরসভা কর্তৃপক্ষ, সড়ক ও জনপদ অধিদপ্তর
		ড্রেনেজ ব্যবস্থার ক্রিয়াকলাপ এবং ব্যবস্থাপনা উন্নত করা	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থাসমূহ, জেলা প্রশাসন
		বিভিন্ন সংস্থার অংশগ্রহণ	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থাসমূহ, জেলা প্রশাসন
	পানি সরবরাহ	বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন	পৌরসভা কর্তৃপক্ষ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
		ভূগর্ভস্থ পানির নতুন উৎস আবিষ্কার ভূগর্ভস্থ পানির উপর নির্ভরতা কমাতে ভূ-পৃষ্ঠের নতুন উৎস আবিষ্কার	পৌরসভা কর্তৃপক্ষ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
		ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক, আয়রন, লবণাক্ততার যথাযথ তদন্ত	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	স্যানিটেশন	একক এবং টুইন পিট ল্যাট্রিনগুলোর উপাদান পর্যাপ্ত পরিমাণে উৎপাদন এবং সরবরাহ	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		পুরো শহরে পাবলিক টয়লেট সুবিধার প্রচার	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		স্কুল পর্যায়ে স্বাস্থ্যকর স্যানিটেশন জন্য সচেতনতা তৈরি	পৌরসভা কর্তৃপক্ষ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , বাংলাদেশ পাঠ্যপুস্তক বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		শোধনাগারসহ একটি সমন্বিত স্যানিটারি সুয়ারেজ নেটওয়ার্ক তৈরি	পৌরসভা কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	কঠিন বর্জ্য ব্যবস্থাপনা	বর্জ্য সংগ্রহে দক্ষতা বৃদ্ধি	পৌরসভা কর্তৃপক্ষ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		হাসপাতাল, ক্লিনিক, শিল্পকারখানার দূষিত বর্জ্য ব্যবস্থাপনা	পৌরসভা কর্তৃপক্ষ, পরিবেশ অধিদপ্তর , স্বাস্থ্য অধিদপ্তর
		কঠিন বর্জ্য পুনর্ব্যবহার করা	পৌরসভা কর্তৃপক্ষ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , সরকারের দারিদ্র্য বিমোচন কার্যক্রম, সরকারের পরিবেশ উন্নয়ন কার্যক্রম
		বাড়ির বর্জ্য সংগ্রহে এনজিওর ভূমিকা বৃদ্ধি	পৌরসভা কর্তৃপক্ষ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		নদীতে বর্জ্য অপসারণ আগে শিল্পকারখানার তরল বর্জ্য শোধন	পরিবেশ অধিদপ্তর , শিল্প অধিদপ্তর, জাতীয় বিনিয়োগ বোর্ড, সংশ্লিষ্ট কারখানাসমূহ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
		নিয়ন্ত্রিত ডাম্পিং/ স্যানিটারি ল্যান্ডফিল সাইটের প্রবর্তন	পৌরসভা কর্তৃপক্ষ
		কঠিন বর্জ্য ব্যবস্থাপনা রক্ষণাবেক্ষণ	পৌরসভা কর্তৃপক্ষ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় জনগণের কমিটি
সামাজিক সেবাসমূহ	**স্বাস্থ্য**	সাধারন স্বাস্থ্য অবকাঠামোর উন্নতি	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা, পৌরসভা কর্তৃপক্ষ
		দরিদ্র জনগোষ্ঠীর দ্বারে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার হার বাড়ানো	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা কর্তৃপক্ষ
		পাড়ায় পাড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা কর্তৃপক্ষ
		পরিবেশের উন্নয়ন এবং সচেতনতা তৈরির মাধ্যমে প্রতিরোধক স্বাস্থ্যসেবা শক্তিশালীকরণ	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারগণ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা কর্তৃপক্ষ

উন্নয়ন ক্ষেত্র		প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
		সাধারন জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা তৈরি করা	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা কর্তৃপক্ষ
		সরকারি খাতের স্বাস্থ্য সুবিধাসূহ প্রদান	স্বাস্থ্য অধিদপ্তর , পৌরসভা কর্তৃপক্ষ
	শিক্ষা	পর্যাপ্ত পরিমাণে উন্নত মানের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয় প্রদান	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , পৌরসভা কর্তৃপক্ষ
		প্রত্যেক বিদ্যালয়ে পর্যাপ্ত পরিমাণে জায়গা প্রদান	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , পৌরসভা কর্তৃপক্ষ
		প্রাথমিক, মাধ্যমিক, তৃতীয় স্তরসমূহ এবং ভোকেশনাল ইনস্টিটিউটে শিক্ষা অবকাঠামো প্রদান	বিভিন্ন শিক্ষা অধিদপ্তর, পৌরসভা কর্তৃপক্ষ
	আইন এবং আদেশ পরিস্থিতি	সকল নাগরিকের জন্য আইনশৃঙ্খলা সেবাসমূহের উন্নতি	জেলা প্রশাসক, খাগড়াছড়ি; স্থানীয় জনসমাজ
খোলা জায়গা ও বিনোদন		পানির সাথে সবুজের সম্পৃক্ততা	পৌরসভা কর্তৃপক্ষ, পরিবেশ অধিদপ্তর , সড়ক ও জনপদ অধিদপ্তর , বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা , স্থানীয় জনগণ
		মহাসড়ক বন তৈরি	পৌরসভা কর্তৃপক্ষ, পরিবেশ অধিদপ্তর , সড়ক ও জনপদ অধিদপ্তর , বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা
		পার্ক তৈরি	পৌরসভা কর্তৃপক্ষ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা , স্থানীয় জনগণ
		খেলার মাঠ/ইনডোর স্টেডিয়াম নির্মাণ	পৌরসভা কর্তৃপক্ষ, ক্রীড়া ও সংস্কৃতি অধিদপ্তর
		সরকারি আবাসন ভূসম্পত্তিতে খোলা জায়গা প্রদান	পৌরসভা কর্তৃপক্ষ, জাতীয় আবাসন কর্তৃপক্ষ, বেসরকারি বাণিজ্যিক ও সমবায় আবাসন কোম্পানি এবং সমিতি
		অন্যান্য বিনোদন সেবা প্রদান	পৌরসভা কর্তৃপক্ষ, ধর্ম এবং সংস্কৃতি মন্ত্রণালয়
শিল্প		শিল্প উদ্দীপক অঞ্চল তৈরি	পৌরসভা কর্তৃপক্ষ অর্থ মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়, বিনিয়োগ বোর্ড, চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
		পরিবেশগতভাবে ক্ষতিকর শিল্প কারখানার ক্রমবর্ধমান স্থানান্তর	পৌরসভা কর্তৃপক্ষ, পরিবেশ অধিদপ্তর
		ছোট মাপের শিল্পকে উৎসাহ প্রদান	বিনিয়োগ বোর্ড বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
		বড় বড় শিল্পের পুনসংগ্রহ এবং পুনর্গঠন	শিল্প মন্ত্রণালয়
		শিল্পকারখানার অবস্থান এবং মান নিয়ন্ত্রণ	পৌরসভা কর্তৃপক্ষ , পরিবেশ অধিদপ্তর
নগর ঐতিহ্যের সংরক্ষণ		পুরাতন মর্যাদাপূর্ণ এলাকার সংরক্ষণ	পৌরসভা কর্তৃপক্ষ, প্রত্নতত্ব অধিদপ্তর, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
		সকল ঐতিহ্যবাহী স্থান এবং পুরাতন ঐতিহাসিক দালান তালিকাবদ্ধ করা	পৌরসভা কর্তৃপক্ষ, প্রত্নতত্ব অধিদপ্তর
		পুরনো ঐতিহাসিক ভবনগুলোর অসঙ্গত ও নবরূপায়ন সম্পর্কিত বিধিনিষেধ	পৌরসভা কর্তৃপক্ষ
		ঐতিহাসিক / ঐতিহ্যবাহী ভবনগুলোর অননুমোদিত এবং অসঙ্গত ব্যবহার উদ্বাসন	পৌরসভা কর্তৃপক্ষ, প্রত্নতত্ব অধিদপ্তর, জেলা প্রশাসন
		পর্যটকদের জন্য পুরাতন ঐতিহাসিক দালান এবং স্থান সংরক্ষণ	পৌরসভা কর্তৃপক্ষ, প্রত্নতত্ব অধিদপ্তর, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
		মুক্তিযুদ্ধের সকল স্থান উন্নয়ন	পৌরসভা কর্তৃপক্ষ, ধর্ম ও সংস্কৃতি মন্ত্রণালয়
পরিবেশ ব্যবস্থাপনা		কঠিন বর্জ্যের যথাযথ ব্যবস্থাপনা	পৌরসভা কর্তৃপক্ষ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , বেসরকারি খাত

উন্নয়ন ক্ষেত্র	প্রধান কার্যক্রম	বাস্তবায়ন সংস্থা
	জলাবদ্ধ এলাকার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ	পৌরসভা কর্তৃপক্ষ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	বর্জ্য পানি পৃষ্ঠতলে ফেলে দেওয়ার পূর্বে তা শোধন করার ব্যাপারে আইন প্রয়োগ	পৌরসভা কর্তৃপক্ষ, পরিবেশ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
	পৃষ্ঠতলের জলাশয়ের সুরক্ষা এবং রক্ষণাবেক্ষণ	পৌরসভা কর্তৃপক্ষ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড , পরিবেশ অধিদপ্তর
	দূষিত এবং লাল শিল্পকারখানার ক্রমবর্ধমান স্থানান্তরের জন্য আইনি ব্যবস্থা গ্রহণ	পৌরসভা কর্তৃপক্ষ
	শহরে একটি কার্যকরী এবং সমন্বয়পূর্ণ ভূমি ব্যবহারের প্রচার এবং উন্নয়ন	পৌরসভা কর্তৃপক্ষ
	পরিবেশগত আইন কঠোর বাস্তবায়ন ও প্রয়োগ নিশ্চিতকরণ	পরিবেশ অধিদপ্তর, অন্যান্য সংস্থার সহযোগিতা
উন্নয়ন খাত	সরকারি অফিস নির্মাণ	গণপূর্ত বিভাগ

৯.১৩ উপসংহার

দেখা গেছে যে উন্নয়ন এবং নির্মাণ নিয়ন্ত্রণের জন্য প্রস্তুতকৃত শহর পরিকল্পনা বিগত বছরগুলোতে উপেক্ষিত হয়েছে। এটি অনস্বীকার্য যে কর আদায়ের নিম্ন হারের জন্য শহরগুলো সরকারি তহবিলের আশায় থাকে। সম্পদ উৎপাদন এবং ফলপ্রসূ বাস্তবায়ন এ জন্য গুরুত্বপূর্ণ। খাগড়াছড়ি পৌরসভার উচ্চ সম্ভাবনা রয়েছে এবং এই পৌরসভা সম্পদ উৎপাদনের মাধ্যমে টিকে থাকতে সমর্থ হবে। নীতিমালা ও অগ্রগতি যথাযথ হওয়া উচিত এবং সে অনুযায়ীই অগ্রসর হওয়া উচিত।

১০ বছর মেয়াদী পরিকল্পনা

ভূমি ব্যবহার, পরিবেশ এবং অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা

ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা
নগর পরিবহন উন্নয়ন পরিকল্পনা
পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা
জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা
মৌলিক নাগরিক সুবিধা পরিকল্পনা

দশম অধ্যায় ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা

সূচিপত্র

১০.১ ভূমিকা----------১০-১
১০.২ ভূমি ব্যবহার জোনিং----------১০-১
১০.৩ কেন ভূমি ব্যবহার জোনিং----------১০-১
১০.৪ ভূমি ব্যবহার জোনিং এর লক্ষ্য----------১০-২
১০.৫ ভূমি ব্যবহার জোনিং এর কৌশল ও নীতি----------১০-২
১০.৫.১ কৌশল----------১০-২
১০.৫.২ নীতি বাস্তবায়ন----------১০-২
১০.৬ বিভিন্ন ভূমি ব্যবহারে ভূমির চাহিদার আনুমানিক হিসাব----------১০-৩
১০.৭ বিদ্যমান ভূমি-ব্যবহার শ্রেণি বিভাজন----------১০-৩
১০.৮ খাগড়াছড়ি পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারের বিশদ শ্রেণিবিন্যাস----------১০-৩
১০.৯ ভূমি ব্যবহার প্রস্তাবনা----------১০-১১
১০.৯.১ ভবিষ্যৎ ভূমি ব্যবহার শ্রেণি বিভাজন----------১০-১২
১০.৯.২ প্রস্তাবিত ভূমি-ব্যবহার শ্রেণি----------১০-১৩
১০.৯.৩ ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা বাস্তবায়নে নীতি----------১০-২৩
১০.৯.৩.১ বিভিন্ন ব্যবহার অঞ্চলের জন্য ভূমি ব্যবহার নীতিমালা----------১০-২৩
১০.১০ ভূমি ব্যবহারের খাতওয়ারী উন্নয়ন প্রস্তাবনা----------১০-২৫
১০.১০.১ আবাসিক খাত----------১০-২৬
১০.১০.২ বাণিজ্যিক খাত----------১০-৩০
১০.১০.৩ শিল্প খাত----------১০-৩৩
১০.১০.৪ শিক্ষা খাত----------১০-৩৬
১০.১০.৫ স্বাস্থ্য খাত----------১০-৩৬
১০.১০.৬ প্রশাসনিক খাত----------১০-৩৮
১০.১০.৭ যাতায়াত এবং পরিবহন খাত----------১০-৪০
১০.১০.৮ অত্যাবশ্যকীয় সেবা (Utility Services) খাত----------১০-৪৩
১০.১০.৯ উন্মুক্ত স্থান ও বিনোদন----------১০-৪৬

দশম অধ্যায়
ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা

১০.১ ভূমিকা

দশম অধ্যায়ে ভূমি ব্যবহারের নকশা সম্পর্কে পৌরসভাটির একটি চিত্র তুলে ধরা হয়েছে। এছাড়াও অধ্যায়ের উপ-ধারাগুলোতে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডগুলোতে বিদ্যমান ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ দেয়া হয়েছে।

১০.২ ভূমি ব্যবহার জোনিং

ভূমি ব্যবহার জোনিং ভূমি ব্যবহার সম্পর্কিত নিয়মনীতি ব্যাখ্যা করে। ভূমি ব্যবহার জোনিং হচ্ছে ভূমি ব্যবহার নিয়ন্ত্রণের একটি পদ্ধতি। ভূমি ব্যবহার জোনিং এর নিয়মকানুন এবং বিধিনিষেধগুলো পৌরসভা এবং উন্নয়ন কর্তৃপক্ষ কতৃক ভূমি উন্নয়ন নিয়ন্ত্রণ ও পরিচালনা করার জন্য ব্যবহৃত হয়। বাংলাদেশে ভূমি ব্যবহার পরিকল্পনা মহাপরিকল্পনার একটি অংশ। ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ আরো কার্যকর করার জন্য অন্যান্য দেশে ভূমি ব্যবহার আইন আছে যা আমাদের দেশে নেই।

ভূমি ব্যবহার পরিকল্পনার আওতায় সমগ্র পৌরসভাকে কয়েকটি অঞ্চলে ভাগ করা হয়েছে যেমন, আবাসিক এলাকা, শিল্প এলাকা, সংরক্ষিত এলাকা, মিশ্র ব্যবহার এলাকা ও নাগরিক সেবা এলাকা। এক ভূমি ব্যবহার থেকে অন্য ভূমি ব্যবহার আলাদা করার উদ্দেশ্য হচ্ছে প্রত্যেকটা ভূমি ব্যবহারের নিজস্বতা এবং একটার উপর অন্যটার নেতিবাচক প্রভাব থেকে মুক্ত রাখা। প্রতিটি ভূমি ব্যবহারের ক্ষেত্রে ভূমি উন্নয়ন ছাড়াও অন্যান্য বিধিনিষেধগুলো নিম্নরূপ হতে পারেঃ

- ধরণ অনুসারে প্রত্যেক ভূমি ব্যবহারে ভবন নির্মাণে সুনির্দিষ্ট শর্ত।
- ইউটিলিটি লাইনের অবস্থান।
- ভবন থেকে অন্য ভবনের সীমানার, রাস্তা থেকে ভবনের নির্দিষ্ট দূরত্ব এবং ভবনের আনুষঙ্গিক জায়গা রাখার ক্ষেত্রে নিয়মনীতি গুলো।
- ভবনের আকার এবং উচ্চতা।
- ভবনের ইউনিট/কক্ষ সংখ্যা।

বিধি নিষেধের আওতায় পড়তে পারে, প্লটের সম্মুখ ভাগ; জমির ন্যূনতম পরিমাণ; বাড়ির সামনে, পেছনে এবং পাশে জায়গা খালি রাখা; একটি প্লটে ভবন সংখ্যা; ঐতিহাসিক এবং সংস্কৃতিক গুরুত্বপূর্ণ স্থান ইত্যাদি। জোনিং এর বিধিনিষেধ গুলোতে এই জিনিসগুলোর সংরক্ষণ করার প্রয়োজন হতে পারে।

১০.৩ কেন ভূমি ব্যবহার জোনিং

ভূমি ব্যবহার জোনিং এর মূল উদ্দেশ্য হল নির্দিষ্ট এলাকার পরিবেশগত মান বজায় রাখা (যা সার্বিকভাবে সম্পত্তির মূল্য বৃদ্ধি করে) বিশেষত, আবাসিক এলাকায় জীবনযাপনের মান বজায় রাখা। এটি অর্থনৈতিক এবং পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকার সংরক্ষণ এবং উন্নয়নে সহায়তা করে। কিছু কিছু জোন এলাকার নিরাপত্তার জন্য করা হয়। নির্মাণ অনুমতিতে নমনীয়তা বজায় রাখার জন্য, কিছু কিছু ব্যবহারের জন্য ভিন্ন ভূমি ব্যবহার জোনে শর্তাধীন অনুমতি দেওয়া হয়।

১০.৪ ভূমি ব্যবহার জোনিং এর লক্ষ্য

যে কোন কৌশল এবং নীতি নির্ধারণ করার পূর্বে এর উদ্দেশ্য নির্ধারণ করে নেয়া প্রয়োজন। নিম্নে ভূমি ব্যবহার জোনিং এর উদ্দেশ্যগুলো দেয়া হলোঃ

১. ভূমি ব্যবহারকে এমন ভাবে বণ্টন করতে হবে যেন ভবিষ্যতে শহরের পরিবেশ বাসযোগ্য থাকে।
২. স্থানীয় অর্থনীতি বিকাশে বাধা না হয়।
৩. পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা সংরক্ষণ করতে হবে।
৪. ভূমি ব্যবহার (ইমারতের নক্সা) অনুমোদনের ক্ষেত্রে নমনীয় হতে হবে।

১০.৫ ভূমি ব্যবহার জোনিং এর কৌশল ও নীতি

খাগড়াছড়ি পৌরসভার মহাপরিকল্পনার ভূমি ব্যবহার জোনিং প্রণয়নের জন্য প্রস্তাবিত কৌশল, নীতিমালা এবং প্রস্তাবনা নিম্নে দেয়া হলোঃ

১০.৫.১ কৌশল

ভূমির স্বাতন্ত্র্য রক্ষা করার জন্য এবং ভবিষ্যতে শহরকে পরিবেশের বিরূপ প্রভাব থেকে রক্ষা করার জন্য নিম্নের নীতিগুলো গ্রহণ করা হয়েছেঃ

নীতিঃ ভূমি ব্যবহার/ ০১: পরিবেশগত ভাবে সংবদেনশীল এলাকাগুলো আলাদা করতে হবে এবং তা সংরক্ষণ করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০২: ভূমি ব্যবহার জোন পৃথক করার জন্য ভৌতঅবকাঠামো নির্মাণ করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৩: ভূমি ব্যবহার জোনিং এর শ্রেণিবিন্যাস সীমিত করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৪: আবাসিক জোনের বাসযোগ্যতা নিশ্চিত করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৫: জোনিং নীতিমালা যেন ভবনের নক্সা অনুমোদনে বড় কোন বাধা তৈরি না করে তা নিশ্চিত করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৬: জোনিং নীতিমালা যেন অর্থনৈতিক উন্নয়নে বাধা তৈরি না করে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৭: প্রাকৃতিক ভাবে সঙ্কটর্পূণ এলাকাগুলো সংরক্ষণের ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে।

নীতিঃ ভূমি ব্যবহার/ ০৮: কৌশল ও নীতির উপর ভিত্তি করে জোনিং নীতিমালা (বিধি) তৈরি করতে হবে।

১০.৫.২ নীতি বাস্তবায়ন

উপরের নীতিমালাগুলো পৌরসভার মহাপরিকল্পনার মূলনীতির অন্তর্ভুক্ত হবে, নিচে আরো কিছু উদ্যোগের পরামর্শ দেয়া হলোঃ

১. কিছু নিয়মনীতি অন্তর্ভুক্ত করা হচ্ছে, যা তৈরি করা হয়েছে, বাংলাদেশ বিল্ডিং নির্মাণ আইন ১৯৫২ এর অনুচ্ছেদ ১৮ এর অধীনে বিল্ডিং নির্মাণ বিধিমালা অনুসারে।
২. নিয়মনীতি গুলো নির্দিষ্ট সময় পর পর হালনাগাদ করতে হবে ও নতুন করে পলিসি, বিধিনিষেধ এবং ভূমি ব্যবহার জোনিং তৈরি করতে হবে।

১০.৬ বিভিন্ন ভূমি ব্যবহারে ভূমির চাহিদার আনুমানিক হিসাব

এলজিইডির DTIDP (District Town Infrastructure Development Project) প্রকল্পের জন্য পরিকল্পনার কিছু অবকাঠামো মান নির্ধারণ করে দিয়েছে, যেখানে বলা আছে নির্দিষ্ট একটি সেবার জন্য সর্বনিম্ন কি পরিমাণ ভূমির প্রয়োজন। পরামর্শকরা DTIDP এর মানকে কিছুটা পরিবর্তন করে তা পরিকল্পনায় ব্যবহার করেছেন। পরিকল্পনার মান গুলো ***সারণি ১০-৩*** এ দেয়া আছে যা পরিকল্পনা এলাকার জন্য ব্যবহার করা হয়েছে এবং বিভিন্ন খাতে কি পরিমাণ ভূমি প্রয়োজন সেই অনুসারে হিসাব করা হয়েছে।

১০.৭ বিদ্যমান ভূমি-ব্যবহার শ্রেণি বিভাজন

ভূমি-ব্যবহার জরিপের প্রধান উদ্দেশ্য ছিল উন্নত এবং অনুন্নত জায়গায় ভূমি-ব্যবহারের ধরণ খুঁজে বের করা। ভূমি-ব্যবহার সনাক্ত করার মাধ্যমে ওই এলাকায় উন্নয়নের প্রয়োজন হবে কিনা, এলাকাটি দীর্ঘস্থায়ী উন্নয়নের জন্য সংরক্ষণের প্রয়োজন আছে কিনা, এবং কিভাবে সাজালে প্রাকৃতিকভাবে শহরের মান অক্ষুন্ন থাকবে, সেটি সহজেই জানা যায়।

ভূমি-ব্যবহার শ্রেণি বিভাজনের কিছু নিয়ম আছে, কিন্তু এটি দেশভেদে এমনকি অঞ্চলভেদেও আলাদা হয়। ভূমি-ব্যবহার শ্রেণি বিভাজন সাধারণত ভূমি-আচ্ছাদনের ওপর ভিত্তি করে করা হয়। ভূমি-ব্যবহার সাধারণত ভূমিতে অবস্থিত অবকাঠামো সমূহের ধরণ অনুযায়ী আলাদা করা হয়। ***সারণি ১০-১*** এ খাগড়াছড়ি পৌরসভার ভূমি-ব্যবহার শ্রেণি দেখান হল।

সারণি ১০-১ : বর্তমান ভূমি ব্যবহার প্রকারভেদ

ক্রমিক নং	বিদ্যমান ভূমি-ব্যবহার শ্রেণি	শ্রেণি আচ্ছাদন
১	আবাসিক	যেখানে মানুষ বাস করে।
২	বাণিজ্যিক	বাণিজ্যিক উদ্দেশ্যে (ব্যবসা-বাণিজ্য ইত্যাদি) ভূমি-ব্যবহার।
৩	মিশ্র ব্যবহার	যেখানে বিভিন্ন রকমের অবকাঠামোর মিশ্র ব্যবহার হয়ে থাকে, এবং এদেরকে আলাদা করা যায় না।
৪	শিক্ষা ও গবেষণা	শিক্ষা-সম্পর্কিত ভূমি ব্যবহার, যেমন স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, প্রশিক্ষণ কেন্দ্র, মাদ্রাসা ইত্যাদি।
৫	শিল্প এলাকা	পণ্য উৎপাদন, ঠিক করা ইত্যাদি শিল্প-কারখানা সম্পর্কিত ভূমি-ব্যবহার।
৬	যানবাহন/সড়ক ব্যবস্থা	সড়ক ব্যবস্থাপনার জন্য ভূমি-ব্যবহার।
৭	জলাশয়	নদী, খাদ, খাল, হ্রদ, পুকুর এবং নিচু জমি এই শ্রেণির অন্তর্ভুক্ত।
৮	প্রাতিষ্ঠানিক	স্বাস্থ্যসেবা সুবিধা, সাংস্কৃতিক কেন্দ্র ইত্যাদি এই শ্রেণির অন্তর্ভুক্ত।
৯	কমিউনিটি সুবিধা	বিভিন্ন ধর্মীয় উদ্দেশ্যে ভূমি-ব্যবহার, যেমন মসজিদ, মন্দির, গীর্জা, কবরস্থান, শ্মশান, মাজার এবং ঈদগাহ, শোধনাগার, পানি সরবরাহ, স্বাস্থ্য সুবিধা ইত্যাদি।
১০	উন্মুক্ত স্থান	খেলার মাঠ, পার্ক, স্টেডিয়াম, নদীর পাশে খালি জায়গা, ঐতিহাসিক স্থান ইত্যাদি এই শ্রেণির অন্তর্ভুক্ত।
১১	সরকারি প্রশাসন	সরকারি কার্যালয় যেমন PWD, WDB, RHD।
১২	সংরক্ষিত এলাকা	নিরাপত্তার বিষয় সংশ্লিষ্ট স্থান, যেমন সামরিক এলাকা, পুলিশ লাইন, সাব-স্টেশান, রাডার স্টেশান ইত্যাদি।
১৩	পাহাড়ি এলাকা	পাহাড়ি এলাকা।
১৪	কৃষি অঞ্চল	সকল ধরণের কৃষি সংক্রান্ত ব্যবহার যেমন শস্য জমি, মুক্ত স্থান, অনুর্বর জমি, খামার বাড়ির মত অবকাঠামো ইত্যাদি এই শ্রেণির অন্তর্ভুক্ত।
১৫	অব্যবহৃত ও খালি জায়গা	খালি জায়গা, পরিত্যাক্ত কাঠামো ইত্যাদি এই শ্রেণির অন্তর্ভুক্ত।

১০.৮ খাগড়াছড়ি পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারের বিশদ শ্রেণিবিন্যাস

পরামর্শকরা পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারকে প্রধানত কে ১৫ টি শ্রেণিতে ভাগ করেছেন, যার ভেতর আবাসিক, বাণিজ্যিক, কৃষি, মিশ্র ব্যবহার, পাহাড়ি এলাকা, জলাশয়, শিক্ষা ও গবেষণা ব্যবহার, প্রশাসনিক কাজে ব্যবহার, যাতায়াত

ও যানবাহন, উন্মুক্ত স্থান, প্রাতিষ্ঠানিক ব্যবহার, শিল্প-কারখানা ইত্যাদি রয়েছে। ***চিত্রলেখ ১০-১*** তে দেখা যাচ্ছে যে পৌরসভার অধিকাংশ ভূমি ব্যবহৃত হয় কৃষি কাজে যা পৌরসভার মোট এলাকার ৩৩.৭৭% (১১৬৮.৭৪ একর)। এটাই নির্দিষ্ট কোন ভূমি ব্যবহারের মধ্যে সর্বোচ্চ পরিমাণ। আবাসিক এলাকা হচ্ছে দ্বিতীয় সর্বোচ্চ ভূমি ব্যবহার যা সম্পূর্ণ ভূমির ২৮.৭৩% (৯৯৪.২৪ একর)। প্রায় ১১.৮৯%(৪১১.৩৭ একর) ভূমি ব্যবহৃত হয় সীমাবদ্ধ যাতায়াত এলাকা হিসেবে, যার ভেতর সামরিক ক্ষেত্র এবং আইন প্রণয়ন স্থাপনা আছে। অন্যান্য ভূমি ব্যবহারের শ্রেণি হলো ৩.৩৯% তার ভিতর আছে ০.৯৫% প্রশাসনিক ব্যবহার, ০.৮০% উন্মুক্ত এলাকা, ০.৭৩% শিক্ষা ও গবেষণা ব্যবহার, ০.৬০% পাহাড়ি এলাকা, ০.১৮% শিল্প-কারখানায় ব্যবহার এবং ০.১৩% প্রাতিষ্ঠানিক ব্যবহার।

চিত্রলেখ ১০-১: খাগড়াছড়ি পৌরসভার বিশদ ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস



তথ্যসূত্রঃ ভূমি-ব্যবহার জরিপ, ২০১৬

কিন্তু বর্তমানে শহর যেভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে করে ভবিষ্যতে পৌরসভাসহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানগুলোর এই জলাভূমি রক্ষা করা কঠিন হয়ে পরবে। একইভাবে ক্রমবর্ধমান জমির দামের কারণে ৩৩.৭৭% কৃষিজমিও রক্ষা করা কষ্টসাধ্য হয়ে পাড়বে। কারণ প্রতিটি জমি ব্যক্তি মালিকানাধীন এবং কোন নির্দিষ্ট জমিতে আলাদাকরে ভূমি ব্যবহার পরিবর্তনের জন্য বিধিনিষেধ নাই। ***সারণি ১০-২*** বর্তমান বিভিন্ন ভূমি ব্যবহার বিস্তারিত ভাবে উপস্থাপন করা হয়েছে। ***মানচিত্র ১০-১*** বর্তমান ভূমি ব্যবহার চিত্তের মাধ্যমে উপস্থাপন করা হলো।

সারণী ১০-২: খাগড়াছড়ি পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ

ক্রমিক নং	ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস	বর্তমান ভূমি ব্যবহার	
		আয়তন (একর)	%
১.	আবাসিক	৯৯৪.২৪	২৮.৭৩
২.	বাণিজ্যিক	৫৭.০১	১.৬৫
৩.	মিশ্র এলাকা	৫২.১৭	১.৫১
৪.	পরিবহন ও যাতায়াত/ রাস্তাঘাট	১০২.৫৩	২.৯৬
৫.	শিক্ষা ও গবেষণা	২৫.৩৬	০.৭৩
৬.	শিল্প	৬.২৮	০.১৮

ক্রমিক নং	ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস	বর্তমান ভূমি ব্যবহার	
		আয়তন (একর)	%
৭.	প্রাতিষ্ঠানিক এলাকা	৪.৩৮	০.১৩
৮.	অব্যবহৃত ও খালি জমি	১২২.৩১	৩.৫৩
৯.	নাগরিক সেবা	২০.৭৩	০.৬০
১০.	উন্মুক্ত এলাকা	২৭.৭১	০.৮০
১১.	প্রশাসনিক	৩২.৮৫	০.৯৫
১২.	কৃষি ব্যবহার	১১৬৮.৭৪	৩৩.৭৭
১৩.	সীমাবদ্ধ যাতায়াত এলাকা	৪১১.৩৭	১১.৮৯
১৪.	পাহাড়ি এলাকা	১০৮.৫৩	৩.১৪
১৫.	জলাধার	৩২৬.৮৪	৯.৪৪
মোট		**৩৪৬১.০৪**	**১০০.০০**

তথ্যসূত্রঃ ভূমি-ব্যবহার জরিপ, ২০১৬

মানচিত্র ১০-১ : খাগড়াছড়ি পৌরসভার সাধারণ ভূমি-ব্যবহার মানচিত্র

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary

Broad Land Use Category
- Residential
- Agriculture
- Commercial
- Mixed Use
- Industrial
- Public Administration
- Educational and Research
- Institutional
- Community Place
- Unused and Vacant Land
- Hill Area
- Open Space
- Restricted Area
- Road
- Water Body

সারণি ১০-৩: খাগড়াছড়ি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়নে নির্ধারিত মানদন্ড

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
১.	**আবাসিক**							
	সাধারণ আবাসিক	গড় জনঘনত্ব প্রতি একরে ১৫০-২০০ জন	২৮৪	৩২০	৩৬০	৪০৬	৪৫৭	একর
	রিয়াল এস্টেট/সরকারি/ব্যক্তিগত	সর্বোচ্চ ৫০ একর/ প্রতি ১৫০-২০০ জনের জন্য ১ একর/ বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন নীতিমালা ২০০৪ অনুসারে হবে						
২.	**শিক্ষা**							
	নার্সারি	প্রতি ৫,০০০ জনে ০.৪ একর; বিদ্যালয় প্রতি আসনসংখ্যা ১৬০; হাঁটা দূরত্ব তথা ৫০০ মিটারের মধ্যে অবস্থান হতে হবে	১১	১২	১৪	১৬	১৮	সংখ্যা
			৪	৫	৬	৬	৭	একর
	প্রাথমিক বিদ্যালয়	১.৬ একর/৫,০০০ জন (ভবন ০.৬ একর এবং খেলার মাঠ ১ একর); বিদ্যালয়প্রতি আসনসংখ্য ২০০ (২ শিফট); সর্বোচ্চ দূরত্ব ১.৫ কিমি	১১	১২	১৪	১৬	১৮	সংখ্যা
			১৭	২০	২২	২৫	২৮	একর
	উচ্চ বিদ্যালয়	প্রতি ১০,০০০ জনে ২-২.৫ একর (ভবন ০.৬ একর এবং খেলার মাঠ ১.৪ একর); বিদ্যালয়প্রতি আসনসংখ্যা ৭২০ (২ শিফট); সর্বোচ্চ দূরত্ব ২ কিমি	৫	৬	৭	৮	৯	সংখ্যা
			১৪	১৫	১৭	১৯	২২	একর
	ইন্টারমেডিয়েট/ডিগ্রী কলেজ	প্রতি ২০,০০০ জনে ৪-৬ একর; কলেজপ্রতি আসনসংখ্যা ১৫০০ (২ শিফট)	২	২	৩	৩	৪	সংখ্যা
			৮.৭	৯.৮	১১.১	১২.৪	১৪.০	একর
	কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান	প্রকৌশল মহাবিদ্যালয় স্থাপনের জন্য সর্বনিম্ন ৮ একর, পলিটেকনিক ইন্সটিটিউট এর জন্য সর্বনিম্ন ৫ একর এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের জন্য সর্বনিম্ন ২ একর	১৫					
	বৃত্তিমূলক শিক্ষা কেন্দ্র	প্রতি পৌরসভায় ১টি; প্রতিটিতে ২.৫ একর	২.৫					
	বিশ্ববিদ্যালয়	প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্থাপনে সর্বনিম্ন ২ একর						
	অন্যান্য (মাদ্রাসা)	১.৫ – ২.৫ একর/ ১০০০০ জন; আসন সংখ্যা ১০০০	৫	৬	৭	৮	৯	সংখ্যা
								একর
৩.	**উন্মুক্ত স্থান ও বিনোদন এলাকা**							
	খেলার মাঠ	প্রতি ২৫,০০০ জনে ২ একর; সর্বনিম্ন দূরত্ব ১.৫ কিমি	২	২	৩	৩	৪	সংখ্যা
								একর
	উদ্যান/স্থানীয় উদ্যান	প্রতি ১০,০০০ জনে ২ একর	৫	৬	৭	৮	৯	সংখ্যা
								একর
	উন্মুক্ত এলাকা	প্রতি ১,০০০ জনে ১.৭৫ একর	৯৫	১০৭	১২১	১৩৬	১৫৩	একর
	স্টেডিয়াম/স্পোর্টস কমপ্লেক্স	প্রতি ৫০,০০০ জনে ৫ একর	১	১	১	২	২	সংখ্যা
			৫	৬	৭	৮	৯	একর
	প্রেক্ষাগৃহ / নাট্যশালা/ অডিটোরিয়াম	প্রতি ২৫,০০০ জনে ০.৫ একর	২	২	৩	৩	৪	সংখ্যা
			১	১	২	২	২	একর

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
৪.	**স্বাস্থ্য**							
	নগর স্বাস্থ্যকেন্দ্র/হাসপাতাল	প্রতি ৫০,০০০ জনে ৪ একর, সর্বোচ্চ ৫০০ জনে ১ টি শয্যা	১	১	১	২	২	সংখ্যা
			৪	৫	৬	৬	৭	একর
	ক্লিনিক/স্বাস্থ্যকেন্দ্র/মাতৃসেবা কেন্দ্র	প্রতি ৫,০০০ পরিবারের জন্য ০.৬ একর; মৌলিক স্বাস্থ্য ও পরিবার সেবাকেন্দ্র বসতবাড়ির ১-২ কিমির মধ্যে হতে হবে	১১	১২	১৪	১৬	১৮	সংখ্যা
			৭	৭	৮	৯	১১	একর
৫.	**সামাজিক সেবা**							
	মসজিদ	প্রতি ১০,০০০ জনে ০.২ একর	১১	১২	১৪	১৬	১৮	সংখ্যা
			২	২	৩	৩	৪	একর
	গির্জা/মন্দির	প্রয়োজনীয়তা অনুসারে						
	ঈদগাহ	প্রতি ২০,০০০ জনে ০.৫ একর	৩	৩	৩	৪	৪	সংখ্যা
			১	২	২	২	২	একর
	কবরস্থান	প্রতি ৫০,০০০ জনে ৫ একর	১০					
	কমিউনিটি সেন্টার	প্রতি ১০,০০০ জনে ০.৫ একর	৫	৬	৭	৮	৯	সংখ্যা
			৩	৩	৩	৪	৪	একর
	পুলিশ স্টেশন	পুলিশের বিধিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ						
	পুলিশ বক্স/আউটপোস্ট	পুলিশের বিধিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ						
৬.	**বাণিজ্যিক**							
	পাইকারী বাজার	বিভিন্ন সেবা/মেরামত প্রভৃতির সুবিধা সহ শহরের প্রতি কেন্দ্রে ৬ একর	৬					একর
	খুচরা বাজার	সরবরাহ ব্যবস্থা, দোকান, বাজার সহ সর্বমোট ৫ একর						
	মুদি দোকান	প্রতি ২৫০০ জনের জন্য ০.২ একর	২২	২৫	২৮	৩১	৩৫	সংখ্যা
			৪	৫	৬	৬	৭	একর
	কাঁচাবাজার	প্রতি ওয়ার্ডে এবং প্রতি ২০,০০০ জনের জন্য ১ টি; সর্বনিম্ন প্রযোজ্য এলাকা ০.৩ একর	৩	৩	৩	৪	৪	সংখ্যা
			১	১	১	১	১	একর
	মহল্লার বিপণিবিতান	প্রতি ১০,০০০ জনের জন্য ০.৫ একর	৫	৬	৭	৮	৯	সংখ্যা
			৩	৩	৩	৪	৪	একর
৭.	**নাগরিক সেবা**							
	বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন	- সিএনজি স্টেশনের জন্য রাস্তার ধারে ১২০x১২০ ফুট (১৪০০ বর্গফুট বা ০.৩৩ একর) - দুটি স্টেশনের মধ্যবর্তী দূরত্বঃ ৩ কিমি (রাস্তার এক পাশে) অথবা ২ কিমি (রাস্তার দুই পাশে) - কর্পোরেশনের অন্যান্য নীতিমালা মান্য করতে হবে।						
	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	- ৩৩/১১ কেভি (২x১০ এমভিএ) সাবস্টেশনঃ ০.০৭ একর						

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
		- জিআইএস সাবস্টেশনঃ অনুর্ধ ০.০৭ একর - ৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি লাইন স্থাপনের সর্বনিম্ন দূরত্বঃ ৩০-৪০ মিটার - খুঁটির উচ্চতা ৩৩ কেভিঃ ১৫ মিটার; ১১ কেভিঃ ১১/১২ মিটার; ০.৪ কেভিঃ ৯ মিটার						
	ডাম্পিং সাইট	প্রতি ৫০০,০০০ জনের জন্য ৫ একর	৫					একর
	ওয়েস্ট ট্রান্সফার স্টেশন (Waste Transfer Station)	প্রতি ওয়ার্ডে ০.২ একর						একর
	ফায়ার সার্ভিস	সিটি কর্পোরেশনে ২টি, 'এ' শ্রেণির জন্য সর্বনিম্ন ০.৫০ একর; 'বি' শ্রেণির জন্য সর্বনিম্ন ০.৩০ একর	০.৩০					একর
	পোস্ট অফিস	প্রতি ২০,০০০ জনে ০.৪ একর	২					একর
৮.	**শিল্প**							
	ক্ষুদ্রশিল্প	বিসিক এলাকার জন্য সর্বনিম্ন ১৫ একর						
৯.	**পরিবহন**							
	বাস টার্মিনাল	- প্রতি টার্মিনালে ৩ একর - প্রতি ১,০০,০০০ জনের জন্য ৩ একর						
	ট্রাক টার্মিনাল	প্রতি টার্মিনালে সর্বনিম্ন ৩ একর						
	জলপথ ও ল্যান্ডিং স্টেশন	ল্যান্ডিং স্টেশন ও অফিসের জন্য সর্বনিম্ন ২ একর						
		নদীর তীরে ঘাটের জন্য উভয়পাশে ৫০০ মিটার						
	রেলওয়ে এবং রেলওয়ে স্টেশন	- একটি হোম সিগনাল হতে আরেকটি হোম সিগনালঃ দৈর্ঘ্য ৩০০০ ফুট এবং প্রস্থ ৫০০ ফুট (ব্রড গেজ) - মিটার গেজের জন্য ৯০ ফুট (বাঁধের গড় উচ্চতা ১০ ফুট) - দ্বৈত রেলপথের জন্য সর্বনিম্ন প্রস্থ ১২৫ ফুট (ব্রড গেজ) এবং ১১৫ ফুট (মিটার গেজ) যেখানে বাঁধের গড় উচ্চতা ১০ ফুট						
	সড়ক ও জনপথ বিভাগ	প্রকল্প এলাকার অভ্যন্তরের সড়ক ও জনপথ বিভাগ (সওজ)-এর সড়কসমূহ সওজ এর নীতিমালা অনুসরণ করে নির্মিত হবে।						
১০.	**প্রশাসনিক**							
	জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয় এবং বাসস্থান	অফিস ৪ একর; বাসস্থান ০.৫ একর						
	যুব উন্নয়ন কেন্দ্র	যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং আঞ্চলিক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের জন্য সর্বনিম্ন ২-৩ একর						
	জেলখানা	সর্বনিম্ন ৫ একর						
	জজ কোর্ট	জেলা জজ কোর্ট ১ একর; বাসস্থান ০.৩৩ একর						
	এসপি অফিস	এসপি অফিস ১ একর; বাসস্থান ০.৩৩ একর						
	পুলিশ সদরদপ্তর	১০ একর						
	থানা	১.০ একর						
	পুলিশ ফাঁড়ি	০.৩৩ একর						

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
	সার্কিট হাউজ	১.৫ একর						
	সিভিল সার্জন অফিস	অফিস ০.২৫ একর; বাসস্থান ০.৩৩ একর						
	ইসলামিক ফাউন্ডেশন অফিস	সর্বনিম্ন ০.১০ একর						
	নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত বিভাগ)	অফিস ০.২৫ একর; বাসা ০.৩৩ একর						
	জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয় এবং বাসস্থান	সংশ্লিষ্ট বিভাগের নীতিমালা অনুসারে						

তথ্যসূত্রঃ ডিটিআইডিপি, এলজিইডি এর পরিকল্পনা মানদন্ড; এছাড়াও ব্যক্তিগত আবাসন প্রকল্পের ভূমি উন্নয়ন নীতিমালা, ২০০৪; মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর; বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড; বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল কর্তৃপক্ষ; যুব উন্নয়ন অধিদপ্তর; বাংলাদেশ পর্যটন কর্পোরেশন; বাংলাদেশ রেলওয়ে; বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন; বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন; নগর উন্নয়ন অধিদপ্তর; সড়ক ও জনপথ অধিদপ্তর; ঢাকা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান; ডিটেইলড এরিয়া প্ল্যান; খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের মহাপরিকল্পনা ইত্যাদি।

**সম্পূর্ণ প্রজেক্ট এলাকা বিবেচনা করে বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা নির্ধারণ করা হয়েছে যেটি ওয়ার্ড ভিত্তিক বিবেচনায় সম্পূর্ণ পৌরসভার জন্য ভিন্ন হতে পারে। এই কারনে ১৪ নং অধ্যায় এর বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা এই সারণি হতে ভিন্ন হতে পারে।*

১০.৯ ভূমি ব্যবহার প্রস্তাবনা

নির্মাণ নিয়ন্ত্রণ নগর পরিকল্পনার একটু গুরুত্বপূর্ণ কার্যক্রম। নির্মাণ নিয়ন্ত্রণ করতে ভূমি ব্যবহার অনুমোদনের জন্য সুনির্দিষ্ট পন্থা অবলম্বন করতে হবে। এক্ষেত্রে প্রথম শর্ত হলো অনুমোদিত ভূমি ব্যবহার পরিকল্পনা অনুসারে ভূমির ব্যবহারের ছাড়পত্র গ্রহণ এবং পরবর্তীতে ভবনের নকশার অনুমোদন। নক্সা অনুমোদনের জন্য নির্দিষ্ট কিছু বিধিবিধান রয়েছে (ইমারত নির্মাণ বিধি ১৯৯৬)।

ভূমি ব্যবহার জোনিং এর মাধ্যমে মহাপরিকল্পনা এলাকাকে বিভিন্ন জোনে বিভক্ত করা হয়। উপযুক্ত পরিবেশ তৈরি করার মাধ্যমে ভূমির মূল্যায়ন বৃদ্ধির জন্য। বাংলাদেশে ভূমির এরকম জোনিং মহাপরিকল্পনা/ভূমি ব্যবহার পরিকল্পনা/আরবান এরিয়া প্ল্যান প্রভৃতির সাথে অন্তর্ভূক্ত করে করা হয়ে থাকে। ভবনের নকশা অনুমোদনের জন্য পৌরসভায় দাখিলের পূর্বে একজন আবেদনকারীকেকে তার প্রস্তাবিত ভবনটির প্রত্যাশিত ভূমি ব্যবহারের অনুমোদন করতে হবে। ভূমি ব্যবহার ছাড়পত্রের জন্য আবেদনকারীর ভবনের সম্ভাব্য ব্যবহার অবশ্যই অনুমোদিত ভূমি ব্যবহার পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ভূমি ব্যবহার জোনিং ভূমির বিভিন্ন অংশে অনুমোদিত এবং অননুমোদিত কর্মকান্ডের সীমা নির্ধারণ করে দেয়। ভূমির জোনিং একটি আইনসিদ্ধ পন্থা যার মাধ্যমে পৌরসভা নিম্নলিখিত বিষয়গুলো নিয়ন্ত্রণ করতে পারেঃ

১। ভবনের উচ্চতা
২। ভূমির কতটুকু অংশ খালি থাকবে
৩। ভবনের ব্যবহার এবং পরিব্যাপন

জোনিং তিন ধরণের হয়ে থাকেঃ

এলাকার জোনিং (Area Zoning)

এর মাধ্যমে একটি এলাকাকে সুবিধাজনক ভূমি ব্যবহারে বিভক্ত করা হয়। যার ফলে বিভিন্ন পরিবেশগত এবং সামাজিক সুবিধা পাওয়া যায়।

জনঘনত্বের জোনিং (Density Zoning)

এর মূল লক্ষ্য হচ্ছে কোন এলাকার জনঘনত্ব নিয়ন্ত্রণ করা। সুবিধাজনক জনঘনত্ব নির্ণয় করার সময় বিভিন্ন নাগরিক সেবার সীমাবদ্ধতা, যানবাহনের ঘনত্ব প্রভৃতি বিবেচনায় আনা হয়। এরকম জোনিং সাধারণত স্বাস্থ্যকর আবাসন নিশ্চিত করার উদ্দেশ্যে করা হয়ে থাকে। উন্নয়নের বর্তমান এবং ভবিষ্যৎ গতিধারা বিবেচনা করে পরামর্শকগণ খাগড়াছড়ি পৌরসভার জন্য সমন্বিত ভূমি এলাকার জোনিং এর প্রস্তাব প্রদান করেছেন। প্রস্তাবিত নতুন আবাসিক এলাকাগুলো উচ্চ, মধ্যম ও নিম্ন ঘনত্বের মধ্যে বিভক্ত করা হয়। এর উদ্দেশ্যে বিদ্যমান অবকাঠামোর উপর চাপ হ্রাস করা।

উচ্চতার জোনিং (Height Zoning)

এই জোনিং এর মাধ্যমে একটি নির্দিষ্ট এলাকায় ভবনের উচ্চতা সীমাবদ্ধ করা হয়। কোনও এলাকার সুস্থ বিকাশ নিশ্চিতকরণই এর লক্ষ্য। বিমানবন্দরের আশেপাশের এলাকায় বিমানের উড্ডয়ন ও অবতরণের পথে এই উচ্চতার জোনিং বিশেষভাবে গুরুত্ব বহন করে।

জোনিং উন্নয়ন নিয়ন্ত্রণের একটি অংশমাত্র। একজন নাগরিক, উন্নয়ন কর্মকান্ডে পৌরসভা অন্যান্য আইনকানুন যথা; ইস্ট বেঙ্গল বিল্ডিং কন্সট্রাকশন অ্যাক্ট ১৯৫২ এর অধীন ভবন নির্মাণ বিধিমালা, ১৯৯৬, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড ১৯৯৩ এবং নির্মাণের সঠিক পদ্ধতিসমূহ, ভবনের নিরাপত্তা ও অন্যান্য বিষয়সমূহের প্রতি দৃষ্টি দিতে বাধ্য থাকবেন।

তবে, খাগড়াছড়ি পৌরসভার জন্য ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এর পরিবর্তে ঢাকা ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮ অনুসরণ করা উচিত।

১০.৯.১ ভবিষ্যৎ ভূমি ব্যবহার শ্রেণি বিভাজন

শহরের ভবিষ্যৎ ভূমি ব্যবহারকে সর্বমোট ৫ টি ভাগে ভাগ করা হয়েছে। এই ভূমি বিভাজনের সঙ্গে শহরের নির্মাণ অনুমোদন জড়িত। তাই এই শ্রেণি বিভাজন যথাসম্ভব কম রাখা হয়েছে। নিচে বিস্তারিত দেয়া হলো।

সারণি ১০-৪: নগর পরিচালনা এবং সেবা প্রদানের দায়িত্ব অনুসারে স্ট্যান্ডিং কমিটির মতামতসমূহ

ক্রমিক নং	খাত	কার্যক্রম	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ
১.	পরিকল্পনা ও উন্নয়ন নিয়ন্ত্রণ	- কৌশলগত কাঠামো পরিকল্পনা - আঞ্চলিক এবং স্থানীয় পরিকল্পনা - বিভিন্ন খাতের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা/মহাপরিকল্পনা ইত্যাদি	- পৌরসভা - পৌরসভা - পৌরসভা
২.	পানি, পয়ঃনিষ্কাশন ও ড্রেনেজ	- পানি সরবরাহ - ড্রেনেজ - বন্যা নিয়ন্ত্রণ	- পৌরসভা - পৌরসভা - পাউবো/পৌরসভা
৩.	অন্যান্য নাগরিক সেবাসমূহ	- বিদ্যুৎ - গ্যাস - টেলিকম	- বিপিডিবি, আরইবি, ডেসকো - বিটিসিএল
৪.	সড়ক ও যোগাযোগ	- প্রধান সড়ক - অন্যান্য সড়ক - সড়কবাতি - যানবাহন ব্যবস্থাপনা - যানবাহন নিয়ন্ত্রণ - বাস টার্মিনাল, রেল, জল/ আকাশপথ	- পৌরসভা/সওজ - পৌরসভা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর - পৌরসভা - পৌরসভা/পুলিশ - পুলিশ - বিআরটিসি/রেলওয়ে কর্তৃপক্ষ/ বিআইডব্লিউটিএ/বেসামরিক বিমান চলাচল/অন্যান্য
৫.	পৌর সেবাসমূহ	- বর্জ্য ব্যবস্থাপনা - সড়ক পরিষ্কারকরণ - বাজার - কসাইখানা - উদ্যান	- পৌরসভা - পৌরসভা - পৌরসভা - পৌরসভা - পৌরসভা
৬.	প্রতিরক্ষা সেবাসমূহ	- পুলিশ - ফায়ার সার্ভিস	- পুলিশ/পৌরসভা - বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা
৭.	আবাসন ও ভূমি উন্নয়ন পরিকল্পনা	- সরকারি স্থাপনা - উচ্চবিত্তের আবাসন ও ভূমি উন্নয়ন - নিম্নবিত্তের আবাসন ও ভূমি উন্নয়ন/ বস্তি উন্নয়ন - শিল্প ও বাণিজ্যিক এলাকা স্থাপন/ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন	- গণপূর্ত অধিদপ্তর - ব্যক্তিগত উদ্যোগ - পৌরসভা/এনজিও/অন্যান্য পৌরসভা/ ব্যক্তিগত উদ্যোগ - বিসিক/বেপজা - পৌরসভা/ ব্যক্তিগত উদ্যোগ/ অন্যান্য - এডিসি (ভূমি অধিগ্রহণ)/সিএলএসি
৮.	সামাজিক সেবা, শিক্ষা ও সংস্কৃতি	- প্রাথমিক, মাধ্যমিক ও কারিগরী শিক্ষা - পাঠাগার - প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র - হাসপাতাল - সমাজকল্যাণ - জনশিক্ষা/পয়ঃনিষ্কাশন - স্বাস্থ্যকেন্দ্র	- শিক্ষা অধিদপ্তর - পৌরসভা - কারিগরী শিক্ষা অধিদপ্তর - পৌরসভা - পৌরসভা - জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ পৌরসভা - ডিএসডব্লিউ/ পৌরসভা - পৌরসভা - পৌরসভা

১০.৯.২ প্রস্তাবিত ভূমি-ব্যবহার শ্রেণি

মহাপরিকল্পনার অধীনে ভূমি ব্যবহারের নিম্নলিখিত প্রধান শ্রেণিসমূহের প্রস্তাব রাখা হয়েছেঃ

ক) আবাসিক এলাকা

খ) মিশ্র এলাকা (বাণিজ্যিক এবং আবাসিক ও বাণিজ্যিক মিশ্র)

গ) শিল্প এলাকা

ঘ) নাগরিক সেবা (প্রশাসনিক, শিক্ষা, স্বাস্থ্য, যাতায়াত ও পরিবহন, নাগরিক সেবা, প্রতিরক্ষা ও নিরাপত্তা, সামাজিক সেবা)

ঙ) সংরক্ষণ (বিনোদন এলাকা, জলাশয়, ঐতিহাসিক ও পর্যটন এলাকা, পাহাড়ি এলাকা, কৃষিজমি)

প্রতিবেদনের পরবর্তী অংশে, প্রস্তাবিত ভূমি ব্যবহার সমূহে অনুমোদিত এবং শর্তসাপেক্ষে ব্যবহার অনুমোদন বর্ণিত হয়েছে। এই তালিকায় কোন ভূমি ব্যবহার জোনিং এর অধীনে কোন নির্দিষ্ট ভূমি ব্যবহার অন্তর্ভূক্ত না থাকলে তা ঐ ব্যবহার অঞ্চলের ক্ষেত্রে নিষিদ্ধ বলে ধরা হবে এবং এক্ষেত্রে সেই ব্যবহারটি কেবলমাত্র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্মাণ করা যাবে। এক্ষেত্রে এই ব্যবহারসমূহ নতুন ব্যবহাররূপে পরিগণিত হবে। নিম্নের সারণিতে বিভিন্ন ভূমি ব্যবহারের অধীনে ২০৩৭ সাল পর্যন্ত প্রস্তাবিত এলাকার পরিমাণ উল্লেখ করা হল।

সারণি ১০-৫: বিদ্যমান ও প্রস্তাবিত ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ

বিদ্যমান*		ভূমি ব্যবহার শ্রেণি	প্রস্তাবিত এলাকা	
এলাকা (একর)	শতাংশ		এলাকা (একর)	শতাংশ
১১১৬.৫৫	৩২.২৬	আবাসিক	১৬৪৮.৪৯	৪৭.৬৩
১৬০৪.১১	৪৬.৩৫	সংরক্ষিত এলাকা	৮১৫.৭৭	২৩.৫৭
৬.২৮	০.১৮	শিল্প এলাকা	৫৯.৫৩	১.৭১
১০৯.১৮	৩.১৫	মিশ্র এলাকা	১৯৯.৩৬	৫.৭৬
৬২৪.৯৩	১৮.০৬	নাগরিক সেবা	৭৩৭.৮৯	২১.৩২
৩৪৬১.০৪	**১০০**	**মোট**	**৩৪৬১.০৪**	**১০০**

**নোটঃ ভবিষ্যতের সম্ভাব্য আবাসিক এলাকা চিহ্নিত করা এবং ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণের জন্য আবাসিক ভূমি ব্যবহার এবং ফাঁকা ও অব্যবহৃত ভূমি এই শ্রেণিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। একইভাবে বাণিজ্যিক ও মিশ্র ব্যবহারকে মিশ্র শ্রেণি, সীমাবদ্ধ যাতায়াত এলাকা, রাস্তাঘাট, শিক্ষা ও গবেষণা, প্রাতিষ্ঠানিক, উন্মুক্ত জায়গা এবং জন প্রশাসন নাগরিক সেবা শ্রেণির অন্তর্ভুক্ত, বিদ্যমান সংরক্ষিত ভূমি ব্যবহারের ভিতর রয়েছে জলাধার, পাহাড়ি এলাকা এবং কৃষি ভূমি।*

মানচিত্র ১০-২ তে খাগড়াছড়ি এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার পরিকল্পনা দেখানো হয়েছে। এবং একই সাথে কিছু প্রস্তাবিত ভূমি ব্যবহার জোন দেখানো হয়েছে। ***চিত্রলেখ ১০-২*** তে খাগড়াছড়ি পৌরসভার বর্তমান ও প্রস্তাবিত ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ দেখানো হয়েছে।

চিত্র ১০-২: বর্তমান এবং প্রস্তাবিত ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ



আয়তন (একর)	বর্তমান (%)	ভূমি ব্যবহার	পরিকল্পিত (%)	আয়তন (একর)
১১১৬.৫৫	৩২.২৬	আবাসিক	৪৭.৬৩	১৬৪৮.৪৯
১০৯.১৮	৩.১৫	মিশ্র	৫.৭৬	১৯৯.৩৬
৬২৪.৯৩	১৮.০৬	নাগরিক সেবা	২১.৩২	৭৩৭.৮৯
৬.২৮	০.১৮	শিল্প	১.৭১	৫৯.৫৩
১৬০৪.১১	৪৬.৩৫	সংরক্ষিত	২৩.৫৭	৮১৫.৭৭

মানচিত্র ১০-২ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত সাধারণ ভূমি ব্যবহার

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Vulnerable Hill Area
- Restricted Area
- Water Bodies

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Residential
- Agricultural; Conservation
- Mixed Use; Mixed
- Industrial
- Community Facilities; Public Use

ক. আবাসিক ব্যবহার

সমগ্র নগর এলাকা পরিকল্পনা অঞ্চলের ৪৭.৬৩% তথা ১৬৪৮.৪৯ একর (৬৬৭.১২ হেক্টর) এলাকা আবাসিক হিসেবে প্রস্তাবিত হয়েছে। উচ্চবিত্ত, নিম্নবিত্ত ও মধ্যবিত্তের আবাসন এবং পুনর্বাসন এলাকা এই ভূমি ব্যবহারের অধীনে উন্নয়ন প্রস্তাব হিসেবে প্রস্তাব করা হয়েছে। এই প্রস্তাবনাগুলো সরকারি ও বেসরকারি খাতের মাধ্যমে আবাসন ব্যবস্থা গড়ে তোলার জন্য সুপারিশ করা হয়েছে। এই আবাসিক এলাকায় সকল ভবিষ্যৎ আবাসন, সরকারি আবাসন, হোটেল এবং বর্তমান আবাসন অন্তর্ভূক্ত আছে।

বর্তমানে বিভিন্ন সরকারি কর্মচারী নিবাসগুলো এখানে সরকারি আবাসনরূপে পরিগণিত হয়েছে। ইবিবিসি আইন ১৯৫২ অনুসারে এধরণের আবাসন স্থাপনকালে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। সুতরাং, সরকারি আবাসন স্থাপনকালেও পৌরসভার অনুমোদন নিতে হবে। আবাসন এলাকাসমূহে প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য অন্যান্য কিছু সহায়ক ভূমি ব্যবহার সামান্য পরিমাণে অনুমোদিত হবে।

এই ভূমি ব্যবহার এলাকায় ***সারণি ১০-৪*** অনুসারে আবাসিক ব্যবহারসমূহ অনুমোদিত হবে। বিভিন্ন সংস্থা যেমন পৌরসভার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য যথেষ্ট আবাসন ব্যবস্থা নাই, তাদের জন্য ২০৩৭ সালের ভিতর আবাসন ব্যবস্থা করা প্রয়োজন।

খ. মিশ্র ব্যবহার

মিশ্র এলাকা দুধরনের; অফিস ও ব্যবসা। বাণিজ্যিক অফিস এলাকা এমন ধরনের বাণিজ্যিক এলাকা যেখানে মূলত অফিসের কার্যক্রম প্রাধান্য পাবে। এখানে অন্যান্য প্রয়োজনীয় বাণিজ্যিক ব্যবহার সমূহও থাকতে পারে। এধরণের এলাকায় বৃহদাকার ভবন থাকে এবং তাই এখানে অভিগম্যতা নিশ্চিত করার পাশাপাশি পার্কিং-এর ব্যবস্থা থাকতে হবে। বর্তমান এবং ভবিষ্যতের সম্ভাব্য বাণিজ্যিক এলাকায় বাণিজ্যিক ভূমি ব্যবহার প্রস্তাব করা হয়েছে।

অন্য বাণিজ্যিক ভূমি ব্যবহারটিতে পাইকারি, খুচরা এবং স্থলবন্দর প্রভৃতি অন্তর্ভূক্ত। মূলত বর্তমান বাজার এলাকা এবং ভবিষ্যতের বাণিজ্যিক ব্যবহারের জন্য উপযুক্ত এলাকাই এই ভূমি ব্যবহারের অধীনে রাখা হয়েছে। এই ভূমি ব্যবহারে ২০৩৭ সাল পর্যন্ত ২৫৮ একর এলাকা রাখা হয়েছে। এই ভূমি ব্যবহার এলাকায় ***সারণি ১০-৪*** অনুসারে আবাসিক ব্যবহারসমূহ অনুমোদিত হবে।

গ. শিল্প ব্যবহার

এই এলাকায় আশেপাশের ভূমি ব্যবহারের উপর খারাপ প্রভাব না ফেলে ভারি ও হালকা শিল্প স্থাপনের জন্য ভূমি প্রস্তাব করা হয়েছে। শিল্প এলাকা কমলা এবং লাল এই দুই শ্রেণিতে বিভক্ত করা হয়েছে।

বর্তমান শিল্প এলাকা যেমন ইপিজেড, বিসিক শিল্প এলাকা এবং ভবিষ্যৎ সম্ভাব্য শিল্প এলাকাতে এই ভূমি ব্যবহার প্রস্তাব করা হয়েছে। এই ভূমি ব্যবহারের অধীনে ভবিষ্যতের জন্য বর্তমান শিল্প এলাকার চারদিকে প্রস্তাবিত অর্থনৈতিক এলাকা, হাই-টেক পার্ক, সোলার পার্ক প্রভৃতি প্রস্তাব রাখা হয়েছে। মহাপরিকল্পনা এলাকার ১.৭১% তথা ৫৯.৫৩ একর এলাকা জুড়ে শিল্প এলাকার প্রস্তাবনা দেয়া হয়েছে। বিধি অনুসারে সবুজ শ্রেণির শিল্প কারখানা আবাসিক যেকোন এলাকাতে অবস্থিত হতে পারে। কমলা এবং লাল শ্রেণির শিল্পাঞ্চলের জন্য বিভিন্ন সহায়ক শিল্প এবং অ-শিল্প ভূমি ব্যবহার স্থাপনের অনুমোদন এখানে দেওয়া হবে। একইসাথে এখানে শর্তসাপেক্ষে কিছু অন্যান্য ভূমি ব্যবহারকে অনুমোদন দেওয়া হবে যা ***সারণি ১০-৪*** এ দেওয়া আছে।

মানচিত্র ১০-৩ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত আবাসিক ভূমি ব্যবহার

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Residential
- Restricted Area
- Vulnerable Hill Area

- Extension of Resettlement Area
- Proposed Housing Area
- Traditional Village Development
- Slum Redevelopment

মানচিত্র ১০-৪ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত মিশ্র ভূমি-ব্যবহার

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Mixed Use
- Restricted Area
- Vulnerable Hill Area

- Bazar Area Development
- Tribal Market Development
- Urban Local Center Based Kitchen Market Development

মানচিত্র ১০-৫ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত শিল্প-কারখানা ভূমি ব্যবহার

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Industrial
- Restricted
- Vulnerable Hill

- Proposed Economic Zone (Eco-Tourism Park)
- Proposed ETP for Economic Zones
- Proposed Hi-tech Park
- Proposed Solar Park

ঘ. নাগরিক সেবা ব্যবহার

নাগরিক সেবা হচ্ছে বর্তমান এবং প্রস্তাবিত বিভিন্ন সেবা যেমন; প্রশাসনিক, শিক্ষা, স্বাস্থ্য, যাতায়াত ও পরিবহন, নাগরিক সেবা, প্রতিরক্ষা ও নিরাপত্তা, সামাজিক সেবা প্রভৃতির সমষ্টি। সব ধরনের প্রশাসনিক এলাকা বিশেষ করে স্থানীয় নগর কেন্দ্র এই ভূমি ব্যবহারের অন্তর্ভূক্ত। প্রস্তাবিত কৃষি বিশ্ববিদ্যালয়, আন্তঃজেলা বাস টার্মিনাল কমপ্লেক্স, ট্রাক টার্মিনাল কমপ্লেক্স, সড়কপথ ও বেড়িবাঁধের জায়গা, ভূপৃষ্ঠের পানি শোধনাগার, বর্জ্য পানি শোধনাগার প্রভৃতি এই ভূমি ব্যবহারের অন্তর্ভূক্ত। সর্বমোট ৭৩৭.৮৯ একর এলাকা যা সমগ্র পরিকল্পনা এলাকার ২১.৩২%; এই ভূমি ব্যবহারের অন্তর্ভূক্ত।

ঙ. সংরক্ষিত এলাকা

বিনোদন ও উন্মুক্ত এলাকা, জলাশয়, কৃষিজমি, ঐতিহাসিক ও পর্যটন এলাকা প্রভৃতি এই ভূমি ব্যবহার এলাকায় অন্তর্ভূক্ত। এর অধীনে জল/জলাশয়ভিত্তিক বিনোদন এলাকা, চেঙ্গি নদী এবং খালসমূহের খতিয়ানভূক্ত এলাকা এই ভূমি ব্যবহারের অন্তর্ভূক্ত। জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের কেন্দ্ররেখা থেকে উভয় পাশে যথাক্রমে ২০ মিটার ও ৫০ মিটার পর্যন্ত এলাকা এই ভূমি ব্যবহারের অধীনে বাফার এলাকা হিসেবে সংরক্ষণ করতে হবে। এই বাফার অঞ্চলটি বনায়নের মাধ্যমে উন্মুক্ত স্থানে রূপান্তরিত করতে হবে, যেন ভবিষ্যৎ সম্প্রসারণের প্রয়োজনে জমি সহজলভ্য হয়। এর অধীনে ৮১৫.৭৭ একর তথা মহাপরিকল্পনা এলাকার ২৩.৫৭% ভূমি রাখা হয়েছে।

অন্যদিকে পরিকল্পনাতে দু'টি উদ্দেশ্যে ৩২৬.৮৪ একর জলাধার সংরক্ষণের প্রস্তাব রাখা হয়েছে; প্রথমত, জলের উৎস হিসেবে ব্যবহারের জন্য এবং দ্বিতীয়ত, বর্ষা মৌসুমে পানি ধরে রাখার জন্য। যেসব জলাশয়ের আয়তন ০.৫০ একর বা তার চেয়ে বেশি সেগুলোকে সংরক্ষণের প্রস্তাব রাখা হয়েছে।

খাগড়াছড়ি পৌরসভায় মোট ১০৮.৫৩ একর পাহাড়ি এলাকা পাওয়া যায়, যেসব এলাকা মোট ভূমি-ব্যবহারের ০.৬০ শতাংশ। ওয়ার্ড নং ২ এ মোট ৫০.৯৪ একর পাহাড়ী এলাকা রয়েছে, যা পৌরসভার মোট পাহাড়ী জমির ৪৬.৯৪ শতাংশ এবং সব ওয়ার্ডের মধ্যে সর্বোচ্চ।

সারনি ১০-৬: ওয়ার্ড ভিত্তিক পাহাড়ি ভূমির পরিমাণ

ওয়ার্ড নং	এলাকা (একর)	পাহাড়ি এলাকা (একর)	
		একর	%
ওয়ার্ড নং ১	৬১৯.২১	৯.৪৫	৮.৭১
ওয়ার্ড নং ২	৩৮৬.০৯	৫০.৯৪	৪৬.৯৪
ওয়ার্ড নং ৩	২০৪.৩১	-	-
ওয়ার্ড নং ৪	১৩৯.০০	০.১০	০.০৯
ওয়ার্ড নং ৫	২৯৬.১১	১৯.৭৩	১৮.১৮
ওয়ার্ড নং ৬	২৭৯.৭৫	২৮.৩১	২৬.০৮
ওয়ার্ড নং ৭	২৫২.৬১	-	-
ওয়ার্ড নং ৮	১২৬.৯৭	-	-
ওয়ার্ড নং ৯	১১৫৬.৯৮	-	-
মোট	**৩৪৬১.০৪**	**১০৮.৫৩**	**১০০.০০**

তথ্যসুত্রঃ ভূমি ব্যবহার জরিপ, ২০১৬

মানচিত্র ১০-৬ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত নাগরিক সুবিধা ভূমি ব্যবহার

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Water Bodies

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

Proposed Landuse Category
- Public Use
- Restricted Area
- Vulnerable Hill
- Solid Waste Disposal and Recycling Area
- Waste Water Treatment Plant
- Surface Water Treatment Plant
- Zero Mile Multimodal Terminal
- Bus Terminal (New/ Renovation)
- Proposed Boat Terminal
- Truck Terminal & Integrated Freight Complex
- Urban Local Center (ULC)
- Khagrachhari University of Science and Technology
- Medical College
- Nursing Institute
- University

মানচিত্র ১০-৭: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত সংরক্ষিত ভূমি ব্যবহার

1:35,848



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.425 0.85 1.7 2.55 3.4 4.25 5.1 Kilometers

Scale: 1:35,848 or 1 " = 2,987 ' or 1 cm = 358 m

- *প্রাইমারি সড়ক: **২.৫৯ কিলোমিটার** (২.০৮%)*
- *সেকেন্ডারি সড়ক: **৮.৮৫** কিলোমিটার (৭.১১%)*
- *কালেক্টর সড়ক: **২৩.৬০** কিলোমিটার (১৮.৯৬%)*
- *অ্যাকসেস সড়ক: **৮৯.৪৪** কিলোমিটার (৭১.৮৫%)*

১১.৩ বিদ্যমান যোগাযোগ অবকাঠামো এবং সুযোগ-সুবিধা

১১.৩.১ শ্রেণিবিভাগ এবং বিদ্যমান রাস্তাঘাটের পর্যালোচনা

১১.৩.১.১ রাস্তার ধরণ

খাগড়াছড়ি পৌরসভায় এর সীমানার মধ্যে মোট ১২৪.৪৭ কি.মি. রাস্তা আছে। এর মধ্যে ৮২.৭৫ কি.মি. পাকা পাওয়া গেছে যা মোট সড়কের ৬৬% এর উপরে। সড়কগুলো তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে- পাকা, কাঁচা এবং সেমি-পাকা। সেমি-পাকা শ্রেণির মধ্যে পাকা (ভাঙ্গা) এবং হেরিং বন্ড ব্রিক (HBB) উভয়ই আছে। এধরণের সড়ক মোট সড়কের মাত্র ১৫.৭২% আচ্ছাদন করে আছে যা তিনটি শ্রেণির মধ্যে সবচেয়ে কম। সেমি-পাকা সড়কের মোট দৈর্ঘ্য ১৯.০২ কি.মি.। অন্যদিকে কাচা সড়কের মোট দৈর্ঘ্য হলো ২২.৭০ কি.মি.।

১১.৩.১.২ সড়কের শ্রেণি বিভাগ

কাজের ভিত্তিতে সড়ককে সাধারণত চার ভাগে ভাগ করা হয়:

১. প্রাইমারি রোড (জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং সার্কুলার রোড)
২. সেকেন্ডারি রোড (জেলা রোড, উপজেলা রোড ও পৌরসভা মেইন রোড)
৩. কালেক্টর রোড
৪. অ্যাকসেস রোড।

খাগড়াছড়ি পৌরসভায় অ্যাকসেস রোডের পরিমাণ সবচেয়ে বেশি যা মোট সড়কের প্রায় ৭১.৮৫%। এর পরপরই আছে কালেক্টর রোড (১৮.৯৬%) এবং সেকেন্ডারি রোড (৭.১১%) । প্রাইমারি সড়কের পরিমাণ সবচেয়ে কম যা মোট সড়কের মাত্র ২.০৮%। ***সারণি ১১-১*** এ ওয়ার্ড অনুযায়ী বিভিন্ন শ্রেণির সড়কের পরিমাণ দেখানো হয়েছে।

সারণি ১১-১: ওয়ার্ড অনুসারে কাজের ভিত্তিতে সড়কের বিন্যাস

ওয়ার্ড নং	সড়কের ধরণ (কিলোমিটার)				মোট
	প্রাইমারি	সেকেন্ডারি	কালেক্টর	অ্যাকসেস	
ওয়ার্ড নং ১	১.১৩	১.৪৯	২.৬১	১৬.৪১	২১.৬৫
ওয়ার্ড নং ২	০.৪১	১.৭২	১.৮৯	১০.৮৭	১৪.৮৮
ওয়ার্ড নং ৩	০.০৮	-	২.৫৪	৫.৯৫	৮.৫৮
ওয়ার্ড নং ৪	০.৯৬	০.৭৭	০.৭৫	৭.২৩	৯.৭১
ওয়ার্ড নং ৫	-	২.৫৬	৩.২১	৮.০৪	১৩.৮১
ওয়ার্ড নং ৬	-	-	১.৫৭	৮.৯০	১০.৪৭
ওয়ার্ড নং ৭	-	-	৩.৪৪	১১.৩৫	১৪.৭৮
ওয়ার্ড নং ৮	-	০.৭৭	১.৫৮	৫.৬৯	৮.০৪
ওয়ার্ড নং ৯	-	১.৫৫	৬.০১	১৪.৯৯	২২.৫৫
মোট	**২.৫৯**	**৮.৮৫**	**২৩.৬০**	**৮৯.৪৪**	**১২৪.৪৭**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১১.৩.১.৩ আঞ্চলিক মহাসড়ক ও জেলা সড়ক

খাগড়াছড়ি পৌরসভার মধ্য দিয়ে কিছু আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়ক চলে গিয়েছে। খাগড়াছড়ি পৌরসভায় দুটি জেলা সড়ক এবং একটি আঞ্চলিক সড়ক আছে যেগুলোর নাম ও ID যথাক্রমে- দীঘিনালা রোড (Z1603), পানছড়ি রোড (Z1604) এবং খাগড়াছড়ি-চট্টগ্রাম রোড (R160)। ***সারণি ১১-২*** এ এই সড়কগুলোর বিস্তারিত দেখানো হয়েছে।

সারণি ১১-২: খাগড়াছড়ি পৌরসভার জাতীয় মহাসড়ক এবং জেলা সড়ক

সড়কের ধরণ	RHD সড়ক ID	স্থানীয় নাম	সংযোগ	দৈর্ঘ্য (কি.মি.)	গড় প্রস্থ (মি.)
আঞ্চলিক মহাসড়ক	R160	খাগড়াছড়ি-চট্টগ্রাম সড়ক	হাটহাজারী-ফটিকছড়ি-মানিকছড়ি-মাটিরাঙ্গা-খাগড়াছড়ি সড়ক	১.৬২	৬-৮
জেলা সড়ক	Z1603	দীঘিনালা সড়ক	খাগড়াছড়ি - দীঘিনালা -বাগাইহাট-সাজেক সড়ক	৩.৩২	৪.৭-১৭
	Z1604	পানছড়ি সড়ক	খাগড়াছড়ি – পানছড়ি সড়ক	২.৪২	৪.৭-৮

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ১১-১ : সড়কের শ্রেণি অনুযায়ী খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান রাস্তা সমূহ

1:33,000



	Katcha	Pucca	Semi Pucca
Length (km.)	22.70	82.75	19.02
Percentage (%)	18.24	66.49	15.27

	Ward No. 1	Ward No. 2	Ward No. 3	Ward No. 4	Ward No. 5	Ward No. 6	Ward No. 7	Ward No. 8	Ward No. 9
Pucca	13.55	9.55	6.55	8.38	10.75	6.51	9.84	6.77	10.85
Semi Pucca	2.72	3.46	1.05	1.14	2.19	1.67	2.35	0.66	3.78
Katcha	5.38	1.87	0.98	0.19	0.87	2.3	2.59	0.61	7.92

MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary

Water Bodies
- Khal, River

Existing Road Type
- Pucca
- Semi-pucca
- Katcha

মানচিত্র ১১-২ : ব্যবহার অনুসারে খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান রাস্তার শ্রেণিবিন্যাস

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary
- Pourashava Boundary
- Ward Boundary

Water Bodies
- Khal, River

Functional Road Category

Existing
- Primary
- Secondary
- Tertiary
- Access

১১.৪ স্থানীয় যাতায়াত

খাগড়াছড়ি এই দেশের একটি পাহাড়ী অঞ্চল। কিন্তু অন্যান্য পার্বত্য জেলা সদরদপ্তরগুলোর মধ্যে এই এলাকাটি তুলনামূলকভাবে সমতল ও উঁচু। অন্যান্য পার্বত্য জেলা শহরের তুলনায়ও এই শহরটি অধিক উন্নত। সুতরাং, এই শহরে প্রায় সবধরণের যানবাহনই চলতে দেখা যায়। ব্যাটারি চালিত টমটম, সিএনজি অটোরিকশা, রিকশা, বাইসাইকেল, মাহিন্দ্রা, ভ্যান, গাড়ি, মাইক্রোবাস, ট্রাক ইত্যাদি যানবাহন এখানে চলাচল করে। শহরের বাসিন্দারা শহরের অভ্যন্তরে চলাচলের জন্যও সাধারণত টমটম, সিএনজি অটোরিকশা এবং রিকশা ব্যবহার করে থাকে। শহরের অভ্যন্তরে চলাচলের জন্যও কোনো বাসের ব্যবস্থা নেই। শহরটি দেশের একটি অন্যতম জনপ্রিয় পর্যটন গন্তব্য হওয়ার কারণে শহরটিতে আন্তঃ-শহর বাস সংযোগ অত্যন্ত ভালো। এছাড়া ভাড়ার ভিত্তিতে মাইক্রোবাস ও গাড়ি চলাচল করে এবং এগুলো টাউন হলে দাঁড়ায়।

১১.৪.১ পেশী চালিত যানবাহন

পেশী চালিত যানবাহনের মধ্যে রিকশা, ভ্যান ইত্যাদি খাগড়াছড়ি পৌরসভার স্থানীয় যানবাহনের মধ্যে বহুল প্রচলিত। রিকশাগুলো সাধারণত শহর কেন্দ্র এবং সংলগ্ন এলাকায় চলাচল করে।

১১.৪.২ সাইকেল গমনপথ

যানবাহন চলাচলের রাস্তা থেকে পৃথক বাইসাইকেল গমনপথের প্রবর্তন করা খাগড়াছড়ি পৌরসভার একটি প্রশংসনীয় উদ্যোগ। পৌরসভা কর্তৃপক্ষ প্রধান সড়কের সাথে সাইকেল গমনপথ চিহ্নিত করেছে। সাইকেল গমনপথটি বর্তমানে নির্মানাধীন আছে। গমনপথটি প্রধান সড়কে অবস্থিত, যা কলেজ রোড নামেও পরিচিত। গমনপথটি খাগড়াছড়ি ব্রিজ থেকে চেঙ্গী স্কয়ারের দিকে নির্দেশিত হবে।

১১.৪.৩ সিএনজি অটোরিকশা ও টমটম

অটোরিকশা অত্যন্ত জনপ্রিয় একটি যাত্রী পরিবহনের মাধ্যম। এটি মালামাল বহনের জন্যও ব্যবহার করা হয়ে থাকে। টেম্পো, সিএনজি অটোরিকশা, ইজি বাইক ইত্যাদি এই শহরের অত্যন্ত পরিচিত যানবাহন মাধ্যম। পানছড়ি, চেঙ্গী স্কোয়ার, বাস টার্মিনাল এলাকাগুলোতে সাধারণত এই ধরণের যানবাহনগুলো দেখা যায়। এই যানবাহনগুলো সাধারণত একটি স্থায়ী গমনপথ অনুসরণ করে এবং শেয়ারে যাত্রী বহন করে। এ ধরণের যানবাহনগুলোর জন্য বেশ কয়েকটি স্ট্যান্ড রয়েছে। এর মধ্যে রয়েছে- পৌর বাস টার্মিনাল, শাপলা চত্বর, চেঙ্গি স্কোয়ার, ন্যাশিবাজার, স্বনির্ভর ইত্যাদি। অর্থ বছর ২০১৫-১৬ পর্যন্ত টমটমের জন্য কর ধার্য করা হয়েছিল ৳১০০০, কিন্তু অর্থ বছর ২০১৬-১৭ এ তা বেড়ে দাঁড়িয়েছে ৳১১০০।

স্থিরচিত্র ১১.১: শাপলা চত্বরে রিক্সা এবং টমটম স্ট্যান্ড

স্থিরচিত্র ১১.২: চান্দের গাড়ি (স্থানীয় যানবাহন)

জরিপ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে, অর্থ-বছর ২০১৫-১৬ এ মোট ১১১৬ টি টমটম নিবন্ধন করে। এখন প্রত্যেক বছরই এই নিবন্ধিত যানবাহনের সংখ্যা বাড়ছে।

১১.৪.৩.১ মাহিন্দ্রা (চান্দের গাড়ী)

এটি হলো একটি জীপের মত যাত্রী পরিবহনের বাহন যা স্থানীয়ভাবে চাঁদের গাড়ি নামেও পরিচিত। এটি পর্যটক ও স্থানীয় জনগণের মধ্যে একটি জনপ্রিয় পরিবহন মাধ্যম। এই যানে পেছনে প্রায় ১২ টি আসন এবং সামনে প্রায় ২টি আসন থাকে। জীপের পেছনের অংশটি সাধারণত খোলা থাকে, কিন্তু বৃষ্টির সময় যাত্রীদের জন্য বিশেষ আচ্ছাদনের ব্যবস্থা আছে। পর্যটকেরা গন্তব্যে পৌঁছানোর জন্য সাধারণত তাদের পুরো একদিনের জন্য চাঁদের গাড়ি ভাড়া নিয়ে থাকে। এ ধরণের গাড়ির মূল গতিপথগুলো হলো সাজেক, রিসাং ঝর্ণা, আলুটিলা, পানছড়ি ইত্যাদি। দূরত্ব ও পর্যটকেরা কী পরিমাণ সময় অতিবাহিত করবে তার উপর ভিত্তি করে এই গাড়িগুলোর ভাড়া নির্ধারিত হয়ে থাকে।

১১.৪.৪ বাস সেবা

খাগড়াছড়ি পৌরসভায় শহরের ভেতর কোনো বাস সেবা নেই। দেশের অন্যান্য শহরের সাথে; বিশেষ করে চট্টগ্রাম ও ঢাকার সাথে ভালো বাস সংযোগ আছে। খাগড়াছড়ি অত্যন্ত জনপ্রিয় একটি পর্যটন কেন্দ্র। পর্যটন মৌসুমে দেশের বিভিন্ন জায়গা থেকে অসংখ্য পর্যটক এখানে এসে জড়ো হয়। শীতের মৌসুমে পর্যটকের সংখ্যা বাড়তে থাকে। একারণে, সে সময়ে আন্তঃ-শহর দূর পাল্লার বাসগুলোতে ভিড় থাকে। বাস টার্মিনালটি খবংপুরিয়ার সংলগ্ন এলাকায় অবস্থিত। টার্মিনালটিতে পাবলিক টয়লেট, দোকান, যাত্রী ছাউনি, কাউন্টার আছে।

জরিপ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে, চট্টগ্রাম বাস মালিক সমিতির অধীনে ১৮ টি অনুমোদিত বাস আছে যেগুলো চট্টগ্রাম থেকে খাগড়াছড়ি যায় এবং এর অধীনে আরও ১৬ টি বাস আছে যেগুলো খাগড়াছড়ি থেকে চট্টগ্রাম যায়। কিছু প্রধান বাস কোম্পানির মধ্যে আছে শান্তি পরিবহন, ইকোনো পরিবহন, ঈগল পরিবহন, এস. আলম পরিবহন, শ্যামলী পরিবহন ইত্যাদি। শান্তি পরিবহনের ৬টি বাস আছে যেগুলো খাগড়াছড়ি থেকে চট্টগ্রাম, ৬ টি ফেনীতে, ১টি কুমিল্লায়, ৩ টি পানছড়িতে যায়। শ্যামলী পরিবহনে একটি ফিরে আসার বাসসহ খাগড়াছড়ি থেকে ঢাকার রুটে দুটি বাস এবং খাগড়াছড়ি থেকে রংপুরে আরও একটি বাস চলাচল করে। অন্যদিকে, খাগড়াছড়ি থেকে ঢাকার পথে ঈগল পরিবহনের দুটি বাস পরিচালনা করে। এছাড়া, কিছু স্থানীয় বাস আছে যেগুলো খাগড়াছড়ি থেকে আশেপাশের এলাকাগুলোতে; যেমন- দীঘিনালা ইত্যাদি এলাকায় যায়।

স্থিরচিত্র ১১.৩: খাগড়াছড়ি পৌরসভার বাস টার্মিনাল

১১.৪.৫ মালামাল পরিবহন

খাগড়াছড়ি পৌরসভায় মালামাল পরিবহনের জন্য কোনো বিশেষ ট্রাক বা টার্মিনাল নেই। দূরের এলাকা থেকে ট্রাক বা কভার্ড ভ্যানের মাধ্যমে মালামাল পরিবহন করা হয়। ট্রাকগুলো সাধারণত বাস টার্মিনালে দাঁড়ায়। তারা সাধারণত বাস টার্মিনাল সংলগ্ন প্রধান সড়কের উপর দাঁড়ায়। বাজার এলাকার রাস্তার পাশে সাধারণত মালামাল লোড-আনলোডের কাজ চলে। শহর এলাকায় অল্প দূরত্বের মধ্যে মালামাল পরিবহনের জন্য ছোট পিকআপ, ঠেলাগাড়ি ইত্যাদি ব্যবহার করা হয়।

১১.৪.৬ নৌ-যান

যদিও শহরের পাশে চেঙ্গি নদী আছে, কিন্তু এখানে কোনো নৌ-যান চলাচল করে না। চেঙ্গী নদীটি সাধারণত উপজাতিরা বন থেকে যেসব পণ্য নিয়ে আসে সেগুলো পরিবহনের জন্য ব্যবহার করা হয়।

১১.৪.৭ পথচারী চলাচলের জন্য সুযোগ-সুবিধা

খাগড়াছড়ি পৌরসভায় প্রধান সড়কের পাশে ফুটপাত দেখা যায়। জরিপ পর্যায়ে ফুটপাতের চলমান নির্মাণকার্য এবং সম্প্রসারণ দেখা যায়। কিছু রাস্তায় ড্রেনের উপর স্ল্যাব দেখা যায়, যেগুলো ফুটপাত হিসেবে ব্যবহৃত হয়। পথচারী ও পর্যটকদের জন্য রাস্তার পাশে খাবার পানির বিশেষ ব্যবস্থা আছে। পৌরসভা কর্তৃক স্থাপিত এরকম ৪টি জায়গা আছে যেখান থেকে পথচারীরা পানি পান করতে পারে। কিন্তু এছাড়া অন্য কোন সুযোগ-সুবিধা; যেমন- পৃথক হাঁটার রাস্তা, পথচারীদের বসার জায়গা, ছায়ার জন্য ছাতা ইত্যাদি এখানে নেই।

স্থিরচিত্র ১১.৪: পথচারীদের জন্য খাবার পানির ব্যবস্থা (বাজার এলাকার পাশে)

১১.৫ যানবাহনের ব্যাপকতা

জরিপকৃত রাস্তা/রাস্তার অংশবিশেষ

যোগাযোগ ও যানবাহন জরিপের জন্যও নিম্নলিখিত রাস্তাসমূহ/রাস্তার অংশসমূহ বিবেচনা করা হয়েছে।

- **শাপলা চত্বর-চেঙ্গী স্কয়ার**
- **বটতলী - শাপলাচত্বর**
- **আদালত পাড়া-শাপলা চত্বর**
- **স্বনির্ভর বাজার-চেঙ্গী স্কয়ার**
- **পানখাইয়া পাড়া-বাজার**
- **চেঙ্গী স্কয়ার-বাস স্ট্যান্ড**

শহরের ছয়টি রাস্তার অংশ বিশেষে চলাচলকারী যানবাহনের সংখ্যা নিয়ে জরিপ করা হয়। এই অংশগুলোতে দিনের বিভিন্ন সময়ে কী পরিমাণ যানবাহন চলাচল করে তা জরিপ করা হয়। চলাচলকারী যানবাহনের পরিমাণ Passenger Car Unit (PCU) তে রূপান্তর করা হয় যেন সব ধরণের যানবাহনকে একই মানদন্ডে আনা যায়। জরিপের উদ্দেশ্য ছিল বিভিন্ন রাস্তায় যান চলাচলের কী প্রভাব (গাড়ির সংখ্যা, গতি এবং ঘনত্ব) পড়ে তা মূল্যায়ন করা। জরিপ থেকে যানবাহনের প্রতি ঘন্টায় সর্বোচ্চ ঘনত্ব পাওয়া গিয়েছে (৬৮৮৪ PCU) শাপলা-চেঙ্গী সড়কে এবং সর্বনিম্ন স্বনির্ভর-চেঙ্গী সড়কে। AADT হচ্ছে নির্দিষ্ট স্থানের এক বছরের এক দিনের গড় যানবাহনের পরিমাণ। অন্যদিকে, AAWT হচ্ছে নির্দিষ্ট স্থানের এক বছরের এক সপ্তাহের গড় যানবাহনের পরিমাণ। AAD এবং AAWT এর মধ্যে পার্থক্য ৩৬৪৪ এবং ৫১২ PCU এ উঠানামা করে। তবে একটি নির্দিষ্ট সড়কের কোন অংশে যন্ত্রচালিত এবং অযন্ত্রচালিত যানবাহনের AADT ঐ অংশের PCU এর সমান নয়। AADT NMV সবচেয়ে বেশি পাওয়া যায় বটতলী-শাপলা সড়কে (২৩৩৫) এবং সবচেয়ে কম পাওয়া যায় চেঙ্গী স্কয়ার-বাস স্ট্যান্ড সড়কে (৪০৯)। PCU/তুঙ্গ ঘন্টা বলতে দিনের যে সময়ে যানবাহন সবচেয়ে বেশি থাকে সেই সময়কে বুঝাচ্ছে। PCU/তুঙ্গ ঘন্টা বটতলী-শাপলা সড়কে (৯৬৭) সবচেয়ে বেশি এবং পানখাইয়াপাড়া থেকে বাজার সড়কে (২৫৫) সবচেয়ে কম।

সারণি ১১-৩: খাগড়াছড়ি পৌরসভায় যানবাহন চলাচলের বিস্তারিত তথ্য

রাস্তার নাম	PCU	AADT	AADT যান্ত্রিক বাহন	AADT অযান্ত্রিক বাহন	AAWT	PCU/তুঙ্গ ঘন্টা
শাপলা চত্বর-চেঙ্গী স্কয়ার	৬৮৮৪	১৩৯০৮	১২১৩৩	১৭৭৬	১৭৬১৬	৯১১
বটতলী-শাপলা চত্বর	৬৮১৩	১৩০৮৪	১০৭৪৯	২৩৩৫	১৭০১৫	৯৬৭
আদালত পাড়া-শাপলা চত্বর	৬১২০	১১৭৮৬	১০৩০৮	১৪৭৮	১৩৯৩২	৮৯৭
স্বনির্ভর বাজার-চেঙ্গী স্কয়ার	৪৫৭	৮২৪২	৭২৭২	৯৭০	৯২০৮	৪৫৭
পানখাইয়া পাড়া-বাজার	২০৩৪	৪৫৯৩	২৭৮৮	১৮০৫	৫১০৫	২৫৫
চেঙ্গী স্কয়ার-বাস স্ট্যান্ড	২৫২৭	৪১৯১	৩৭৮২	৪০৯	৪৯৫৩	৩৩৬

তথ্যসূত্রঃ যোগাযোগ ও যানবাহন জরিপ, ২০১৬

চিত্রলেখ ১১-১ ও ***চিত্রলেখ ১১-২*** এ সপ্তাহের কাজের দিন এবং ছুটির দিন যানবাহন চলাচলের অবস্থা দেখানো হয়েছে। খাগড়াছড়ি পৌরসভার বিভিন্ন রাস্তা/ রাস্তার অংশের ভিন্ন ভিন্ন জায়গায় যানবাহনের ঘনত্ব/ PCU অনেক বিচিত্র। দেখা

যাচ্ছে যে সকাল ৯:০০-১০:০০ টা এবং বিকাল ৪:০০-৫:০০ টা যানবাহন চলাচলের তুঙ্গ সময়। এ সময় দুটিতে গাড়ির সংখ্যা থাকে বেশি কিন্তু গতি হয় কম। রাত ৮ টার পর থেকে যান চলাচল কমতে থাকে যা এক সময় ঘন্টায় ২০০ PCU এর নিচে চলে আসে। সকাল ৮ টার পর আবার গাড়ির সংখ্যা বাড়তে থাকে।

ছুটির দিনগুলোতে বিভিন্ন রাস্তা/ রাস্তার অংশে তুঙ্গ সময় সকাল ৮:০০ টা থেকে বিকাল ৫:০০ টার ভিতর থাকে।



চিত্রলেখ ১১-১: খাগড়াছড়ি পৌরসভায় কাজের দিনে বিভিন্ন সড়কে ট্রাফিক প্রবাহ



চিত্রলেখ ১১-২: খাগড়াছড়ি পৌরসভায় একটি সাধারণ সপ্তাহান্তিক কালের বিভিন্ন সড়কে/ সড়কের অংশে ট্রাফিক প্রবাহ

১১.৬ যানযট এবং যাতায়াতে বিলম্ব

বিভিন্ন শ্রেণির এবং পরিমানের যানবাহন রাস্তায় থাকার প্রেক্ষিতে যানবাহনের চলাচলের গতির তারতম্য হতে পারে। বিভিন্ন পরিমানের গাড়ি চলাচলের যে অবস্থার সৃষ্টি হয় তাকে The Highway Capacity Manual এ "Level of Service" বলা হয়ে থাকে।

ম্যানুয়াল অনুসারে সর্বোচ্চ 'A' থেকে সর্বনিম্ন 'F' পর্যন্ত ছয় ধরণের সার্ভিস পাওয়া যেতে পারে।

সার্ভিস লেভেল-A

এই লেভেলের সার্ভিস পাওয়া যাবে যখন গাড়ি রাস্তায় বাধাহীনভাবে চলবে। এর মানে রাস্তায় গাড়ির সংখ্যা থাকবে কম এবং গতি হবে বেশি। এক্ষেত্রে, V/C এর অনুপাত ০.৩৩ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-B

এটি একটি স্থিতিশীল অবস্থা। রাস্তায় গাড়ি থাকায় গতি থাকবে নিয়ন্ত্রিত। এ ক্ষেত্রে V/C এর অনুপাত ০.৫০ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-C

এটিও একটি স্থিতিশীল অবস্থা। তবে এ ক্ষেত্রে গড়ির গতি নিয়ন্ত্রিত হবে মূলত রাস্তায় গড়ির অতি বেশি সংখ্যা দ্বারা। এখানে V/C এর অনুপাত ০.৬৫ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-D

এই পর্যায়ের সার্ভিস রাস্তার একটি অস্থিতিশীল চিত্র। গতি হবে মোটামুটি যা ঘন ঘন বদলাবে। এ ক্ষেত্রে V/C এর অনুপাত ০.৮০ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-E

এটি একটি অস্থিতিশীল সার্ভিস যেখানে গাড়ির সংখ্যা প্রায় রাস্তার সীমানার সমকক্ষ এবং V/C এর অনুপাত ১.০০ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-F

এই পর্যায়ে জোর করে নিম্নগতিতে চালাতে হবে, কারণ রাস্তা হবে গাড়িতে পরিপূর্ণ। গাড়ির গতি হবে শ্লথ এবং ঘন ঘন বা দীর্ঘ মেয়াদে থামতে হবে।

যে ছয়টি রাস্তার Volume capacity ratio and level of service পরিমাপ করা হয় তার মধ্যে **বটতলী-শাপলা চত্বর** সড়কের অবস্থা সবচেয়ে করুণ। এই রাস্তাটির সার্ভিস সবচেয়ে খারাপ এবং রাস্তার একটি অস্থিতিশীল চিত্র (D) দেখা যায়। **শাপলা-চেঙ্গী স্কয়ার, আদালত পাড়া-শাপলা চত্বর এবং স্বনির্ভর বাজার-চেঙ্গী স্কয়ার সড়কগুলোতে** একটি স্থিতিশীল অবস্থা (B) বিরাজমান। রাস্তায় গাড়ি থাকায় এখানে গতি নিয়ন্ত্রিত। অপরদিকে, **পানখাইয়া পাড়া-বাজার এবং চেঙ্গী স্কয়ার-বাস স্ট্যান্ডে** গাড়ির সংখ্যা কম এবং গতি বেশি (A)। বিস্তারিত ***সারণি ১১-৪*** দ্রষ্টব্য।

ডিজাইন স্ট্যান্ডার্ড ও ফ্যাক্টর

সারণি ১১-৪ লেভেল অফ সার্ভিসের স্ট্যান্ডার্ড

লেভেল অফ সার্ভিস		V/C অনুপাত*
A	বাধাহীন চলাচল এলাকা	≤ ০.৩৩
B	স্থিতিশীল এলাকা	≤ ০.৫০
C	স্থিতিশীল এলাকা	≤ ০.৬৫
D	অস্থিতিশীল এলাকা	≤ ০.৮০
E	অস্থিতিশীল এলাকা	≤ ১.০
F	জোরপূর্বক নিম্নগতিতে চলাচল এলাকা	> ১

তথ্যসুত্রঃ Traffic and Transportation Engineering by L.R. Kadiyali

*V/C = Volume Capacity Ratio

$$Road\ Capacity = \frac{Hourly\ Cpacity}{Capacity\ Factor\ \%}$$

সারণি ১১.৫: রাস্তার ধরন ও তুঙ্গ সময়ে তার ধারন ক্ষমতা

রাস্তার ধরন	ধারন ক্ষমতা
জাতীয় মহাসড়ক	১০
নগর এলাকার এক লেনের রাস্তা	১০
নগর এলাকার দুই লেনের রাস্তা	১২.৫
গ্রাম এলাকার এক লেনের রাস্তা	৮.৩৩
গ্রাম এলাকার দুই লেনের রাস্তা	১০

সারণি ১১-৬ : রাস্তা অনুযায়ী সার্ভিস লেভেল

রাস্তার অংশের নাম	PCU/Peak Hour V	প্রস্থ (মি.)	Capacity[1] C	V/C Ratio	সেবার স্তর	
শাপলা চত্বর -চেঙ্গী স্কয়ার	৯১১	১৫ (৫-১৭)	২৩০০	০.৩৯	B	স্থিতিশীল গাড়ির প্রবাহ
বটতলী - শাপলা চত্বর	৯৬৭	৭ (৫-৭	১৪০০	০.৬৯	D	অস্থিতিশীল গাড়ির প্রবাহ
আদালত পাড়া-শাপলা চত্বর	৮৯৭	১০ (৬-১০)	২০০০	০.৪৫	B	স্থিতিশীল গাড়ির প্রবাহ
স্বনির্ভর বাজার-চেঙ্গী স্কয়ার	৪৫৭	৭ (৪-৮)	১০০০	০.৪৫	B	স্থিতিশীল গাড়ির প্রবাহ
পানখাইয়া পাড়া -বাজার	২৫৫	৭.০ (৫-৭)	১০০০	০.২৬	A	উন্মুক্ত প্রবাহ
চেঙ্গী স্কয়ার-বাস স্ট্যান্ড	৩৩৬	৭.৫ (৬-৮)	১২০০	০.২৮	A	উন্মুক্ত প্রবাহ

তথ্যসূত্রঃ যোগাযোগ ও যানবাহন জরিপ, ২০১৬

১১.৭ ঘাটতি এবং সমস্যাসমূহ

নিচে যানবাহন খাতের সমস্যাদি তুলে ধরা হলো।

- এই শহরে কোনো রিং রোড নেই।
- স্থানীয় পর্যায়ের গলিগুলো আঁকাবাকা যা ভবিষ্যতে সমস্যার কারণ হতে পারে।
- শহরের একটি মাত্র প্রবেশপথ।
- ক্যান্টনমেন্টের ভেতর দিয়ে চেঙ্গী স্কোয়ার থেকে লার্মা স্কোয়ারের রাস্তা জনগণের ব্যবহারের জন্য খুলে দেওয়া প্রয়োজন।
- পূর্ব-পশ্চিম সংযোগ কম।
- বর্তমান বাস টার্মিনালটিতে পার্কিং, যাত্রী ছাউনি, এবং অন্যান্য টার্মিনাল সুবিধাদি পর্যাপ্ত পরিমাণে নেই।
- শহরের উত্তর ও উত্তর-পূর্ব অংশে; বিশেষ করে পানছড়ি এবং দীঘিনালার পথ বাস টার্মিনাল সুবিধা থেকে বঞ্চিত।
- শহরটিতে কোনো ট্রাক টার্মিনাল নেই।
- পুরো শহর জুড়ে পথচারীদের জন্য সুযোগ-সুবিধা/ফুটপাতের সুযোগ-সুবিধা প্রদান করা উচিত।
- রাস্তার পাশের ড্রেনগুলো পর্যাপ্ত নয়।
- টমটমের অবাধ বৃদ্ধি যানজটের একটি উৎস হতে পারে।
- পর্যাপ্ত পার্কিং সুবিধা নেই।
- যানবাহন ব্যবস্থাপনা দূর্বল, চালকরা নিয়ম-বিধি মানতে চায় না।
- ট্র্যাফিক আইনগুলো প্রয়োগের অভাব রয়েছে।

১১.৮ ভবিষ্যৎ যানবাহন অভিক্ষেপ

শহরের বিদ্যমান রাস্তাগুলোর প্রশস্ততার উপর ভিত্তি করে এগুলোর ধারণক্ষমতা বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক হিসাব করা হয়েছে। বিভিন্ন রাস্তায় তুঙ্গ মুহূর্তে যানবাহনের পরিমাণ হিসাব করে আগামি ২০ তম বৎসরে রাস্তায় গাড়ির সংখ্যা অভিক্ষেপ করা হয়েছে। তবে গাড়ির সংখ্যা বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক হিসাবের উপর আরো ৫% বেশি। ধরা হয়েছে। ***সারণি ১১-৭*** তে দেখানো হয়েছে কিভাবে ভবিষ্যতে রাস্তাগুলোকে প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে। বিদ্যমান সড়কগুলোর ধারণক্ষমতা, প্রক্ষেপিত তুঙ্গ মুহূর্তে যানবাহনের পরিমাণ এবং বিশেষজ্ঞের মতামতের ভিত্তিতে দেখা যায় যে, বটতলী-

[1] Expert Opinion

শাপলা চত্বর সড়কের অংশ বিশেষে সড়কের প্রস্থ সর্বাধিক বৃদ্ধির (৬ মিটার) প্রয়োজন। অন্যদিকে, একই বিশ্লেষণ থেকে দেখা যায় যে, আদালত-শাপলা চত্বর সড়কের অংশ বিশেষ ২ মিটার প্রশস্ত করা প্রয়োজন। বিস্তারিত ***সারণি ১১-৭***।

সারণি ১১-৭ : রাস্তা উন্নয়নের প্রস্তাবনাসমূহ

সড়কের নাম	বিদ্যমান চিত্র		ধারণ ক্ষমতা	প্রবৃদ্ধির হার	প্রস্তাবনা বছর	উন্নয়ন প্রস্তাবনা		ঘাটতি (মি.)
	PCU/ প্রতি ঘন্টা	PCU/ প্রতি ঘন্টা				PCU/ ঘন্টা	প্রস্তাবিত প্রস্থ	
শাপলা চত্বর-চেঙ্গী স্কয়ার	৯১১	১৫ (৫-১৭)	২৩০০	৫	২০	২৪১৭	১২.৫	-
বটতলী-শাপলা চত্বর	৯৬৭	৭ (৫-৭	১৪০০			২৫৬৬	১৩.০	৬.০
আদালাত পাড়া-শাপলা চত্বর	৮৯৭	১০ (৬-১০)	২০০০			২৩৮০	১২.০	২.০
স্বনির্ভর বাজার-চেঙ্গী স্কয়ার	৪৫৭	৭ (৪-৮)	১০০০			১২১৩	৬.৫	-
পানখাইয়া পাড়া-বাজার	২৫৫	৭.০ (৫-৭)	১০০০			৬৭৭	৭.০	-
চেঙ্গী স্কয়ার-বাস স্ট্যান্ড	৩৩৬	৭.৫ (৬-৮)	১২০০			৮৯২	৭.৫	-

তথ্যসূত্রঃ যোগাযোগ ও যানবাহন জরিপ,২০১৬

১১.৯ সুপারিশকৃত কৌশল ও নীতি

যানবাহন ও যোগাযোগ হচ্ছে নগর উন্নয়নের সবচেয়ে অপরিহার্য উপাদান। যাতায়াতের মাধ্যমে যোগাযোগ এবং আদান প্রদান হয় যা উন্নয়নকে এগিয়ে নিয়ে যায়। যাতায়াত ব্যবস্থার উন্নয়নের জন্য নিম্নে বর্ণিত উদ্দেশ্য, নীতি ও কৌশল সুপারিশ করা হলো।

উদ্দেশ্য: সেবা সুবিধা এবং সুযোগ সুবিধা বৃদ্ধি করে এবং কার্যকর যানবাহন ব্যাবস্থাপনার মাধ্যমে শহর এবং আন্তঃশহর যাত্রী, মালামাল এবং যানবাহন চলাচল সহজ, আরামদায়ক এবং দ্রুততর করা।

কৌশল: পরিকল্পনার প্রস্তাবগুলো কার্যকর করার জন্য একটি বিস্তৃত পরিকল্পনা এবং বাজেটের বরাদ্দের ভিত্তিতে পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করা।

নিচে উল্লেখিত নীতিমালা অনুসরণ করে যাতায়াত এবং পরিবহণ ব্যবস্থার উন্নয়নের পরিকল্পনা তৈরী করতে হবে। নিচে প্রধান প্রধান নীতিগুলো যুক্তি, বাস্তবায়ন পদ্ধতি এবং বাস্তবায়নকারী সংস্থার নামসহ বিস্তারিতভাবে বর্ণনা করা হলো।

নীতি-যাতায়াত/ ১: বিদ্যমান অন্তঃআঞ্চলিক যোগাযোগ আরো প্রসারিত করতে হবে।

যৌক্তিকতা

আঞ্চলিক প্রেক্ষাপটে খাগড়াছড়ি পৌরসভা একটি গুরুত্বপূর্ণ স্থান। এই শহরের উপর দিয়ে খাগড়াছড়ি-চট্টগ্রাম, দীঘিনালা এবং পানছড়ি মহাসড়ক চলে গিয়েছে। সুষ্ঠু যানবাহন চলাচলের জন্য আরো বাইপাস এবং সার্কুলার রোড প্রয়োজন। আশে পাশের উপজেলা শহর এবং বাজারগুলোর সঙ্গে ভালো যোগাযোগের জন্য আরো রাস্তা প্রয়োজন। খাগড়াছড়ির সমৃদ্ধির জন্য আন্তঃশহর যোগাযোগ আরো উন্নত করা প্রয়োজন।

বাস্তবায়ন পদ্ধতি

সম্ভাব্যতা যাচাই করে নতুন আঞ্চলিক যোগাযোগের জন্য রাস্তা নির্মাণ করতে হবে। জাতীয় সড়ক মহাপরিকল্পনা নিয়মিত পর্যালোচনা করতে হবে এবং আশে পাশের অঞ্চলের সঙ্গে যোগাযোগের উপর জোর দিতে হবে। ভবিষ্যৎ রাস্তার চাহিদা নির্ধারণ করতে হবে। মহাসড়ক যানবাহন চলাচল উপযোগী রাখতে হবে। রাস্তার প্রশস্তার ব্যাপারে কোন ধরণের সমঝোতা অনুচিত হবে। শহরে পার্কিং, বাস বে, ফুটওভার ব্রিজ, টার্মিনাল, রোড সাইন ইত্যাদি নির্মাণ এবং যথাযথভাবে প্রয়োগ করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- RHD
- LGED
- পৌরসভা
- জেলা প্রশাসক, খাগড়াছড়ি
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
- দাতা সংস্থা
- অন্যান্য

নীতি-যাতায়াত/২: শহর ভিত্তিক যানবাহন নেটওয়ার্ক তৈরী করতে হবে।

যৌক্তিকতা

খাগড়াছড়ি পৌরসভার জন্য সুদক্ষ এবং যথাযোগ্য আন্তঃশহর যানবাহন নেটওয়ার্ক খুবই গুরুত্বপূর্ণ। এগুলোর জন্য পরিস্থিতির খুব যত্নশীল মূল্যায়ন প্রয়োজন এবং একটি বিস্তৃত ও পারস্পরিক সহায়ক ভূমি ব্যবহার অবলম্বন করা প্রয়োজন যেন যানবাহন নিরবিচ্ছিন্ন ভাবে চলাচলে করতে পারে। স্পষ্টত, সকল বর্ণিত ভূমি ব্যবহারকে সমৃদ্ধ করতে আন্তঃশহর চলাচল এবং সংযোগের দিকে বিশেষ মনযোগ প্রয়োজন।

বিদ্যমান অবস্থা এবং বিভিন্ন সংস্থা; যেমন- RHD, LGED, পৌরসভা ইত্যাদির পরিকল্পনা অনুশীলনের কথা মাথায় রেখে পরামর্শক শহরে চার ধরণের রাস্তার প্রস্তাব করেছে যার বিস্তারিত নিচে দেয়া হলো।

বাস্তবায়ন পদ্ধতি

মহাপরিকল্পনার কাজ হচ্ছে সমস্যা উদঘাটন এবং সমাধান প্রদান। প্রস্তাবিত রোড মহাপরিকল্পনায় RHD এর পরিকল্পনায় অন্তর্ভুক্ত অনেক রাস্তা বিবেচনায় নেয়া হয়েছে। বর্তমান পরিকল্পনায় ভবিষ্যৎ রাস্তার সুপারিশ এবং তার শ্রেণি বিভাজন করা হয়েছে। এগুলো ভবিষ্যৎ যাতায়াত ব্যবস্থায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে। পৌরসভার উচিত হবে রাস্তা নির্মাণের সময় এই শ্রেণি বিভাজন বজায় রাখা। পার্কিং, বাস বে, ফ্লাই ওভার, টার্মিনাল, রোড সাইন, ইত্যাদি বিষয়গুলো বাস্তবায়ন করলে শহরে যাতায়াত আরামদায়ক, সুশৃংখল এবং কার্যকর হবে। তবে যাতায়াত ব্যবস্থার চাহিদা সবসময় পরিবর্তনশীল। তাই পরিকল্পনাকে নিয়মিত মনিটরিং এবং মূল্যায়ন করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা
- এলজিইডি
- ট্রাফিক পুলিশ
- দাতা সংস্থা
- অন্যান্য

নীতি-যাতায়াত/৩: নৌ পরিবহন ব্যবস্থা উন্নয়ন করতে হবে।

যৌক্তিকতা

নৌ যোগাযোগ সব সময়ই সাশ্রয়ী, কর্মসংস্থান তৈরী করে। নৌ পরিবহনে সময় বেশি লাগে। তবে অধিক মাল সস্তায় পরিবহনে নৌ পরিবহনের কোন বিকল্প নাই। তাই যেখানে এর নৌ পরিবহনের সুযোগ আছে সেখানেই নৌ পরিবহন ব্যবস্থার প্রসার ঘটানো উচিত।

খাগড়াছড়ি শহরের মধ্য দিয়ে চেঙ্গী নদী প্রবাহিত হচ্ছে। শুষ্ক মৌসুমে পানি কিছু কম থাকলেও এটি প্রায় সারা বছরই নাব্য থাকে এবং ১০০ থেকে ১২০ ফুট পর্যন্ত গভীর নৌ যান চলাচল করতে পারে। চেঙ্গী এবং আশেপাশের নদ-নদী খনন

করে নাব্যতা বৃদ্ধি করলে আশপাশের জেলা ও উপজেলা; বিশেষ করে পানছড়ি ও মহলছড়ির সাথে ভালো নৌ চলাচলের সুযোগ তৈরী হবে। এতে ব্যবসা বাণিজ্য বৃদ্ধি পাবে। এর ফলে যানজট সমস্যা নিরসন হবে এবং কর্মসংস্থান বৃদ্ধি পাবে।

বাস্তবায়ন পদ্ধতি

বর্তমানে নৌকা দিয়ে চেঙ্গীর নিচাবাজার নৌকার ঘাট ঠেকে বিভিন্ন ধরণের মালামাল পরিবহন করা হয়। বর্ষাকালে এই নদ-নদীগুলোতে আশেপাশের অঞ্চলগুলোতে নৌ পরিবহনের জন্য যথেষ্ট প্রবাহ থাকে। BIWTA এবং অন্যান্য সংস্থা সারা বছর নদীর নাব্যতা ধরে রাখার জন্য পরিকল্পনা করেছে যা অর্থনীতিতে অনেকাংশে অবদান রাখবে। PPP এ উৎসাহ প্রদান করা গেলে তা আরও ভালো ফলাফল দেবে।

বাস্তবায়ন সংস্থা

- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১.১০ যাতায়াত উন্নয়ন পরিকল্পনা

১১.১০.১ রাস্তাঘাট উন্নয়ন পরিকল্পনা

যাতায়াত ব্যবস্থা পরিকল্পনায় রাস্তার কয়েকটি স্তর ভিত্তিক শ্রেণি সুপারিশ করা হয়েছে:

১. প্রাইমারি রোড (জাতীয় মহা সড়ক, আঞ্চলিক মহা সড়ক এবং সার্কুলার রোড)
২. সেকেন্ডারি রোড (জেলা রোড, উপজেলা রোড, পৌরসভা মেইন রোড)
৩. কালেক্টর রোড
৪. প্রবেশ সড়ক বা স্থানীয় সড়ক

সারণি ১১-৮: প্রস্তাবিত রাস্তার ধরণ, বিবরণ এবং সংশ্লিষ্ট ব্যবস্থাপনা সংস্থার নাম

ক্রমিক নং	রাস্তার স্তর	পরিকল্পনা কমিশনের শ্রেণি বিভাজন	কার্যকরী ভিত্তি	বিবরণ	প্রস্থ (ROW) (মি.)	ব্যবস্থাপনা সংস্থা
১	প্রাইমারি রোড	জাতীয় মহা সড়ক/আঞ্চলিক মহা সার্কুলার সড়ক	আর্টেরিয়াল I ও II	মহা সড়কের কাজ জেলাকে রাজধানীর সঙ্গে যুক্ত করা এবং আঞ্চলিক-মহা সড়কের কাজ আন্তঃজেলা ও আন্তঃউপজেলা সংযোগ সাধন।	৩৬-৪৫ মিটার	সওজ
২	সেকেন্ডারি রোড	জেলা রোড, উপজেলা রোড এবং পৌরসভা এ শ্রেণির রোড	ডিস্ট্রিবিউটর	জেলা সদরকে উপজেলা সদরের সঙ্গে যুক্ত করা, এক উপজেলাকে অন্য উপজেলার সঙ্গে যুক্ত করা অথবা গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা অথবা উচ্চ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা অথবা এ শ্রেণির পৌরসভা রাস্তার সঙ্গে যুক্ত করা।	১৮-২০ মিটার	সওজ/ এলজিইডি/ পৌরসভা
৩	টার্শিয়ারী/ কালেক্টর রোড	ইউনিয়ন রোড এবং পৌরসভা ক্লাস টু (২) রোড	কালেক্টর	ইউনিয়নকে জেলা সদরের সঙ্গে যুক্ত করা,গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা, পৌরসভা ২ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা।	১২-১৫ মিটার	এলজিইডি/ পৌরসভা
৪	প্রবেশ সড়ক (access road)	গ্রাম রোড এবং পৌরসভা ক্লাস ৩ রোড	অ্যাকসেস	গ্রামকে ইউনিয়নের সঙ্গে যুক্ত করা, স্থানীয় বাজারের সঙ্গে যুক্ত করা, রাস্তাকে প্রতিটি বাড়িকে বাইরের সঙ্গে যুক্ত করা।	৬-৮ মিটার	এলজিইডি/ পৌরসভা

**পৌরসভার সড়কের উন্নত কার্যকারিতার জন্য পরামর্শক কর্তৃক শ্রেণিবিভাগকৃত*

আলোচ্য পরিকল্পনার মূল উদ্দেশ্য নির্দিষ্ট কাজ ভিত্তিক রাস্তার শ্রেণি বিভাজনের উপর ভিত্তি করে একটি সড়ক পরিকল্পনা তৈরী করা। প্রাইমারি বা মহাসড়কের কাজ জেলাকে রাজধানীর সঙ্গে যুক্ত করা এবং আঞ্চলিক-মহাসড়কের কাজ আন্তঃজেলা ও আন্তঃউপজেলা সংযোগ সাধন। সেকেন্ডারি রোডের কাজ জেলা সদরকে উপজেলা সদরের সঙ্গে যুক্ত করা, এক উপজেলাকে অন্য উপজেলার সঙ্গে যুক্ত করা অথবা গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা অথবা উচ্চ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা অথবা পৌরসভার "এ" শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা। কালেক্টর রোড ইউনিয়ন সদরকে জেলা সদরের সঙ্গে যুক্ত করে, গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করে এবং পৌরসভার ২ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করে। প্রবেশ বা স্থানীয় সড়ক গ্রামকে ইউনিয়ন সদরের সঙ্গে যুক্ত করে, স্থানীয় বাজারের সঙ্গে যুক্ত করে এবং প্রতিটি বাড়িকে বাইরের সঙ্গে যুক্ত করে।

সড়ক নেটওয়ার্ক তৈরীর সময় নিম্নে বর্ণিত নির্দেশনাগুলো বিবেচনায় নিতে হবে।

- রাস্তা নির্মাণের সময় রাস্তার স্তর বিন্যাস বজায় রাখতে হবে;
- প্রতিটি শ্রেণির রাস্তা শুধু একই স্তরের রাস্তাকে অতিক্রম করবে, উপরের বা নিচের শ্রেণির রাস্তাকে নয়;
- কালেকটর রোডকে সরাসরি প্রাইমারি রোডের সঙ্গে যুক্ত করা যাবে না;
- প্রাইমারি রোড থেকে সরাসরি বাসাবাড়ি বা প্রতিষ্ঠানে সংযোগ দেয়া যাবে না;
- প্রতিটি শ্রেণির রাস্তার স্ট্যান্ডার্ড, তার কাজ এবং গতি নির্ধারিত হতে হবে;
- প্রবেশ বা স্থানীয় রাস্তায় গাড়ির গতি সীমিত হতে হবে;
- দুটি প্রাইমারি রোডকে কালেক্টর রোড দিয়ে যুক্ত করা যাবে না;
- দুটি প্রবেশ রাস্তার সংযোগ বা দুটি কালেক্টর রাস্তার সংযোগের মাধ্যমে হতে হবে;
- যে কোন সংযোগে যথেষ্ট জায়গা দিতে হবে যেন আশে পাশের গাড়ি দৃষ্টিগোচর হয়;
- রাস্তার ডিজাইনে পথচারী চলাচল এবং সাইকেল চালকদের বিষয় বিবেচনায় রাখতে হবে।

সুপারিশকৃত রাস্তার পরিকল্পনা মানদণ্ড ***সারণি ১১-৯*** এ দেয়া হলো। এগুলো DTIDP, LGED তাদের রাস্তা ডিজাইনের সময় ব্যবহার করতে পারে। বর্তমান পরিকল্পনায় এই স্ট্যান্ডার্ডগুলো ব্যবহার করা হয়েছে।

সারণি ১১-৯: প্রকল্প এলাকায় সড়ক মানদন্ডের জন্য প্রস্তাবনা

রাস্তার শ্রেণি বিভাজন	রাস্তা প্রশস্তকরণ সীমানা (ROW)	নতুন রাস্তার প্রস্থ (ROW)
প্রাইমারি রোড	১৮-২৪ মিটার	৩৬-৪৫ মিটার
সেকেন্ডারি রোড	১৩-১৬ মিটার	১৮-২০ মিটার
কালেটর/ টারশিয়ারী রোড	৯-১২ মিটার	১২-১৫ মিটার
প্রবেশ/ স্থানীয় রোড	৬-৮ মিটার	৬-৮ মিটার
ফুটপাত	২-৩ মিটার	
বাস টার্মিনাল	ন্যূনতম ৩ একর	
ট্রাক টার্মিনাল	৩ একর প্রতি এক লক্ষ জনসংখ্যার জন্য	
বেবি টেক্সি/ টেম্পো স্ট্যান্ড	ন্যূনতম ৩ একর	
রিক্সা স্ট্যান্ড	০.৫০ একর প্রতি স্ট্যান্ড	
জলপথ এবং ঘাট	০.৩০ একর প্রতি স্ট্যান্ড	
	ঘাট এবং সংশ্লিষ্ট অফিসের জন্য ন্যূনতম ২ একর	
সড়ক ও জনপথ (RHD)	পাড়ে ঘাটের উভয়দিকে ৫০০ মিটার	

তথ্যসূত্রঃ জেলা শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প

প্রস্তাবিত রোড নেটওয়ার্ক ***মানচিত্র ১১-৩*** এ প্রদর্শিত হলো। নেটওয়ার্কটি এমনভাবে গড়ে তোলা হয়েছে যেন ভারী যানবাহনগুলোর পৌরসভা সীমানার মধ্য দিয়ে পারাপার করতে না হয়, বরং তারা চলাচলের জন্য সার্কুলার রোডটি ব্যবহার করতে পারে। ছোট যানবাহনগুলো যেমন- টমটম (ইজি বাইক), সিএনজি, অটোরিক্সা প্রাইমারি রোডে চলাচল করবে না, বরং গন্তব্যস্থলে পৌঁছাবার জন্য তারা সমান্তরাল রাস্তা ব্যবহার করতে পারে। ***মানচিত্র ১১-৩*** এ শুধুমাত্র প্রস্তাবিত রোড নেটওয়ার্ক দেখানো হয়েছে এবং এর সাথে বিদ্যমান ও নির্মাণকৃত নতুন রাস্তা উভয়ই বিবেচনা করা হয়েছে। বেশিরভাগ রাস্তা মানদন্ড অনুসারে প্রশস্ত করা দরকার। সদ্য নির্মাণকৃত রাস্তাগুলো প্রতিবেদনের পরবর্তী অংশে নির্দেশ করা হয়েছে।

মানচিত্র ১১-৩ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত রোড নেটওয়ার্ক

1:43,675



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:43,675 or 1 " = 3,640 ' or 1 cm = 437 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area

Water Bodies
- Khal, River

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector
- Embankment

১১.১০.২ বিদ্যমান রাস্তা-ঘাট উন্নয়ন পরিকল্পনা

১১.১০.২.১ বিদ্যমান সরু রাস্তা প্রশস্তকরণ

বিদ্যমান রাস্তাগুলোতে নির্বিঘ্ন যান চলাচলের জন্য প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে। বিশ্লেষণ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে সর্বমোট ২০৪.৯৬ কি.মি. রাস্তাকে প্রশস্ত করার প্রস্তাবনা দেয়া হয়েছে। ***সারণি ১১-১০*** এ সংস্কার এবং প্রশস্তকরণ করার জন্য প্রস্তাবিত রাস্তার দৈর্ঘ্য দেখানো হয়েছে। ওয়ার্ড ওয়ারী বিস্তরণ থেকে দেখা যাচ্ছে যে ওয়ার্ড নং ০৩ এবং ০৮ এ অপেক্ষাকৃত কম রাস্তা প্রশস্ত করতে হবে কিন্তু ওয়ার্ড নং ০৯ এবং ০১ এ অনেক রাস্তা প্রশস্ত করতে হবে।

সারণি ১১-১০: বিদ্যমান সরু রাস্তা সম্প্রসারণের প্রস্তাব

ওয়ার্ড নং	প্রাইমারি	সেকেন্ডারি	টারশিয়ারী	অ্যাকসেস	মোট
ওয়ার্ড নং ০১	১.১৪	৩.০৯	৫.৩০	১৩.৩১	২২.৮৪
ওয়ার্ড নং ০২	০.৪১	৩.৬০	১.৮৮	১১.০৬	১৬.৯৪
ওয়ার্ড নং ০৩	০.০৮		৪.০৮	৪.৬৯	৮.৮৫
ওয়ার্ড নং ০৪	০.৯৬	০.৭৭	১.৫০	৬.৪৭	৯.৭০
ওয়ার্ড নং ০৫		৩.২০	৩.১৬	৮.২০	১৪.৫৬
ওয়ার্ড নং ০৬		১.৩৯	২.৮৩	৬.৫৩	১০.৭৪
ওয়ার্ড নং ০৭		১.৮৪	৩.৮২	৯.২০	১৪.৮৬
ওয়ার্ড নং ০৮	০.৭৭	০.৭০	২.১০	৪.৪৬	৮.০৪
ওয়ার্ড নং ০৯	২.৭৭	৪.৮৭	৯.৫৯	১১.০৮	২৮.৩১
আশপাশের এলাকা	০.০৮	৭.২২	২২.০৭	৪০.৭৫	৭০.১২
মোট	**৬.২১**	**২৬.৬৭**	**৫৬.৩৩**	**১১৫.৭৫**	**২০৪.৯৬**

মানচিত্র ১১-৪ এ কোন কোন রাস্তা প্রশস্ত করা প্রয়োজন তা দেখানো হয়েছে। প্রস্তাবিত রাস্তাগুলো উপরের ***সারণি ১১-৯*** এর আদর্শ মান অনুসারে প্রশস্ত করতে হবে। রাস্তার ধরণ অনুসারে আলাদা আলাদা আদর্শ মান দেয়া হয়েছে। উদাহরণ স্বরূপ, বিদ্যমান সেকেন্ডারি রাস্তাগুলো ১৩-১৬ মিটার পর্যন্ত প্রশস্ত, এটাকে ১৮-২০ মিটার পর্যন্ত প্রশস্ত করতে হবে। বিদ্যমান টারশিয়ারী রাস্তাগুলো ৯-১২ মিটার এবং অ্যাকসেস রাস্তাগুলো ৬-৮ মিটার পর্যন্ত প্রশস্ত করতে হবে।

১১.১০.২.২ নতুন রাস্তা নির্মাণ

পরিকল্পনায় খাগড়াছড়ি পৌরসভায় নির্বিঘ্ন যানবাহন চলাচলের জন্য ২২.৮২ কি.মি. নতুন রাস্তা প্রস্তাব করা হয়েছে। ***সারণি ১১-১১*** তে প্রস্তাবিত নতুন রাস্তার বিস্তারিত বলা হয়েছে। সারণিতে খাগড়াছড়ি পৌরসভায় ওয়ার্ড ওয়ারী প্রস্তাবিত নতুন রাস্তার বিন্যাস দেখানো হয়েছে। প্রস্তাবিত নতুন রাস্তার ভিতর অধিকাংশই প্রাইমারি রাস্তা। ১১.৪০ কি.মি. প্রাইমারি রাস্তা প্রস্তাব করা হয়েছে চট্টগ্রাম এবং রাঙ্গামাটিতে যাতায়াত করা যানবাহন গুলো যেন নির্বিঘ্নে শহরে প্রবেশ এবং বের হতে পারে। পাশাপাশি ২.২৬ কি.মি. সেকেন্ডারি, ৮.০৪ কি.মি. টারশিয়ারী এবং ০.৭৭ কি.মি. অ্যাকসেস রাস্তার প্রস্তাব করা হয়েছে। ***মানচিত্র ১১-৫*** এ খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত নতুন রাস্তাগুলো দেখানো হয়েছে। প্রস্তাবিত নতুন সড়কগুলো ***সারণি ১১-৯*** এর আদর্শ মানগুলো অনুসরণ করে প্রস্তাব করা হয়েছে ।

সারণি ১১-১১: প্রস্তাবিত নতুন রাস্তা

ওয়ার্ড নং	প্রাইমারি রোড (কি.মি.)	সেকেন্ডারি রোড (কি.মি.)	টারশিয়ারী রোড (কি.মি.)	অ্যাকসেস রোড (কি.মি.)	মোট (কি.মি.)
ওয়ার্ড নং-০১			০.৬৬		০.৬৬
ওয়ার্ড নং-০৪			০.১৭		০.১৭
ওয়ার্ড নং-০৫			০.১৩		০.১৩
ওয়ার্ড নং-০৬					
ওয়ার্ড নং-০৭			০.২৮		০.২৮
ওয়ার্ড নং-০৮			০.০১		০.০১
ওয়ার্ড নং-০৯	০.৫৯	০.৪৭	৬.৫৬		৭.৬২
আশপাশের এলাকা	১০.৮০	২.১৫	০.২৩	০.৭৭	১৩.৯৫
মোট	**১১.৪০**	**২.৬২**	**৮.০৪**	**০.৭৭**	**২২.৮২**

মানচিত্র ১১-৪ : খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান রাস্তার প্রশস্তকরণ প্রস্তাবনা

1:43,675



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:43,675 or 1 " = 3,640 ' or 1 cm = 437 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area

Water Bodies
- Khal, River

Proposed Road Network Improvement
- New
- Widening
- Proposed Embankment cum Road

মানচিত্র ১১-৫ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত নতুন রোড

1:43,675



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:43,675 or 1 " = 3,640 ' or 1 cm = 437 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area

Water Bodies
- Khal, River

Proposed Road Network Improvement
- New
- Widening
- Proposed Embankment cum Road

১১.১০.৩ যাতায়াত সেবা পরিকল্পনা

পরিবহন খাতকে কার্যকর এবং ভোক্তাদের কল্যাণ নিশ্চিত করতে যাতায়াত নেটওয়ার্ক ছাড়াও অরো অনেক সেবা সুবিধা প্রয়োজন। সেবা সুবিধাগুলো এমন হওয়া প্রয়োজন যেন সেগুলো ভোক্তাদের সন্তুষ্টি অর্জন করতে পারে। সেবা সুবিধাগুলো যথাস্থানে হতে হবে এবং সেবা গ্রহণকারীদের সুবিধা অনুযায়ী হতে হবে। নির্দিষ্ট রাস্তায় ফুটপাত দিতে হবে। প্রথমত, পরিবহন অবকাঠামো পরিকল্পনা এমন একটি প্রক্রিয়া যা সুনির্দিষ্ট কার্যক্রম নিয়ে গঠিত। ***চিত্রলেখ ১১-৩*** থেকে দেখা যায় যে, প্রস্তাবিত সড়ক উন্নয়নের মধ্যে ১৭.১৭% প্রাইমারি সড়ক, ৪০.৯০% সেকেন্ডারি সড়ক এবং কালেক্টর সড়ক ৪১.৯৩%। গবেষণা এলাকার রাস্তা অনুক্রম নিচে দেখানো হলোঃ



চিত্রলেখ ১১-৩: খাগড়াছড়ি পৌরসভায় বিভিন্ন ধরনের সড়ক

নিচে বিভিন্ন শ্রেণির রাস্তার ডিজাইন প্রদান করা হলো যা অনুসরণ করে রাস্তা নির্মাণ করা যেতে পারে।

১১.১০.৩.১ প্রাইমারি রোড

প্রাইমারি রোড হচ্ছে সেই সমস্ত মহাসড়ক যেগুলো জাতীয় রাজধানীর সাথে বিভাগীয় সদর দপ্তর অথবা বন্দর নগরের সাথে সংযুক্ত করে। কার্যকারীতার ভিত্তিতে প্রাইমারি রোডগুলো আর্টেরিয়াল রোড (আর্টেরিয়াল ১ এবং আর্টেরিয়াল ২) হিসেবে কাজ করবে। জাতীয় মহাসড়কের নকশার মানদন্ড প্রকল্পের প্রসারের বাইরে। সংযোগ ও গতিশীলতার উপর নির্ভর করে এবং একটি বিশাল পরিমাণ AADT অনুমান করে এই ধরনের সড়কের জ্যামিতি নকশা করা হয়েছে। প্রাইমারি রোড নির্মাণের জন্য ৫.৫০ মিটার প্রস্থ এবং উভয়পাশে ১.২০ মিটার একটি শোল্ডারসহ দুই লেনের সিঙ্গেল ক্যারিয়েজ ওয়ে নির্বাচন করা হয়েছে।



চিত্রলেখ ১১-৪: প্রাইমারি সড়কের পরিকল্পনা



চিত্রলেখ ১১-৫: প্রাইমারি সড়কের প্রস্থচ্ছেদ

১১.১০.৩.২ সেকেন্ডারি রোড

সেকেন্ডারি রোডগুলো একটি একক সংযোগের মাধ্যমে জেলা সদর দপ্তরের সাথে উপজেলা সদর দপ্তর অথবা একটি উপজেলা সদর দপ্তরের সাথে অন্য একটি উপজেলা সদর দপ্তরের অথবা জেলা সদর দপ্তরের সাথে বিকাশ কেন্দ্রের সংযোগ ঘটাবে অথবা বিকাশ কেন্দ্রের সাথে উচ্চতর সড়ক ব্যবস্থার বা পৌরসভার প্রথম স্তরের সড়কের সাথে (শহরের প্রধান সড়কগুলো)। এধরনের সড়কের জন্য ফুটপাথ সুবিধা, জেব্রা ক্রসিং, চিহ্ন ইত্যাদির প্রতি বিশেষ মনযোগ দেওয়া উচিৎ। ধীরে চলাচলকারী যানবাহনগুলো অনেক সময় ধরে রাস্তা আটকে রাখে। একারণে, প্রাইমারি রোডের AADT এর চেয়ে এর AADT নিম্ন হওয়ার সত্ত্বেও, সেকেন্ডারি রোডের প্রস্থ ৫.৫০ মিটার এবং উভয় পাশে শোল্ডার ১.১০ মিটার স্থির করা হয়েছে।



চিত্রলেখ ১১-৬: সেকেন্ডারি সড়কের পরিকল্পনা



চিত্রলেখ ১১-৭: সেকেন্ডারি সড়কের প্রস্থচ্ছেদ

১১.১০.৩.৩ কালেক্টর/টারশিয়ারি রোড

কালেক্টর রোডগুলো ইউনিয়ন সদর দপ্তরগুলোকে জেলা সদর দপ্তরসমূহ, উপজেলা সদর দপ্তরসমূহ, বিকাশ কেন্দ্রসমূহ অথবা স্থানীয় বাজার অথবা একে অপরের সাথে অথবা শহরের দ্বিতীয় ধাপের সড়কের সাথে সংযুক্ত করে। এই গতিপথের ব্যবহারকারীরা মূলত পথচারী, অযান্ত্রিক যানবাহন এবং হালকা যানবাহন। ৩.৭০ মিটার প্রস্থ ও উভয় পাশে ০.৯০ মিটার শোল্ডার নির্বাচন করা হয়েছে এধরনের সড়কের জন্য।



চিত্রলেখ ১১-৮: কালেক্টর/টারশিয়ারি রোডের পরিকল্পনা



চিত্রলেখ ১১-৯: কালেক্টর/টারশিয়ারি রোডের প্রস্থচ্ছেদ

১১.১০.৩.৪ অ্যাকসেস রোড

অ্যাকসেস রোডগুলো গ্রামগুলোর সাথে ইউনিয়ন সদর দপ্তরগুলোর, স্থানীয় বাজার, খামার অথবা পৌরসভার সর্বশেষ ধাপের রাস্তাগুলোর সংযোগ তৈরি করবে। যেহেতু অন্য ধরনের সড়কের চেয়ে এই ধরনের সড়কে অপেক্ষাকৃত কম, একারণে ৩.২৫ মিটার প্রস্থ প্রদান করার জন্য এধরনের সড়কের ঢাল ১:১ বজায় রাখা হবে।

নতুন সড়ক নির্মাণের জন্য নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করতে হবে:

- যানবাহন চলাচলের পথ এবং সংলগ্ন এলাকাসমূহ পরিষ্কার ও সজ্জিত উপস্থিতিতে রাখতে হবে।
- RoW এ অথবা এর সংলগ্ন এলাকায় কোনো প্রকার দাহ্য পদার্থ জমা রাখা যাবে না।
- কৃষি এলাকায় যেখানে মাটি শৈলশিরায় পরিণত হয়েছে, সেখানে বাঁধের ভিত্তির জন্য উপযুক্ত মাটি মোটামুটিভাবে সমতল করা হবে।
- খননকৃত উপকরণগুলো জমা করা হবে যেন সেগুলো সেবা বা সম্পত্তিকে ক্ষতিগ্রস্ত না করে এবং ঐ এলাকা বা এর পার্শ্ববর্তী এলাকার ড্রেনেজ ব্যবস্থায় কোনো বাধা সৃষ্টি করতে না পারে।
- নির্মাণের সময়, বোরো পিটগুলো যতদূর সম্ভব নিষ্কাশিত করতে হবে এবং কাজটি একটি পরিষ্কার এবং সুনিপুণ পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।
- পূর্ণ প্রস্থের ভরাট ধারাবাহিক স্তরে সম্পন্ন করা হবে।
- প্রতিটি স্তর ১৫০ মি.মি. বেধের বেশি অতিক্রম করবে না।
- নির্দিষ্ট স্তরের থেকে ±২৫ মি. মি. পৃষ্ঠতলের সহনশীলতা গৃহীত হয়।
- সন্নিবেশকরণের আগে ভরাট উপকরণের আর্দ্রতা উপাদান OMC এর ±২% এর মধ্যে থাকা উচিৎ।
- সন্নিবেশকরণের পরে বাঁধের শুষ্ক ঘনত্ব সর্বাধিক শুষ্ক ঘনত্বের ৯৫% এর কম হবে না।
- প্রত্যেক ১০০০ বর্গ মিটারের জন্য একটি ঘনত্ব পরীক্ষা করা হবে।
- সাব-গ্রেড যে কোনো এক সময়ে ১০০ মিটারের কম না হওয়া পর্যন্ত প্রস্তুত করা হবে।
- মৃত্তিকা সম্পূর্ণরূপে আলগা হওয়া পর্যন্ত সাব-গ্রেড উপাদানটি ১৫০ মি. মি. গভীরতা পর্যন্ত খোড়া হবে।
- সাব-গ্রেডের ক্ষেত্রে ৯৮% শুষ্ক ঘনত্ব অর্জন করা হবে।
- ২০০ মি.মি. বেধ পর্যন্ত উন্নত সাব-গ্রেড ছড়িয়ে দেওয়া হবে প্রতি স্তরে।
- CBR পরীক্ষা সম্পন্ন করা হবে; নির্দিষ্ট সিন্নিবেশকরণে প্রাপ্ত এবং ৪ দিন ভিজিয়ে রাখার পর প্রাপ্ত পরীক্ষাগার মান ৮% অতিক্রম করবে।
- স্থাপনের সময় ভিত্তি হবে OMC এ অথবা এর কাছাকাছি এবং প্রায় সমান বেধে স্তরে স্তরে ছড়িয়ে দিতে হবে।
- উপযুক্ত ও পর্যাপ্ত সন্নিবেশকরণ উপকরণসহ প্রত্যেক স্তর পুঙ্খানুপুঙ্খভাবে সন্নিবিষ্ট করতে হবে।
- প্রত্যেক স্তর সর্বোচ্চ শুষ্ক ঘনত্বের অন্ততপক্ষে ৯৮% পর্যন্ত সন্নিবিষ্ট করা হবে।
- রোলিং অপারেশন প্রান্তে শুরু হবে এবং কমপক্ষে ৭৫০ মি. মি. পর্যন্ত শোল্ডারের উপর সমাপতিত হবে।
- যখন আসন্ন বৃষ্টি দেখা দেয় না, প্রস্তুতকৃত রাস্তা সন্তোষজনক অবস্থায় থাকে এবং পৃষ্ঠতল শুষ্ক থাকে, শুধুমাত্র তখন বিটুমিনাস মিশ্রণ রাখা উচিৎ।
- প্রধান কোট স্প্রেটিংয়ের ক্ষেত্রে পরিবেশকের বায়ুসংক্রান্ত টায়ার থাকতে হবে এবং এমনভাবে ডিজাইন করতে হবে যেন ধ্রুবক তাপমাত্রায় বিটুমিনাস উপাদানটি এককভাবে পরিবর্তনশীল প্রস্থে এবং ০.২০ থেকে ২.০০

লিটার/বর্গ মিটারের নিয়ন্ত্রিত হারে প্রয়োগ করা যেতে পারে।

- রোলারগুলো সদ্য সজ্জিত উপাদানগুলোতে দাঁড়ানোর অনুমতি দেওয়া যাবে না যা দ্বারা বিকৃত হতে পারে।
- মিশ্র বিটমুনাস সীল আবরণ স্থাপন করা হবে এবং দানাদার (granular) ভিত্তির উপর ছড়িয়ে পড়বে যা একটি নির্দিষ্ট ঘনত্বের জন্য প্রাথমিক বা বিটুমিনাস কার্পেটিং তৈরি করা হয়েছে যা নির্দিষ্ট সন্নিবিষ্ট বেধের চেয়ে কম ২৫% এর বেশি হবে এবং অবিলম্বে একটি বিদ্যুৎ চালিত সড়ক রোলারের সাথে সন্নিবিষ্ট হবে।
- রাস্তা চিহ্নিতকরণের জন্য রং ব্রাশ বা যান্ত্রিক উপায়ে প্রয়োগ করার উপযুক্ত হবে।
- ঘাসের চাপড়া ও তৃণাচ্ছাদিত জমির মাধ্যমে তৃণাচ্ছাদন করতে হবে।

চিত্রলেখ ১১-১০: প্রবেশ রাস্তার অংশ



চিত্রলেখ ১১-১১ প্রবেশ রাস্তার প্রস্থচ্ছেদ

১১.১০.৪ সড়ক সংশ্লিষ্ট অন্যান্য অবকাঠামো সুবিধা

খাগড়াছড়ি পৌরসভায় সড়ক অবকাঠামো সুযোগ-সুবিধা খুবই সীমিত। বেশিরভাগ সড়কই অত্যন্ত সরু এবং পার্কিং সুবিধা নেই। বর্তমান প্রধান দুইটি সড়ক চট্টগ্রাম-খাগড়াছড়ি-দীঘিনালা, খাগড়াছড়ি থেকে পানছড়ি রোড। এই সড়কে সকল ধরণের যানবাহন দেখা যায় যা বিভিন্ন স্থানে যানজট সৃষ্টির জন্যও দায়ী। এছাড়া, এই সড়কটি ভারী যানবাহন চলাচলের কিছু কিছু জায়গায় সরু। পানখাইয়া পাড়া রোড, মহিলা কলেজ রোড, সবুজবাগ রোড, মুসলিমপাড়া রোড ইত্যাদি সড়কেও যানবাহন পরিলক্ষিত হয়। তুঙ্গ সময়ে বা অফিসের সময় এই অবস্থার আরও অবনতি ঘটে। খাগড়াছড়ি পৌরসভায় সড়ক অবকাঠামো উন্নয়নের জন্যও মহাপরিকল্পনায় পার্কিং সুবিধা, যাত্রী ছাউনী, স্ট্যান্ড/ টার্মিনাল, পথচারী সুবিধাসমূহ, বাইসাইকেল গতিপথ ইত্যাদি সুযোগ-সুবিধার প্রস্তাব করা হয়েছে।

১১.১০.৪.১ পার্কিং সুবিধা

রাস্তার পাশে পার্কিং সাধারণত দেখা যায় না। কারণ রাস্তাগুলো এত সরু যে সেখানে গাড়ি পার্কিং সম্ভব না। রাস্তা প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে, তা করা হলে পার্কিং সুবিধা পাওয়া যাবে। ইমারত নির্মাণ বিধি অনুযায়ী প্রতিটি বাণিজ্যিক ভবনে পার্কিং থাকা প্রয়োজন। পার্কিং সুবিধার জন্য নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করা হলো।

১। আবাসিক এলাকায় অবাধ পার্কিং এর সুবিধার বিষয় বিবেচনা করা যেতে পারে। কারণ আবাসিক এলাকায় পার্কিং এর চাহিদা এখনো কম।

২। যে সমস্ত এলাকায় পার্কিং এর সরবরাহ চাহিদা অতিক্রম করে গিয়েছে, সেখানে নিয়ন্ত্রণ অরোপ করতে হবে। পার্কিং এর উঁপর চার্জ বসানো যায়। দু'ভাবে এই পার্কিং চার্জ অরোপ করা যায়। একটি চার্জ হবে সাধারণ পার্কিং এর

ব্যবস্থাপনা ব্যয় উদ্ধারের জন্য। অন্যটি হবে ঐ সমস্ত এলাকায় যেখানে পার্কিং চাহিদা বেশি কিন্তু পর্যাপ্ত স্থান নাই। এ সমস্ত এলাকায় অতিরিক্ত হারে চার্জ আরোপ করতে হবে পার্কিং নিরুৎসাহিত করার জন্য। এ সমস্ত রাস্তায় পার্কিং যানবাহন চলাচলে সমস্যা তৈরী করে।

৩। কোন কোন এলাকায় নির্দ্দিষ্ট সময়ের জন্য অথবা নির্দ্দিষ্ট প্রকৃতির গাড়ির জন্য পার্কিং নিষেধ আরোপ করা যায়।

৪। শহরের নির্দ্দিষ্ট এলাকায় অটোরিক্সা ও ট্যাক্সি পার্কিং রাখা যেতে পারে। অযান্ত্রিক যানবাহন পার্কিং করার জন্য আলাদা জায়গা দেয়া উচিত।

৫। যদিও পার্কিং ব্যবস্থা কার্যকর করার জন্য মূলত পৌরসভা দায়ী, তবে কাজ সহজ এবং কার্যকর করার জন্য বেসর কারি খাতকে সংযুক্ত করা যেতে পারে।

৬। সংরক্ষিত পার্কিং এলাকাগুলোতে যেখানে অনুমোদিত রাস্তার চিহ্ন দ্বারা পার্কিং বিশেষভাবে অনুমোদিত সেসব জায়গা বাদে অন্যান্য রাস্তায় পার্কিং নিষিদ্ধ করা হবে।

৭। ট্রাফিক পুলিশকে পার্কিং ব্যবস্থা কার্যকর করার জন্য আরো দক্ষতার সঙ্গে ব্যবহার করতে হবে।

১১.১০.৪.২ যাত্রী ছাউনী

খাগড়াছড়ি পৌরসভায় যাত্রী ছাউনি প্রায় নাই বললেই চলে, যদিও এটি যাত্রীদের জন্য খুবই প্রয়োজনীয় একটি সেবা সুবিধা। যাত্রী ছাউনি শুধু বিশ্রামের জায়গা নয়, দীর্ঘ পথের যাত্রীদের জন্য এটি অপেক্ষা স্থল। পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় আরো যাত্রী ছাউনি তৈরী করা প্রয়োজন।

১১.১০.৪.৩ বাস টার্মিনাল

বাস টার্মিনাল ছাড়াও রিকশা, ভ্যান, টমটম, সিএনজি অটোরিক্সা ইত্যাদি যানবাহনের জন্য নির্ধারিত স্থান থাকা প্রয়োজন। স্ট্যান্ডগুলোতে যাত্রী এবং যানবাহন উভয়ের জন্যই ন্যূনতম সুযোগ-সুবিধা থাকা উচিত। স্ট্যান্ডের জন্য যথেষ্ট জায়গা রাখা উচিত যেন যানবাহন প্রবাহে কোনরকম ব্যাঘাত ঘটানো ছাড়াই নির্দিষ্ট সংখ্যক যানবাহন একই সময় স্ট্যান্ডে দাঁড়াতে পারে। বাস বে এর অবস্থান নির্ণয়ের জন্য নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করা হবেঃ

- বাস স্টপগুলো সংযোগস্থলের কাছাকাছি অবস্থিত হওয়া উচিত নয়
- সংযোগ থেকে বাস স্টপগুলোর দূরত্ব নগর এলাকার ক্ষেত্রে ন্যূনতম ৭৫ মিটার এবং গ্রামীণ এলাকার ক্ষেত্রে ন্যূনতম ৩০০ মিটার দূরত্ব কাম্য
- বাস স্টপ যথাসম্ভব দূরে অবস্থিত হওয়া উচিত যেন যাত্রীরা নিরাপদ জায়গায়; যেমন- কার্ব অথবা আইল্যান্ডে নামতে পারে।
- চৌরাস্তার ডান দিকে ঘুরতে ইচ্ছুক বাসগুলোর জন্য স্টপটি চৌরাস্তা থেকে যথেষ্ট দূরে থাকা উচিত যেন চৌরাস্তার আগে বাসটি তার লেনে যেতে পারে।

বর্তমান বাস টার্মিনালটির জায়গা বৃদ্ধি করার প্রস্তাবনা দেয়া হচ্ছে পাশাপাশি আধুনিক সুযোগ-সুবিধা সংযুক্ত করতে হবে। এই বাস টার্মিনালের পাশাপাশি সিঙ্গিনালা এলাকা এবং লারমা এলাকায় অন্য দুইটি বাস টার্মিনালের প্রস্তাবনা দেয়া হয়েছে। এই বাস টার্মিনালগুলো বর্তমান বাস টার্মিনালের উপর চাপ কমাবে এবং শহরের ভিতর যানবাহন চলচল আরো নির্বিঘ্ন হবে।

বাস টার্মিনালের আয়তন

বাস টার্মিনালের আয়তন সাধারণত কী পরিমাণ বাস জায়গা দিতে পারে তার উপর নির্ভর করে নির্ধারণ করা হয়। একটি বাস টার্মিনালের জন্য কী পরিমাণ জায়গা লাগবে তা নির্ভর করে বাসের আকার-আকৃতি এবং নির্মাণ স্থানের নকশার উপর। একটি ভালো নকশার ক্ষেত্রে ১০০ টি পূর্ণ আকারের বাসের জন্য টার্মিনাল ভবনসহ প্রয়োজনীয় আনুমানিক ক্ষেত্রফল হবে ২ হেক্টর অথবা ২০০০০ বর্গ মিটার।

বাস টার্মিনালে সুযোগ-সুবিধা

(i) ওয়ার্কশপ
(ii) পেট্রোল পাম্প
(iii) বাজার: যন্ত্রপাতি, খুদ্র যন্ত্রাংশ ও জিনিসপত্র
(iv) পরিষ্কার ও ধৌতকরণ
(v) অন্তর্বর্তী পরিভ্রমণ
(vi) হোটেল (খাবার এবং আবাসিক)
(vii) বিভিন্ন কুরিয়ার ও পার্সেল সার্ভিস অফিস
(viii) উঠানো ও নামানোর জায়গা
(ix) বাস পার্কিং এর জায়গা
(x) পুলিশ ফাঁড়ি/ নিরাপত্তা ফাঁড়ি
(xi) টিকেট কাউন্টার এবং ঘাঁটি
(xii) খোলা রেস্তোরাঁ এবং হকার্স

১১.১০.৪.৪ ট্রাক টার্মিনাল

খাগড়াছড়ি পৌরসভার জিরো মাইল এলাকায় সমন্বিত মালবাহী কমপ্লেক্সসহ একটি ট্রাক টার্মিনাল প্রস্তাবিত আছে। স্থানটি ট্রাক টার্মিনালের জন্য খুবই উপযোগী। দিনের বেলায় যখন যানবাহনের প্রবাহ অধিক থাকে তখন ট্রাকগুলোর শহরে প্রবেশ করার প্রয়োজন হবে না। এখানে নিম্নলিখিত সুযোগ-সুবিধাগুলো থাকবেঃ

(i) ওয়ার্কশপ
(ii) পেট্রোল পাম্প
(iii) বাজার: যন্ত্রপাতি, খুদ্র যন্ত্রাংশ ও জিনিসপত্র
(iv) পরিষ্কার ও ধৌতকরণ
(v) হোটেল (খাবার এবং আবাসিক)
(vi) বিভিন্ন কুরিয়ার ও পার্সেল সার্ভিস অফিস
(vii) উঠানো ও নামানোর জায়গা
(viii) ট্রাক পার্কিং এর জায়গা
(ix) পুলিশ ফাঁড়ি/ নিরাপত্তা ফাঁড়ি
(x) মসজিদ
(xi) রেলওয়ে সহায়তা সেবা

অর্থনৈতিক সুবিধা

টার্মিনাল সুযোগ-সুবিধা, যাত্রী সেবা ইত্যাদি ছাড়াও বাস/ ট্রাক টার্মিনালে বাণিজ্যিক কমপ্লেক্স এবং অফিসের স্থান গড়ে তোলার একটি প্রস্তাবনা আছে। বেসরকারি খাত সংযুক্ত থাকলে সেক্ষেত্রে বিনিয়োগ খরচ নিম্নলিখিতভাবে পুনরুদ্ধার করা হবে:

- গড়ে ওঠা অফিস এবং বাণিজ্যিক কমপ্লেক্সের খুচরা জায়গার ইজারা ভাড়া থেকে
- প্ল্যাটফর্মের দোকানগুলোর ইজারা ভাড়া থেকে
- শোভন বিশ্রাম কক্ষ ব্যবহারকারী যাত্রীদের কাছ থেকে প্রাপ্ত যাত্রীসেবা খরচ থেকে
- ব্যক্তিগত গাড়ি এবং ট্যাক্সির পার্কিং ফিস থেকে
- টার্মিনালগুলোর বিজ্ঞাপন আয় থেকে

১১.১০.৪.৫ বিমানবন্দর

খাগড়াছড়ি জেলার মাইসছড়ি এলাকায় একটা বিমানবন্দরের প্রস্তাবনা দেয়া হয়েছে। এই এলাকাটি প্রাইমারি রোড দ্বারা খাগড়াছড়ি পৌরসভার সাথে সংযুক্ত। একটি প্রতীকী বিমানবন্দরের ত্রিমাত্রিক চিত্র নিচের ***চিত্র ১১-১২*** তে দেখানো হয়েছে। এখানে বিমানবন্দরের অন্যান্য সুবিধার অবস্থান দেখানো হয়েছে।

বিমানবন্দরে নিম্নোক্ত সুবিধাগুলো থাকা উচিত:

(i) রানওয়ে আলোকসজ্জা
(ii) প্রি-থ্রেশোল্ড
(iii) রানওয়ে ডিজাইনার
(x) হেলিকপ্টার স্ট্যান্ড
(xi) অগ্নি নির্বাপন কেন্দ্র
(xii) অগ্নি নির্বাপন কেন্দ্র

(iv) কেন্দ্র লাইন
(v) টাচডাউন জোন
(vi) লক্ষ্য বিন্দু
(vii) স্টপওয়ে
(viii) হোল্ডিং পজিশন
(ix) এজ চিহ্নিতকরণ
(xiii) এয়ারলাইন পরিষেবা
(xiv) বাস স্টপ
(xv) ট্যাক্সি / অটো স্ট্যান্ড
(xvi) বোর্ডিং এরিয়া এবং অফিস ইত্যাদি

চিত্র ১১-১২: একটি প্রতীকী বিমানবন্দরের ত্রিমাত্রিক চিত্র

১১.১০.৪.৬ পথচারীদের চলাচলের সুবিধা

বাংলাদেশের প্রেক্ষাপটে, কভারড ড্রেনগুলো ফুটপাত হিসাবে ব্যবহৃত হয়। পথচারীদের নির্বিঘ্ন, নিরাপদে এবং সহজে চলাচল করার জন্য বিশেষায়িত ফুটপাত নির্মাণ করতে হবে। ফুটপাতগুলো টাইলস দ্বারা নির্মাণ করা যায় যেন দেখতে আকর্ষণীয় হয়। ফুটপাতের পাশে বৃক্ষ রোপণ করা যায় যেন তা পথচারীদের ছায়া প্রদান করতে পারে।



চিত্রলেখ ১১-১৩: প্রস্তাবিত ফুটপাতের প্রস্থচ্ছেদ

সেকেন্ডারি এবং টারাশিয়ারী রাস্তার পাশে ফুটপাতের প্রস্তাবনা দেয়া হয়েছে, বিশেষ করে যেসব জায়গায় কভারড ড্রেন রয়েছে। কভারড ড্রেনকে সম্ভাবনাময় ফুটপাত (ব্যবহার) হিসাবে চিহ্নিত করা হয়েছে। কিন্তু কিছু কিছু জায়গায় স্লাব ভেঙ্গে যাওয়ায় এবং খারাপ ব্যবস্থাপনার জন্য অনেক জায়গায় তা ব্যবহার করা যাচ্ছে না। এমনকি এই ড্রেনগুলো অনেক জায়গায় ছড়ানো ছিটানো।

খাগড়াছড়ি পৌরসভায় সর্বমোট ২৬.০২ কি.মি. ফুটপাতের প্রস্তাবনা দেয়া হয়েছে যা ***সারণি ১১-১২*** তে দেয়া হয়েছে। সারণিতে ওয়ার্ড ওয়ারী ফুটপাতের প্রস্তাবনাগুলোও দেখানো হয়েছে। সারণি থেকে দেখা যায় যে সবচেয়ে বেশি ফুটপাতের প্রস্তাবনা দেয়া হয়েছে ওয়ার্ড নং ০১ এ, ২৬.০২ কি.মি. এর মধ্যে ৫.৫৬ কি.মি. ফুটপাত এই ওয়ার্ডে প্রস্তাব করা হয়েছে। ***মানচিত্র ১১-৬*** এ খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত ফুটপাতগুলো দেখানো হয়েছে।

সারণি ১১-১২: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত ফুটপাতের ওয়ার্ড অনুসারে বিন্যাস

ওয়ার্ড নং	দৈর্ঘ্য (কি.মি.)
ওয়ার্ড নং ০১	৫.৫৬
ওয়ার্ড নং ০২	১.৩৪
ওয়ার্ড নং ০৩	২.৪১
ওয়ার্ড নং ০৪	১.৭২
ওয়ার্ড নং ০৫	১.৪৮
ওয়ার্ড নং ০৬	১.৫৭
ওয়ার্ড নং ০৭	২.২১
ওয়ার্ড নং ০৮	১.৮৮
ওয়ার্ড নং ০৯	৬.৮৫
আশপাশের এলাকা	০.৯৯
মোট	**২৬.০২**

মানচিত্র ১১-৬ : খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত ফুটপাত

1:35,625



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.4 0.8 1.6 2.4 3.2 4 4.8 Kilometers

Scale: 1:35,625 or 1 " = 2,969 ' or 1 cm = 356 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area

Water Bodies
- Khal, River

- Pedestrian Way

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

১১.১০.৪.৭ বাইসাইকেল পথ

বাইসাইকেল গমনপথ ইদানিং সময়কালে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে; বিশেষ করে উন্নত দেশগুলোর মধ্যে যেখানে পরিবেশ-বান্ধব চলাচল উৎসাহিত করার জন্য বেশিরভাগ অভ্যন্তরীণ রাস্তাগুলোর সাথে সংলগ্ন বাইসাইকেল পথ আছে। যদি প্রধান অভ্যন্তরীণ রাস্তাগুলোর সাথে বিশেষ বাইসাইকেল পথ স্থাপন করা যায়, তবে আরও বেশি মানুষ বাইসাইকেল চালাতে উৎসাহী হবে যেহেতু এটি যাত্রা সময় কমায় এবং একই সাথে ভ্রমণকারীকে পরিবহনের জন্য কোনো অর্থও ব্যয় করতে হয়না।

বাইসাইকেল লেন হলো সাইকেল ব্যবহারকারীদের ব্যবহারের জন্য একটি অংশ। সাধারণত এর প্রস্থ ১.২-১.৫ মিটার (৪-৫ ফুট) হয়ে থাকে। বাইসাইকেল লেনগুলো রাস্তার পৃষ্ঠে তাদের নিজস্ব ভ্রমণের লেন সরবরাহের মাধ্যমে মূল ও প্রান্ত এলাকাসমূহের বাইসাইকেল ব্যবহারকারীদের সকল ধরণের প্রয়োজন মেটায়। এই বাইসাইকেল লেনগুলোতে বাইসাইকেল চালকদের সতর্কতা ও দৃষ্টি আকর্ষণের জন্য বিভিন্ন সংকেত, রাস্তায় বাইসাইকেলের জন্য রাস্তা চিহ্নিত করা, বাইসাইকেলের আইকন ব্যবহার করা হয়।

একমুখী বা দ্বিমুখী সড়কের উভয় পার্শ্বেই বাইসাইকেল লেন তৈরি করা প্রয়োজন। একমুখী অথবা দ্বিমুখী সড়কের এর পার্শ্বে দ্বিমুখী বাইসাইকেল লেন বাইসাইকেল চালকদের জন্যও একটি বিপজ্জনক অবস্থার সৃষ্টি করে। একারণে এটি সুপারিশ করা হয় না। যে ক্ষেত্রে ১.৫ মিটার (৫ ফুট) বাইসাইকেল লেন প্রদান করা সম্ভব হয় না, সেক্ষেত্রে সাময়িক ব্যবস্থা হিসেবে অপেক্ষাকৃত কম প্রস্থের অচিহ্নিত লেন প্রদান করা হয়।

বাইসাইকেল লেনের সাফল্যের ক্ষেত্রে নিয়মিত তত্ত্বাবধান খুবই গুরুত্বপূর্ণ। বাইসাইকেলে লেনের জন্য একটি নিয়মিত সময়সূচি তৈরি করা উচিত।

বর্তমান নগর সড়কগুলোতে বাইসাইকেল লেন সংযোজন করার মাধ্যমে বাইসাইকেল চালকদের চাহিদা মেটানো সম্ভব।অনেক ক্ষেত্রেই সড়কের প্রস্থ না বাড়ানোর পরিবর্তে বর্তমান প্রস্থচ্ছেদ পুনরায় বিচ্যুত করার মাধ্যমে বাইসাইকেল লেন সংযোজন করা যায়। প্রকল্প এলাকার বিভিন্ন অংশে উল্লেখযোগ্য সুযোগ বিদ্যমান আছে।

বিদ্যমান ০.৮ কি.মি. বাইসাইকেল রোডের সংস্কার সহ মোট ১৯.৩৫ কি.মি. বাইসাইকেল লেন প্রস্তাব করা হয়েছে। ***মানচিত্র ১১-৭*** এ খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত বাইসাইকেল গমনপথ দেখানো হয়েছে। ***সারণি ১১-১৩*** এ ওয়ার্ড অনুসারে বাইসাইকেল গমনপথের বিন্যাস দেখানো হয়েছে।

সারণি ১১-১৩: ওয়ার্ড অনুসারে বাইসাইকেল গমনপথের বিন্যাস

ওয়ার্ড নং	দৈর্ঘ্য (কি.মি.)
ওয়ার্ড নং ১	৫.৬৯
ওয়ার্ড নং ২	১.৩৪
ওয়ার্ড নং ৩	২.১৪
ওয়ার্ড নং ৪	০.৯৭
ওয়ার্ড নং ৭	০.৭৩
ওয়ার্ড নং ৮	১.৮৫
ওয়ার্ড নং ৯	৫.৬৩
আশেপাশের এলাকা	০.৯৯
মোট	**১৯.৩৫**

উপরে উল্লিখিত সুবিধাগুলো ছাড়াও যাত্রী ও যানবাহনের চালকদের যেমন পানীয় জলের স্থান, পাবলিক টয়লেট, রেস্ট রুম, বেঞ্চ ইত্যাদি সুবিধা দেওয়া যেতে পারে

মানচিত্র ১১-৮ এ খাগড়াছড়ি পৌরসভাতে প্রস্তাবিত পরিবহন সংক্রান্ত কিছু সুবিধা দেখানো হল।

মানচিত্র ১১-৭ : খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত বাইসাইকেল পথ

1:35,625



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.4 0.8 1.6 2.4 3.2 4 4.8 Kilometers

Scale: 1:35,625 or 1 " = 2,969 ' or 1 cm = 356 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava Area

Water Bodies
- Khal, River

- Bicycle Way

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

মানচিত্র ১১-৮ : খাগড়াছড়ি পৌরসভায় যানবাহন সুযোগ-সুবিধাসমূহ

1:72,756



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.75 1.5 3 4.5 6 7.5 9 Kilometers

Scale: 1:72,756 or 1 " = 6,063 ' or 1 cm = 728 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
খ) ভূমি অধিগ্রহণঃ

ভূমি অধিগ্রহণে সময় এবং ব্যয় বেশি হওয়ার কারণে; এখানে নতুন অধিগ্রহণের পরিমাণ যথাসম্ভব কম করা হবে। প্রকল্প এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণ করার জন্য ৫ একর জমি অধিগ্রহণের প্রস্তাব রাখা হয়েছে।

গ) জল ধারণ ক্ষেত্রঃ

বিদ্যমান পুকুরসমূহ, বিল, নগর এলাকায় কিছু ফাঁকা জায়গা এবং নিচু কৃষি জমি সমূহ; জল ধারণ ক্ষেত্র হিসেবে কাজ করে এবং ভরা মৌসুমে বন্যা হওয়া থেকে কিছুটা রক্ষা করে। ফাটাবিল এবং শহরের দক্ষিণ-পশ্চিম অংশ প্রকল্প এলাকার জলাধার হিসেবে কাজ করে। পৌরসভা কর্তৃপক্ষের উচিত হবে ডিসি মহোদয়ের সহযোগিতায় বর্তমান নিচু এলাকাসমূহ এই ভবিষ্যতে কাজের জন্য সংরক্ষণ করা। উচ্চমূল্যের জন্য জলাধার নির্মাণে নতুন ভূমি অধিগ্রহণের কোনো প্রস্তাব রাখা হয়নি। সুতরাং, উন্নত ড্রেনেজ ব্যবস্থাপনার মাধ্যমে ভবিষ্যতের বৃষ্টিপ্রবাহ নিষ্কাশন করা এই ড্রেনেজ ডিজাইনের লক্ষ্য।

ঘ) ড্রেনেজ ব্যবস্থার ধারণক্ষমতাঃ

২০৩৭ সাল পর্যন্ত উন্নয়ন বিবেচনায়; ড্রেনেজ ব্যবস্থা এমনভাবে ডিজাইন করা হয়েছে যেন এটি সর্বোচ্চ বৃষ্টিপাতের গড় বার্ষিক বৃষ্টিপ্রবাহ (যথা, টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেনের জন্য ২-বছর অন্তর বিবেচনায় এবং প্রাইমারি ড্রেনের জন্য ৫-বছর অন্তর বিবেচনায়) কোনপ্রকার উপচানো ব্যতীত প্রবাহিত করতে পারে। উন্নত এলাকার জন্য ড্রেনেজ ডিজাইন করা হয়েছে বর্তমান অবস্থাকে বিবেচনায় এনে এবং যেসকল এলাকা এখনও পরিপূর্ণভাবে উন্নত নয় সেসব এলাকায় ড্রেনের ধারণক্ষমতা এর উন্নয়নকালে প্রয়োজনের তুলনায় কিছুটা বেশি হবে। বৃষ্টিপাতের পরিমাণ যদি ডিজাইনের ধারণক্ষমতার বেশি হয়; তবুও তা বেশিক্ষণ জমা না থেকে বৃষ্টিপাতের এক ঘণ্টার মধ্যেই নিষ্কাশিত হবে।

ঙ) পাম্পিং স্টেশন:

পাম্পিং স্টেশনগুলো সাধারণত এমন পরিস্থিতিতে যেখানে শুধুমাত্র নিষ্কাশন নিম্নাভিমুখী সম্ভব নয়, এবং যেখানে মূল্যবান ভবন নিয়মিত বন্যা দ্বারা ঝুঁকিতে থাকে। পাম্প স্টেশনগুলোর একটি প্রাথমিকভাবে উচ্চ অপারেটিং খরচ আছে, এবং ব্যাপক অপারেশন এবং রক্ষণাবেক্ষণ সেবা প্রয়োজন। ওয়ার্ড নং ৫ এর ইসলামপুর ও ন্যান্সি বাজার এলাকায় এ দুটি ওয়াটার পাম্প প্রস্তাবিত হয়েছে। পাম্প সঠিকভাবে বজায় রাখা উচিত এবং বর্ষাকালে বা কোনো জরুরি অবস্থাতে অপারেশন চালিয়ে যাওয়া উচিত।

চ) শোধনাগারঃ

পৌরসভার সিঙ্গিনালা ও বটতলিতে দুটি শোধনাগার প্রস্তাব করা হয়েছে। এই শোধনাগারে খালের মধ্যে প্রবাহিত বাড়িঘর থেকে আগত বর্জ্য জল শোধন করা হবে। এটি খাল থেকে অশোধিত পানি উঠাবে। বাতাস্বয়নের (একটি প্রাকৃতিক প্রক্রিয়া) মাধ্যমে পানির দুর্গন্ধ ও খারাপ স্বাদ দূর করে, স্থিত কঠিন বস্তু দূর করে (আরেকটি প্রাকৃতিক প্রক্রিয়া), পানি জীবাণুমুক্ত করে, pH নিয়ন্ত্রণ করে, পরিস্রাবন করে (আরও একটি প্রাকৃতিক প্রক্রিয়া), এরপর এটি ব্যবহার উপযোগী করা হয়। শিল্পাঞ্চল স্থাপনের পাশাপাশি প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ এবং অবকাঠামো উন্নয়নের মাধ্যমে শোধনাগার নির্মাণ করা উচিত।

ছ) ট্রাশ র‍্যাক ও সাম্পঃ

ট্র্যাশ র‍্যাক ও সাম্প সাধারণত ড্রেনেজ সিস্টেমে ভগ্নাবশেষ (পলি ও কঠিন বর্জ্য) প্রবেশ প্রতিরোধ করে। ড্রেনেজ সিস্টেমে এই ভগ্নাবশেষ জমা হওয়ার ফলে গুরুতর সমস্যা হওয়ার সম্ভাবনা থাকে। এছাড়া, নিয়মিত ড্রেনেজ ব্যবস্থার পরিষ্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ খরচ কমাতেও ট্র্যাশ র‍্যাক ও সাম্প প্রয়োজন। ট্র্যাশ র‍্যাক ও সাম্পকে খাগড়াছড়ির জন্য যথাযথ বিবেচনা করা হয়। ড্রেনেজ পরিকল্পনায় ট্র্যাশ র‍্যাক ও সাম্পের অবস্থান বিশেষভাবে সনাক্ত না করা হলেও চূড়ান্ত প্রকৌশল নকশায় এবং সকল কার্যসূচিতে এই অবস্থানগুলো সনাক্ত করা উচিত।

জ) খাল/জলাধার উপচানোঃ

প্রকল্প এলাকার অভ্যন্তরে অবস্থিত খাল, নিচু এলাকা/ বিল প্রভৃতি বন্যার কারণে ভরে গেলে তা এই ড্রেনেজ মহাপরিকল্পনার আওতার মধ্যে পড়বে না। যার জন্য এক্ষেত্রে এই রিপোর্টে কোনও বিশদ প্রস্তাবনা নেই। শুধুমাত্র ফ্ল্যাপ গেট তৈরি করে এক্ষেত্রে পানি নিয়ন্ত্রণ করাই হবে যথোপযুক্ত। পৌরসভার উচিত হবে তারা ভবিষ্যতে এই নিচু জমিসমূহ ভরাট হওয়া থেকে রক্ষা করা।

ঝ) রক্ষণাবেক্ষণঃ

ড্রেনেজ ব্যবস্থার সঠিক কার্যকারিতার জন্য একটি যথাযথ রক্ষণাবেক্ষণ কার্যক্রম থাকা অপরিহার্য। এই কার্যক্রমের ভেতর পরিদর্শন, নীতিমালার প্রয়োগ, পরিষ্করণ এবং মেরামত থাকা আবশ্যক। পরিদর্শন ও পরিষ্করণের পুনরাবৃত্তি নির্ভর করবে বছরের বিভিন্ন ঋতুর উপর। বর্ষাকাল শুরু হয়ার সাথে সাথে পরিদর্শন ও পরিষ্করণের পুনরাবৃত্তির হার বাড়তে থাকবে। রক্ষণাবেক্ষণ কার্যক্রমের মধ্যে আছেঃ

১. পরিদর্শন

- পাকা খোলা ড্রেন - সবগুলো মাসে একবার; বাজার এলাকায় প্রতি সাপ্তাহান্তে একবার
- পাকা আবদ্ধ ড্রেন - মাসিক একবার; ফেব্রুয়ারি মাসে ড্রেন উন্মুক্ত করে
- কাঁচা ড্রেন - মাসিক
- সকল ড্রেন - মৌসুমের প্রথম ভারী বর্ষণের পর

২. পরিষ্করণ

- পাকা খোলা ড্রেন - যখন প্রয়োজন
- পাকা আবদ্ধ ড্রেন - ফেব্রুয়ারি মাসে যখন উন্মুক্ত করা হয়
- কাঁচা ড্রেন এবং কালভার্ট/ ব্রিজ - জানুয়ারি অথাবা ফেব্রুয়ারি মাসে বৃষ্টির পূর্বে
- সকল ড্রেন - পরিদর্শনে প্রয়োজন বোধ হলে

পরিদর্শনের ফলে ড্রেনের কোথায় মেরামত প্রয়োজন এবং কোথায় তা অবৈধ দখলের শিকার তা চিহ্নিত করা সম্ভব হয়। এসব ক্ষেত্রে দ্রুত সঠিক পদক্ষেপ নেওয়া জরুরী। সম্পূর্ণভাবে আবদ্ধ পাকা ড্রেন ও ছোট কালভার্ট পরিষ্কার করা অনেক জটিল ও সময়সাপেক্ষ। পরিচ্ছন্নতা কার্যক্রম সহজে করার জন্য নতুন ড্রেনসমূহ স্থানান্তরযোগ্য ঢাকনা সহকারে নির্মাণ করতে হবে। খাল/ড্রেন প্রভৃতির নির্মাণ কাজ করে থাকে প্রকৌশল শাখা কিন্তু এগুলোর পরিচ্ছন্নতার কাজটি করে পরিচ্ছন্নতা শাখা। ড্রেনের রক্ষণাবেক্ষণ কার্যক্রম নিম্নলিখিত কাজের সাথে সম্পর্কিতঃ

- ড্রেনের পরিচ্ছন্নতা
- মশক নিধন
- বর্জ্য ব্যবস্থাপনা
- ড্রেনের কাঠামোগত রক্ষণাবেক্ষণ

পৌরসভা কর্তৃপক্ষকে ড্রেনের জন্য একটি নিয়মিত প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কার্যক্রম হাতে নিতে হবে। এই প্রকল্পের অধীনে নেওয়া কাঠামোগত উন্নয়ন এক্ষেত্রে একটি টেকসই ব্যবস্থা প্রদান করবে। যদি রক্ষণাবেক্ষণ

কার্যক্রম সঠিকভাবে পালন না করা হয় তাহলে তা ভবিষ্যতে অনেক খারাপ ফল বয়ে নিয়ে আসবে। যদিও ড্রেনের রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরবর্তিতে বাস্তবায়নের সময় নির্ধারিত হবে; তবুও এই পরিকল্পনার অধীনে এর জন্য একটি দিকনির্দেশনা দেওয়া হল।

- ড্রেনসমূহ প্রতি মাসে একবার পরিষ্কার করা উচিত। এটা কখনই প্রতি তিন মাসে একবারের কম হওয়া উচিত নয়।
- একজন পরিচ্ছন্নতা কর্মীর জন্য প্রতিদিনের নির্ধারিত প্রাইমারি/ সেকেন্ডারি ড্রেন ৫০ মিটার।
- প্রতি ১০ জন পরিচ্ছন্নতা কর্মীর জন্য একজন জমাদার নিয়োজিত থাকবে এবং প্রতি ৪ জন জমাদারের জন্য ১ জন স্যানিটারি ইন্সপেক্টর থাকবে।
- পর্যাপ্ত পরিমাণ যন্ত্রপাতির ব্যবস্থা রাখা। প্রতি পরিচ্ছন্নতা কর্মীর জন্য হুইল ব্যারো এবং অন্যান্য হস্তচালিত যন্ত্রপাতি এবং বর্জ্য পরিবহনের জন্য ৩ টন ধারণক্ষমতার ট্রাকের ব্যবস্থা রাখা।

মানচিত্র ১২-৫: খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক পরিকল্পনা

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Road

Proposed Drainage Network
- Primary Drain (Khal/ River)
- Secondary Drain, New
- Secondary Drain, Existing/Upgrade

১২.৮.৪ বিভিন্ন ধাপে ড্রেনেজ ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

প্রথমেই প্রাধান্য এলাকাগুলো বন্ধুরতা (ট্রপোগ্রাফিক) জরিপ, ভৌত অবকাঠামো জরিপ, স্থানীয় জনগণ ও কর্তৃপক্ষের সাথে মতবিনিময়ের মাধ্যমে ঠিক করা হয়েছে। শহরের কেন্দ্রীয় এলাকা ও ঘনবসতিপূর্ণ আবাসিক এলাকার ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নে বিশেষ নজর দেওয়া হয়েছে। ড্রেনেজ ব্যবস্থাপনার বিভিন্ন কাজের প্রাধান্য বিভিন্ন ধাপ অনুসারে দেওয়ায় উচিত। কর্তৃপক্ষ পরবর্তীতে অর্থের সংকুলানের ভিত্তিতে দ্বিতীয় ধাপের কাজগুলো করবে।

পরিকল্পনা বাস্তবায়নের ধাপসমূহ প্রাধান্যের উচ্চক্রম অনুসারে বিভিন্ন সময়কালে বিভক্ত করা হয়েছে। প্রথম ধাপের (২০১৮-২০২২) প্রস্তাবনাসমূহ যথাসম্ভব শীঘ্রই অর্থায়ন নিশ্চিত করে সম্পন্ন করা উচিত। বাকি কাজগুলো আরোও তিন ধাপে; যথা- ধাপ ২ (২০২২-২০২৭), ধাপ ৩ (২০২৮-২০৩২) এবং ধাপ ৪ (২০৩৩-২০৩৭) বিভিন্ন প্রকল্পের অধীনে সম্পন্ন করতে হবে।

১ম ধাপের (২০১৮-২০২২) কাজসমূহঃ

বিদ্যমান সকল খাল/ড্রেনের পরিচ্ছন্নতা এবং পানিপ্রবাহে যত বাঁধা আছে তা অপসারণ করা।

- বর্তমান খাল/প্রাইমারি ড্রেনসমূহের পুনঃচ্ছেদ (রি-সেকশন) করা
- টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেন তৈরি ও উন্নয়ন
- বিভিন্ন ড্রেনেজ অবকাঠামো (ব্রিজ/কালভার্ট) এর নির্মাণ ও পুনঃনির্মাণ
- জমি অধিগ্রহণ (যদি প্রয়োজন হয়)

২য় ধাপের (২০২৩-২০২৭) কাজসমূহঃ

অবশিষ্ট খাল/প্রাইমারি ড্রেনসমূহের পুনঃচ্ছেদ করা;

- অবশিষ্ট টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেন তৈরি ও উন্নয়ন
- অবশিষ্ট বিভিন্ন ড্রেনেজ অবকাঠামো (ব্রিজ/কালভার্ট) এর নির্মাণ ও উন্নয়ন
- একটি পাম্পিং স্টেশন নির্মাণ (যদি প্রয়োজন দেখা দেয়)

৩য় ধাপের (২০২৮-২০৩২) কাজসমূহঃ

- অবশিষ্ট টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেন তৈরি ও উন্নয়ন
- অবশিষ্ট বিভিন্ন ড্রেনেজ অবকাঠামো (ব্রিজ/ কালভার্ট) এর নির্মাণ ও উন্নয়ন
- একটি শোধনাগার নির্মাণ

৪র্থ ধাপের (২০৩৩-২০৩৭) কাজসমূহঃ

- অবশিষ্ট টারশিয়ারি ও সেকেন্ডারি ড্রেন তৈরি ও উন্নয়ন
- অবশিষ্ট বিভিন্ন ড্রেনেজ অবকাঠামো (ব্রিজ/কালভার্ট) এর নির্মাণ ও পুনঃনির্মাণ

বিভিন্ন ধাপের ওয়ার্ড ভিত্তিক ড্রেনেজ নেটওয়ার্ক ও অবকাঠামোর প্রস্তাবের বণ্টন নিচের অংশে দেয়া হয়েছে।

১২.৮.৪.১ ড্রেনেজ অবকাঠামোর ওয়ার্ড ভিত্তিক বণ্টন

প্রকল্প এলাকার জনজীবন নির্বিঘ্নে চলার জন্য যেসব গুরুত্বপূর্ণ অবকাঠামো সহায়তা প্রয়োজন, তার মধ্যে ড্রেনেজ ও বন্যা নিয়ন্ত্রণ বিধান অন্যতম। প্রবেশপথে বাঁধা সৃষ্টি না করে বর্জ্য জলের কার্যকর প্রবাহের জন্য কনসালট্যান্ট কিছু কালভার্ট/ ব্রিজ প্রস্তাব করেছেন। একটি সাধারণ বক্স কালভার্টের নকশা এখানে উপস্থাপন করা হলো।

চিত্রলেখ ১২-৫: একটি বক্স কালভার্টের নমুনা নকশা এবং উচ্চতা



<u>উন্নত ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে পরিবেশগত অবস্থার উন্নয়ন</u>

ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের ফলে একটি এলাকার জলাবদ্ধতা সম্পর্কিত সমস্যাসমূহ যথা; পচা আবর্জনার দুর্গন্ধ, পোকামাকড়, মশা এবং পাশাপাশি বৃষ্টিপাতের ফলে স্থানীয় বন্যা প্রভৃতি দূর হয়।

ড্রেন যদিও বৃষ্টির পানি নির্গমে তৈরি করা হয়ে থাকে; তবুও এর মাধ্যমে বর্জ্য পদার্থ, সেপটিক ট্যাঙ্কের বর্জ্য এবং স্থানীয় অন্যান্য বর্জ্য জল প্রবাহিত হয়ে থাকে। এই সমস্যার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলো নেওয়া যেতে পারেঃ

১. পৌরসভা কর্তৃপক্ষ নাগরিকদের দূষণ থেকে বিরত থাকতে উদ্বুদ্ধ করবে এবং দূষণকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিবে

২. কেন্দ্রীয় শহরে পাবলিক টয়লেট ও স্বল্প আয়ের মানুষের বসতি এলাকায় পিট ল্যাট্রিন তৈরি করে উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করা

৩. ড্রেনের আউটলেট-এ তেল ও পলির জন্য ছাঁকুনি বসানো এবং ট্রাশ র‍্যাক ও সাম্প এর মাধ্যমে ড্রেনেজ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ কার্যক্রমে অর্থ ব্যয় হ্রাস করা

<u>সহায়ক ব্যবস্থার মাধ্যমে ড্রেনের সীমানা (রাইট-অফ-ওয়ে) রক্ষা করা</u>

ভৌত নির্মাণ কার্যক্রমের সাথে সাথে এর কার্যকারিতা নিশ্চিত করতে ড্রেন রক্ষণাবেক্ষণে কর্তৃপক্ষের কিছু নীতিমালা মেনে চলা উচিত। ভবিষ্যতে এই সহায়ক কার্যক্রমগুলো ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন নিশ্চিত করবে। সহায়ক কার্যক্রমগুলো নিম্নরূপ হতে পারেঃ

ক. নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য বার্ষিক বাজেটে যথেষ্ট অর্থ বরাদ্দ রাখা

খ. ড্রেনেজ পরিকল্পনার ভিত্তিতে সকল বর্তমান ও ভবিষ্যতের পরিকল্পিত ড্রেনের অবস্থান নির্ধারণ করে আইন অনুসারে এসব এলাকা অবৈধ অবকাঠামো উন্নয়ন ও দখলমুক্ত রাখা।

গ. ড্রেনেজ ব্যবস্থাপনা পরিকল্পনা অনুসারে নিচু এলাকাসমূহ চিহ্নিত করা যেখানে বন্যার সময় পানি জমে যায় এবং যেখান থেকে অভিকর্ষের প্রভাবে পানি নিষ্কাশন সম্ভব নয়। নাগরিকদের ভবিষ্যতে ভবন নির্মাণে নিরাপদ উচ্চতা নির্ধারণ করে দেওয়া যেন পরবর্তীতে তা তাদের জন্য ক্ষতির কারণ না হয়ে দাঁড়ায়।

ঘ. যেকোনও ধরণের উন্নয়ন কর্মকান্ডের জন্য নিম্নলিখিত নীতিমালাসমূহ অনুসরণে বাধ্য করাঃ

- ২ বছরের রিকারেন্স লেভেল এর সাথে ০.৫০ মিটার যোগ করে অথবা ৫ বছরের রিকারেন্স লেভেলের সাথে ০.২৫ মিটার যোগ করে যেটি বেশি হবে সেটিই হবে যেকোন সাইট ডেভেলপমেন্টের সর্বনিম্ন অনুমোদিত উচ্চতা।
- আবাসিক ভবনের প্লিন্থ ও স্বল্প মূল্যের বাণিজ্যিক ভবনের জন্য ভূমির সর্বনিম্ন অনুমোদিত উচ্চতাঃ ২ বছর রিকারেন্স লেভেলের সাথে ০.৫০ মিটার অথবা ৫ বছর রিকারেন্স লেভেলের সাথে ০.২৫ মিটার যোগ করে সেটি বেশি হয় সেটি। উচ্চমূল্যের বাণিজ্যিক ভবন, শিল্প এলাকা প্রভৃতির জন্য সর্বনিম্ন অনুমোদিত উচ্চতাঃ ১০ বছর রিকারেন্স লেভেলের সাথে ০.৫০ মিটার অথবা ২৫ বছর রিকারেন্স লেভেলের সাথে ০.২৫ মিটার যোগ করে যেটি বেশি হয় সেটি।

ঙ. ড্রেনের মধ্যে ময়লা-আবর্জনা, পলি প্রভৃতির পরিমাণ কমাতে দীর্ঘমেয়াদি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা; যেন ভবিষ্যতে রক্ষণাবেক্ষণ কর্মকান্ডে অর্থ ব্যয় কম হয়ঃ

- আইন প্রয়োগের মাধ্যমে ড্রেনে ময়লা ফেলা বন্ধ করা
- ডাস্টবিনের সহজলভ্যতা নিশ্চিত করা এবং এর সঠিক ও নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিত করা
- আইন প্রয়োগ ও কার্যকর পরিচ্ছন্নতা সেবার মাধ্যমে ড্রেনে রাতের কঠিন বর্জ্য ফেলা পরিহার করা।
- ড্রেনের সাথে যেন সরাসরি সেপটিক ট্যাঙ্কের সংযোগ দেওয়া না হয় সেজন্য আইনের সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করা
- ট্রাশ র‍্যাক ও সাম্প স্থাপন করে বৃষ্টির পানির সাথে প্রবাহিত আবর্জনা আলাদা করা।

চ. বিভিন্ন সভা সমাবেশের মাধ্যমে জনগণকে ড্রেনেজ সমস্যা এবং অননুমোদিত কর্মকান্ডের ব্যাপারে সচেতন করা।

ছ. সকল অবৈধ দখল, অনুপ্রবেশ থেকে ড্রেনসমূহ মুক্ত রেখে এর গাঠনিক কাঠামো সুনিশ্চিত রাখা।

১২.৮.৪.২ ড্রেনেজ ব্যবস্থাপনা পরিকল্পনার বাস্তবায়ন, পর্যবেক্ষণ, পর্যালোচনা এবং সমন্বয়

জুলাই-আগস্ট মাসের ভারি বর্ষণের সময় (সাধারণত ৩০-৪০ দিন) খাগড়াছড়ি পৌরসভার কিছু কিছু এলাকায় বিশেষ করে ওয়ার্ড নং ০১, ০৩ ও ০৯ ভারী বর্ষণের ফলে আকস্মিক বন্যা হয়ে জলাবদ্ধতা সৃষ্টি হয়। জমাটবদ্ধ পানির গভীরতা ১ মিটার থেকে ২ মিটার পর্যন্ত হয়ে থাকে; যা প্রায় ৩ দিন পর্যন্ত আটকে থাকে। নগরায়নের বৃদ্ধির কারণে ভবিষ্যতে এই সমস্যা আরোও খারাপ পর্যায়ের দিকে অগ্রসর হবে। জলাবদ্ধতার মূল কারণসমূহ নিম্নরূপঃ

- ছড়া/ ড্রেনের পর্যাপ্ত ও নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রমের অভাব।
- অপরিকল্পিত ও নকশা বহির্ভূত বিদ্যমান ড্রেনেজ ব্যবস্থা।
- ছড়া/ড্রেনের অবৈধ দখল।
- ময়লা আবর্জনা ও কারখানার বর্জ্য দ্বারা ড্রেন ভরে যাওয়া।
- কম সংখ্যক প্রাইমারি, সেকেন্ডারি ও টারশিয়ারি ড্রেন এবং এদের মধ্যকার অপর্যাপ্ত সংযোগ।

- কিছু স্থানে ড্রেনের অনুপস্থিতি।

উপরোক্ত সমস্যা মোকাবেলায় নিম্নলিখিত পদক্ষেপ সমূহ নেওয়া প্রয়োজনঃ

- খাগড়াছড়ি পৌরসভার জন্য প্রস্তাবিত ড্রেনেজ ব্যবস্থাটি বেশিরভাগ বৃষ্টির পানি বিদ্যমান প্রাইমারি চ্যানেল হয়ে পরিশেষে আউটফলে নিঃসরিত হওয়ার একটি উদ্দেশ্য নিয়ে পরিকল্পনা করা হয়েছে। আউটফলগুলোর মধ্যে রয়েছে- চেঙ্গি নদী, রাঙ্গাপানি ছড়া, খাগড়াছড়ি ছড়া এবং মাস্টার পাড়ার যে ছড়া অতিক্রম করেছে।
- প্রস্তাবিত ড্রেনেজ ব্যবস্থায় খাগড়াছড়ি পৌরসভা থেকে বিভিন্ন প্রাইমারি/ সেকেন্ডারি ড্রেনের মাধ্যমে বৃষ্টির পানি চেঙ্গি নদীতে নিষ্কাশিত হবে।
- ড্রেনেজ মহাপরিকল্পনায় প্রধান খালসমূহের (যেমন, রাঙ্গাপানি ছড়া, নারাংখাইয়া ছড়া) পাশে রাস্তা নির্মাণ করতে হবে যেন সহজে খাল পরিষ্কার করতে পারে।
- যথাসময়ে মহাপরিকল্পনা প্রণয়ন করে এর অধীনে প্রকল্প হাতে নিয়ে খাগড়াছড়ি পৌরসভার ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নে কাজ করলে এই এলাকায় বসবাসরত জনগণ জলাবদ্ধতা ভোগান্তি থেকে মুক্ত হবে।
- প্রস্তাবিত পরিকল্পনা অর্থনৈতিক, কারিগরী ও সামাজিকভাবে যাচাইকৃত। বিভিন্ন কর্মকান্ডের প্রাধান্য শহরের জনগণের ড্রেনেজ ব্যবস্থার বর্তমান দুর্গতির ভিত্তিতে নির্বাচিত। প্রকল্প বাস্তবায়িত হলে তা খাগড়াছড়ি পৌরসভার প্রধান প্রধান এলাকা যেখানে জনবসতির ঘনত্ব মধ্যম থেকে উচ্চ সেখানের ড্রেনেজ সমস্যাগুলো সমাধানে সক্ষম হবে।
- প্রস্তাবিত ড্রেনেজ মহাপরিকল্পনার ব্যাপারে বিভিন্ন উন্নয়ন কর্তৃপক্ষকে অবগত করার মাধ্যমে এর দ্বীত্বতা রোধ করা। সুতরাং, বাস্তবায়নের সময় ডিপিএইচই, পাউবো, এলজিইডি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এবং অন্যান্য উন্নয়ন কর্তৃপক্ষের সাথে সমন্বয় করতে হবে যেন বাস্তবায়নে কোনও বাধা তৈরি না হয়।
- প্রথম ধাপের উন্নয়ন কর্মকান্ডের জন্য কর্তৃপক্ষকে বাইরের কোনও দাতা গোষ্ঠী যেমন, এডিবি, বিশ্বব্যাংক প্রভৃতির কাছ থেকে লোন গ্রহণ করা; কারণ পৌরসভার নিজস্ব অর্থায়নে কাজগুলো সম্পাদন করা সম্ভব নয়।
- খাগড়াছড়ি পৌরসভার রাজস্ব আয় মাঝামাঝি ধরণের। পৌরসভা সময়মতো তাদের রাজস্ব ও আদায় করতে পারে না। পৌরসভাকে তাদের নিজস্ব আয় বাড়ানোতে জোর দেয়া যেন তারা এই ড্রেনেজ ও পরিবেশগত পরিকল্পনা বাস্তবায়ন করতে পারে।
- পৌরসভার আর্থিক সক্ষমতা বৃদ্ধি করতে রাজস্ব আদায়ে তাদের আরো সক্রিয় হতে হবে পাশাপাশি বকেয়া আদায় এবং নির্দিষ্ট সময় পর পর রাজস্বের পরিমাণ পুনঃ মূল্যায়ন করতে হবে। ৫ বছর পর পর পুনঃ মূল্যায়ন করা যেতে পারে। এই প্রক্রিয়াটি খুব ভালোভাবে শুরু করতে হবে। এই প্রক্রিয়া অনেক আগেই শুরু করতে হবে যেন সংক্ষুব্ধ ব্যক্তিবর্গের আবেদন সময়মত কাজ নিষ্পত্তি করে কাজ সময়মত শেষ করা যায়। বড় পরিমাণ খেলাপিদের জন্য বিশেষ পরোয়ানা জারি করা যেতে পারে। এর ফলে সুশাসন এবং আর্থিক সংগতি অর্জন করা যাবে।

১২.৯ ব্রিজ, কালভার্ট ও স্লুইস গেট

খাগড়াছড়ি পৌরসভাতে বিভিন্ন রকমের জলাশয় রয়েছে যেমন, নদী, খাল, ছড়া। খাগড়াছড়িতে অনেকগুলো ব্রিজ ও কালভার্ট রয়েছে যা বিভিন্ন এলাকার জলাধারের উভয় পাশের এলাকাকে সংযুক্ত করে। এখানে সর্বমোট ৫৭ টা ব্রিজ এবং ১৩৪ টা কালভার্ট রয়েছে।

১২.৯.১ বিদ্যমান ব্রিজ ও কালভার্ট

ভৌত অবকাঠামো জরিপ থেকে দেখা যায় যে খাগড়াছড়ি পৌরসভায় সর্বমোট ৫৭ টা ব্রিজ আছে। চেঙ্গি নদীর উপর ব্রিজটি তার ভিতর সবচেয়ে বড়। এটা ১১০ মিটার এবং গড় প্রস্থ ১০ মিটার। গঞ্জপাড়া ব্রিজ, মিলনপুর ব্রিজ, বটতলী ব্রিজ গুলো চেঙ্গি নদীর উপর অবস্থিত, এপিবিএন খাল, বটতলী খালের (ছড়া) ব্রিজ আছে। ওয়ার্ড ওয়ারী ব্রিজ ও কালভার্টের পরিমাণ ***চিত্রলেখ ১২-৬*** এ দেয়া হলো। ***মানচিত্র ১২-৬*** এ ব্রিজ ও কালভার্টের অবস্থান দেখানো হয়েছে।

চিত্রলেখ ১২-৬: খাগড়াছড়ি পৌরসভার ওয়ার্ড ওয়ারী ব্রিজ ও কালভার্ট



	ওয়ার্ড ০১	ওয়ার্ড ০২	ওয়ার্ড ০৩	ওয়ার্ড ০৪	ওয়ার্ড ০৫	ওয়ার্ড ০৬	ওয়ার্ড ০৭	ওয়ার্ড ০৮	ওয়ার্ড ০৯
ব্রিজ	৬	১	৬	২	৫	২	১৫	২	১৮
কালভার্ট	৩০	১২	১৫	৩	১৩	৭	১৬	৮	৩০

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

চিত্রলেখ ১২-৬ থেকে দেখা যায় ওয়ার্ড নং ০৯ এ ব্রিজ সর্বোচ্চ এবং ওয়ার্ড নং ০২ এ সর্বনিম্ন। ওয়ার্ড নং ০১ এবং ০৯ এ কালভার্টের পরিমাণ সমান উভয় ওয়ার্ডে ৩০ টা করে কালভার্ট রয়েছে। ওয়ার্ড নং ০৮ এ সবচেয়ে কম পরিমাণ কালভার্ট রয়েছে চিত্রলেখ থেকে দেখা যায় যে শুধুমাত্র ৩ টা কালভার্ট রয়েছে এখানে।

স্থিরচিত্র ১২-৭ খাগড়াছড়ি ব্রিজ

স্থিরচিত্র ১২-৮ বটতলী ব্রিজ

কালভার্ট সাধারণত ড্রেনের পানি এক পাশ থেকে অন্য পাশে প্রবাহিত করতে সহায়তা করে। ভৌতঅবকাঠামো জরিপ থেকে সর্বমোট ৩৫৩.৭ মিটার কালভার্ট পাওয়া গেছে সংখ্যায় যা ১৩৪ টি। দৈর্ঘ্য-প্রস্থের অনুপাত অনুসারে কালভার্টকে সাধারণত ২ ভাগে বিভক্ত করা যায়। অনেক কালভার্ট পাওয়া যায় যার দৈর্ঘ্য প্রস্থের তুলনায় বেশি।

সারণি ১২-৯: খাগড়াছড়ি পৌরসভার প্রধান প্রদান ব্রিজগুলোর বর্ণনা

ব্রিজের নাম	অবস্থান	প্রস্থ (মিটার)	দৈর্ঘ্য (মিটার)
চেঙ্গি ব্রিজ	চেঙ্গি নদী	১০	১১০
গঞ্জপাড়া ব্রিজ	চেঙ্গি নদী	২	৬০
মিলনপুর ব্রিজ	এপিবিএন খাল	৪.৩	২০
বটতলী ব্রিজ	বটতলী ছড়া	৩.৮	২৫
মধুপুর ব্রিজ	এপিবিএন খাল	৪.২	২১
হ্যামিল্টন ব্রিজ	এপিবিএন খাল	১০	১৫

১২.৯.২ বিদ্যমান স্লুইস গেট

ভৌত অবকাঠামো জরিপ থেকে দেখা যায় যে খাগড়াছড়ি পৌরসভায় ২ টি স্লুইস গেট রয়েছে। যার একটা এপিবিএন খাল এবং অন্যটা রাঙ্গাপানি ছড়ার পানখাইয়া পাড়া এবং নিউজিল্যান্ড রোডের সংযোগস্থলে অবস্থিত।

১২.৯.৩ প্রস্তাবিত ব্রিজ

ভবিষ্যৎ উন্নয়নের জন্য খাগড়াছড়িতে ৩ টা ব্রিজ প্রস্তাব করা হয়েছে। ওয়ার্ড নং ৪ এর মাষ্টারপাড়া কে মহাজন পাড়ার সাথে সংযোগ করার একটা, স্বপ্ন মোহন কারবারিপাড়া এবং ওয়ার্ড নং ০৯ এর জুরিন্দাতে ব্রিজের প্রস্তাবনা দেয়া হয়েছে। ***মানচিত্র ১২-৭*** এ খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত ব্রিজগুলোর অবস্থান দেখানো হয়েছে।

মানচিত্র ১২-৬ : খাগড়াছড়ি পৌরসভার ব্রিজ ও কালভার্টের অবস্থান

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary

- Pourashava Boundary
- Ward Boundary
- Khal, River
- Road
- Bridge

মানচিত্র ১২-৭ : খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত ড্রেনের অবকাঠামোসমূহ

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Khal, River

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Proposed Embankment

Proposed Drainage Network
- Primary Drain (Khal/ River)
- Secondary Drain, New
- Secondary Drain, Existing/Upgrade

- Solid Waste Disposal and Recycling Area
- Proposed Slaughter House & Treatment Area
- Proposed Waste Water Treatment Plant
- Proposed Bridge

১২.১০ পানি সরবরাহ

১২.১০.১ বর্তমান চিত্র

খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহ পৌরসভা কতৃপক্ষ এবং জনস্বাস্থ্য অধিদপ্তর উভয় মিলে যৌথভাবে ব্যবস্থাপনা করে। বেশির ভাগ খাবার পানির চাহিদা নলকূপ দ্বারা পূরণ হয়। অন্যান্য চাহিদার জন্য মানুষজন নদী, পুকুর এবং খালের পানি ব্যবহার করে থাকে। বর্তমানে ৭০ হাজার মানুষ বা ৯৬৯১ পরিবারের জন্য পানি সরবরাহ করার সক্ষমতা রয়েছে। জনস্বাস্থ্য অধিদপ্তরের তথ্য মতে পানি সরবরাহের জন্য পাইপের ব্যাসের ভিত্তিতে পাঁচ ধরণের পাইপ ব্যবহার করা হয়। ২, ৩, ৪, ৬ ও ৮ ইঞ্চি ধরণের পাইপ প্রকল্প এলাকায় ব্যবহার করা হয়। খাগড়াছড়ি পৌরসভায় কোন স্ট্রিট হাইড্রেন্ট নাই।

সারণি ১২-১০: খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহের বর্তমান চিত্র

চাপ কল	**মোটঃ ৭২৬**
	কার্যকরঃ ৫৪২
জনগোষ্ঠীর জন্য কল	মোটঃ ৭২৬
	কার্যকরঃ ৫৪২
ট্রিটমেন্ট প্ল্যান্ট	২ টি
পাম্প হাউজ	মোটঃ ১১
পাইপ লাইন দ্বারা পানি সরবরাহ হয়	২ লাখ গ্যলন
পানির চাহিদা	৮ লাখ গ্যলন
মোট সংযোগ	৫৮২ টি
পানি সরবরাহ থেকে প্রাপ্ত আয়	গড়ে ১২,২৯,৮৭০ টাকা/মাস

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

বর্তমানে পৌরসভায় ১১ টি পাম্প হাউজ রয়েছে যার মধ্যে মাত্র ৭ টি কার্যকর আছে। এই পৌরসভায় ২ টি পানি শোধনাগার রয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মতে এই পৌরসভায় সরবরাহকৃত পানির মান যথেষ্ট ভাল। পরীক্ষাগারে পরীক্ষিত পানিতে সরবরাহকৃত পানিতে কোন জীবাণু না থাকলেও আয়রন পাওয়া গিয়েছে।

চিত্রলেখ ১২-৭: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান পানি সরবরাহ লাইনের বিন্যাস



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১০.২ পানি সরবরাহের লাইন

১২.১০.২.১ পানির ট্যাঙ্ক, পানির পাম্প এবং পানি শোধনাগার

খাগড়াছড়ি পৌরসভায় বর্তমানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পানি সরবরাহ করে থাকে। এই পৌরসভায় বর্তমানে ১৪ টি পানির ট্যাঙ্ক, ১৫ টি পাম্প হাউজ রয়েছে। এছাড়াও এখানে ২ টি পানি শোধনাগার রয়েছে (ওয়ার্ড নং ৪ ও ৮ এ)। সবথেকে বেশী পানির ট্যাঙ্ক রয়েছে ওয়ার্ড ০৫ ও ০৭ এ- ৩টি করে এবং সর্বাধিক পাম্প হাউজ রয়েছে ওয়ার্ড ০৭ এ- ৫টি। পানি শোধনাগারের একটি রয়েছে পাহাড়ি এলাকায় এবং অন্যটি রয়েছে দক্ষিণ বাজার এলাকায়।

স্থিরচিত্র ১২.৯ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গনে পাম্প হাউজ

সারণি ১২-১১ পানির ট্যাঙ্ক, পানির পাম্প এবং পানি শোধনাগারের বিন্যাস

ওয়ার্ড	শোধনাগার	পানির পাম্প হাউজ	পানির ট্যাঙ্ক	মোট
১	-	-	২	২
২	-	৩	২	৫
৩	-	-	১	১
৪	১	১	-	২
৫	-	৩	৩	৬
৬	-	-	২	২
৭	-	৫	৩	৮
৮	১	৩	১	৫
৯	-	-	-	-
মোট	২	১৫	১৪	৩১

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১০.২.২ পানি সরবরাহ লাইনের দৈর্ঘ্য

খাগড়াছড়ি পৌরসভায় মোট ৩৬.৩১ কি.মি. পানি সরবরাহের লাইন আছে। ***চিত্রলেখ ১২-৮*** এ খাগড়াছড়ি পৌরসভায় ওয়ার্ড ওয়ারী দৈর্ঘ্যের ভিত্তিতে পানির লাইনের পরিমাণ দেখানো হয়েছে। চিত্রলেখ থেকে দেখা যায় যে ওয়ার্ড নং ১ এবং ৫ এ প্রায় সমান পরিমাণ পানি সরবরাহের লাইন রয়েছে এবং ওয়ার্ড নং ৯ এর অবস্থা খুবই করুণ। ওয়ার্ড নং ৯ এ শুধুমাত্র ০.৩৫ কি.মি. পানি সরবরাহের লাইন রয়েছে।

চিত্রলেখ ১২-৮: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান পানি সরবরাহ লাইনের বিন্যাস



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১০.২.৩ পানি সরবরাহ লাইনের ধরণ

পানি সরবরাহের জন্য পাইপের ব্যাসের ভিত্তিতে চার ধরণের পাইপ ব্যবহার করা হয়। পাইপের ব্যাস অনুসারে ২, ৩, ৪ ও ৬ ইঞ্চির পাইপ প্রকল্প এলাকায় ব্যবহার করা হয়। ***সারণি ১২.১২*** থেকে দেখা যায় যে সর্বাধিক ৪ ইঞ্চি ব্যাসের পাইপ সর্বাধিক- ২৪.৮৫ কিমি। সম্প্রতি ৮ ইঞ্চি ব্যাসের পাইপও এই পৌরসভায় ব্যবহার করা হচ্ছে।

সারণি ১২-১২ বিভিন্ন ব্যাসের পানি সরবরাহ পাইপের বিন্যাস

ওয়ার্ড	পানি সরবরাহ লাইনের দৈর্ঘ্য (কিমি)				মোট
	২”	৩”	৪”	৬”	
১	০.৩১	-	৪.৬৯	১.৬৫	৬.৬৫
২	০.১৯	-	১.৬১	১.২৬	৩.০৬
৩	-	-	৩.১৮	০.৭৯	৩.৯৭
৪	-	০.১৪	৩.৫০	১.৮০	৫.৪৫
৫	০.৪৫	-	৩.৭৯	২.৩১	৬.৫৫
৬	০.৩৪	০.১৯	৩.১৭	০.৩৮	৪.০৮
৭	-	০.০২	৩.২১	০.৭৩	৩.৯৬
৮	-	-	১.৫৬	০.৯০	২.৪৭
৯	-	-	০.১৩	-	০.১৩
মোট	**১.২৯**	**০.৩৫**	**২৪.৮৫**	**৯.৮১**	**৩৬.৩১**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১০.২.৪ পানির প্রবাহ নিয়ন্ত্রক

পানির প্রবাহ নিয়ন্ত্রক দ্বারা সরবরাহকৃত পানির প্রবাহ নিয়ন্ত্রণে রাখা হয়। পৌরসভার বিভিন্ন এলাকায় বর্তমানে ১২২টি পানির প্রবাহ নিয়ন্ত্রক রয়েছে। সর্বাধিক ৩০টি নিয়ন্ত্রক ওয়ার্ড ০৪ এ রয়েছে এবং সর্বনিম্ন ১টি নিয়ন্ত্রক রয়েছে ওয়ার্ড ০৯ এ।

সারণি ১২-১৩ পানির প্রবাহ নিয়ন্ত্রকের বিন্যাস

ওয়ার্ড	সংখ্যা
১	১৯
২	১৪
৩	৫
৪	৩০
৫	২৮
৬	৬
৭	১১
৮	৮
৯	১
মোট	১২২

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১০.২.৫ গভীর ও অগভীর নলকূপ

খাগড়াছড়ি পৌরসভাতে সর্বমোট ৩৫০ টি নলকূপ রয়েছে। তার ভিতর ওয়ার্ড নং ১ এ সর্বোচ্চ পরিমাণ নলকূপ রয়েছে। এখানে ৭১ টা নলকূপ রয়েছে। ওয়ার্ড নং ০৮ এবং ০৪ এ যথাক্রমে ৬০ এবং ৪৯ টি নলকূপ রয়েছে। ***চিত্রলেখ ১২-৯*** থেকে আর দেখা যায় যে ওয়ার্ড নং ৫ এ ৩ টা নলকূপ রয়েছে যা ওয়ার্ডগুলোর মধ্যে সর্বনিম্ন।

চিত্রলেখ ১২-৯: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান নলকূপগুলোর ওয়ার্ডওয়ারী বিন্যাস



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেস লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

মানচিত্র ১২-৮ : খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহের বর্তমান চিত্র

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Khal, River

- Water Valve
- Water Treatment Plant
- Water Tank
- Pump House

Water Supply Network Diameter (in inch)
- 2
- 3
- 4
- 6
- 8

খাবার পানির উৎস

জরিপ করা পরিবারগুলোর মধ্যে দেখা যায় যে শুধুমাত্র ১২ ভাগ পরিবার খাওয়া, রান্না, কাপড় ধোয়া এবং গোসল করার জন্য সরবরাহ লাইনের পানি ব্যবহার করতে পারে। ২৭৮ টা পরিবারের উপর জরিপ করে দেখা যায় যে ৯২.৬৭% পরিবার খাওয়ার জন্য নলকূপের উপর নির্ভরশীল। ২ শতাংশ পরিবার খাওয়ার পানির জন্য রাস্তার ধারের নলকূপ ব্যবহার করে। ***চিত্রলেখ ১২-১০*** এ বিস্তারিত দেখানো হয়েছে।

চিত্রলেখ ১২-১০: খাবার পানির উৎস



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেস লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

১২.১০.৩ পানি সরবরাহের চাহিদার অভিক্ষেপণ

১২.১০.৩.১ অভিক্ষেপণের ভিত্তি

ভবিষ্যৎ প্রয়োজনের মূল ভিত্তি হবে পৌরসভা এলাকার জনসংখ্যা। বিদ্যমান সেবাগুলো এ প্রক্ষেপণে বিবেচনা করতে হবে। পৌরসভার উপযোগ সেবার জন্য পরামর্শক কর্তৃক ধার্যকৃত মানদন্ডসমূহ নিম্নোক্ত সারণিতে দেখানো হয়েছে।

ভবিষ্যতে কি পরিমাণ পানি সরবরাহ লাগবে তা নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে করা হয়েছেঃ

$Q_r = P_r \times q$

এখানে,

Q_r= একদিনে কি পরিমাণ পানি লাগবে

P_r= ডিজাইন কাল শেষে জনসংখ্যার পরিমাণ

q= একদিনে কি পরিমাণ পানি খরচ হয়

মনেকরি,

প্রতিদিন একজন লোকের জন্য পানি লাগে ১২০ লিটার

যান্ত্রিক ত্রুটির জন্য নষ্ট হয় ২০%

শিল্প/ বাণিজ্যের চাহিদা ২০%

সারণি ১২-১৪: বাংলাদেশের গ্রাম এবং শহর এলাকায় পানির চাহিদা

এলাকা	পানি খরচ (lpcd)
গ্রাম এলাকা	৫০
উপজেলা শহর	১০০
জেলা শহর	১২০
সিটি কর্পোরেশন	১৮০

তথ্যসূত্রঃ সারণি ১৭.৩, পৃষ্ঠা,-৩২৮; এম। ফিরোজ আহমেদ এবং মোহাম্মদ মুজিবুর রহমান, পানিও সরবরাহ এবং পয়নিষ্কাশন (গ্রাম এবং দরিদ্র শহুরে কমিউনিটি))

এইসকল সমীকরণ এবং অনুমানের উপর ভিত্তি করে বিভিন্ন বছরে পানির চাহিদা হিসাব করা হয়েছে। নিচের সারণিতে তথ্যগুলো উপস্থাপন করা হলো।

সারণি ১২-১৫: পৌরসভায় ২০৩৭ সাল পর্যন্ত পানির চাহিদার প্রক্ষেপণ (একক হাজার লিটার)

ওয়ার্ড নং	২০১১		২০১৭		২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)	পরিবার	পানির চাহিদা (হাজার লিটার)
১	১১৩২	১৬৩.০৫	১৩০৬	১৮৮.০০	১৪৭০	২১১.৬৮	১৬৫৫	২৩৮.৩৪	১৮৬৪	২৬৮.৩৫	২০৯৮	৩০২.১৫
২	১৬১৮	২৩২.৯৫	১৮৬৫	২৬৮.৫৮	২১০০	৩০২.৪১	২৩৬৫	৩৪০.৪৯	২৬৬২	৩৮৩.৩৮	২৯৯৮	৪৩১.৬৬
৩	১৪৩৬	২০৬.৭২	১৬৫৫	২৩৮.৩৫	১৮৬৪	২৬৮.৩৭	২০৯৮	৩০২.১৭	২৩৬৩	৩৪০.২২	২৬৬০	৩৮৩.০৭
৪	৯৪৭	১৩৬.৪০	১০৯২	১৫৭.২৬	১২৩০	১৭৭.০৭	১৩৮৫	১৯৯.৩৭	১৫৫৯	২২৪.৪৮	১৭৫৫	২৫২.৭৫
৫	১২৫৫	১৮০.৭৪	১৪৪৭	২০৮.৩৯	১৬২৯	২৩৪.৬৩	১৮৩৫	২৬৪.১৮	২০৬৬	২৯৭.৪৫	২৩২৬	৩৩৪.৯২
৬	১২৮৬	১৮৫.১৬	১৪৮৩	২১৩.৪৮	১৬৬৯	২৪০.৩৭	১৮৭৯	২৭০.৬৪	২১১৬	৩০৪.৭৩	২৩৮৩	৩৪৩.১১
৭	১৫৩৯	২২১.৬৬	১৭৭৫	২৫৫.৫৭	১৯৯৮	২৮৭.৭৬	২২৫০	৩২৪.০০	২৫৩৩	৩৬৪.৮০	২৮৫২	৪১০.৭৫
৮	৫১৩	৭৩.৮৪	৫৯১	৮৫.১৪	৬৬৬	৯৫.৮৬	৭৫০	১০৭.৯৩	৮৪৪	১২১.৫৩	৯৫০	১৩৬.৮৩
৯	১২৬৯	১৮২.৭৫	১৪৬৩	২১০.৭০	১৬৪৭	২৩৭.২৪	১৮৫৫	২৬৭.১২	২০৮৯	৩০০.৭৬	২৩৫২	৩৩৮.৬৪
মোট	**১০৯৯৫**	**১৫৮৩.২৬**	**১২৬৭৭**	**১৮২৫.৪৭**	**১৪২৭৩**	**২০৫৫**	**১৬০৭১**	**২৩১৪**	**১৮০৯৫**	**২৬০৬**	**২০৩৭৪**	**২৯৩৩.৮৯**

তথ্যসূত্রঃ পরামর্শকদের দ্বারা হিসাবকৃত

১২.১০.৪ পানি সরবরাহের সুপারিশসমূহ

- যেহেতু ভূ-গর্ভের পানির স্তর অতিরিক্ত পানি উত্তোলনের জন্য উপযুক্ত নয় তাই, বিকল্প উপায় যেমন; ভূ-পৃষ্ঠের পানি, বৃষ্টির পানি ব্যবহার প্রভৃতিকে উৎসাহিত করা উচিত।
- অপরিশোধিত হাসপাতালের বর্জ্য এবং কঠিন বর্জ্যগুলো ড্রেন, ছড়া এবং নদীতে ফেলা সম্পূর্ণরূপে নিষিদ্ধ করতে হবে।
- শহরের বর্জ্য পানি সরাসরি খাল, নিচু এলাকা এবং নদীতে সরাসরি ফেলা নিষিদ্ধ করতে হবে।
- খাগড়াছড়ি পৌরসভার বর্ধমান চাহিদা পূরণে চেঙ্গি নদীর পানি পরিশোধন করে ব্যবহার করার প্রস্তাব করা হলো।

১২.১০.৫ পানি সরবরাহের প্রস্তাবনাসমূহ

খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহ নিয়ে অনেকগুলো প্রস্তাবনা দেয়া হয়েছে। প্রস্তাবনাগুলো নিচের সারণিতে দেয়া হলো।

সারণি ১২-১৬: খাগড়াছড়ি পৌরসভার পানি সরবরাহের জন্য প্রস্তাবিত অবকাঠামো

প্রস্তাবিত অবকাঠামো	পরিমাণ	ওয়ার্ড	জনপদ/অবস্থান	ভূমির পরিমাণ	মন্তব্য
ভূপৃষ্টের পানি শোধনাগার	২	ওয়ার্ড ০১	সিঙ্গিনালা	সর্বনিম্ন ২ একর; প্রস্তাবিত ৫ একর	যথাযথ প্রযুক্তি ব্যবহার করে চেঙ্গি নদীর পানি শোধন করতে হবে।
		ওয়ার্ড ০৯	বটতলী		
বৃষ্টির পানি সংরক্ষণ কেন্দ্র	১১	ওয়ার্ড ০৬	শালবন		বস্তির বাসিন্দাদের সেবা প্রদান করতে কমিউনিটি ভিত্তিক উন্নয়ন করতে হবে।
		ওয়ার্ড ০২	সবুজবাগ		
		প্রস্তাবিত সম্প্রসারন এলাকায়	আর্তমানব		
		পৌরসভার বাইরে	সিঙ্গিনালা এলাকা		
		ওয়ার্ড ০২	অনন্ত মাষ্টার পাড়া		
		ওয়ার্ড ০৭	কল্যাণপুর		
		ওয়ার্ড ০৭	পানখাইয়া পাড়া		
		ওয়ার্ড ০৫	খাগড়াপুর		
		ওয়ার্ড ০২	সবুজবাগের মাঝামাঝি		
চেঙ্গি নদীর উন্নয়ন	-	ওয়ার্ড ০১, ০৩ ও ০৯	-	-	অবৈধ দখল পুনরুদ্ধার, নদীতে স্যুয়ার লাইনের সংযোগ সম্পূর্ণরূপে নিষিদ্ধ করতে হবে, নদীতে বর্জ্য ফেলা নিষিদ্ধ করতে হবে, নদীর উভয় পাশে ড্রেনেজ লাইন নির্মাণ করতে হবে যেন বর্জ্য পানি নদীতে না ফেলতে হয় এবং নদীর পানি গৃহস্থালীয় কাজে ব্যবহার করা যায়।
পানির পাম্প	২	ওয়ার্ড ০৫	ইসলামপুর	-	-
		ওয়ার্ড ০৫	ন্যাশি বাজার		

মানচিত্র ১২-৯ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত পানি সরবরাহ লাইন

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Khal, River

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Proposed Embankment
- Proposed Waste Water Treatment Plant
- Proposed Rubber Dam
- Rain Water Harvesting Station
- Proposed Surface Water Treatment Plant
- Water Pump

১২.১১ কঠিন বর্জ্য

১২.১১.১ বর্তমান চিত্র

খাগড়াছড়ি পৌরসভার মেয়রের দেয়া তথ্য মতে পৌরসভায় প্রতিদিন গড়ে ৬০ টন কঠিন বর্জ্য উৎপন্ন হয়। বর্তমানে পৌরসভার বর্জ্য সংগ্রহ করার সক্ষমতা রয়েছে ৮০%। পৌরসভা কর্তৃপক্ষ অনেক জন ঝাড়ুদার নিয়োগ করেছে রাস্তা ঝাড়ু দেয়ার জন্য। প্রতিদিন সকালে তারা সাধারণত সকাল ৭ টা থেকে ৮:৩০ এর ভিতর রাস্তা পরিষ্কার করে ফেলে। বর্জ্য ব্যবস্থাপনা করার জন্য বর্তমানে পৌরসভার যে জনবল ও অন্যান্য সরঞ্জামাদি আছে সেগুলো ***সারণি ১২-১৭*** এ উপস্থাপন করা হলো।

সারণি ১২-১৭: খাগড়াছড়ি পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার জনবল ও অন্যান্য সরঞ্জামাদির চিত্র

ক্রমিক নং	ভৌত কাঠামো	পরিমাণ	সক্ষমতা
১	ডাস্টবিন	০৪	-
২	মোবাইল ডাস্টবিন	৪৫০	৪-৫ কেজি
৩	ট্রাক	০৩	৩-৫ টন
৪	কভার ডাম্প ট্রাক	০১	৩ টন
৫	খোলা ডাম্প ট্রাক	০৩	(৫+৩+৩) টন
৬	ভ্যাকুয়াম ট্রাক	০২	(৪+৫) টন
৭	ওয়াটার ট্যাংকার	০১	৪৫০০ লিটার
৮	ত্রি-চক্র ভ্যান	১৪	৩৫০০ কেজি
৯	ঠেলা গাড়ি (১-৩ চাকা)	২৫	-
১০	ভ্যান	২৫	-
১১	রিক্সা	১৪	-
১২	রাস্তা ঝাড়ুদার	৫৪	-
১৩	ড্রেন ক্লিনার	১০	-
১৪	ট্রাক ক্লিনার	০৪	-
১৫	ভ্যান চালক	০২	-
১৬	হেলপার	০৪	-
১৭	কনসারভেন্সি ইন্সপেক্টর	০১	-
১৮	কনসারভেন্সি সুপারভাইজর	০১	-

তথ্যসূত্রঃ খাগড়াছড়ি পৌরসভা, ২০১৬

১২.১১.২ বর্জ্য ব্যবস্থাপনা

পৌরসভার বর্জ্য ডাম্প করার ব্যবস্থা সন্তোষজনক নয়। বর্তমানে যে পরিমাণ ডাস্টবিন রয়েছে তা বর্জ্য ব্যবস্থাপনা করার জন্য অপ্রতুল। বর্জ্য সাধারণত কিছু নির্দিষ্ট জায়গা থেকে সংগ্রহ করা হয় সবজি বাজার (পানির ট্যাঙ্কের কাছ থেকে), কল্যাণপুর, মধুপুর বাজার, শালবাগান, নিচা বাজার, কলাবাগান, কোর্ট রোড, শান্তিনগর মুখ, কলেজ গেট, মোহাম্মদপুর মুখ, স্বনির্ভর বাজার, সেনানিবাস এলাকা। বর্তমানে কুমিল্লা টিলায় স্যানিটারি ল্যান্ড ফিল করা হয় যার আয়তন প্রায় ১১ একর। প্রতিদিন সাড়ে ৯ টার ভিতর পৌরসভার বিভিন্ন জায়গা থেকে ময়লা সংগ্রহ করে তিনটি বড় ট্রাকে করে আলুটিলার কাছে ময়লা ফেলে। তাছাড়াও এরা বেলা ১:৩০ থেকে ৩:৩০

স্থিরচিত্র ১২-১০: আলুটিলা এলাকার কাছে বর্তমান ডাম্পিং সাইট

সময়ের ভিতর ময়লা সংগ্রহ করে। পৌরসভায় বর্তমানে ব্যাপকভাবে বাড়ি থেকে ময়লা সংগ্রহ করার ব্যবস্থা নাই কিন্তু ওয়ার্ড নং ৩ ও ৪ বিনামূল্যে ময়লা সংগ্রহ করার ব্যবস্থা আছে। পাশাপাশি পৌরসভায় ৭ টা ময়লা রি-সাইকেল করার দোকান আছে।

সারণি ১২-১৮: ডাস্টবিন গুলোর অবস্থান

অবস্থান	ডাস্টবিনের সংখ্যা
ওয়ার্ড নং ০১	১
ওয়ার্ড নং ০৩	১
ওয়ার্ড নং ০৪	১
ওয়ার্ড নং ০৭	১
মোট	৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১১.৩ প্রক্ষেপিত ভবিষ্যৎ পরিমাণ

১২.১১.৩.১ অভিক্ষেপণের ভিত্তি

ভবিষ্যতে কি পরিমাণ বর্জ্য উৎপাদন হবে তা মূলত পৌরসভার জনসংখ্যার উপর নির্ভর করে। বর্তমানে যে সেবাগুলো রয়েছে তা অভিক্ষেপ করে ভবিষ্যতের জন্য চিন্তা করতে হবে। পৌরসভার উপযোগ সেবা প্রদানের যে আদর্শ মান পরামর্শকদের দ্বারা নির্ধারণ করা হয়েছে তা নিম্নে দেয়া হলো।

সারণি ১২-১৯: কঠিন বর্জ্যের পরিকল্পনার জন্য যে আদর্শ মান চিন্তা করা হয়

উপযোগ সেবা	
কঠিন বর্জ্য ফেলার জায়গা (স্যানিটারি ল্যান্ডফিল সাইট)	খাগড়াছড়ি পৌরসভার জন্য সর্বনিম্ন ৫ একর
কঠিন বর্জ্য ট্রান্সফার স্টেশন	প্রত্যেক ওয়ার্ডে সর্বনিম্ন ২০ শতাংশ

বর্তমানে পৌরসভার যে বর্জ্য সংগ্রহ করার পদ্ধতি আছে তা সম্পূর্ণ পৌরসভায় সেবা প্রদান করতে পারে না। পৌরসভার বর্তমান বর্জ্য সংগ্রহ করার পদ্ধতি টাকে আরো উৎসাহ দেয়া উচিত কারণ এই পদ্ধতিতে যার বর্জ্য যত বেশি তার খরচ ও তত বেশি ফলে এখানে বৈষম্য থাকে না। বর্জ্য পুনঃব্যবহার করার জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

খাগড়াছড়ি পৌরসভার তথ্য অনুসারে পৌরসভার প্রত্যেক ব্যক্তি গড়ে প্রতিদিন ০.৭৮ কেজি বর্জ্য উৎপাদন করে এবং পৌরসভার বর্জ্য সংগ্রহ করার সক্ষমতা প্রায় ৮০ শতাংশ। সমীকরণ অনুসারে বর্তমান এবং ভবিষ্যতের বর্জ্যের পরিমাণ হিসাব করা হয়েছে। ***সারণি ১২-১৯***এ হিসাব দেয়া হয়েছে।

সারণি ১২-১৯: প্রকল্প এলাকায় ২০৩৭ সাল পর্যন্ত উৎপাদিত প্রক্ষেপিত বর্জ্য (টন/দিন)

ওয়ার্ড নং	২০১৭		২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	বর্জ্য উতপাদন (টন/দিন)
ওয়ার্ড নং ০১	৫৬১৪	৪.৮১	৬৩২১	৫.৪২	৭১১৭	৬.১	৮০১৩	৬.৮৭	৯০২৩	৭.৭৩
ওয়ার্ড নং ০২	৮০২০	৬.৮৭	৯০৩০	৭.৭৪	১০১৬৮	৮.৭২	১১৪৪৮	৯.৮১	১২৮৯০	১১.০৫
ওয়ার্ড নং ০৩	৭১১৭	৬.১	৮০১৪	৬.৮৭	৯০২৩	৭.৭৩	১০১৫৯	৮.৭১	১১৪৩৯	৯.৮
ওয়ার্ড নং ০৪	৪৬৯৬	৪.০৩	৫২৮৮	৪.৫৩	৫৯৫৩	৫.১	৬৭০৩	৫.৭৫	৭৫৪৮	৬.৪৭
ওয়ার্ড নং ০৫	৬২২৩	৫.৩৩	৭০০৬	৬.০১	৭৮৮৯	৬.৭৬	৮৮৮২	৭.৬১	১০০০১	৮.৫৭
ওয়ার্ড নং ০৬	৬৩৭৫	৫.৪৬	৭১৭৮	৬.১৫	৮০৮২	৬.৯৩	৯১০০	৭.৮	১০২৪৬	৮.৭৮
ওয়ার্ড নং ০৭	৭৬৩২	৬.৫৪	৮৫৯৩	৭.৩৭	৯৬৭৫	৮.২৯	১০৮৯৩	৯.৩৪	১২২৬৫	১০.৫১
ওয়ার্ড নং ০৮	২৫৪২	২.১৮	২৮৬৩	২.৪৫	৩২২৩	২.৭৬	৩৬২৯	৩.১১	৪০৮৬	৩.৫
ওয়ার্ড নং ০৯	৬২৯২	৫.৩৯	৭০৮৪	৬.০৭	৭৯৭৬	৬.৮৪	৮৯৮১	৭.৭	১০১১২	৮.৬৭
সর্বমোট	**৫৪৫১০**	**৪৬.৭২**	**৬১৩৭৬**	**৫২.৬১**	**৬৯১০৬**	**৫৯.২৩**	**৭৭৮০৯**	**৬৬.৬৯**	**৮৭৬০৯**	**৭৫.০৯**

তথ্যসূত্রঃ পরামর্শকদের দ্বারা হিসাবকৃত

উপরের সারণি থেকে আমরা দেখতে পাচ্ছি যে বর্তমানে পৌরসভায় প্রায় ৪৬.৭২ টন/ দিন বর্জ্য উৎপাদন হয়। বর্তমানে ওয়ার্ড নং ০২ এ সবচেয়ে বেশি (৬.৮৭ টন/ দিন) এবং ওয়ার্ড নং ০৭ এ (৬.৫৪ টন/ দিন) বর্জ্য উৎপাদন হয়। জনসংখ্যা অভিক্ষেপ থেকে হিসাব করে দেখা যায় যে ২০৩৭ সালে খাগড়াছড়ি পৌরসভায় বর্জ্য উৎপাদন হবে প্রায় ৭৫.০৯ টন/ দিন এবং সবচেয়ে বেশি উৎপাদন হবে ওয়ার্ড নং ০২ এ।

বর্তমানে খাগড়াছড়ি পৌরসভায় কঠিন বর্জ্যকে শোধন করার জন্য কোন বৈজ্ঞানিক সুযোগ সুবিধা নাই। শহরের পরিবেশ সুন্দর এবং স্বাস্থ্যকর রাখতে হলে যথাযথ স্থানে স্যানিটারি ল্যান্ড ফিল সাইট স্থাপন করতে হবে এবং সেখানে বর্জ্য শোধন করার বৈজ্ঞানিক সুযোগ সুবিধা থাকতে হব। পৌরসভা কতৃপক্ষ স্যানিটারি ল্যান্ড ফিল সাইট করার জন্য পৌরসভার বাইরে ১২ একর ভূমি ক্রয় করেছে।

মানচিত্র ১২-১০ : খাগড়াছড়ি পৌরসভার কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমুহ

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Khal, River

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Proposed Community Bin
- Proposed Waste Transfer Station
- Solid Waste Disposal and Recycling Area
- Proposed ETP for Economic Zones
- Proposed Slaughter House & Treatment Area
- Proposed Waste Water Treatment Plant

১২.১১.৪ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার সুপারিশসমূহ

- কঠিন বর্জ্যকে রি-সাইকেল করে তার থেকে অনেক ব্যবহারযোগ্য সামগ্রী বের করা যায়। সুতরাং বর্জ্য কমানো, রি-সাইকেল, পুনঃ ব্যবহার ধারণাকে পারিবারিক পর্যায়ে স্থাপন করতে হবে।
- বাসা থেকে বর্জ্য সংগ্রহে ব্যবস্থাকে আরও বৃদ্ধি করতে হবে।

১২.১১.৫ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমূহ

কঠিন বর্জ্য ব্যবস্থাপনা এবং রিসাইকেল করার জন্য পৌরসভার বাইরে একটি স্যানিটারি ল্যান্ডফিল সাইটের প্রস্তাবনা দেয়া হয়েছে যেখানে যথাযথ প্রযুক্তি ব্যবহার করা হবে যেন তা পরিবেশ এবং ভূগর্ভস্থ পানিকে দূষিত না করতে পারে। পাশাপাশি বর্জ্য রিসাইকেল করার ফলে তা বর্জ্য থেকে নতুন নতুন ব্যবহারযোগ্য বিভিন্ন উপকরণ পাওয়া যাবে। রিসাইকেলিং প্রযুক্তি ব্যবহার করার ফলে ব্যবহারযোগ্য উপকরণ নষ্ট হওয়ার হাত থেকে রক্ষা করবে এবং নতুন উপকরণের অপচয় রোধ করবে, যার ফলে শক্তি ব্যবহার, বায়ু দূষণ (দহনের থেকে) এবং পানি দূষণ (ল্যান্ড ফিল থেকে) অনেক কমে যাবে। প্রস্তাবিত স্যানিটারি ল্যান্ডফিল সাইটের আয়তন ১২ একর।

১২.১২ স্যুয়ারেজ সিস্টেম

১২.১২.১ বর্তমান লেখচিত্র

শহরের পরিবেশকে বাসযোগ্য রাখতে পয়ঃবর্জ্য শোধন করাকে ১ম অগ্রাধিকারে রাখা হয়েছে। দুর্ভাগ্যজনকভাবে, বর্তমানে খাগড়াছড়ি পৌরসভায় পয়ঃবর্জ্য নিষ্কাশন/ শোধন করার জন্য কোন ব্যবস্থা নাই। মানুষজন তাদের নিজেদের বাড়িতেই স্যানিটেশনের ব্যবস্থা করে।

১২.১২.২ স্যুয়ারেজ সিস্টেমের প্রস্তাবনাসমূহ

মহাপরিকল্পনায় একটি পয়ঃবর্জ্য এবং বর্জ্য পানি শোধনাগারের প্রস্তাবনা দেয়া হয়েছে পৌরসভার ওয়ার্ড নং ০৮ এ।

১২.১৩ টেলিফোন সুবিধা

১২.১৩.১ বর্তমান লেখচিত্র

ভৌত অবকাঠামো জরিপে খাগড়াছড়ি পৌরসভায় সর্বমোট ২৯৪ টি টেলিফোন পোস্ট চিহ্নিত করা হয়েছে। পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (২০১৪) অনুসারে বর্তমানে শহরের ৬৯ শতাংশ বাড়িতে টেলিফোন লাইনের এক্সটেনশন আছে। মোবাইল ফোনের সহজলভ্যতা এবং খরচ কম হওয়ার কারণে দিন দিন মানুষজন মোবাইল কমিউনিকেশনের দিকে ঝুঁকছে। সুতারাং মানুষকে টেলিফোন সেক্টরের দিকে আগ্রহী করে তোলার জন্য এই খাতকে বেসরকারিকরণ করে সেবার মান বৃদ্ধি করতে হবে। অধিকন্তু ***চিত্রলেখ ১২-১১*** এ ভৌত অবকাঠামো জরিপ থেকে প্রাপ্ত টেলিফোন পোলের সংখ্যা দেখানো হয়েছে। চিত্রলেখ থেকে দেখা যাচ্ছে যে ওয়ার্ড নং ০১ এ ৫৪ টা টেলিফোন পোল আছে যা পৌরসভার অন্যান্য ওয়ার্ড তুলনায় সর্বোচ্চ এবং ওয়ার্ড নং ০৪ এ ৫৩ যা দ্বিতীয় সর্বোচ্চ। প্রায় প্রত্যেকটা ওয়ার্ডেই কমবেশি টেলিফোন রয়েছে।

চিত্রলেখ ১২-১১: খাগড়াছড়ি পৌরসভার টেলিফোন পোলের ওয়ার্ড ভিত্তিক বণ্টন



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৩.১.১ উন্নয়ন প্রস্তাবনা

বিটিসিএল এর সেবা পাওয়া এখন খুব সহজ এবং খরচ ও কম। আরো ভালো সেবা প্রদান করতে নতুন টেলিফোন সেবা প্রদানকারী মাটির নিচে ক্যাবল বসানোর চিন্তা করতে পারে। বাংলাদেশে নতুন অনেক সেবা প্রদানকারী তারবিহীন টেলিফোন সেবা শুরু করেছে। এই সেবার জন্য কোন তারের প্রয়োজন হয় না ফলে গ্রহকের তারের খরচ বেঁচে যায় এবং সেবা প্রদানকারীরা ও রাস্তার অল্প জায়গায় ক্যাবল নেটওয়ার্ক বসানোর ঝামেলা থেকে মুক্তি পায়।

১২.১৪ বিদ্যুৎ ও সড়ক বাতি

১২.১৪.১ বিদ্যুতিক সংযোগের সুযোগ

বর্তমানে খাগড়াছড়ি পৌরসভার বিদ্যুৎ সংযোগ এসেছে চট্টগ্রাম জেলার হাটহাজারী সাবস্টেশন থেকে। পৌরসভার নিজস্ব সাবস্টেশন না থাকার কারণে লোডশেডিং এখানের প্রধান সমস্যা। বিদ্যুৎ সুবিধার বর্তমান সমস্যা নিরসনের জন্য বর্তমানে ঠাকুরছড়া এলাকায় একটি সাবসস্টেশন নির্মাণের কাজ চলমান রয়েছে। স্টেশন টি গ্রিড সাবস্টেশন নামে পরিচিত। সাবস্টেশনের জায়গাটি জিরোমাইল এলাকার দক্ষিণ দিকে রাঙ্গামাটি জেলার দিকে। সাবস্টেশনটির সক্ষমতা ১৩২/৩৩ কেভি। যদিও জায়গাটি পৌরসভার বাইরে পরেছে কিন্তু তা পৌরসভার প্রস্তাবিত সম্প্রসারিত এলাকার ভিতরে অবস্থিত।

১২.১৪.২ বিদ্যুৎ ও সড়ক বাতির বর্তমান চিত্র

খাগড়াছড়ি পৌরসভায় বিদ্যুৎ সরবরাহ খাগড়াছড়ি পিডিবি থেকে আসে। পিডিবির অফিস শহরের কেন্দ্রের কাছাকাছি অবস্থিত। পৌরসভা লোডশেডিং, বিদ্যুৎ চমকানো এবং ট্রান্সফর্মারের ওভারলোড ইত্যাদি ভোগান্তির শিকার হয় বিশেষত গ্রীষ্মকালে। বিদ্যুৎ সংক্রান্ত বিস্তারিত তথ্য নিচে দেওয়া হল।

সারণি ১২-২০: খাগড়াছড়ি পৌরসভার বিদ্যুৎ সরবরাহের বর্তমান চিত্র

ক্র. নং	উপাদানগুলোর বিবরণ	পরিমান/সংখ্যা
১	বিদ্যুৎ লাইনের দৈর্ঘ্য	৮৩.৭১ কিলোমিটার
২	ট্রান্সফরমারের সংখ্যা	১৮
৩	ট্রান্সফরমারের সক্ষমতা	১৩২/৩৩ কেভি
৪	সেবা এলাকা	১০০%
৫	বাৎসরিক সরবরাহ	৩০ মিলিয়ন ইউনিট
৬	গ্রাহক বৃদ্ধির বার্ষিক লক্ষ্য	৫-১০%

ক্র. নং	উপাদানগুলোর বিবরণ	পরিমান/সংখ্যা
৭	সিস্টেম লস	১৮-১৯%

তথ্যসূত্রঃ খাগড়াছড়ি পৌরসভা

যদিও বিদ্যুতের সামগ্রিক অবস্থা মোটামুটি কিন্তু এখনও চাহিদা এবং যোগানের মধ্যে সামান্য পার্থক্য আছে। বিদ্যুৎ সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নলিখিত বিভাগগুলোতে দেওয়া হয়।

১২.১৪.৩ ইলেকট্রিক পোল, ইলেকট্রিক লাইন এবং সড়ক বাতি

১২.১৪.৩.১ ইলেকট্রিক পোল

ভৌত অবকাঠামো জরিপের সময় ২৩৭২ টি ইলেকট্রিক পোল পাওয়া গেছে। ২৩৭২ টি ইলেকট্রিক পোলের মধ্যে ১১১৫ টি সড়ক বাতিসহ পাওয়া গেছে, বাকি ১২৫৭ টিতে হয় বাতি নেই অথবা বাতি দেয়ার সুযোগ নেয়। ***সারণি ১২-২১*** এ খাগড়াছড়ি পৌরসভার প্রতিটি ওয়ার্ডে বৈদ্যুতিক পোলের এবং সড়ক বাতিসহ বৈদ্যুতিক পোলের বিস্তারিত বণ্টন দেখানো হয়েছে।

সারণি ১২-২১: খাগড়াছড়ি পৌরসভার ইলেকট্রিক পোলের সংখ্যা (সড়ক বাতি সহ/ছাড়া)

ওয়ার্ড নং	ইলেকট্রিক পোল		মোট
	সড়কবাতি সহ	সড়কবাতি ছাড়া	
ওয়ার্ড নং ০১	২৩৫	১৬৬	৪০১
ওয়ার্ড নং ০২	৭৫	১১০	১৮৫
ওয়ার্ড নং ০৩	১২৬	১১৩	২৩৯
ওয়ার্ড নং ০৪	১১১	৭০	১৮১
ওয়ার্ড নং ০৫	৭৯	১২২	২০১
ওয়ার্ড নং ০৬	৬৬	১৭৫	২৪১
ওয়ার্ড নং ০৭	১৪৫	১৬০	৩০৫
ওয়ার্ড নং ০৮	১৪০	৪১	১৮১
ওয়ার্ড নং ০৯	১৩৮	৩০০	৪৩৮
মোট	**১১১৫**	**১২৫৭**	**২৩৭২**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৪.৩.২ ইলেকট্রিক ট্রান্সফরমার

ভৌত অবকাঠামো জরিপ থেকে দেখা যায় যে খাগড়াছড়ি পৌরসভায় ১৮ টি ইলেকট্রিক ট্রান্সফরমার রয়েছে। ***চিত্রলেখ ১২-১২*** এ ওয়ার্ড ওয়ারী ইলেকট্রিক ট্রান্সফরমারের অবস্থান দেখানো হয়েছে।

চিত্রলেখ ১২-১২: ট্রান্সফর্মারের ওয়ার্ড ভিত্তিক বণ্টন



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৩.৩.৩ ইলেকট্রিসিটি লাইন

পৌরসভা এলাকার ভিতর ইলেকট্রিসিটি লাইনের মোট দৈর্ঘ্য ৮৩.৭১ কি.মি. এর মধ্যে ওয়ার্ড নং ০৯ এ, ১৬.৯৭ কি.মি. যা দৈর্ঘ্যের দিক থেকে অন্যান্য ওয়ার্ড গুলোর মধ্যে সর্বোচ্চ। সবচেয়ে কম দৈর্ঘ্য আছে ওয়ার্ড নং ০৪ এ, এখানে আছে ৫.৯৪ কি.মি.। ওয়ার্ড নং ০৭ এবং ০১ এ ১০ কি.মি. এর বেশি লাইন আছে। ***চিত্রলেখ ১২-১৩*** থেকে দেখা যায় যে ওয়ার্ড নং ০৮ এ শুধুমাত্র ৬.২২ কি.মি. লাইন রয়েছে।

চিত্রলেখ ১২-১৩: ওয়ার্ড ভিত্তিক বণ্টন ইলেকট্রিসিটি লাইনের বণ্টন



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১৪.৩.৪ হাই টেনশন ইলেকট্রিক টাওয়ার

খাগড়াছড়ি পৌরসভায় সর্বমোট ১৪৮ টি হাই টেনশন টাওয়ার রয়েছে। হাই টেনশন টাওয়ারগুলো সাধারণত বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক স্থাপিত যা সারাদেশে বিদ্যুৎ সরবরাহের জন্য ব্যবহৃত হয়। শুধুমাত্র ওয়ার্ড নং ৮ এ ৪২ টা টাওয়ার রয়েছে এবং ওয়ার্ড নং ০৬ এ মাত্র ০৩ টি টাওয়ার রয়েছে। ওয়ার্ড নং ০৭ এ ৩৪ টি এবং ওয়ার্ড নং ০১ এ ১৮ টি টাওয়ার রয়েছে।

সারণি ১২-২২ ওয়ার্ড ভিত্তিক হাই টেনশন টাওয়ারের বণ্টন

ওয়ার্ড নং	উচ্চ বিদ্যুৎ প্রবাহের টাওয়ার
ওয়ার্ড নং ০১	১৮
ওয়ার্ড নং ০২	১৪
ওয়ার্ড নং ০৩	৭
ওয়ার্ড নং ০৪	৮
ওয়ার্ড নং ০৫	৭
ওয়ার্ড নং ০৬	৩
ওয়ার্ড নং ০৭	৩৪
ওয়ার্ড নং ০৮	৪২
ওয়ার্ড নং ০৯	১৫
মোট	১৪৮

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ১২-১১ : খাগড়াছড়ি পৌরসভায় ইলেকট্রিক পোল, টেলিফোন পোল এবং টাওয়ারের বন্টন

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Khal, River

- Electric Light Post
- Electric Post
- High Voltage Post

- Tower
- Transformer
- Mobile Tower
- Telephone Pole

১২.১৪.৪ বিদ্যুৎ সরবরাহের উপর সুপারিশ এবং প্রস্তাবনা

- শহরে উন্নত শিল্পোন্নয়নের জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করতে হবে।
- আরও ইলেকট্রিক সাব-স্টেশন অথবা ইলেকট্রিক পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করতে হবে।
- জন নিরাপত্তা নিশ্চিত করতে সকল ওভারহেড ইলেকট্রিক লাইন (হাই ভোল্টেজ লাইন বাদে) মাটির নিচে স্থানান্তর করতে হবে।
- সোলার পার্ক এবং কমিউনিটি ভিত্তিক সোলার বিদ্যুৎ সুবিধার ব্যবস্থা করতে হবে।

- প্রাকৃতিক গ্যাস, কয়লা এবং জল আমাদের দেশে বিদ্যুৎ উৎপাদনের মূল উৎস। টেকসই উন্নয়ন বজায় রাখা এবং ইলেকট্রিক পাওয়ার প্ল্যান্ট নির্মাণের খরচ কমাতে, ইদানিং বিদ্যুৎ উৎপাদনের জন্য সৌরশক্তি/ তাপ ব্যবহার করা হয়। এই নবায়নযোগ্য শক্তি পরিবেশবান্ধবও। বিদ্যুৎ উৎপাদনের জন্য দুইটি সোলার পার্ক (১ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন পাওয়ার প্ল্যান্ট) প্রস্তাবিত আছে যার একটা ওয়ার্ড নং ০৯ এবং অন্যটি পৌরসভার বাইরে প্রস্তাব করা হয়েছে। বস্তি এলাকায় কমিউনিটি ভিত্তিক সোলার বিদ্যুৎ সুবিধার প্রস্তাবনা দেয়া হয়েছে।

১২.১৪.৫ সড়ক বাতির প্রস্তাবনা

সবুজ বাতি প্রযুক্তি; যেমন- কম্প্যাক্ট ফ্লুওরেসেন্ট ল্যাম্প (CFL), লাইট এমিটিং ডায়োডস (LEDs) সড়ক পোলে ব্যবহার করতে হবে যা পরিষ্কার, টেকসই, শক্তি সঞ্চয়ী, সাশ্রয়ী (কম বিদ্যুৎ বিল) এবং সাধারণত উচ্চ মানের আলো প্রদান করে। যেসকল এলাকায় রাতের বেলায় নিরাপত্তার অভাব রয়েছে সেসব এলাকা চিহ্নিত করে সেখানে আরও সড়ক বাতি স্থাপন করতে হবে।

মানচিত্র ১২-১২ : খাগড়াছড়ি পৌরসভার প্রস্তাবিত উপযোগ এলাকা

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Khal, River

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector

- Community Solar Facilities for poor/ slum people
- Proposed Solar Park 2; Proposed Solar Park
- Solid Waste Disposal and Recycling Area
- Proposed ETP for Economic Zones

ত্রয়োদশ অধ্যায় জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

সূচিপত্র

১৩.১ ভূমিকা ----------১৩-১
১৩.২ জলবায়ু পরিবর্তন----------১৩-১
১৩.২.১ বাংলাদেশে জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব ----------১৩-২
১৩.২.২ খাগড়াছড়ি শহরের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব ----------১৩-২
১৩.২.৩ জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন এবং প্রতিরোধ ও উত্তরন ----------১৩-২
১৩.২.৪ খাগড়াছড়ি পৌরসভার জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন নির্ণয় ----------১৩-৪
১৩.২.৫ জলবায়ু ঘটিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ----------১৩-৭
১৩.৩ পরিবেশ----------১৩-১০
১৩.৩.১ বিদ্যমান পরিবেশ অবস্থা----------১৩-১০
১৩.৩.২ জলবায়ু----------১৩-১০
১৩.৩.৩ মৃত্তিকার সাধারণ ধরণ----------১৩-১১
১৩.৩.৪ মাটি প্রতিক্রিয়া ----------১৩-১১
১৩.৩.৫ খাগড়াছড়ি পৌরসভার ভৌগলিক বৈশিষ্ট-ভূতত্ব-ভূমি গঠন-ভূপ্রযুক্তিগত প্রতিবেদন ----------১৩-১২
১৩.৩.৬ পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা নির্ধারণ ----------১৩-১৬
১৩.৩.৭ জলাধার ----------১৩-১৬
১৩.৩.৮ বিপদ----------১৩-১৭
১৩.৩.৮.১ ভূমিকম্প ----------১৩-১৭
১৩.৩.৮.২ ভূমিধ্বস ----------১৩-২০
১৩.৩.৮.৩ বজ্রপাত ----------১৩-২৩
১৩.৩.৮.৪ সড়ক দূর্ঘটনা ----------১৩-২৬
১৩.৩.৮.৫ আগুন----------১৩-২৬
১৩.৩.৮.৬ জলাবদ্ধতা এবং বন্যা----------১৩-২৬
১৩.৩.৮.৭ পানির স্বল্পতা এবং খাদ্যাভাব----------১৩-২৮
১৩.৪ দূষণ প্রতিরোধ ব্যবস্থা ----------১৩-৩১
১৩.৪.১ শব্দ দূষণ প্রতিরোধ ----------১৩-৩১
১৩.৪.২ বায়ু দূষণ প্রতিরোধ----------১৩-৩১
১৩.৪.৩ ভূ-পৃষ্ঠস্থ পানি দূষণ প্রতিরোধ----------১৩-৩১
১৩.৪.৪ ভূ-গর্ভস্থ পানি দূষণ প্রতিরোধ----------১৩-৩২
১৩.৪.৫ জলাবদ্ধতা এবং ড্রেনেজ সমস্যা প্রতিরোধ----------১৩-৩২
১৩.৪.৬ শিল্প-কারখানার দূষণ ----------১৩-৩২
১৩.৪.৭ সার ব্যাবহারের ফলে দূষণ ----------১৩-৩৩
১৩.৪.৮ মানব সৃষ্ট দুর্যোগ ----------১৩-৩৩
১৩.৫ বাস্তবায়ন ----------১৩-৩৩

ত্রয়োদশ অধ্যায়
জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

১৩.১ ভূমিকা

মহাপরিকল্পনার ত্রয়োদশ অধ্যায়ে যে সমস্ত বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে তার মধ্যে আছে, জলবায়ু পরিবর্তন, পরিবেশ এবং দুর্যোগ ব্যবস্থাপনা। এতে জলবায়ু পরিবর্তনের মৌলিক বিষয় এবং খাগড়াছড়ি তে এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে আলোচনা করা হয়েছে। এ ছাড়াও এই অধ্যায়ে খাগড়াছড়ি পৌরসভার বিদ্যমান পরিবেশ, এর প্রাকৃতিক সম্পদ এবং সমকালীন পরিবেশগত ও দুর্যোগ বিষয়ক সমস্যা নিয়ে আলোচনা করা হয়েছে।

১৩.২ জলবায়ু পরিবর্তন

ত্রিশ থেকে চল্লিশ বৎসর পর পর কোন এলাকার জলবায়ুতে যে গড় পরিবর্তন হয় তাকে জলবায়ু পরিবর্তন বলে। তবে এই পরিবর্তনের সময়কাল নিয়ে মতভেদ আছে। এই পরিবর্তনের ফলে কম বেশি চরমভাবাপন্ন আবহাওয়ার উদ্ভব হতে পারে। খাগড়াছড়ি এলাকার জলবায়ুর পরিবর্তন বলতে মূলত দীর্ঘমেয়াদী ও বৈচিত্রপূর্ণ এবং গড় আবহাওয়ার পরিবর্তনকে বোঝায়। জলবায়ুর যেকোন রকম পরিবর্তনের ফলে কম বেশি চরম আবহাওয়ার ঘটনাসমূহ সৃষ্টি করে। মূলত জলবায়ু পরিবর্তন কিছু বিষয়ের কারণে ঘটে থাকে। যেমন বাইয়োটিক প্রক্রিয়া, পৃথিবীতে সূর্য রশ্মির পরিবর্তন, প্লেট টেকটোনিক এবং আগ্নেগিরির লাভা উদগিরন এর উপর। এ ছাড়া মানুষের কিছু সাম্প্রতিক কর্মকান্ডকেও এই পরিবর্তনের কারণ হিসাবে নির্ধারণ করা হয়েছে। এটাকে বিশ্ব উষ্ণায়ন হিসাবে আখ্যায়িত করা হয়ে থাকে। জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীতে কি কি প্রভাব পড়তে পারে তার নমুনা ***সারণি ১৩-১*** এ দেয়া হলো।

সারণি ১৩-১: জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা এবং তার প্রভাব

জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা	প্রধান প্রধান প্রভাব
শহর এবং পল্লী উভয় এলাকায়	
বর্তমান সর্বোচ্চ উষ্ণতা থেকে ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস উষ্ণতা বৃদ্ধি	• বিটুমিনাস সড়কের বিটুমিন গলে যাওয়া • জলাশয়ের পানি বষ্পিভবন বৃদ্ধি • মাথাপিছু পনির চাহিদা বৃদ্ধি • সমুদ্রে পানির উষ্ণতা ২৬ ডিগ্রিতে উন্নিত হলে ঝড়ের সৃষ্টি হয়। তাই উষ্ণতা বৃদ্ধি পেলে ঝড়ের প্রকোপ বাড়বে। • তাপমাত্রা কমানোর জন্য জ্বালানী চাহিদা বৃদ্ধি পাবে। • কনক্রিট কিউরিং এর জন্য পানির চাহিদা বাড়বে।
মৌসুমি বৃষ্টিপাত ২৫% পর্যন্ত বৃদ্ধি পেলে	• উজান থেকে বেশি পানি প্রবাহিত হবে, ফলে হঠাৎ বন্যার প্রবণতা বৃদ্ধি পাবে। • অবকাঠামো এবং বর্জ্য ব্যবস্থাপনা ক্ষতিগ্রস্ত হবে। • কীট পতঙ্গ বাহিত রোগ বালাই যেমন, ম্যালেরিয়া, কলেরা, ইত্যাদি বাড়বে।
উপকূল এলাকার জন্য	
জোয়ারের স্তর বৃদ্ধির ফলে সমুদ্রতল প্রায় ২০-৪০ সে.মি. বৃদ্ধি	• অবকাঠামোর বিরাট ক্ষয়ক্ষতি। • নদী তীরে নদীভাঙ্গন বৃদ্ধি। • আরো এলাকায় জলচ্ছাসের সৃষ্টি। • অধিক সমুদ্রের পানি অনুপ্রবেশের ফলে লবণাক্ততা বৃদ্ধি পায়, যার ফলে স্টিল ও কংক্রিটের ব্যাপক ক্ষতি হয়। • পানির উৎসগুলোর মান কমে যায় (জলাশয় ও ভূ-অভ্যন্তরীন পানি)
ঝড় এবং জলোচ্ছাস বৃদ্ধি	• ক্ষয়-ক্ষতি বাড়বে এবং বেশি এলাকা প্লাবিত হবে।

শহরের জন্য	
অত্যুষ্ণ জলোচ্ছাস বৃদ্ধি, বিশেষ করে ক্যাটাগরি ৫	• উচ্চ বায়ু প্রবাহের জন্য ক্ষতি হয় (২৭৫ কি.মি./ ঘণ্টা পর্যন্ত) • প্রাকৃতিক জল প্রবাহ ক্ষতিগ্রস্ত হবে। • রক্ষনাবেক্ষণ খরচ বৃদ্ধি পাবে
ভূমিকম্পের প্রকোপ বৃদ্ধি	• রাস্তা, সেতু ইত্যাদি, ভৌত অবকাঠামো ক্ষতিগ্রস্ত হবে। • উঁচু ভবন বিধ্বস্ত হবে এবং হতাহতের সংখ্যা বাড়বে। জরুরি সেবা যেমন, পানি সরবরাহ,গ্যাস,বিদ্যুৎ, স্বাস্থ্য সেবা ব্যবস্থা ভেঙ্গে পড়বে।

১৩.২.১ বাংলাদেশে জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব

বাংলাদেশ পৃথবীর অন্যতম দুর্যোগ প্রবণ দেশ। তবে জলবায়ু পরিবর্তনের ফলে সামনের দিনগুলোতে ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছাসের মত দুর্যোগগুলো আরো ঘন ঘন এবং প্রবলভাবে দেখা দেবে। বিশেষজ্ঞদের মতে জলবায়ু পরিবর্তনের চিহ্নগুলো ইতিমধ্যে দৃশ্যমান হচ্ছে। তবে চিহ্নগুলো দেশের সর্বত্র একই প্রকৃতির না। গ্রামের পরিবর্তনের চিহ্নগুলো শহরের চেয়ে ভিন্নতর। তবে সবক্ষেত্রেই দুর্যোগ দ্বারা দরিদ্র জনগোষ্ঠি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে। উষ্ণতা বৃদ্ধির ফলে সব কাজে পানির চাহিদা বৃদ্ধি পাবে। পিচঢালা রাস্তা ক্ষতিগ্রস্ত হবে। ঝড় বৃদ্ধি পেলে কাঁচা বাড়িঘর বেশি ভাঙ্গবে। এ সমস্ত বাড়ি ঘরে দরিদ্ররা বসবাস করে থাকে। মোট কথা দুর্যোগ বাড়লে নিম্ন আয়ের মানুষ সবচেয়ে বেশি ক্ষতির সম্মুখীন হবে।

১৩.২.২ খাগড়াছড়ি শহরের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব

জলবায়ু পরিবর্তনের প্রভাব কতটা গভীর এবং গুরুতর তা নির্ভর করে একটি প্রাকৃতিক ঘটনা কিভাবে প্রতিবেশের সাথে মিথস্ক্রিয়া করে এবং নির্দ্দিষ্ট স্থানে এবং মানুষের উপর কিভাবে আঘাত হানে তার উপর।

ওপরে বর্ণিত সকল জলবায়ু পরিবর্তনের ঘটনা খাগড়াছড়ি এলাকার মত পাহাড়ি অঞ্চলে প্রভাব ফেলে না। এই অঞ্চলের প্রধান জলবায়ুর পরিবর্তনের কারণ হিসেবে তাপমাত্রা বৃদ্ধি, ভারী বৃষ্টিপাত, ভূমিধ্বস ও ভূমিকম্পের প্রকোপ বৃদ্ধিকে ধরা হয়। প্রধানত বৃষ্টিপাতের পরিমাণ বৃদ্ধি, নদীর চারপাশে সৃষ্ট বন্যা, বৃষ্টিপাতের ফলে সৃষ্ট জলাবদ্ধতা, শহুরে বন্যা, ভূমিকম্প ও ভূমিধ্বসকে খাগড়াছড়ি শহরের ওপর প্রধান জলবায়ুর পরিবর্তনের কারণ হিসেবে ধরা হয়। বর্ষাকালে ভারী বৃষ্টিপাতের ফলে আকস্মিক বন্যার সৃষ্টি হয়। যেটি মাছ চাষ ও পানি সরবরাহের ওপর প্রভাব ফেলে, এবং নগর ও যোগাযোগ ব্যবস্থার অবকাঠামো, নিষ্কাশন ব্যবস্থা, জলাবদ্ধতা, কমিউনিটি স্বাস্থ্য এবং বিদ্যুৎ সরবরাহ কে ঝুঁকিতে ফেলে দেয়। এছাড়াও খাগড়াছড়ির প্রাকৃতিক ভারসাম্য (জলাশয়, পানির উৎস, জীববৈচিত্র ইত্যাদি) এবং অবকাঠামোগত দিকগুলোও ঝুঁকির সম্মুখীন হয়। যার ফলের জনসংখ্যার ওপর এর প্রভাব কাঙ্ক্ষিত মাত্রার চেয়ে বেশি হয়। তাপমাত্রা বৃদ্ধির কারণে পানির চাহিদা বেড়ে যায় এবং বিটুমিনের তৈরী সড়কের ক্ষতি হয়। শহরে অতিমাত্রায় ঝড়ের কারণে ক্ষণস্থায়ী বসতিগুলো ধ্বংস হয়ে যায়। যার ফলে এটি পরোক্ষভাবে অতিরিক্ত আর্থিক ক্ষতিসাধন করে, যা নিম্ন আয়ের মানুষদের জীবনে বোঝা হয়ে দাঁড়ায়। ভূমিধ্বসের ফলে গরীব জনসংখ্যার বসতি ধ্বংস হয়, বিভিন্ন অবকাঠামো যেমন যোগাযোগের সড়ক ইত্যাদি ক্ষতিগ্রস্থ হয় এবং একই সাথে ওই অঞ্চলের মানুষের অর্থনীতি ও জীবনযাত্রায় বিরূপ প্রভাব ফেলে।

১৩.২.৩ জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন এবং প্রতিরোধ ও উত্তরন

রেজিলিয়েন্স শব্দের অর্থ হচ্ছে সম্ভাব্য ঝুঁকি ও দুর্যোগ প্রতিরোধ এবং এর ক্ষতি কাটিয়ে ওঠার সক্ষমতা। এই ধারনাটি ব্যবহার করা হয় মূলত প্রাকৃতিক ঝুঁকি বিশ্লেষণে। এটি স্থানীয়, জাতীয় এবং অন্তর্জাতিক পর্যায়ে দুর্যোগ ঝুঁকি হ্রাসে সক্ষমতা তৈরীতে ব্যবহার করা হয়। তাই এটাকে যথা সময়ে ঝুঁকি কাটিয়ে ওঠার সক্ষমতা বা বাউন্স ব্যাক সক্ষমতা বলা হয়ে থাকে। তাই সময়ের সঙ্গে এর পদ্ধতিগত পরিবর্তন হয়।

রেজিলিয়েন্স ধারণা ব্যবহার করতে হলে প্রথমেই ধরে নিতে হবে যে, শহর একটি গতিশীল ব্যবস্থা যার দুর্যোগ পরবর্তী অবস্থা মানিয়ে নেয়া এবং তা থেকে টিকে থাকার সক্ষমতা আছে। সুতরাং নগর রেজিলিয়েন্স মানে দুর্যোগ পরবর্তী সময়ে শহরের অবকাঠামো এবং সেবা সুবিধা চলমান রাখার ক্ষমতা।

পৌরসভার ঝুঁকি মোকাবেলার সক্ষমতা নির্ভর করে কত ঘন ঘন দুর্যোগ ঘটে থাকে এবং তার গভীরতা কি রকম এবং তা মোকাবেলা করার দক্ষতা শহরের কতটুকু আছে। এ ক্ষেত্রে রাজনৈতিক এবং অথনৈতিক কাঠামো খুবই গুরুত্বপূর্ণ বিষয়, কারণ শহর হচ্ছে একটি পরস্পর নির্ভরশীল ব্যবস্থা। জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব মোকাবেলায় সমাজের রেজিলিয়েন্স কতটুকু তা বুঝতে হলে জানতে হবে স্থানীয় ঝুঁকি সম্পর্কে, স্থানীয় ক্ষমতা, এবং সকল প্রকার প্রাকৃতিক ঝুঁকি প্রভাব মেটাতে সমাজের সক্ষমতা কি পরিমাণ আছে। স্থানীয় সক্ষমতা বৃদ্ধি করতে হলে নিম্নবর্ণিত বিষয়গুলো জানতে হবেঃ

- পৌরসভার অবস্থান কোথায়;
- পৌরসভার অর্থনৈতিক এবং ভৌগলিক গুরুত্ব কতটুকু;
- নগরায়নের ধারা কি রকম;
- জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ঝুঁকির প্রভাব কি পরিমান;
- জনসংখ্যার বৈশিষ্ট্য এবং এর বৃদ্ধির ধারা কি রকম;
- মৌলিক অবকাঠামো এবং সেবা সুবিধার অবস্থা কি?
- কর্তৃপক্ষের ব্যবস্থাপনা দক্ষতা; এবং
- পৌরসভার সম্পদের পরিমান কি রকম।

অভিযোজন একটি পরস্পর নির্ভরশীল প্রক্রিয়া। এটা হচ্ছে প্রাকৃতিক দুর্যোগের সঙ্গে খাপ খওয়ানোর ব্যবস্থা। শহর এলাকার পরস্পর নির্ভরশীল অবকাঠামো ও সেবা সুবিধার বিপরীতে দুটি বিষয়ের উপর অভিযোজন প্রক্রিয়া নির্ভর করবে।

প্রথমত, জলবায়ু পরিবর্তন জনিত পরিস্থিতি মোকাবেলায় সরাসরি কাঠামোগত কি ব্যবস্থা নেয়া হয়েছে, যেমন,নদীতে বাঁধ।

দ্বিতীয়ত, সম্ভাব্য ক্ষতি মোকাবেলায় বিদ্যমান রেজিলিয়েন্স বৃদ্ধির জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যেমন, ভূমি ব্যবহার পরিকল্পনা, বিল্ডিং কোড এবং কাঠামোগত এবং অবকাঠামোগত সুবিধা গ্রহণে জনগণের সুযোগ কতটুকু।

খাগড়াছড়ি পৌরসভায় অনেক প্রকল্প থাকতে পারে যে গুলোকে কাঠামোগত অভিযোজন প্রকল্প হিসাবে গণ্য করা যায়। এর মধ্যে আছে স্লুইস গেট, বাঁধ, ড্রেনেজ চ্যানেল। তবে এর মধ্যে অনেকগুলো ভাল ডিজাইনের ফলে একটি সামগ্রিক ব্যবস্থার অংশ হিসাবে কাজ না করে বাধা হিসাবে কাজ করতে পারে। অভিযোজন কাঠামোগুলো শহরের সম্ভাব্য ঝুঁকি কমাতে সাহায্য করে।

পাঁচটি বিষয় দিয়ে পৌরসভার অভিযোজন ব্যবস্থা পরিমাপ করা যেতে পারে। পাঁচটি বিষয় নিয়ে একটি অভিযোজন ফ্রেম তৈরী করা হয়েছে যা দিয়ে পরোক্ষভাবে বিদ্যমান ঝুঁকির গভীরতা এবং তা মোকাবেলার সক্ষমতা বোঝা সম্ভব। পাঁচটি বিষয় নিচে দেয়া হলোঃ

১. **নগরবাসীদের নগর অবকাঠামোর সুবিধা গ্রহণের সুযোগঃ** এই পৌরসভা তার নাগরিকদের নিয়মিতভাবে পর্যাপ্ত নাগরিক সুবিধা প্রাপ্তির সুযোগ দেয়?

২. **সামাজিকঃ** এই পৌরসভার কি পরিমান মানুষ অপ্রত্যাশিত দুর্যোগ ঝুঁকিতে আছে?

৩. **পৌরসভার যোগ্যতা এবং গণ-যোগাযোগঃ** এই পৌরসভা কি যথাযথভাবে স্বীকার করে যে তার নাগরিকরা জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকিকে আছে এবং এই বিষয়ে তথ্য সংগ্রহ করছে এবং তা প্রচার করছে যেন প্রয়োজনীয় নেতৃত্ব ও অগ্রাধিকার ব্যবস্থা গ্রহণ করে দুর্যোগ প্রতিরোধ এবং দুর্যোগ পরবর্তী অবস্থা থেকে উত্তরণ পাওয়া যায়?

৪. **জলবায়ু এবং পরিবেশগত সেবাঃ** এই পৌরসভা কি যথাযথভাবে জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকির কথা স্বীকার করে এবং এই ঝুকিঁ হ্রাস করার জন্য নগর পরিকল্পনার মাধ্যমে পূর্ব ব্যবস্থা গ্রহণ করছে?

৫. **অর্থনৈতিক শর্তঃ** ব্যবসা এবং অর্থনীতির উপর জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব প্রতিরোধ করার মত

প্রয়োজনীয় অর্থনৈতিক সামর্থ্য এই পৌরসভা আছে কি এবং স্থানীয় জনগণের সম্পদের যথেষ্ট বৈচিত্র আছে কি?

প্রতিটি বিষয়কে সংখ্যা তাত্ত্বিকভাবে মূল্যায়ন করতে হবে যেন জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য গ্রহীত পদক্ষেপ ও কৌশলগুলো কার্যকরভাবে প্রয়োগ করা যায়।

১৩.২.৪ খাগড়াছড়ি পৌরসভার জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন নির্ণয়

সারণি ১৩-২ এ খাগড়াছড়ি পৌরসভার ওয়ার্ড অনুসারে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ঝুকি নির্ণয়ের হিসাব দেখানো হয়েছে। ***চিত্রলেখ ১৩-১*** এ খাগড়াছড়ি পৌরসভার এ ঝুঁকি মোকাবেলা করার সক্ষমতা দেখানো হয়েছে। ওয়ার্ড নং ১ সর্বোচ্চ ঝুঁকির মধ্যে আছে (৮৬.৩৪%)। এর পরই ঝুঁকির তালিকায় দ্বিতীয় অবস্থানে আছে ওয়ার্ড নং ৯, যার ঝুঁকির হার ৮১.৪৯%। এইসব ওয়ার্ড প্রায়ই নদীভাঙ্গন, ভূমিধ্বস, জলাবদ্ধতা ইত্যাদি দ্বারা আক্রান্ত হয়। এছাড়াও পৌরসভা কতৃক সরবরাহকৃত পানির সংযোগ নেই বলে ওয়ার্ড নং ৯ এ পানির অভাব দেখা যায়। ওয়ার্ড নং ২, ৫ এবং ৬ এ ঝুঁকির পরিমাণ ৭৬.৮৯%, ৭৮.৭৯% এবং ৭৫.৬০%। এই তিনটি ওয়ার্ড মূলত পাহাড়ি এলাকায় অবস্থিত বলে প্রায়ই পাহাড় হতে সৃষ্ট ভূমিধ্বস এবং আকস্মিক বন্যায় আক্রান্ত হয়। ওয়ার্ড নং ৩ এবং ৮ এ ঝুঁকির পরিমাণ যথাক্রমে ৭০.৯৮% ও ৭০.৩৬%, এ দুইটি ওয়ার্ড চেঙ্গি নদীর তীরে অবস্থিত। যার ফলে এরা নদীভাঙ্গন ও বন্যায় আক্রান্ত হয়। সবচেয়ে কম ঝুঁকিপূর্ণ এলাকা হচ্ছে ওয়ার্ড নং ৪ ও ৭, যেখানে ঝুঁকির পরিমাণ ৫৪.৩২% ও ৫৪.১৪%। এই দুইটি ওয়ার্ড কম ঝুঁকিপূর্ণ, কারণ এদের অবস্থান পাহাড় ও নদীর থেকে দূরে।

সারণি ১৩-২: খাগড়াছড়ি পৌরসভার ঝুঁকি নির্ণয়

Variables			Standardized data									Var. average	Weighted scc	Sum. Indicator	Dimension
Urban Infrastructure Provision			ward												
	Weight		1	2	3	4	5	6	7	8	9				
UIP1	100%		3	3	3	3	3	3	3	3	3	3.00	3.00	3.00	3.33
UIP2	60%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.60	1.00	
UIP3	40%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.40		
UIP4	100%		5	5	5	5	5	5	5	5	5	5.00	5.00	5.00	
UIP5	100%		5	5	5	5	5	5	5	5	5	5.00	5.00	5.00	
UIP6	60%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.60	1.00	
UIP7	40%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.40		
UIP8	100%		5	5	5	5	5	5	5	5	5	5.00	5.00	5.00	
Socio-Demographic															
SD1	80%		5	4	4	5	4	4	4	5	4	4.33	3.47	4.47	3.43
SD2	20%		5	5	5	5	5	5	5	5	5	5.00	1.00		
SD3	100%		2	2	2	2	2	2	2	2	2	2.00	2.00	2.00	
SD4	100%		2	2	2	2	2	2	2	2	2	2.00	2.00	2.00	
SD5	40%		3	2	2	2	2	1	3	3	2	2.22	0.89	3.67	
SD6	40%		4	5	5	4	5	5	4	4	4	4.44	1.78		
SD7	20%		5	5	5	5	5	5	5	5	5	5.00	1.00		
SD8	100%		5	5	5	5	5	5	5	5	5	5.00	5.00	5.00	
Municipal Competence and Communication															
MCC1	100%		2	2	2	2	2	2	2	2	2	2.00	2.00	2.00	1.72
MCC2	100%		2	2	2	2	2	2	2	2	2	2.00	2.00	2.00	
MCC3	100%		1	1	1	1	1	1	1	1	1	1.00	1.00	1.00	
MCC4	60%		2	2	2	2	2	2	2	2	2	2.00	1.20	2.00	
MCC5	40%		2	2	2	2	2	2	2	2	2	2.00	0.80		
MCC6	40%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.40	1.60	
MCC7	60%		2	2	2	2	2	2	2	2	2	2.00	1.20		
Climate and Environmental Services															
CES1	100%		2.67	2.67	3	5	3	3	4.33	4.33	1.66	3.30	3.30	3.30	2.57
CES2	100%		2.67	2.67	3	5	3	3	4.33	4.33	1.66	3.30	3.30	3.30	
CES3	30%		4	4	5	1	5	1	1	1	1	2.56	0.77	2.74	
CES4	30%		2	1	4	4	3	2	5	3	2	2.89	0.87		
CES5	40%		3	3	3	3	3	3	3	3	1	2.78	1.11		
CES6	100%		1	1	1	1	1	1	1	1	1	1.00	1.00	1.00	
CES7	50%		1	1	1	1	1	1	1	1	1	1.00	0.50	2.50	
CES8	50%		4	4	4	4	4	4	4	4	4	4.00	2.00		
Economic Condition															
EC1	100%		5	5	5	5	5	5	5	5	5	5.00	5.00	5.00	3.39
EC2	100%		3	3	3	3	3	3	3	3	3	3.00	3.00	3.00	
EC3	100%		4	4	4	4	4	4	4	4	4	4.00	4.00	4.00	
EC4	100%		2	1	1	1	2	1	2	2	2	1.56	1.56	1.56	
		Exposure	5	4	3	1	4	4	1	3	5				
		Sensitvity	6.46	6.32	6.32	6.32	6.32	6.18	6.32	6.46	6.18				
		Adaptive capacity	4.26	4.13	4.71	4.71	4.59	3.96	4.67	4.42	3.38				
			5.18	4.61	4.26	3.26	4.73	4.54	3.25	4.22	4.89				
		Vulnerability(%)	86.34	76.89	70.98	54.32	78.79	75.60	54.14	70.36	81.49				

চিত্রলেখ ১৩-১ : খাগড়াছড়ি পৌরসভার অভিযোজন সক্ষমতার স্ন্যাপশট



১৩.২.৫ জলবায়ু ঘটিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

খাগড়াছড়ির দুর্যোগ অভিযোজন এবং ঝুঁকি উপরে উল্লেখিত পাঁচটি বিষয়কে বিবেচনায় রেখে নির্ধারণ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাও পূর্বে উল্লেখিত পাঁচটি বিষয়কে বিবেচনায় রেখে করা হয়েছে। এখানে (***সারণি ১৩-৩***) দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ওয়ার্ড ও পৌরসভার ভিত্তিতে উপস্থাপন করা হলো।

সারণি ১৩-৩: দুর্যোগ উপশম সহায়ক ব্যবস্থাপনা পরিকল্পনা

অভিযোজন ডাইমেনশন/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনা/নীতি	
			পৌরসভা পর্যায়ে	ওয়ার্ড পর্যায়ে
নগর অবকাঠামো				
পানি সরবরাহ	সার্বিকভাবে বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থায় মাত্র ৪৫% নগরবাসীকে সেবা দেয়া সম্ভব।	বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন প্রয়োজন।	**P-EN-01** পৌর এলাকার ভেতরে ১০০% পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। **P-EN-02** পৌর এলাকায় ভূ-গর্ভস্থ পানির পাশাপাশি জলাশয়ের পানি এবং বৃষ্টির পানি ব্যবহার করার উদ্যোগ নিতে হবে। এ জন্য পানি শোধনাগার স্থাপন করতে হবে।	**A-EN-01** ওয়ার্ড নং ১, ২, ৫, ৬ এ পৌর পানি সরবরাহ প্রদানে সর্বোচ্চ অগ্রাধিকার এবং ওয়ার্ড নং ৯ এ উচ্চ অগ্রাধিকার **A-EN-02** চেঙ্গি নদীর পানি পরিশোধান করার জন্য ওয়ার্ড নং ১ এ একটি পানি শোধনাগার নির্মাণ করতে হবে।
পৌর বর্জ্য	শহরের ৩ এবং ৪ নং পৌরসভায় গৃহ থেকে বর্জ্য সংগ্রহ ব্যবস্থা আছে, সম্পূর্ণ পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনার জন্য ৪ টি ডাম্পিং ডাস্টবিন বিদ্যমান আছে, সেগুলোর অবস্থান যথাক্রমে ওয়ার্ড নং ১, ৩, ৪ এবং ৭	বর্তমান পৌরসভার পরিসেবাটি সন্তোষজনক নয়, মানুষ রাস্তার পাশে এবং ড্রেনের পাশে খোলা জায়গাতে গৃহ থকে উৎপন্ন বর্জ্য ফেলেন, যেখানে পরিসেবা পাওয়া যায় না সেখানে এবং যা বায়ু দূষণ ও জলআবদ্ধতা সমস্যার কারণ।	**P-EN-03** যেসব ওয়ার্ডে বাড়ি থেকে বর্জ্য সংগ্রহ করার ব্যবস্থা নাই সেখানে বর্জ্য সংগ্রহ কার্যক্রম শুরু করতে হবে। **P-EN-04** পৌরসভার গুরুত্বপূর্ণ স্থান সমূহে বর্জ্য ট্রান্সফার স্টেশন স্থাপন করতে হবে। **P-EN-05** প্রস্তাবিত স্যানিটারি ল্যান্ড ফিল সাইট কুমিল্লা টিলার কাছে স্থাপন করতে হবে এবং এর আয়তন হতে হবে ন্যূনতম ৭ একর। **P-EN-06** গৃহ পর্যায়ে বিপজ্জনক এবং নিরাপদ বর্জ্য পৃথক করতে হবে। **P-EN-07** হাসপাতাল বর্জ্য পুড়িয়ে ফেলতে হবে। **P-EN-08** বর্জ্য ব্যবস্থাপনায় নিরাপদ বর্জ্যের ক্ষেত্রে 3R পদ্ধতি চালু করতে হবে। **P-EN-09** বর্জ্য থেকে সম্পদ তৈরীর (যেমন বায়ো গ্যাস) প্রকল্প হাতে নিতে হবে	**A-EN-03** পৌরসভার ১, ২, ৩, ৫, ৬, ৭, ৮ এবং ৯ নং ওয়ার্ড এ গৃহ থেকে বর্জ্য সংগ্রহ ব্যবস্থা নিশ্চিত করতে হবে। **A-EN-04** ওয়ার্ড নং ২, ৫, ৬, ৮ এবং ৯ এ বড় আকারের ডাস্টবিন স্থাপন করতে হবে। যা প্রতি ওয়ার্ডে একটি বৃহৎ ডাস্টবিন নিশ্চিত করবে, এবং যেটি স্থানান্তর স্টেশন হিসেবে ব্যবহার করা হবে।
স্যানিটেশন	৪২% পরিবারের স্যানিটারি ল্যাট্রিন আছে।	বর্তমান পরিসেবাটি মোটামুটি, স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করার জন্য পানি সুবিধা সম্পূর্ণ স্যানিটারি ল্যাট্রিনের ব্যবহার বৃদ্ধির প্রয়োজন	**P-EN-10** বস্তি এবং নিম্ন আয়ের মানুষের জন্য পৌরসভা এলাকায় কমিউনিটি ল্যাট্রিন সরবরাহ করতে হবে। **P-EN-11** সল্প খরচ বা বিনামূল্যে নিম্ন আয়ের পরিবারকে টয়লেট রিং প্রদান করতে হবে।	

অভিযোজন ডাইমেনশন/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনা/নীতি	
			পৌরসভা পর্যায়ে	ওয়ার্ড পর্যায়ে
গৃহায়ন ও ভূমি ব্যবহার	পৌরসভায় মোট ১৪ টি বস্তি আছে।	বস্তিগুলোর বেশিরভাগ ব্যক্তি মালিকানা জমিতে অবস্থিত। এগুলোতে মৌলিক নাগরিক সুবিধা,যেমন- পানি সরবরাহ, স্বাস্থ্য সেবা, ড্রেনেজ ব্যবস্থা, বর্জ্য ব্যবস্থাপনা নেই।	**P-EN-12** বিদ্যমান ২৪ টি দরিদ্র এলাকায় মৌলিক নাগরিক সেবা সুবিধা প্রসারের জন্য পৌরসভা ও এনজিও গুলোকে যৌথভাবে কাজ করতে হবে। **P-EN-13** অবৈধভাবে বসবাসকারী দরিদ্রদের জন্য একটি পূনর্বাসন প্রকল্প তৈরী করতে হবে।	
জলবায়ু এবং পরিবেশগত সেবা				
বন্যা	ওয়ার্ড নং ৯, ১ এবং ৬ অন্যান্য ওয়ার্ডের তুলনায় অনেক বেশি ঝুঁকিপূর্ণ।	ভারি বৃষ্টিপাতের ফলে পাহাড়ি ঢল নেমে আকস্মিক বন্যার সৃষ্টি হয় এবং চেঙ্গি নদীর পানি উপচে পরে।	**P-EN-14** পৌরসভার জন্য একটি কার্যকর এবং টেকসই ড্রেনেজ পরিকল্পনা তৈরী করতে হবে। **P-EN-15** পৌরসভার ভেতরে অবস্থিত সকল ছড়া, খাল এবং জলাশয় প্রয়োজন অনুযায়ী খনন করতে হবে যেন বর্ষার অতিরিক্ত পানি ধরে রাখা যায়। পরিত্যাক্ত জলাভূমিগুলো পুনঃখনন করতে হবে।	**A-EN-14** সকল ওয়ার্ডের ড্রেনগুলো নবায়ন এবং পরস্পর সংযুক্ত করতে হবে। বিশেষত ওয়ার্ড নং- ১, ৩, ৫ এবং ৯ এ এটি বিশেষ ভাবে প্রয়োজন।
ভূমিধ্বস	ভূমিধ্বসের ফলে ওয়ার্ড নং ২, ৫ এবং ৬ আক্রান্ত হয়।	বর্ষা মৌসুমে যখন কয়েকদিনের জন্য বৃষ্টিপাত বৃদ্ধি পায় ফলে পাহাড়ের ঢালে যে ঘরবাড়িগুলো থাকে সেগুলো ভূমিধ্বসের জন্য সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ।	**P-EN-16** রিটেইনিং ওয়াল, ঝুঁকিপূর্ণ বাড়িগুলো পুনর্বাসন এবং পাহাড় কাঁটা বন্ধ করা ইত্যাদি উপাদানগুলো নিয়ে খাগড়াছড়ি পৌরসভা কে একটি ভূমিধ্বস রেজিলেন্স পরিকল্পনা করতে হবে। **P-EN-17** একান্ত প্রয়োজন ছাড়া এবং পূর্ব অনুমতি ব্যতিত পাহাড় কাঁটা সম্পূর্ণ নিষিদ্ধ।	**A-EN-16(1)** ০২, ০৫ ও ০৬ নং ওয়ার্ডের যেসব পরিবারগুলো পাহাড়ের ঢালে বসবাস করে তাদেরকে সমতল ভুমিতে পুনর্বাসন করতে হবে। **A-EN-16(2).** শালবন এবং কুমিল্লা টিলার মত ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে পাহাড়ের পাশে রিটেইনিং ওয়াল নির্মাণ করতে হবে।
নদী ক্ষয়	ওয়ার্ড নং ১, ৩ এবং ৯ বেশি।	বর্ষা মৌসুমে, যখন নদীর স্রোতের চাপ অনেক বেশি থাকে তখন নদীক্ষয় হয়। পৌরসভার সীমানার ভিতরে নদীর পূর্ব পাশের তীরকে রক্ষা করার জন্য কোন বাঁধ নেই।	**P-EN-18** চেঙ্গি নদীর পাড় নদীক্ষয়ের হাত থেকে রক্ষা করতে নদীর পাড়ে বাঁধ নির্মাণ করতে হবে এবং নদীর পাড় ধরে বৃক্ষ রোপণ করতে হবে।	**A-EN-18** বর্ষা মৌসুমে নদীর স্রোত অনেক বেশি থাকে তাই ওয়ার্ড নং ১, ৩ ও ৯ এ নদীর পূর্বপাড়ে বাঁধ নির্মাণ করতে হবে।
পানির স্বল্পতা	ওয়ার্ড নং ২, ৬ এবং ৯ বেশি।	পাহাড়ে বসবাসরত দরিদ্র পরিবারগুলো সবচেয়ে বেশি ভুক্তভোগী।	**P-EN-19** দরিদ্র বাসস্থান সমগ্র এলাকাতে নলযুক্ত পানি সরবরাহের ব্যবস্থা করতে হবে বস্তি উন্নয়নের অংশ হিসাবে। **EN-20** রিচার্জ এবং লিচিং	**A-EN-19** ওয়ার্ড নং ৩, ৪ ও ৯ এ তিনটি স্টোরেজ ট্যাঙ্ক স্থাপন করতে হবে যার প্রত্যেকটি ড্রেনেজ ব্যবস্থার পানি এবং ভূ-

অভিযোজন ডাইমেনশন/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনা/নীতি	
			পৌরসভা পর্যায়ে	ওয়ার্ড পর্যায়ে
			প্রক্রিয়ার মাধ্যমে ভূগর্ভস্থ স্তর বজায় রাখার জন্য পুকুর এবং জলাশয় ভরাট জমি বন্ধ করতে হবে।	পৃষ্ঠ পানি সংরক্ষণ করে পানি সরবরাহের সম্পূরক উৎস হিসেবে কাজ করবে।
ভূমিকম্প	খাগড়াছড়ি পৌরসভাটি বেঙ্গল বেসিনের ভিতরে পড়েছে যা ভূমিকম্পের জন্য বিশ্বের সবচেয়ে সক্রিয় সিসমিক জোন।		**P-EN-21** ইমারত নির্মাণ অনুমোদনের জন্য ঢাকা ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮ অনুরূপ বিধিমালা খাগড়াছড়ি শহরের জন্য প্রণয়ন করতে হবে। এর সঙ্গে বিএনবিসি বিধিমালাও প্রয়োগ করতে হবে।	
সবুজ অবকাঠামো	পৌরসভায় মাত্র ০.৮০% এবং ৯% যথাক্রমে উন্মুক্ত স্থান জলভূমি রয়েছে।		**P-EN-22** পরিকল্পিতভাবে শহরে মাঠ, পার্ক এবং বিনোদনমূলক জলাধার তৈরী করতে হবে। জলাধারগুলো বিনোদন ছাড়াও পানির সংগ্রহশালা হিসাবে কাজ করবে। **P-EN-23** পৌরসভার প্রতিটি ওয়ার্ডের খাল এবং প্রাকৃতিক জলাধারগুলো খনন করতে হবে নিয়মিত রক্ষনাবেক্ষণ করতে হবে।	**A-EN-22** প্রতিটি ওর্য়াডে অন্তত একটি করে খেলার মাঠ ও র্পাক প্রতিষ্ঠা করতে হবে
জরুরী এবং গুরুত্বপূর্ণ জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব প্রতিরোধী সম্পদ	বর্তমানে পৌরসভা এলাকায় কোন জরুরী আশ্রয় কেন্দ্র নেই।		**P-EN-24** জরূরী অবস্থার সময় সহায়ক সুবিধাদির ব্যবস্থা করতে হবে।	**A-EN-24** জরূরী ভিত্তিতে অন্তত দুটি আশ্রয় কেন্দ্রের ব্যবস্থা করতে হবে। এ দুটি ওয়ার্ড নং-২ এবং ৭ এ হতে পারে। এগুলোতে মানুষ জরুরী অবস্থার সময় আশ্রয় নিতে পারবে।
পৌরসভার যোগাযোগ এবং সামর্থ্য				
পৌরসভার দুর্যোগ ব্যবস্থাপনা সামর্থ্য	বাইরের সহায়তা ছাড়া পৌর সভার দুর্যোগ মোকাবেলার সামর্থ্য অত্যন্ত দুর্বল।	দুর্যোগ মোকাবেলা করার মত জনবল বা তহবিল পৌরসভার নেই।	**P-EN-25** পৌরসভার জন্য একটি দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরী করতে হবে। **P-EN-26** দুর্যোগ ব্যবস্থাপনায় বহিঃ সংস্থা এবং জাতীয় প্রতিষ্ঠান সমূহের সঙ্গে সহযোগিতা বজায় রাখতে হবে। **P-EN-27** প্রতি পৌরসভায় অন্তত একজনগর পরিকল্পনাবিদ রাখতে হবে। **P-EN-28** প্রতি ওয়ার্ডে কমিউনিটি পর্যায়ে দুর্যোগ প্রতিরোধ কমিটি গঠন করতে হবে।	
অর্থনৈতিক অবস্থা				
অর্থনৈতিক চালিকা শক্তি	কৃষি উৎপাদন এবং পর্যটন প্রধান অর্থনৈতিক চালক, শহরে ৫ টি অর্থনৈতিক কেন্দ্র রয়েছে সেগুলো	দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনের জন্য স্থানীয় অর্থনীতিকে	**P-EN-29** স্থানীয় অর্থনীতি সমৃদ্ধ করতে হবে। **P-EN-30** জলবায়ু সহিষ্ণু ফসল উৎপাদনে প্রশিক্ষণ দিতে হবে চাষিদের।	**A-EN-29(1)** ওয়ার্ড নং-২, ৩, এবং ৪ অন্তত একটি করে বাণিজ্য কেন্দ্র নির্মাণ করতে হবে। **A-EN-29(2)** শহরের যাতায়াত ব্যবস্থা উন্নয়নের

অভিযোজন ডাইমেনশন/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনা/নীতি	
			পৌরসভা পর্যায়ে	ওয়ার্ড পর্যায়ে
	অবস্থান ওয়ার্ড নং- ১, ৫, ৭, ৮ এবং ৯ এ।	শক্তিশালী করতে হবে।		জন্য ১৮.৭% কাঁচা রাস্তাগুলো পাকা এবং ভাঙ্গা রাস্তাগুলো পাকা করতে হবে।
সামাজিক-জনসংখ্যা বিষয়ক				
সামাজিক-জনসংখ্যা পরিস্থিতি	পৌরসভায় জনসংখ্যা ঘনত্ব প্রতি কিলামিটারে ৩৬২৬ জন, যা মোটামুটি ধরনের।		**P-EN-31** জনসংখ্যা ঘনত্ব নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করে জনসংখ্যাকে নিয়ন্ত্রণের মধ্যে রাখতে হবে।	

১৩.৩ পরিবেশ

১৩.৩.১ বিদ্যমান পরিবেশ অবস্থা

খাগড়াছড়ি জনসংখ্যা কম থাকায় এখানকার পরিবেশ পরিস্থিতির তেমন অবনতি এখনো হয় নি। অতিরিক্ত গাছপালা খাগড়াছড়ি অঞ্চলকে প্রাকৃতিকভাবে সমৃদ্ধ করে তুলেছে। গাড়ি কম থাকায় এবং শিল্প কারখানা না থাকায় এখানে শব্দ দূষণ নেই বললেই চলে। কিন্তু জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে এই অঞ্চলে পানি এবং অন্যান্য জিনিসের চাহিদা বৃদ্ধি পাচ্ছে এবং সময়ের সাথে সাথে দূষিত হওয়ার সুযোগ বাড়ছে। পৌরসভা এলাকার প্রধান কেন্দ্রে নগরায়নের ফলে ক্ষুদ্র পরিসরে বায়ু, পানি ও মাটি দূষণ সৃষ্টি হচ্ছে। এছাড়াও পৌরসভায় এখনো সম্পূর্ণভাবে (১০০% নয়) পয়ঃনিষ্কাশন সুবিধা দিতে পারে নি (ক্ষেত্র পরিদর্শনঃ শেলটেক, ২০১৭)। কিছু কিছু জায়গায় মানুষ নিত্য ব্যবহার্য বর্জ্য নদীতে কিংবা নদীর তীরে ফেলছে। এই বর্জ্যগুলো বৃষ্টির পানিতে ধুয়ে গিয়ে এবং সৃষ্ট দূর্গন্ধ দিয়ে আসেপাশের এলাকাকে দূষিত করছে। পৌরসভার সীমানার ভেতর ক্ষুদ্র আকারের শিল্প কারখানাগুলোও বায়ু দূষণ করছে। যদিও ভূ-পৃষ্ঠের পানি বিশেষ করে নদীর পানি এখনো প্রধান দূষণ হতে মুক্ত। শীতকালে নদীতে বর্জ্য ফেলার ফলে এটি পানিপ্রবাহতে বাঁধা সৃষ্টি করে, এবং পানি দূষণ সৃষ্টি করে। পাঠপরীক্ষা থেকে দেখা যায়, পৃষ্ঠ-পানি দূষিত হওয়ার প্রধান উৎস হচ্ছে মানব-বর্জ্য, যেগুলো বিভিন্ন বসতি থেকে নিষ্কাশন নালীর মধ্য দিয়ে এসে বিভিন্ন জলাশয়ে মেশে। (ক্ষেত্র পরিদর্শনঃ শেলটেক, ২০১৭)

সকল পরিমাণ নিষ্কাশিত মানব বর্জ্য গিয়ে বিভিন্ন খাল এবং ছড়ার মধ্য দিয়ে সর্বশেষে গিয়ে চেঙ্গি নদীতে মেশে এবং নদীর পানি দূষিত করে (ক্ষেত্র পরিদর্শনঃ শেলটেক, ২০১৭)। এর ভেতর বস্তি এলাকার অবস্থা বেশি খারাপ, যেখানে বেশীরভাগ ল্যাট্রিন অস্বাস্থ্যকর। দূষণের আরেকটি উৎস হচ্ছে অব্যবস্থাপিত কঠিন বর্জ্য। শহরে প্রতিদিন প্রায় ১০ টন কঠিন বর্জ্য উৎপন্ন হয়, কিন্তু পৌরসভার এই পরিমাণের অর্ধেক বর্জ্য ব্যবস্থাপনার ক্ষমতা রয়েছে (ক্ষেত্র পরিদর্শনঃ শেলটেক, ২০১৭)। বাসাবাড়িতে উৎপন্ন ময়লা বিভিন্ন বর্জ্য ফেলার স্থাণ, নদীর তীর, খাল, নিচু-ভূমি এবং খাদে ফেলা হয়। যেগুলো বিদ্যমান জলাশয় সহ স্থানীয় পরিবেশ দূষণ করে। কিছু কিছু এলাকায় জলাশয় যেমন খাল, ছড়া ইত্যাদির কিছু অংশ এমনকি প্রায় অর্ধেক অংশই বাসাবাড়ি থেকে সৃষ্ট বর্জ্য দ্বারা পূর্ণ থাকে, যা একই সাথে বায়ু, পানি ও মাটি দূষণ করে। রাস্তার পাশেও কিছু কিছু বর্জ্য ফেলা হয়। পৌরসভায় বর্জ্য সংগ্রহ ও ব্যবস্থাপনার জন্য পর্যাপ্ত সুবিধা নেই। প্রত্যহ বাড়ি বাড়ি গিয়ে বর্জ্য সংগ্রহ করার ব্যবস্থাও খুব সীমিত। বর্জ্য ফেলার জন্য একটি নির্দিষ্ট ভূমি না থাকা পৌরসভার কঠিন বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রধান দূর্বলতা। যাইহোক, বর্জ্য শোধনের জন্য মিশ্র-সার অথবা বায়ো-গ্যাস তৈরী করা ছাড়া গ্রীন-হাউজ-গ্যাস নির্গমন কমানোর কোন বিকল্প নেই।

১৩.৩.২ জলবায়ু

খাগড়াছড়ি অঞ্চলে গ্রীষ্মমন্ডলীয় মৌসমী জলবায়ু রয়েছে, যেখানে গড় সর্বোচ্চ ও সর্ব নিম্ন তাপমাত্রা হচ্ছে যথাক্রমে ২৬.৬-৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং ১২.৪-২৫.৩ ডিগ্রি সেলসিয়াস। বাৎসরিক গড় বৃষ্টিপাত ৩০৩১ মি.মি.। প্রায় ৮০ শতাংশ বৃষ্টিপাত মে-সেপ্টেম্বর মাসে হয়ে থাকে এবং বছরের বাকি মাসগুলো প্রায় শুষ্ক থাকে।

১৩.৩.৩ মৃত্তিকার সাধারণ ধরণ

খাগড়াছড়ি মূলত পাহাড়ি বাদামী অঞ্চলের অন্তর্ভূক্ত। এই মাটির বৈশিষ্ট্য হচ্ছে, এতে খুব সামান্য পরিমাণে অথবা কোন কাঁদা বা লোহা থাকে না। মাটির উপরের পৃষ্ঠ ক্যালসিয়াম-সমৃদ্ধ, যার ফলে পাহাড়ি বাদামী মাটি সহজে পানি প্রবাহিত করতে পারে। এই মাটি হলুদ বাদামী থেকে প্রখর বাদামী ডস্ট্রিকি ক্যামবসিলস যুক্ত। এর কাঠামো সাধারণত বেলে কাদামাটি বা পলি কাদামাটি, তবে বেশি কর্দমাক্ত হয়ে থাকে। এতে জৈব উপাদান ঘাসযুক্ত জমিতে কম (<১.৫%) এবং বনাঞ্চলে মাঝারি (২-৫%) হয়ে থাকে।

এ সমস্ত ভূমির কৃষি মূল্য কম, তবে বৃক্ষাদি বেশি জন্মে। এ সমস্ত এলাকায় জমির ঢাল খাড়া হয়ে থাকে, বর্ষায় প্রচুর বৃষ্টি পাত হয়, ভূমি ক্ষয় হয়, উর্বরতা কম এবং মাটিতে দ্রুত পানি সঞ্চালন হয়। এই মাটি লাল-বাদামী ছাদ মৃত্তিকার তুলনায় বেশি আম্লিক এবং এতে ভাঙ্গা পাথর থাকে।

১৩.৩.৪ মাটি প্রতিক্রিয়া

মাটির প্রতিক্রিয়া বা মাটির pH বলতে ইউনিটের মাধ্যমে মাটির অম্লত্ব কিংবা ক্ষারত্ব নির্দেশ করে। অনেক পরিবেশগত কারণ যেমন বৃষ্টিপাতের পরিমাণ, গাছপালার ধরণ এবং তাপমাত্রা মাটির pH কে প্রভাবিত করতে পারে। সাধারণত যেসব এলাকায় ভারী বৃষ্টিপাত হয়, কিংবা বনাঞ্চলের দিকে মাটিতে অম্লের পরিমাণ কম থাকে। মৃত্তিকা গবেষণা উন্নয়ন ইন্সটিটিউটের ভাষ্যমতে, চট্টগ্রাম অঞ্চলের মাটির বৈশিষ্ট্য বাদামী বেলে মাটি থেকে এঁটেল মাটি এবং খুব উঁচু ঢালবিশিষ্ট পাহাড়ের মাটিতে স্বল্প থেকে শক্তিশালী অম্ল। প্রধানত এই ধরনের মাটি জুম চাষের জন্য উপযুক্ত।



গাছের শেকড় মাটির গভীরের পানিতে মিশে থাকা কিছু খনিজ পুষ্টি যেমন নাইট্রোজেন এবং লোহা শোষণ করে। গাছের প্রয়োজনীয় বেশীরভাগ খনিজই সহজে শোষণ করা যায়, যদি মাটিতে pH এর পরিমাণ ৬.০ থেকে ৭.৫ শ্রেণীর ভেতর থেকে। যখন pH ৬.০ এর কম থাকে, তখন কিছু খনিজ যেমন নাইট্রোজেন, ফসফরাস এবং পটাসিয়াম কম পাওয়া যায়। যখন pH এর মান ৭.৫ এর বেশি হয়, লোহা, ম্যাংগানিজ এবং ফসফরাস কম পাওয়া যায়। মাটির pH এর মানের সাথে গাছের সংবেদনশীলতার উপযুক্ত চিত্র দেয়া হল।

যদি মাটির মিশ্রণ (মাটিতে পানি ও খনিজ পদার্থের মিশ্রণ) খুব বেশি অম্লীয় কিংবা ক্ষারীয় হয়, কিছু কিছু খনিজ পদার্থ সহজে মিশ্রিত হয় না। যার ফলে গাছের শেকড়ের জন্য তাদের প্রাপ্যতা কমে যায়। খাগড়াছড়ি জেলার কিছু অঞ্চল মারাত্মকভাবে অম্লীয় (pH – ৪.৫ থেকে ৫.৫)। এই অম্লীয় অবস্থার কারণে হাইপারটোনিক টার্গার চাপ অনেক বেশি থাকে এবং গাছ প্রয়োজনীয় খনিজ নিতে পারে না। যার ফলে গাছ দূর্বল হয়ে পড়ে।

ভূমিবৃত্তি

খাগড়াছড়ি এলাকার অবস্থান মূলত উত্তর ও পূর্ব পাহাড়ী অঞ্চলে। বাংলাদেশের পাহাড়ী অঞ্চলগুলোকে প্রধানত দুইটি ভাগে ভাগ করা হয়, যথা ক) নিচু পাহাড় শ্রেণি (ডুপি টিলা এবং ডাইহিং ধরনের) এবং খ) উঁচু পাহাড় কিংবা পর্বত শ্রেণি (সুরমা এবং তিপাম ধরনের)। খাগড়াছড়ি পৌরসভায় মূলত নিচু পাহাড়ি শ্রেণি দেখা যায়। এই ধরনের শ্রেণি মূলত উঁচু পাহাড়ি শ্রেণির ভেতর কিংবা বাইরে হয়। এই ধরণের শ্রেণি মূলত অনির্দিষ্ট বালি পাথর এবং শীলা থেকে উৎপন্ন হয়। এদের সর্বোচ্চ মান হয় <৩০০ মি. (MSL এর ওপর) । বেশীরভাগ এলাকাই ছোট ধাপযুক্ত ঢাল বিশিষ্ট।

১৩.৩.৫ খাগড়াছড়ি পৌরসভার ভৌগলিক বৈশিষ্ট-ভূতত্ব-ভূমি গঠন-ভূপ্রযুক্তিগত প্রতিবেদন

খাগড়াছড়িতে পাহাড়ি অঞ্চল ছাড়াও খুব অল্প পরিমাণে অন্যান্য ভূ-বৈশিষ্টপূর্ণ শ্রেণি পাওয়া যায়। SPT এর অবস্থান নিম্নে দেখানো হল।

সারণি ১৩-৪: খাগড়াছড়ি শহরে ভূ-প্রযুক্তিগত বোরহোল এর অবস্থান

বোরহোল নং	অবস্থান	অক্ষাংশ	দ্রাঘিমাংশ	ভূ-প্রাকৃতিক একক
০১	দক্ষিণ মধুপুর	২৩°০৬'১১.২"	৯১°৫৯'৪১.৩"	ভ্যালে ফিল ডিপোজিট
০২	মিলনপুর	২৩°০৬'২৭.৪"	৯১°৫৯'১৬.৯"	রাউন্ডেড ভ্যালে ফিল
০৩	ইসলামপুর	২৩°০৬'০.৪"	৯১°৫৯'২৫.৩"	রাউন্ডেড ভ্যালে ফিল
০৪	নিউজিল্যান্ড রোড	২৩°০৬'০২.১"	৯১°৫৯'২৪.৭"	রাউন্ডেড ভ্যালে ফিল
০৫	আনন্দনগর	২৩°০৬'১৬.১"	৯১°৫৯'১০.২"	রাউন্ডেড ভ্যালে ফিল
০৬	খাগড়াছড়ি কারিগরি প্রশিক্ষণ কেন্দ	২৩°০৫'২২.৫"	৯১°৫৮'৫১.৪"	পয়েন্ট বার ডিপোজিট
০৭	আরামবাগ মাঠ	২৩°০৬'৩২.৫"	৯১°৫৮'৪৫.৯"	রাউন্ডেড ভ্যালে ফিল
০৮	খবংপুরিয়া	২৩°০৬'৩৮.২"	৯১°৫৮'১৫.৮"	প্লাবন ভূমি
০৯	খাগড়াছড়ি পৌরসভা	২৩°০৬'২৬.৬"	৯১°৫৮'৫৩.৫"	রাউন্ডেড ভ্যালে ফিল
১০	দেওয়ানপাড়া, বিডিআর ক্যাম্পের পাশে	২৩°০৭'১৭.৩"	৯১°৫৮'০৭"	প্লাবন ভূমি
১১	দক্ষিণ খবংপুরিয়া	২৩°০৬'২৯.৩"	৯১°৫৮'০৮.২"	পয়েন্ট বার ডিপোজিট

তথ্যসূত্র: সিএইচটিডিএফ

পুরো পৌরসভাই প্রায় রাউন্ডেড ভ্যালে ফিল এলাকা নিয়ে গঠিত। ইঞ্জিনিয়ারিং বেড রক এর বিভিন্ন স্তরের সাথে সম্পর্ক স্থাপন করে বিভিন্ন অবস্থান নির্ণয় করা হয়েছে।

মানচিত্র ১৩-১: খাগড়াছড়ি শহরের বিভিন্ন ভূ-প্রযুক্তিগত বারহোলের অবস্থান



ভূ-তত্ত্ব ও মৃত্তিকার গঠন

চট্টগ্রাম এলাকা মূলত সাম্প্রতিকতম পুরাতন প্লাইস্টোসিন পলল ডিপোজিটগুলোর মধ্যে ভূতাত্ত্বিক। সাধারণত ভূমির উপাদানগুলোতে প্রধানত এন্টিকলাইনে রিজের একটি ধারা সমান্তরাল ভাবে একটি আরেকটির সাথে শক্তভাবে উত্তর পশ্চিম থেকে দক্ষিণ পূর্ব অবস্থানে অবস্থিত। তারা মূলত একত্রিত বালিপাথর, একত্রিত শিলা, তৃণভূমি ও ভূতাত্ত্বিক এইজ দ্বারা গঠিত। এখানে যথেষ্ট ভাঁজ, ফল্ট, টিল্টিং এবং বিচ্ছেদ থাকে।

মাটির দ্রাব্যতা

এটি একটি প্রবণতা, যার ফলে একটি পরিপূর্ণ বা আংশিক সম্পৃক্ত মাটি একটি কার্যকর চাপ, সাধারণ ভূমিকম্পের ফলে ঝাঁকুনি কিংবা চাপের ফলে অন্যান্য আকস্মিক পরিবর্তনের প্রতিক্রিয়া শক্তি এবং শক্ততা হারায়, যার ফলে মাটি তরলের মত আচরণ করে।

মাটির দ্রাব্যতা সাধারণত সম্পৃক্ত, আলগা, কম ঘনত্বের কিংবা নরম মাটিতে পাওয়া যায়। আলগা মাটিতে যখন বল প্রয়োগ করা হয় তখন তার সংকুচিত হওয়ার একটা প্রবণতা থাকে, বিপরীত ভাবে ঘন মাটির উপর চাপ প্রয়োগ করলেও তার সংকুচিত হওয়ার প্রবণতা থাকে, ঘন মাটির বিপরীতভাবে আয়তন বৃদ্ধি বা বিচ্ছুরন প্রবণ হয়। মাটি পানি দ্বারা সম্পৃক্ত হয় এমন অবস্থা তখনই ঘটে যখন মাটি পানির স্তর বা সমুদ্র পৃষ্ঠের নিচে থাকে, তখন পানি মাটির কনার মধ্যবর্তী ফাকা জায়গাগুলো পরিপূর্ণ করে দেয়। মাটির সংকোচনের প্রতিক্রিয়া স্বরূপ মাটির ভিতর যে পানি থেকে তা বেশি চাপের অঞ্চল থেকে কম চাপের অঞ্চলে সঞ্চালিত হয়, সাধারণত ভূপৃষ্ঠের উপরের দিকে। যদি এই ধরনের চাপ ঘনঘন প্রয়োগ করা হয় এবং যথেষ্ট শক্তিশালী হয় অথবা অনেকবার পুনরাবৃত্তি করা হয় (যেমন ভূমিকম্প ঝড় কম্পন ফলে চাপ) ফলে,

চক্রাকার চাপ প্রয়োগ ফলে এটি নির্দিষ্ট সময়ের আগে প্রবাহিত হতে পারে না, পানির চাপ এমনভাবে বৃদ্ধি করতে পারে যখন পানির কনাগুলো তাদের নিজেদের ভিতর আকর্ষণ অতিক্রম করে ফলে মাটির কনাগুলো তাদের পরস্পরের কাছাকাছি রাখে। মাটির কনাগুলোর মধ্যকার এই সংযোগ তাদের একে অন্যকে কাছাকাছি রাখতে সহায়তা করে। মাটির কনার মধ্যকার এই সংযোগ মানে হচ্ছে মাটির উপর ভবনের যে ভর মাটির উপর দেয়া হয় তা বিভিন্ন স্তর পার হয়ে মাটির উপরের স্তর থেকে মাটির নিচের স্তর অথবা পাথরের স্তরে পৌঁছে। মাটির গঠনের ক্ষতির কারণে মাটির সকল সক্ষমতা ক্ষতিগ্রস্থ হচ্ছে (শেয়ার চাপ স্থানান্তর করার সক্ষমতা) এবং এটা অনেকটা পানি প্রবাহের মত দেখা হয় (যেমন দ্রাব্যতা)। ইঞ্জিনিয়ারিং দৃষ্টিকোণ থেকে মাটির দ্রাব্যতা ঘটে যখন কার্যকর চাপ কমে একেবারে শূন্য হয়ে যায় যা সম্পূর্ণরূপে শেয়ার চাপ ক্ষতিগ্রস্থ হয়। এটা সাধারণত শুরু হয় ক্রমাগত চাপের ফলে। দুইক্ষেত্রেই সম্পৃক্ত আলগা মাটির সংকুচিত হওয়ার প্রবণতা থাকে যখন তার উপর চাপের পরিবর্তন করা হয় অনেকটা পানির দ্রাব্যতার মত। এটা ঘটে কারণ আলগা মাটির প্রবণতাই থাকে তার উপর যখন শেয়ার চাপ দেয়া হবে ফলে সে সংকুচিত হবে, ফলে একটা বড় ধরনের পানির চাপ তৈরি করবে। সুতারাং দ্রাব্যতা সাধারনত দেখা যায় আলগা বালির স্তরে, অনমনীয় শিলা মাটিতে, কিন্তু ব্যতিক্রম ঘটনা ঘটে পাথর এবং কাঁদা মাটিতে। দ্রাব্যতা বেশি ঘটে আলগা থেকে মাঝামাঝি ধরনের সম্পৃক্ত ঝুড়া মাটিতে যার সাথে সাথে খারাপ নির্গমন যেমন, শিলা বালি অথবা বালি এবং পাথর ঝুড়া অথবা যার ভিতর অপ্রবেশ্য পলিতে। তরঙ্গের চাপের সময় সাধারণত চাপ যেমন সিসমিক চাপ, আলগা মাটির প্রবণতা থাকে এটার আয়তন কমানোর জন্য যা তৈরি হয় এবং বৃদ্ধি পায় তার মাটির ভিতরের পানির চাপের ফলে এবং এর ফলস্বরূপ শেয়ার চাপ কমে যায়।

খাগড়াছড়ি পৌরসভার মাটির দ্রাব্যতার অবস্থা

ভূতাত্ত্বিকভাবে, খাগড়াছড়ি পাহাড়ি অঞ্চলে অবস্থিত এবং এই অঞ্চলের ভূমি সাধারণত ভারতীয় ও মায়ানমারের সমতল ভূমির সমতল গঠনাত্মক আন্দোলনের ফলে সৃষ্ট। খাগড়াছড়ির উন্মুক্ত অঞ্চলের ভূতাত্ত্বিক অনুসন্ধানের সেকেন্ডারি তথ্য বিশ্লেষণের ফলে দেখা যায়, পৌরসভা এলাকায় সাধারণত বিভিন্ন গভীরতার আলগা ধরণের মাটি পাওয়া যায়, যেটি বেশি উচ্চতাবিশিষ্ট বাড়ি নির্মাণের জন্য সমস্যা। বর্ণনা নিম্নে দেয়া হল।

১) মধুপুর-দক্ষিণ মধুপুর-APBN মুসলিম পাড়া-সাত ভাইয়া পাড়া

ভূ-সমতলের ৬ মি. এর ওপরে নরম কাঁদা মাটি পাওয়া যায়, যার SPT ৩ থেকে ৪। এই স্তরের নিচে ৯ মি. পর্যন্ত শক্ত কাঁদা এবং ধূসর মাঝারী ঘনত্বের বালি মাটি জমে থাকে। ১২ থেকে ১৬.৫ মি. গভীরে অত্যাধিক ঘনত্বের মাটি পাওয়া যায়। এসব এলাকায় সাধারণ ভিত্তি নির্মাণ সম্ভব নয়। এই ধরণের মাটিতে ভারী/বহুতল দালান নির্মাণের পূর্বে কিছু প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন দরকার হয়, যা নিম্নে বর্ণিত।

- দালানটি অবশ্যই দালান নকশাকারী প্রকৌশলীর দ্বারা নির্মিত হতে হবে।
- ভূ-প্রযুক্তিগত অনুসন্ধান।
- দালানের ধারণক্ষমতা হিসাব করে ভিত্তি নির্মাণ প্রকৌশলী কে ভিত্তির গভীরতা নির্ণয় করতে হবে।

২) মিলনপুর-কল্যাণপুর এলাকাঃ

ভূমি সমতল থেকে ৪.৫ মি. গভীরে হলদে বাদামী শক্ত মাটি (SPT ৮-১১) পাওয়া যায়। ৪.৫ মি. এর গভীর থেকে ১২ মি. পর্যন্ত হলদে বাদামী মাটির বেশি ঘনত্বের মাটি জমে থাকে। ভূ-উপরিভাগের মাটির অবস্থা খুবই ভাল। অবকাঠামো নির্মাণের পূর্বে নকশা অবশ্যই পেশাদার দালান নকশাকারীর কাছ থেকে করিয়ে নিতে হবে।

৩) ইসলামপুর সেনানিবাস এলাকাঃ

ভূ-সমতল থেকে ৪.৫ মি. গভীরে নরম মাটি (SPT এর মানের শ্রেণি-৪ থেকে ৫)। ৬ মি. গভীরতার পর থেকে ১০.৫ মি. - ১৩.৫ মি. পর্যন্ত ধূসর মাঝারী ঘনত্বের মাটি জমে থাকে। অবকাঠামো নির্মাণের পূর্বে নকশা অবশ্যই পেশাদার দালান নকশাকারীর কাছ থেকে করিয়ে নিতে হবে।

৪) পানখাইয়া পাড়া, নিউজিল্যান্ড রোড এলাকাঃ

ভূ-উপরিতলের মাটির অবস্থা জটিল। ভূমির সমতল থেকে ৪.৫ মি. গভীরতা পর্যন্ত ধূসর থেকে হলদে বাদামী নরম মাটি (SPT +/- 4) পাওয়া যায়। ৭.৫ মি. পর্যন্ত হলদে বাদামী আলগা মাটি জমে থাকে যার SPT এর মান ৪-৫ এবং এটি অবকাঠামো নির্মাণের জন্য খুবই খারাপ, কারণ এর সহ্যক্ষমতা ও ধারণক্ষমতা অনেক কম। এই ধরণের মাটিতে মাটির দ্রবীভূত হওয়ার প্রবণতা দেখা যায়। এই ধরণের মাটির বহুতল বিশিষ্ট দালানের ভিত্তি ধরে রাখার মত ক্ষমতা নেই। ১০.৫ মি. থেকে ১৫ মি. গভীরতায় মাঝারী ঘনত্বের মাটি পাওয়া যায়। এই ধরণের মাটিতে ভারী/বহুতল দালান নির্মাণের পূর্বে কিছু প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন দরকার হয়, যা নিম্নে বর্ণিত।

- দালানটি অবশ্যই দালান নকশাকারী প্রকৌশলীর দ্বারা নির্মিত হতে হবে।
- ভূ-প্রযুক্তিগত অনুসন্ধান।
- দালানের ধারণক্ষমতা হিসাব করে ভিত্তি নির্মাণ প্রকৌশলী কে ভিত্তির গভীরতা নির্ণয় করতে হবে।

৫) আনন্দবাজার-নয়নপুর এলাকাঃ

ভূ-সমতল থেকে ৪.৫ মি. গভীরে মাঝারী ধরণের হলদে বাদামী মাটি (SPT এর মানের শ্রেণি-৪ থেকে ৮)। ৪.৫ মি. গভীরতার পর থেকে হলদে বাদামী মাঝারী ধরণের বেশী ঘনত্বের মাটি পাওয়া যায় (জমে থাকা, SPT মান ১৩-৩১)। ৯-১৩.৫ মি. গভীরতায় হলদে বাদামী (SPT মান ৩২-৮৫) বেশি ঘনত্বের মাটি পাওয়া যায়। অবকাঠামো নির্মাণের পূর্বে নকশা অবশ্যই পেশাদার দালান নকশাকারীর কাছ থেকে করিয়ে নিতে হবে।

৬) কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র এবং তার আশেপাশের এলাকাঃ

ভূ-উপরিতলের মাটির ধরণ কাঁদা, এবং এটি ১.৫ মি. পর্যন্ত জমে থাকে। এর SPT মান ৪ এর চেয়ে কম। ১.৫-৩ মি. পর্যন্ত এই নরম কাঁদার নিচে মাঝারী ঘনত্বের মাটি পাওয়া যায় (SPT মান ১৬)। এই ধরণের মাটি ২-৩ তলা বিশিষ্ট দালান নির্মাণের জন্য উপযোগী, কিন্তু বহুতল ভবনের জন্য নয়। ৪.৫-৭.৫ মি. পর্যন্ত হলদে বাদামী নরম মাটি পাওয়া যায়, যেসব মাটির দ্রবীভূত হওয়ার প্রবণতা থাকে (SPT মান ৭-৯)। ৭.৫ মি. এর নিচে মাঝারী ঘনত্বের বালি পাওয়া যায়, যেটি দালানের ভিত্তি নির্মাণের জন্য ভাল। এই ধরণের মাটিতে ভারী/বহুতল দালান নির্মাণের পূর্বে কিছু প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন দরকার হয়, যা নিম্নে বর্ণিত।

- দালানটি অবশ্যই দালান নকশাকারী প্রকৌশলীর দ্বারা নির্মিত হতে হবে।
- ভূ-প্রযুক্তিগত অনুসন্ধান।
- দালানের ধারণক্ষমতা হিসাব করে ভিত্তি নির্মাণ প্রকৌশলী কে ভিত্তির গভীরতা নির্ণয় করতে হবে।

৭) শান্তিনগর-নারিকেল বাগান-আরামবাগ এলাকাঃ

দালানের ভিত্তি নির্মাণের জন্য এই ধরণের মাটি খুবই ভাল। ১.৫ মি. গভীরতা থেকেই হলদে বাদামী মাঝারী ধরণের মাটি জমে থাকে (SPT-১২)। ৪.৫ মি. গভীরতার পর থেকে হলদে বাদামী বেশি ঘনত্বের মাটি পাওয়া যায়। অবকাঠামো নির্মাণের পূর্বে নকশা অবশ্যই পেশাদার দালান নকশাকারীর কাছ থেকে করিয়ে নিতে হবে।

৮) খবংপুরিয়া এলাকাঃ

৪.৫ মি. গভীরতা থেকে হলদে বাদামী মাঝারী ধরণের মাটি জমে থাকে (SPT-৭)।
৪.৫ থেকে ৭.৫ মি. গভীরে ধূসর মাঝারী ঘনত্বের মাটি পাওয়া যায় (SPT-১৭-১৮)।
৭.৫ থেকে ১০.৫ মি. গভীরে অধিক ঘনত্বের মাটি পাওয়া যায় (SPT-১৮-৫৬)।
৭.৫ মি. এর কম গভীরতায় কিছু আলগা মাটি পাওয়া যায়, যার SPT ১৮। এই ধরণের মাটিতে বহুতল দালান নির্মাণের পূর্বে কিছু প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন দরকার হয়, যা নিম্নে বর্ণিত।

- দালানটি অবশ্যই দালান নকশাকারী প্রকৌশলীর দ্বারা নির্মিত হতে হবে।
- ভূ-প্রযুক্তিগত অনুসন্ধান।
- দালানের ধারণক্ষমতা হিসাব করে ভিত্তি নির্মাণ প্রকৌশলী কে ভিত্তির গভীরতা নির্ণয় করতে হবে।

৯) খাগড়াছড়ি পৌরসভা এলাকাঃ

ভূ-উপরিতলের নরম কাঁদা ভূ-সমতল থেকে ৬ মি. পর্যন্ত বিদ্যমান এবং এর SPT ২.৩। এই গভীরতার নিচে ৭.৫ থেকে ১০.৫ মি. পর্যন্ত হলদে বাদামী অধিক ঘনত্বের মাটি পাওয়া যায়। এই মাটিতে গভীর ভিত্তি (shallow foundation) সম্ভব নয়। এই ধরণের মাটিতে দালান নির্মাণের পূর্বে কিছু প্রযুক্তিগত কাজ এবং প্রতিবেদন দরকার হয়, যা নিম্নে বর্ণিত।

- দালানটি অবশ্যই দালান নকশাকারী প্রকৌশলীর দ্বারা নির্মিত হতে হবে।
- ভূ-প্রযুক্তিগত অনুসন্ধান।
- দালানের ধারণক্ষমতা হিসাব করে ভিত্তি নির্মাণ প্রকৌশলী কে ভিত্তির গভীরতা নির্ণয় করতে হবে।

১০) দেওয়ানপুর বাজার এলাকাঃ

ভূ-সমতল থেকে ৩ মি. পর্যন্ত ধূসর থেকে হলদে নরম কাঁদা পাওয়া যায়। ৩ মি. এর পর থেকে হলদে বাদামী অধিক ঘনত্বের মাটি পাওয়া যায়, যেটি ৯ মি. পর্যন্ত থাকে। দালান নকশাকারী প্রকৌশলীর তত্ত্বাবধায়নে মাটির ৩ মি. গভীরতার পর থেকে ভিত্তি নির্মাণ শুরু করা উচিৎ।

১৩.৩.৬ পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা নির্ধারণ

পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা (ESA) হল সেই এলাকা যার জন্য বিশেষ ধরনের সুরক্ষা প্রয়োজন এটার ল্যাণ্ডস্কেপ, বন্যপ্রাণীর জীবনযাপন এবং ঐতিহাসিক ভাবে মূল্যবান হওয়ার কারণে। এর ভিতর আছে জাতীয় পার্ক, রাষ্ট্রীয় বনাঞ্চল, বিশ্ব ঐতিহ্যবাহী এলাকা, জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ জলাভূমি, বন্যপ্রাণীর বাসস্থান, কৃষি এলাকা এবং যে এলাকার প্রাকৃতিক এবং সংস্কৃতিক ভাবে মূল্যবান এলাকা যেমন, উদ্ভিদ ও প্রানির বাসস্থান অথবা তাদের জন্য সংরক্ষিত স্থান। খাগড়াছড়ি পৌরসভায় পাহাড়, ফাঁকা জায়গা, কৃষি জমি, চেঙ্গি নদী, খাল এবং ছড়াগুলো পর্যটকদের জন্য খুবই গুরুত্বপূর্ণ এবং এই এলাকায় বসবাসরত জনগণের জন্য আর্থ-সামাজিকভাবে খুবই গুরুত্বপূর্ণ। জেলেরা সাধারণত চেঙ্গি নদীর উপর নির্ভরশীল। অপরিকল্পিত উন্নয়ন স্থানীয় পরিবেশের উপর সর্বদা চাপ বৃদ্ধি করে। অপরিকল্পিত নগরায়নের কারণে, যথাযথ ব্যবস্থাপনার এবং সংরক্ষণের অভাবে অনেক গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ দিন দিন কমে যাচ্ছে। পর্যটকদের জন্য, খাগড়াছড়ির প্রতিবেশ এবং পরিবেশ বিপুল। এই প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করা খুবই গুরুত্বপূর্ণ। সমভূমির দেশে পাহাড়ের মত একটা সংবেদনশীল সম্পদ এই শহরকে একটা ব্যতিক্রম চরিত্র প্রদান করেছে। স্থানীয় প্রতিবেশের ভারসাম্য এবং পর্যটকদের আকর্ষণের জন্য পাহাড়গুলোকে সংরক্ষণ করতে হবে। পাহাড় কাঁটা নিয়ন্ত্রণ করতে হবে, ভালভাবে পর্যবেক্ষণ করতে হবে এবং অবৈধ ভাবে পাহাড় কর্তনকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩.৩.৭ জলাধার

খাগড়াছড়ি পৌরসভার মোট ৯ শতাংশ এলাকায় জলাশয় পাওয়া যায়। চেঙ্গি নদী ওয়ার্ড নং ১, ৩, ৮ ও ৯ এর মধ্য দিয়ে প্রবাহিত হয়। পৌরসভার ভেতর দিয়ে মুসলিম পাড়া খাল, APBN খাল, রাঙ্গাপানি খাল এবং বটতলী ছড়াও প্রবাহিত হয়। ওয়ার্ড নং ২ এ মোট জলাধারের পরিমাণ ১ শতাংশ (০.৮৩%)। ওয়ার্ড নং ৩, ৮, ১ এবং ৯ এ যথাক্রমে ২৮.৭৩, ১৫.৪৯, ১২.৭২ এবং ১০.১৬ শতাংশ জলাধার রয়েছে। বাকি ওয়ার্ডগুলোতে মোট জমির ১০ শতাংশেরও কম জলাধার আছে।

১৩.৩.৮ বিপদ

১৩.৩.৮.১ ভূমিকম্প

বাংলাদেশ একটি সক্রিয় টেকটনিক অঞ্চলে অবস্থিত, যা সমগ্র হিমালয়, শিলং প্ল্যাটেয় ও রাকান-ইয়োমা অঞ্চলে এবং সংশ্লিষ্ট ইন্দো-গঙ্গা প্লাবনভূমিতে বিস্তৃত। অতীতে, ১৮৬৯ থেকে ১৯৫০ সালের মাঝামাঝি সময়ে সাতটি বৃহৎ ভূমিকম্প স্থান নিয়েছিল , যার মাত্রা ছিল রিখটার স্কেলে ৭ এরও বেশি, যা এই অঞ্চলে ঘটেছে এবং বাংলাদেশের উপর কিছু প্রভাব ফেলেছিল। সাতটি ঘটনার মধ্যে , দুটির (১৮৮৫ও ১৯১৮) উপকেন্দ্র ছিল বাংলাদেশে ।
পার্বত্য চট্টগ্রামে বিশেষত খাগড়াছড়ি বেঙ্গল বেসিনের সীমাঘেষে অবস্থিত এবং এটি বিশ্বের সবচেয়ে ভৌগোলিকভাবে সক্রিয় অঞ্চলগুলোর অন্যতম। ভারত, বার্মা এবং ইউরেশিয়া প্লেটের প্রভাব এলাকার মধ্যে অবস্থিত হয়ে এই অঞ্চলটি অত্যন্ত ভূমিকম্পপ্রবণ এবং অতীতের অভিজ্ঞতা বলে এই অঞ্চলে ভুমিকম্প ৫.১ থেকে ৫.৫ রিখটার স্কেল পর্যন্ত রেকর্ড করেছে। পার্বত্য অঞ্চল ভৌগোলিকভাবে সমতল ভূমি থেকে আলাদা, খাড়া পাহাড়ী ভূখণ্ড এবং অনেক জায়গায় ঘন বাঁশের জঙ্গল নিয়ে গঠিত। রুক্ষ ভূখণ্ড, গ্রামগুলোর দুরত্ব এবং বিভিন্ন রাজনৈতিক বিষয়গুলো কেন্দ্র করে দীর্ঘস্থায়ী সংঘাত এ অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে গভীরভাবে বাধা দেয়।
পার্বত্য অঞ্চলে, যোগাযোগ ব্যবস্থার দুর্দশা, জাতিগত এবং সাংস্কৃতিক বৈচিত্র্য, আবাসনের ধরণ এবং দীর্ঘ ২৫ বছরের অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে পরিবেশ ও অন্যান্য ঝুঁকির জন্য পার্বত্য চট্টগ্রামকে দুর্বল মনে করা হয়।
গত ১৫০ বছরে, বাংলাদেশ এবং পার্শ্ববর্তী অঞ্চলে সাতটি প্রধান ভূমিকম্প (এমবি = ৭) হয়েছে। বিশেষত, পার্বত্য চট্টগ্রামে বান্দরবানের ১৯৯৯ সালের ২১ নভেম্বরের ভূমিকম্প (এমবি = ৬.০), ১৯৯৭ সালের ২২ জুলাইয়ের মহেশখালীর ভূমিকম্প (এমবি = ৫.১) এবং ১৯৯৯ সালের ২২ জুলাইয়ের বারকোলের (বান্দরবান) ভূমিকম্প (এমবি = ৫.৫) এর মত বিভিন্ন ভূমিকম্প স্থান নিয়েছিল । (তথ্যসূত্রঃ জেআরসি, ২০০৫)

ভূমিকম্প পৌরসভার মানুষ এবং অবকাঠামোর জন্য একটি অন্যতম প্রধান হুমকি। এটি সমগ্র দেশের জন্য একটি বড় হুমকি। বাংলাদেশের প্রধান ঐতিহাসিক ভূমিকম্পগুলো সিলেট অঞ্চলের আঘাত হেনেছিল। বাংলাদেশের প্রধান ভূমিকম্পের তালিকা নিম্নে দেওয়া হয়।

সারণি ১৩-৫: বাংলাদেশের প্রধান ভূমিকম্পসমূহ

সাল	বর্ণনা
১৫৪৮	প্রথম লিপিবদ্ধ ভূমিকপটি ছিল ভয়ঙ্কর। সিলেট এবং চট্টগ্রাম শহর এর ফলে মারাত্মকভাবে কম্পিত হয়। অনেক জায়গায় ভূমি ফেটে পানি এবং সালফরাসের গন্ধযুক্ত কাঁদা বের হয়ে আসে।
১৬৪২	সিলেট জেলায় মারাত্মক ক্ষয়ক্ষতি হয়। দালানে ফাটল সৃষ্টি হয়, কিন্তু কোন প্রাণনাশের ঘটনা ঘটে নি।
১৬৬৩	আসামে মারাত্মক ভূমিকম্প হয়, যা প্রায় আধা ঘন্টা যাবত স্থায়ী হয়। এই ভূমিকম্পের হাত থেকে সিলেট জেলাও মুক্তি পায়নি।
১৭৬২	এপ্রিল ২ তারিখের ভয়ানক ভূমিকম্পের ফলে ফাউল দ্বীপের প্রায় ২.৭৪ মিলিয়ন ক্ষয়ক্ষতি এবং ছেড়ুয়া দ্বীপের উত্তরপশ্চিম অংশে প্রায় ৬.৭১ মি. সমুদ্রপৃষ্ঠের নিচে চলে যায়। এছাড়াও চট্টগ্রামের কাছে প্রায় ১৫৫.৪০ বর্গ কি.মি. জায়গা স্থায়ীভাবে ধ্বংস হয়ে যায়। ভূমিকম্পটি ঢাকায় এবং মেঘনা নদীর পূর্ব পাশে ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করে। ঢাকায়, ৫০০ মানুষ প্রাণ হারায়, নদী এবং ঝিল তাদের স্বাভাবিক উচ্চতার চেয়ে অনেক বেশি ওপরে উঠে আসে, এবং জলাশয়ের পাড় মৃত মাছ দ্বারা পূর্ণ হয়ে যায়। একটি বড় নদী শুকিয়ে যায়, ২০০ মানুষ এবং তাদের গবাদি পশু সহ একটি চর হারিয়ে যায়। সিতাকুন্ড পাহাড়ে দুইটি আগ্নেয়গিরির মুখ খুলে যায় বলে ধারণা করা হয়। অবস্থাণঃ বাংলাদেশের পূর্ব পাশ (২২.০ উ ৯২.০ পূ) মাত্রাঃ ৮.৫
১৭৭৫	১০ এপ্রিল ঢাকায় মারাত্মক ভূমিকম্প হয়, কিন্তু প্রাণনাশের ঘটনা ঘটেনি।
১৮১২	১১ মে বাংলাদেশের বিভিন্ন জায়গায় মারাত্মক ভূমিকম্প হয়। সিলেটে এর মাত্রা খুব বেশি ছিল।
১৮৬৫	ভয়ঙ্কর ঝাঁকুনি অনুভূত হয়। ১৮৬৫ সালের শীতকালে দ্বিতীয় ধাপে ভূমিকম্প হয়। কিন্তু এর ফলে কোন মারাত্মক ক্ষয়ক্ষতি সৃষ্টি হয়নি।
১৮৬৯	এটি ক্যাচার ভূমিকম্প নামে পরিচিত। সিলেটে ভীষণভাবে অনুভূত হয়, কিন্তু কোন মানুষ মারা যায়নি। গীর্জার মিনার ধ্বসে পড়ে, বিচার ভবনের দেয়াল ভেঙ্গে পড়ে এবং সার্কিট বাংলো ভেঙ্গে যায়। এছাড়াও জেলার পূর্ব দিকের অনেক নদীর পাড় বন্দী হয়ে পড়ে।
১৮৮৫	বেঙ্গল ভূমিকম্প নামে পরিচিত। ১৪ জুলাই ৭.০ মাত্রায় মানিকগঞ্জে অনুভূত হয়। এই ঘটনাটি সাধারণত গভীর-যমুনা ফল্টের মাধ্যমে হয়।

সাল	বর্ণনা
১৮৮৯	১০ জানুয়ারী ৭.৫ মাত্রায় জাইন্তিয়া পাহাড়ে সৃষ্টি হয়। এটি সিলেট এবং আসেপাশের অঞ্চল জুড়ে অনুভূত হয়।
১৮৯৭	এটি বৃহত্তর ভারত ভূমিকম্প নামে পরিচিত যার মাত্রা ছিল ৮.৭ এবগ্ন এটি শিলং প্ল্যাটেও অঞ্চলে সৃষ্ট হয়। এই বিশাল ভূমিকম্পটি ১২ জুন বিকেল ৫.১৫ মিনিটে অনুভূত হয়। সিলেট জেলার বাসা বাড়ির ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করে এবং দালান ধ্বসের ফলে ৫৪৫ জন মানুষ প্রাণ হারায়। এই ভূমিকম্পটি বাংলাদেশের পূর্বে লুসাই পাহাড় থেকে পশ্চিমে শাহবাদ পর্যন্ত অনুভূত হয়। ময়মনসিংহ জেলার অনেক সরকারি দালান যেমন জেলা পরিষদ ভবন, বিচার ভবন বেঁকে যায় এবং দোতলা জমিদার বাড়ির খুব কমই টিকে থাকে। ঢাকা-ময়মনসিংহ ব্রিজের ব্যাপক ক্ষতি হয় যার ফলে রেলওয়ে এবং যানবাহন প্রায় এক রাতের জন্য বন্ধ থাকে। ব্রহ্মপুত্র নদীর যোগাযোগ ব্যবস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়। জীবনের ক্ষতি তেমন বেশি ছিল না, কিন্তু সম্পদের ব্যাপক ক্ষতি হয়, যার মূল্য ছিল প্রায় ৫ মিলিয়ন রুপি। রাজশাহীর পূর্বপাশে মারাত্মক ঝাঁকুনি অনুভূত হয়, যার ফলে ১৫ জন মানুষ মারা যায়। ঢাকায় সম্পদের ক্ষয়ক্ষতির পরিমাণ খুব বেশি ছিল। ত্রিপুরায় পুরনো মন্দির এবং মিশনারি ভবন মারাত্মক ক্ষতির মুখোমুখি হয়।
১৯১৮	শ্রীমঙ্গল ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৮ জুলাই ৭.৬ মাত্রায় অনুভূত হয়, যার কেন্দ্রে ছিল শ্রীমঙ্গল এবং মৌলভিবাজার। শ্রীমঙ্গলে কিছু পরিমাণ ক্ষয়ক্ষতি হলেও ঢাকায় খুব কম পরিমাণে অনুভূত হয়।
১৯৩০	ধুবড়ি ভূমিকম্প নামে পরিচিত। এটি ৩ জুলাই ৭.১ মাত্রায় সৃষ্টি হয়, এর কেন্দ্রে ছিল ধুবড়ি এবং আসাম। এই ভূমিকম্পটি রংপুর জেলার পূর্বপাশে মারাত্মক ক্ষয়ক্ষতি সৃষ্টি করে।
১৯৩৪	বিহার-নেপাল ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৫ জানুয়ারী ৮.৩ মাত্রায় অনুভূত হয়। এটি ভারতে অবস্থিত বিহারের দাঁড়ভাঙ্গা ধ্বলে অনুভূত হয়। এই ভূমিকম্পটি বিহার, নেপাল এবং উত্তর প্রদেশে ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করলেও বাংলাদেশে তেমন কোন প্রভাব পড়েনি। এছাড়াও ৩ জুলাই ৭.১ মাত্রার আরেকটি ভূমিকম্প সৃষ্টি হয়, যেটি একইভাবে ভারতের আসাম রাজ্যের ধুবড়ি অঞ্চলে হানা দেয়। এই ভূমিকম্পটি বাংলাদেশের রংপুর জেলায় স্বল্প পরিমাণ ক্ষয়ক্ষতির সৃষ্টি করে।
১৯৫০	আসাম ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৫ আগস্ট ৮.৪ মাত্রায় অনুভূত হয়। বাংলাদেশেও এটি অনুভূত হয়, কিন্তু কোন ক্ষয়ক্ষতি হয়না।
১৯৯৭	২২ নভেম্বর চট্টগ্রামে ৬.০ মাত্রায় অনুভূত হয়। এটি চট্টগ্রাম জেলায় স্বল্প পরিমাণ ক্ষয়ক্ষতি সৃষ্টি করে।
১৯৯৯	২২ জুলাই মহেশখালী দ্বীপে ৫.২ মাত্রায় অনুভূত হয়। আশেপাশের অঞ্চলে এবং সমুদ্রে ভয়ানকভাবে অনুভূত হয়। বাসা বাড়ীতে ফাটল ধরে এবং কিছু ঘর ভেঙ্গে যায়।
২০০৩	রাঙামাটি জেলার কলাবুনিয়া ইউনিয়নের বারকাল উপজেলায় ২৭ জুলাই সৃষ্টি হয়। এটি ৫.১ মাত্রায় ০৫:১৭:২৮.৮ সময়ে অনুভূত হয়।
২০১১	এই ভূমিকম্পটি বাংলাদেশের উত্তরাংশে আঘাত হানে। এছাড়াও ঢাকা, রংপুর, কুড়িগ্রাম, সিলেট, বরিশাল, ফরিদপুর, যশোর, খুলনা, পাবনা, বগুড়া, কুমিল্লা, নোয়াখালি এবং চট্টগ্রামের আসে পাশের এলাকায় অনুভূত হয়। মানুষ হতবম্ব হয়ে এদিক সেদিক ছোটাছুটি করতে থাকে, কিন্তু বেশ কিছু বাড়িতে ফাটল ধরা ছাড়া তেমন কোন ক্ষয়ক্ষতি হয়নি। ভূমিকম্পের সময় টেলিফোন এবং মোবাইল ফোনের সংযোগ কিছুসময়ের জন্য বিচ্ছিন্ন থাকে। অবস্থাণঃ কাঞ্চনজঙ্গা সংরক্ষিত এলাকা, নেপালের সীমানার কাছে এবং ইনডিয়ান স্টেট অফ সিক্কিম, তারিখঃ ১০-সেপ্টেম্বর-২০১১, মাত্রাঃ ৬.৯ সময়ঃ ৩০-৪০ সেকেন্ড, গভীরতাঃ ১৭.৭ কি.মি.।

Source: http://en.banglapedia.org/index.php?title=Earthquake; Accessed on June 6, 2016

সমগ্র চট্টগ্রাম অঞ্চল, এমনকি খাগড়াছড়িকে অবশ্যই মারাত্মক ভূমিকম্প মোকাবেলা করার জন্য প্রস্তুত থাকতে হবে। কারণ এইসব অঞ্চল বার্মা এবং উরাশিয়া সমতলের কাছাকাছি অবস্থিত।

মানচিত্র ১৩-২: বাংলাদেশের ভূমিকম্প প্রবণ জোনে খাগড়াছড়ি পৌরসভার অবস্থান



তথ্যসূত্র: বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (খসড়া), ২০১৪

সারণি ১৩-৬: বাংলাদেশের সিসমিক জোনের বিস্তারিত

সিসমিক জোন	অবস্থান	প্রবলতা	সিসমিক জোন Coefficient
০১	দক্ষিণ-পশ্চিম অঞ্চল যেমন, বরিশাল, খুলনা, যশোর এবং রাজশাহী।	কম	০.১২
০২	দক্ষিণ-কেন্দ্রীয় এবং উত্তর-পশ্চিম অঞ্চল ও দক্ষিণ-পশ্চিম অঞ্চল, যেমন, নোয়াখালী, ঢাকা, পাবনা, দিনাজপুর ও সুন্দরবন।	মাঝারী	০.২০
০৩	উত্তর-কেন্দ্রীয় এবং উত্তর-পশ্চিম অঞ্চল,যেমন, ব্রাহ্মণবাড়ীয়া, সিরাজগঞ্জ, রংপুর	তীব্র	০.২৮
০৪	উত্তর এবং উত্তর-পূর্ব অঞ্চল যেমন, সিলেট,ময়মনসিংহ, কুড়িগ্রাম	অধিক তীব্র	০.৩৬

তথ্যসূত্র: বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (খসড়া), ২০১৪

খাগড়াছড়ি ৩ নং ভূমিকম্প জোনে অবস্থিত, যেটি বাংলাদেশের তীব্র ভূমিকম্প প্রবণ জোন। মহাপরিকল্পনা এই বিপদকে বিবেচনা করবে, এবং জানমালের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

১৩.৩.৮.২ ভূমিধ্বস

বাংলাদেশের দক্ষিণাঞ্চলের পাহাড়ি এলাকায় ভূমিধ্বস সাধারণ ঘটনা, বিশেষ করে বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি এবং কক্সবাজার। প্রায় প্রতি বছরই বর্ষাকালে প্রাকৃতিক কিংবা মানব-সৃষ্ট পাহাড়ি ঢালগুলো ধ্বসে পড়ে। প্রতিবছরই ভূমিধ্বসের ফলে খাগড়াছড়ির প্রধান সড়ক ক্ষতিগ্রস্থ হয়, ফলে দেশের অন্যান্য অঞ্চলের সাথে খাগড়াছড়ির যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। শুধু সড়ক নয়, ভূমিধ্বসের ফলে অনেক অবকাঠামো ক্ষতির সম্মুখীন হয়, এমনকি অনেক মানুষ প্রাণ হারায়। দালান এবং অন্যান্য অবকাঠামোর কারণে সৃষ্ট ভূমিধ্বস পাহাড়ি জেলার সকল নগর ও অর্ধ-নগর অঞ্চলে প্রায় নিষিদ্ধ। কিন্তু খাগড়াছড়ি পৌরসভায় কিছু জটিল অবকাঠামো রয়েছে। এছাড়াও পাহাড়ি ঢালে জুম অথবা অন্যান্য শস্য চাষের ফলেও ভূমিধ্বস হয়ে থাকে। যদিও ভূমিধ্বসের প্রধান কারণ হিসেবে পাহাড় কাটা কে চিহ্নিত করা হয়েছে।

খাগড়াছড়িতে ভূমিধ্বসের প্রভাব

বাংলাদেশে ভূমিধ্বস এবং এর অনাকাঙ্ক্ষিত ক্ষয়ক্ষতি নতুন কিছু নয়। কিন্তু বেশ কয়েকবছর থেকে ভূমিধ্বসের পরিমাণ মাত্রাতিরিক্ত ভাবে বেড়েছে। এর মূল কারণ হিসেবে অপরিকল্পিত নগরায়ন, পাহাড় কেটে ফেলা, জুম চাষ, বৃক্ষনিধন ইত্যাদি কে ধরা হয়েছে। খুব সম্প্রতি (জুন, ২০১৭) ঘটে যাওয়া ভূমিধ্বসের তথ্য সারণি ১৩-৭ এ দেখান হল। এই ভূমিধ্বসের ফলে অনেক মানুষ (১৬০ জন) প্রাণ হারায়, অনেক মানুষ (১৮৭ জন) আহত হয় এবং অগণিত বাড়িঘর (৬০০০ টি অবকাঠামো) ভেঙ্গে যায়। এটি ২০০৭ সালের পর থেকে সবচেয়ে ভয়ংকর দুর্যোগ হিসেবে ধরা হয়। এটি বান্দরবান, চট্টগ্রাম, কক্স-বাজার, খাগড়াছড়ি ও রাঙামাটি এই ৫ জেলার প্রায় ৮০,০০০ মানুষকে ক্ষতিগ্রস্থ করে। এদের ভেতর ৪২,০০১ জন মানুষ বেশি ক্ষতিগ্রস্থ হয়, বাড়িঘর এবং সর্বস্ব, মৌলিক জিনিসপত্র, খাদ্য সরবরাহ হারায়। ক্ষতিগ্রস্থদের ভেতর প্রায় ৪৬% মানুষ রাঙ্গামাটির, ২৫% মানুষ বান্দরবানের, ২৫% মানুষ চট্টগ্রামের, ২% মানুষ কক্সবাজারের এবং ১% মানুষ খাগড়াছড়ির বাসিন্দা।

লা-নিনো প্রভাবের ফলে বাংলাদেশে বেশ কয়েক বছর থেকে মাত্রাতিরিক্ত বৃষ্টিপাত হচ্ছে। এছাড়াও পাহাড় কাটা এবং বৃক্ষনিধন মাত্রাতিরিক্ত হারে বেড়ে চলেছে। দিনদিন গাছপালার পরিমাণ কমছে, যার ফলে বৃষ্টিপাতের পরিমাণ ঠিক নেই, অতিরিক্ত বৃষ্টির পানি গিয়ে সরাসরি নদীতে পড়ছে। যার ফলে নদীর তীরে পানির অধিপ্রবাহ হচ্ছে। এছাড়াও বিগত কয়েকবছর থেকে নিম্নচাপের ফলে মাটির বৈশিষ্ট পরিবর্তন, ঢালের অস্থিতিশীলতা ইত্যাদিও মারাত্মক দুর্যোগ সৃষ্টি হচ্ছে।

সারণি ১৩-৭: আক্রান্ত জনসংখ্যার লিঙ্গ ও বয়স পর্যালোচনা (SADD)

জেলা	০-১৯ বছর			৬৫+ বছর			সর্বমোট মহিলা	সর্বমোট পুরুষ	মোট আক্রান্ত
	মহিলা	পুরুষ	মোট	মহিলা	পুরুষ	মোট			
রাঙামাটি	১০,০৭৩	১১,১৪৭	২১,২২০	৮৮৫	৯৭৯	১,৮৬৪	২২,৬৮৭	২৫,১০৬	৪৭,৭৯৩
বান্দরবান	৪,৪৮৩	৪,৮৫৭	৯,৩৪০	৪৭৭	৫১৭	৯৯৪	৯,৯৮৭	১০,৯৭৯	২০,৯৬৬
খাগড়াছড়ি	৫৩৭	৫৬১	১,০৯৭	৫১	৫৩	১০৩	১,১৪৯	১,২০১	২,৩৫০

চট্টগ্রাম	৫,৬৯৭	৫,৭৮৯	১১,৪৮৬	৪৮১	৪৮৮	৯৬৯	১২,৭১৬	১২,৯২২	২৫,৬৩৮
কক্সবাজার	৪৫৬	৪৭৫	৯৩১	২৭	২৮	৫৪	৮৫৬	৮৯৪	১,৭৫০
মোট	২১,২৪৬	২২,৮২৯	৪৪,০৭৫	১,৯২০	২,০৬৫	৩,৯৮৪	৪৭,৩৯৫	৫১,১০২	৯৮,৪৯৭

মানচিত্র ১৩-৩: উপজেলায় মারাত্মকভাবে আক্রান্ত মানুষের সংখ্যা (NIRAPAD)



ভূমিধ্বস প্রতিরোধের জন্য কিছু সাধারণ প্রকৌশলগত কৌশল হচ্ছে, ভূ-সমতল এবং সমতলের নিচে নিষ্কাশন ব্যবস্থা, ঢালের অস্থিতিশীল উপাদান সরিয়ে ফেলা, প্রতিরোধের জন্য দেয়াল তৈরী করা ইত্যাদি। এর মধ্যে বেশ কিছু কৌশল বাংলাদেশে ব্যবহার করা হয়। বান্দরবানে সংযুক্ত বায়ো-প্রকৌশল এবং নিষ্কাশন-নিয়ন্ত্রণ প্রক্রিয়া (Geo-Jute Textile method) নামক ভূমিধ্বস প্রতিরোধ এবং কমানোর জন্য একটি সফল প্রক্রিয়া চালানো হয়। (সিফাতুল কাদের চৌধুরী, বাংলাপিডিয়া, ২০১৭)

মানচিত্র ১৩-৪: খাগড়াছড়ি পৌরসভার ভূমিধ্বসে ঝুঁকিপূর্ণ এলাকার মানচিত্র



১৩.৩.৮.৩ বজ্রপাত

বজ্রপাত বিষয়ক তথ্য থেকে দেখা যায় বাংলাদেশে ১৯৯০ থেকে মধ্য ২০১৬ পর্যন্ত সর্বমোট ৫৪৬৮ জন বজ্রপাতে হতাহত হয়। এর মধ্যে ৩০৮৬ নিহত এবং ২৩৮২ জন আহত হয় (Deawn et al., 2017) । বাংলাদেশে গড়ে প্রতিবছর ১১৪ জন বজ্রপাতে হতাহত হয়। সম্প্রতি বজ্রপাত জনিত দূর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। সম্প্রতি বজ্রপাতে ৮১ জনের মৃত্যুর পর সরকার এটিকে জাতীয় দুর্যোগ বলে ঘোষণা করেছে। খাগড়াছড়িতে ও বজ্রপাতে মৃত্যুও ঘটনা ঘটছে। বজ্রপাত সম্পর্কিত আবহাওয়া সংক্রান্ত ঝুঁকির কার্যকরী ব্যবস্থাপনায় প্রাসঙ্গিক সংস্থাকে সাহায্য করার জন্য বজ্রপাতের ফলে সৃষ্ট জনজীবনের ক্ষতির স্থানিক, ক্ষণস্থায়ী এবং সামাজিক দিকগুলো নির্ণয় করা হয়। বাংলাদেশের ক্ষেত্রে বছরে গড়ে ১১৪ মানুষ মারা যায় এবং ৮৯ জন আহত হয়। বিগত ৬ বছরে মৃত্যুর হার ছিল ১.৬ এবং হতাহতের হার ১.৪। এর ভেতর গ্রামাঞ্চলে মৃত্যুর পরিমাণ ৯৩ শতাংশ। বেশীরভাগ মৃত্যু খুব সকালে (0600 LST) অথবা সন্ধ্যায় (2000) ঘটে থাকে।

সম্প্রতি বাংলাদেশে ঘন ঘন বজ্রপাতের সংখ্যা বাড়ছে। বেশ কিছু দিন ধরে বজ্রপাতে ৮১ জন মানুষ মৃত্যুবরণ করেছে, এবং যার ফলে সরকার একে জাতীয় দুর্যোগ হিসেবে ঘোষণা করেছে। এই বজ্রপাতের সময় খাগড়াছড়িতেও হতাহতের ঘটনা ঘটে।

সারণি ১৩-৮ এ ১৯৯০ সালের জুন মাস থেকে জেলার নাম, জেলার জনসংখ্যা (মিলিয়ন), আয়তন (বর্গ কিমি), বজ্রপাতের ফলে সৃষ্ট মৃত্যুর সংখ্যা এবং ক্রম, বছরে গড় মৃত্যুহার এবং ক্রম এবং মৃত্যুহারের ঘনত্ব প্রতি মিলিয়ন প্রতি বর্গ কিমিতে প্রতি বছরে কত এবং জেলা অনুসারে এর ক্রম দেয়া আছে (দেওয়ান এবং আরো অনেকে, ২০১৭)

সারণি ১৩-৮: খাগড়াছড়ি পৌরসভায় বজ্রপাতের ফলে সৃষ্ট মৃত্যু এবং হতাহত হওয়ার তথ্য

জেলার নাম	গড় জনসংখ্যা (মিলিয়ন)	ক্ষেত্রফল (বর্গ কি.মি.)	মৃত্যু		ক্ষতি		মৃত্যুহার		মৃত্যুহারের ঘনত্ব	
			সংখ্যা	ক্রম	সংখ্যা	ক্রম	ক্রম	হার	ক্রম	ঘনত্ব
খাগড়াছড়ি	০.৫	২৬৪০.৯	২৪	৫২	১৪	৫১	১.৮০	৮	০.০০৯ ০৮৮	৫৮
রাঙামাটি	০.৫	৬০৫৮.৫	১৮	৫৮	১২	৫৩	১.৩৩	১৮	০.০০২ ৯৭১	৬১
বান্দরবান	০.৩	৪৯৬১.৭	৮	৬২	১	৬২	০.৯৭	২৮	০.০০১ ৬১২	৬৩

মানচিত্র ১৩-৫: বজ্রপাতে জেলাভিত্তিক বাৎসরিক মৃত্যুর হার প্রতি দশ লক্ষে। রঙ ছায়াকরনের ব্যাপ্তি (Color Sheading) সর্বোচ্চ লাল থেকে সর্বনিম্ন নীল পর্যন্ত বিস্তৃত। জেলা ভিত্তিক মৃত্যুর হার ক্রম সংখ্যার ভিত্তিতে করা হয়েছে; (Source: Dewan et al., 2017).



মানচিত্র ১৩-৬: জেলা ভিত্তিক প্রতিবছর প্রতি দশ লক্ষে বজ্রপাতে মৃত্যুহার।



প্রকল্প এলাকার বৈদ্যুতিক লাইনের উপর বাজ এবং বজ্রপাতের প্রভাব ***চিত্রলেখ ১৩-২*** এ দেখানো হয়েছে।

চিত্র ১৩-২: বিদ্যুৎ লাইনে বজ্রপাতের একটি ছবি

সতর্কতাসমূহঃ

- পাম এবং নারিকেল জাতীয় লম্বা বৃক্ষ রোপণ।
- দালান নির্মাণের সময় অভিজ্ঞ প্রকৌশলী দ্বারা বজ্রপাতের সময় সুরক্ষিত থাকার জন্য কাঠামো তৈরী করা (যেমন ভূমির সাথে যুক্ত রড – আর্থিং)।

বিদ্যুৎ চমকানোর সময় সতর্কতাঃ

- বাড়ির বাইরে থাকাকালীন সময়ে অবশ্যই কোন নিরাপদ স্থানে চলে যেতে হবে – যদি সম্ভব হয়, তাহলে কোন বাড়িতে প্রবেশ করা।
- ভাসমান পানি, পুকুর, উপত্যকার পানিপ্রবাহ অথবা বাঁধে হাঁটা কিংবা সাঁতার কাটা খুবই বিপজ্জনক।
- ভারীবর্ষণের সময় বৈদ্যুতিক সংযোগস্থল কিংবা তার থেকে দূরে থাকতে হবে।
- বজ্রপাতের সময় নিকটবর্তী কোন বাড়ি কিংবা গাড়ির ভেতর প্রবেশ করে জীবন নিশ্চিত করতে হবে।
- বজ্রপাতের সময় গাছ অথবা বৈদ্যুতিক খুঁটির নিচে দাঁড়িয়ে থাকা যাবে না।
- উঁচু ভূমি অথবা দালানের ছাদে থাকা যাবে না।
- বজ্রপাতের ফলে অগ্নিকান্ড সৃষ্টি হতে পারে, তাই আগুন নিয়ন্ত্রণের ব্যবস্থা রাখতে হবে।
- জানালা এবং ধাতব দরজা থেকে দূরে থাকতে হবে।

১৩.৩.৮.৪ সড়ক দূর্ঘটনা

প্রধান সড়কগুলোতে অনিয়মিত বাঁকের ফলে খাগড়াছড়ি এলাকায় বেশকিছু সড়ক দূর্ঘটানাও ঘটে থাকে। পাহাড়ি অঞ্চল হওয়ার কারণে রাতে সঠিক রাস্তা নির্ণয় করা গাড়ির চালকদের জন্য কঠিন হয়ে পড়ে। আয়না কিংবা অন্যান্য প্রকৌশলগত ব্যবস্থা নিয়ে সড়ক দূর্ঘটনা কমানো উচিৎ।

১৩.৩.৮.৫ আগুন

খাগড়াছড়িতে অগ্নিসংযোগ খুবই সাধারণ ঘটনা। জেলার ফায়ার সার্ভিস এবং সামরিক বাহিনী অগ্নিপাতের সময় জনসাধারণ কে তাৎক্ষণিক ভাবে সহায়তা করে। তারা বিভিন্ন দুর্যোগের সময়েও উদ্ধার কার্য চালান।

১৩.৩.৮.৬ জলাবদ্ধতা এবং বন্যা

খাগড়াছড়ি একটি বন্যাকবলিত এলাকা এবং এটি প্রধানত পাহাড় হতে সৃষ্ট আকস্মিক বন্যার আক্রান্ত হয়। আকস্মিক বন্যা এবং পর্যাপ্ত নিষ্কাশন ব্যবস্থার অভাব পৌরসভা কতৃপক্ষের প্রধান চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। অতিরিক্ত জনসংখ্যার জন্য পর্যাপ্ত নিষ্কাশন ব্যবস্থা না থাকায় খাগড়াছড়ি জেলার প্রধান নদী চেঙ্গির পাড়ে এবং নদীতে পলি জমে এর গভীরতা কমিয়ে দিচ্ছে। এর কারণ হচ্ছে উঁচু জমি থেকে সৃষ্ট আকস্মিক বন্যায় আগত পানির অধিপ্রবাহ নদীর দুই তীর ডুবিয়ে দেয়। বর্ষাকালে এই ঘটনা খুব ঘনঘন ঘটে। জলাবদ্ধতা এই এলাকার আরেকটি সমস্যা, যেটি পৌরসভার মানুষের দৈনন্দিন জীবনে সমস্যা সৃষ্টি করে। সর্বোচ্চ জলাবদ্ধতা ওয়ার্ড নং ৯ এ হয়। ফুটবিলের নিচু জমি, তেঁতুল তলা, বটতলী এবং অপর্ণা

চৌধুরী পাড়া, শান্তিনগর, শব্দমিয়া পাড়া পাহাড় হতে সৃষ্ট আকস্মিক বন্যা এবং ভারী বর্ষণের ফলে প্লাবিত হয়। FGD এর মতে, প্লাবিত এলাকার মাঝে বটতলী এবং ফুটবিল এলাকায় প্লাবিত হয় ৫৪.১১%, এসব এলাকায় দুই থেকে তিন মাস পর্যন্ত বন্যার পানি স্থায়ী হয়। ওয়ার্ড নং ১ এর সিঙ্গিনালা পাড়া এবং খবংপুরিয়া এলাকায় চেঙ্গি নদীর অধিপ্রবাহের ফলে বর্ষাকালে জলাবদ্ধতা সৃষ্টি হয়, এটি মোট ওয়ার্ডের ৯.৮৮% জমি প্লাবিত করে এবং প্রায় ৬ থেকে ৮ ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়। ওয়ার্ড নং ২ এবং ৩ এর ৭% এবং ৮.৬৫% এলাকা প্লাবিত হয়, এছাড়াও ওয়ার্ড নং ৩ এ নদীভাঙ্গনের ঘটনা ঘটে। এখানে প্রায় ৫ থেকে ৬ ঘন্টা জলাবদ্ধতা থাকে। ওয়ার্ড নং ৫ এবং ৮ এ অন্যান্য ওয়ার্ডের চেয়ে প্লাবিত হওয়ার পরিমাণ কম এবং পানি খুবই কম সময়ের জন্য থাকে, সাধারণত এক ঘন্টারও কম। ওয়ার্ড নং ৪ ও ৬ এ খুব সীমিত পরিমাণে জলাবদ্ধতা হয়।

মানচিত্র ১৩-৭: খাগড়াছড়ি পৌরসভায় জলাবদ্ধ এলাকা



১৩.৩.৮.৭ পানির স্বল্পতা এবং খাদ্যাভাব

পৌরসভার মোট এলাকার প্রায় অর্ধেকেরও বেশি এলাকায় এখনো DPHE এর সরবরাহকৃত পানির সংযোগ পৌঁছায়নি। পানি সরবরাহ পাইপের মোট দৈর্ঘ্য ৪৩.৭৭ কিলোমিটার, যার সাহায্যে মাত্র ২ লাখ গ্যালন পানি প্রতিদিন সরবরাহ করা যায়, যেখানে পানির সর্বমোট চাহিদা প্রায় ৮ গ্যালন। এখানে ৫৪২ টি সক্রিয় চাপকল রয়েছে, যেগুলো বাসাবাড়ির দৈনন্দিন কাজে ব্যাবহৃত হয়, যেগুলো এখনো পৌরসভার সরবরাহের বাইরে। পাহাড়ি অঞ্চলগুলোতে পানির স্তর নিচে হওয়ায় চাপকলের সাহায্যে পানি পাওয়া যায় না। প্রধানত ওয়ার্ড নং ৯ পানির অভাব সবচেয়ে বেশি দেখা যায়, কারণ এখানে পৌরসভা থেকে কোন পানি সরবরাহ করা হয় না। এই ওয়ার্ডের কালা ডেবা বস্তি এবং ফুটবিল পাড়া বস্তি নামক দুইটি বস্তিতে পর্যাপ্ত পানির ব্যবস্থা নেই। যার ফলে অধিকাংশ পরিবার চেঙ্গি নদীর পানি ব্যবহার করে।

কিছু এলাকায় পৌরসভার পানি সরবরাহ সুবিধা সন্তোষজনক নয়। বেশীরভাগ সময় কিছু সময়ে পানির পরিমাণ খুবই কম থাকে। ***সারণি ১৩-৯*** এ বিভিন্ন এলাকায় পানির স্বল্পতা, ঘনত্ব এবং অবস্থা দেখান হল।

ক্ষেত্র পরিদর্শনের সময় আমরা কিছু মানুষকে খাদ্যাভাব সম্পর্কে জিজ্ঞেস করেছিলাম, তাদের প্রদত্ত তথ্য হতে আমরা জেনেছি যে, এই বছরে বেশীরভাগ শস্য ইদুর নষ্ট করে ফেলেছে এবং যার ফলে তাদের বেঁচে থাকার মত খাদ্য নেই। স্থানীয় চাকমারা বলেছেন, সরকার প্রদত্ত ত্রাণের পরিমাণ এতই কম যে, সামনের মাসগুলোতে ত্রাণ পাহাড়ি এলাকায় আসার কোন সম্ভাবনা নেই।

সারণি ১৩-৯: খাগড়াছড়ি পৌরসভায় পানির অভাবের ঘনত্ব এবং অবস্থার মাত্রা

ওয়ার্ড নং	পানির অভাব	পানির অভাবের মাত্রা	আক্রান্ত এলাকা	মন্তব্য
১	কম	কম	সিঙ্গিনালা পাড়া	সিঙ্গিনালা বস্তির পরিবারসমূহ বেশি ভুক্তভুগী।
২	বেশি	বেশি	উত্তর সবুজবাগ, রাসুলপুর, কুমিল্লা টিলা	বেশীরভাগ এলাকায় DPHE প্রদত্ত পানির সরবরাহ নেই।
৩	মাঝারী	মাঝারী	পশ্চিম ইসলামপুর, রমণী পাড়া, খাগড়াপুর	খাগড়াপুর এবং পশ্চিম ইসলামপুরের অধিকাংশ পরিবার বিভিন্ন খাল এবং ছড়া হতে পানি সরবরাহ করে।
৪	বেশি	বেশি	শালবন এলাকা, পুলিশ লাইন এলাকা	শালবন বস্তির মানুষ বেশি ক্ষতিগ্রস্থ।
৫	কম	কম	পানখাইয়া পাড়া	কেবল পানখাইয়া পাড়া বস্তিতে পানির অভাব দেখা যায়।
৬	কম	কম	নয়নপুর	নয়নপুর বস্তি এলাকার মানুষ অধিক ভুক্তভুগী।
৭	বেশি	বেশি	চেঙ্গি নদীর পাড়ের এলাকা	এই ওয়ার্ড এ এখনো কোন পানির সরবরাহ নেউ, গ্রীষ্মকালে পানির অভাব সর্বোচ্চ।

মানচিত্র ১৩-৮: খাগড়াছড়ি পৌরসভার পানি স্বল্পতার ঝুঁকি



১৩.৪ দূষণ প্রতিরোধ ব্যবস্থা

১৩.৪.১ শব্দ দূষণ প্রতিরোধ

অগ্রহণযোগ্য উচ্চ মাত্রায় শব্দ বিরক্তির উদ্রেক সৃষ্টি করে এবং শারীরিক ও মানসিক শান্তি নষ্ট করে এবং স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টি করে। পানি দূষণের মত শব্দ দূষণও শহরবাসীর জন্য স্বাস্থ্য হানিকর। মোটর যানবাহন এই শব্দ দূষণের প্রধান কারণ। এ ছাড়াও শিল্প কারখানা, নির্মাণকাজ, লাউড স্পিকার শব্দ দূষণের কারণ হতে পারে। যদিও খাগড়াছড়ি পৌরসভায় বর্তমানে মোটর যানবাহনের পরিমাণ খুব বেশি নয়, কিন্তু নগরায়নের ফলে এই এলাকায় ভবিষ্যতে যানবাহনের সংখ্যা বৃদ্ধি পাবে। সম্প্রতি শাপলা চত্বর পৌরসভার অন্যান্য এলাকার চেয়ে ব্যাস্ত এবং এখানে বেশি শব্দ সৃষ্টি হয়। এই মুহূর্তে খাগড়াছড়ি শব্দ দূষণ না থাকলেও মোটর গাড়ি বৃদ্ধির সাথে সাথে শব্দ দূষণ বাড়তে পারে। এখানে শব্দ দূষণ প্রতিরোধের জন্য কিছু ব্যবস্থা প্রস্তাব করা হলো।

- বাস, ট্রাক বা অন্য যে কোন গাড়িতে হাইড্রোলিক হর্ণ ব্যবহার বন্ধ করতে হবে।
- হাসপাতাল, স্কুল,পার্ক প্রভৃতি এলাককে নিঃশ্চুপ এলাকা হিসাবে ঘোষণা করতে হবে।
- আইনের শক্ত বাস্তবায়ন।
- স'মিলের মেশিনের অস্বাভাবিক উচ্চ শব্দ বন্ধের জন্য পুরনো যন্ত্রপাতি প্রতিস্থাপন অথবা ঠিক করাতে হবে।
- মেশিনের ভিত্তি বিশেষভাবে নির্মাণ করতে হবে যেন শব্দ কম হয়। এ জন্য মেশিনের সঙ্গে বিশেষ ধরণের সাইলেন্সার জুড়ে দেয়া যেতে পারে।
- ওয়েল্ডিং এবং কামারের দোকানের কর্মীরা নিরাপত্তামূলক ইয়ার প্লাগ এবং চশমা ব্যবহার করতে পারেন।
- যেসব মানুষ নিয়মিত ওয়েল্ডিং এবং কামারখানায় কাজ করে, তাদেরকে অবশ্যই ইয়ারপ্লাগ এবং চশমা পরিধান করতে হবে। এছাড়াও স্বাস্থ্য ঝুঁকি কমাতে নিয়মিত মেডিকেল চেক-আপ করাতে হবে।

১৩.৪.২ বায়ু দূষণ প্রতিরোধ

মোটর যানবাহন কম হওয়ায় খাগড়াছড়ি পৌরসভায় এখনো বায়ু দূষণ কম। পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৭ এর মান অনুযায়ী আবাসন এবং গ্রাম এলাকায় বায়ুতে SPM সর্বোচ্চ নিম্নবর্ণিত হওয়া উচিত:

- বাতাসে ভেসে বেড়ানো বস্তুকণা = ২০০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- সালফার ডাই অক্সাইড = ৮০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- কার্বণ মনোক্সাইড = ২০০০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- অক্সাইড নাট্রোজেন = ৮০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার

কিন্তু CBD এবং BSCIC এর মত এলাকাগুলোতে বিভিন্ন রকমের বায়ুর মান থাকতে পারে।

প্রতিরোধ

- বাসে, ট্রাক, ট্যাক্সি এবং টেম্পোতে Catlytic Converter লাগাতে হবে।
- পেট্রোলের পরিবর্তে CNG ব্যবহার করতে হবে।
- ইট ভাটায় ১২০ ফুট চিমনি এবং ফিল্টার ব্যবহার করতে হবে যেন CO, SO_2 এবং NO_2 গ্যাস হ্রাস করা যায়।
- বাড়িঘর, বাজার এবং ক্ষেত খামারের পাশে ইট ভাটা নির্মাণ বন্ধ করতে হবে।
- ছোট রাস্তা ব্যবহার করে পাথর ও বালুবাহী ট্রাক চলাচল বন্ধ করতে হবে।

১৩.৪.৩ ভূ-পৃষ্ঠস্থ পানি দূষণ প্রতিরোধ

অনেকভাবে ভূ-পৃষ্ঠস্থ পানি দূষিত হতে পারে। এর মধ্যে আছে, বর্জ্য পানি দ্বারা, ল্যাট্রিনের পানি দ্বারা, কঠিন বর্জ্য দ্বারা, অপরিশোধিত কারখানা বর্জ্য দ্বারা। খাগড়াছড়িতে, ড্রেনের সঙ্গে যুক্ত ল্যাট্রিনের বর্জ্য চূড়ান্ত পর্যায়ে চেঙ্গি নদীতে পড়ে যা নদীর পানিকে দূষিত করে। সাম্প্রতিককালে ভূ-পৃষ্টস্থ পানি উচ্চ ঘনত্বের ময়লা পানি নির্গমন, স্যানিটারি বর্জ্য, সেপটিক

ট্যাংক এবং পিটের অধিক প্রবাহ, শিল্প-কারখানার বর্জ্য, কাঁচা বাজারের পানির প্রবাহ, অনিয়মিত কঠিন এবং মেডিকেলের বর্জ্য ফেলার ফলে পানি দূষণ অত্যাধিক হারে বাড়ছে।

প্রতিরোধ

- সব কাঁচা, পিট ও ঝুলন্ত ল্যাট্রিন অপসারণ করে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন করতে হবে।
- সেপটিক ট্যাংক ও সোকওয়েল সহ পাকা ল্যাট্রিন প্রসার ঘটাতে হবে।
- ড্রেন, খাল, নদীতে বা যেখানে সেখানে হাসপাতাল ও অন্যান্য বর্জ্য ফেলা বন্ধ করতে হবে।
- স্বাস্থ্য সম্মত কসাইখানা, মাছ এবং কাঁচা বাজার তৈরী করতে হবে।
- ডোবা, খাল, বিল বা নদীতে ফেলার আগে শিল্প বর্জ্য পরিশোধন করতে হবে।
- বর্জ্য পানি এবং মনুষ্য বর্জ্য পরিশোধনের জন্য শোধনাগারের ব্যবস্থা করতে হবে।
- পৌরসভার কসাইখানা ব্যবহারে উৎসাহিত করতে হবে, যেখানে সেখানে প্রাণী বর্জ্য ফেলা বন্ধ করতে হবে।

১৩.৪.৪ ভূ-গর্ভস্থ পানি দূষণ প্রতিরোধ

ম্যাঙ্গানিজ, লোহা এবং খার থাকার কারণে মূলত ভূ-গর্ভস্থ পানিদূষণ এই এলাকার প্রধান সমস্যাগুলোর একটি। নগর এলাকার বিস্তৃতি, ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা বৃদ্ধি এ সমস্ত কারণে পানিতে দূষণ বাড়ছে।

প্রতিরোধ

- পানি সরবরাহের জন্য চেঙ্গি নদীর ভূ-পৃষ্ট পানি ব্যবহার করা।
- বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা চালু করতে হবে।
- ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা হ্রাস করতে হবে।
- ভূ-পৃষ্ঠস্থ পানির আধার (পুকুরও অন্যান্য জলাধার) সংরক্ষণ করতে হবে।

১৩.৪.৫ জলাবদ্ধতা এবং ড্রেনেজ সমস্যা প্রতিরোধ

যদি বর্তমান ধারা চলতে থাকে তবে, সামনে শহরে ড্রেনেজ সমস্যা বাড়বে। এর কারণ, পর্যাপ্ত ড্রেনেজ ব্যবস্থার অভাব, ত্রুটিপূর্ণ ডিজাইন, ড্রেনে বর্জ্য ফেলা, খাল দখল ও ভারাট, খাল পুনঃখনন না করা, অপর্যাপ্ত পাড় বাঁধাই। এ জন্য শহরে ড্রেনেজ সমস্যা, বিশেষত বর্ষায় বেশি হয়ে থাকে।

প্রতিরোধ

- বিল পুনঃখনন করতে হবে এবং নিয়মিত খাল রক্ষনাবেক্ষণ করতে হবে।
- খালের পাশে রাস্তা নির্মাণ করে প্রাইমারি নিষ্কাশন ব্যবস্থা বিশেষ করে বিদ্যমান খালের পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণের উন্নতি করা যায়।
- পুরো শহরের জন্য একটি ড্রেনেজ মাস্টার প্ল্যান তৈরী করতে হবে। এ জন্য স্থানীয় স্লোপ ও ট্রপোগ্রাফি বিবেচনায় নিতে হবে।
- ড্রেন বা খালের উপর অবৈধ কাঠামো ভাঙ্গতে হবে।
- নতুন এলাকাগুলোতে ঢাল এবং স্থানীয় ভূ-রৈখিক অবস্থা বিবেচনা করে পর্যাপ্ত ড্রেনেজ নেটওয়ার্ক তৈরী করতে হবে।
- ড্রেনে বা খালে বর্জ্য ফেলার জন্য শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে।
- ড্রেন নিয়মিত পরিষ্কার রাখতে হবে।

১৩.৪.৬ শিল্প-কারখানার দূষণ

বর্তমানে খাগড়াছড়ি পৌরসভায় খুব সামান্য সংখ্যক শিল্প-কারখানা ও প্রতিষ্ঠান আছে। কিন্তু মহাপরিকল্পনায় প্রস্তাবনাসমূহের বাস্তবায়নের ফলে বিভিন্ন ধরণের প্রতিষ্ঠান যেমন সড়ক উন্নয়ন, ড্রেনেজ, পানি, গ্যাস ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, টেলিফোন ইত্যাদির প্রসার ঘটবে। যার ফলে স্থানীয় অর্থনীতিতে বিভিন্ন ধরণের মানুষের মধ্যে বিভিন্ন রকমের শিল্প-কারখানা বৃদ্ধি পাবে। তাই ভবিষ্যতে শিল্প-কারখানার দূষণ কমাতে কিছু পরিকল্পনা থাকা উচিৎ।

প্রতিরোধ

- শিল্প-কারখানা এলাকায় গ্যাস পাইপ লাইনের ব্যবস্থা করা।
- শিল্প-কারখানা এলাকায় পানি, বিদ্যুৎ, টেলিফোন, ফায়ার সার্ভিস এবং ড্রেনেজ সুবিধা দিতে হবে।
- BSCIC এর কার্যক্রমকে প্রসারিত করা।
- শিল্প-কারখানাগুলো পর্যবেক্ষণের জন্য জাতীয় এবং বৈদেশিক পর্যবেক্ষক নিয়ে আসা।
- শিল্পায়নের জন্য স্থানীয় উদ্দোক্তাদের উৎসাহিত করা।
- বিদ্যমান ইটের ভাটাগুলোকে ৫ বছর পর জায়গা বদল করে পৌরসভার সীমানার বাইরে চলে যেতে হবে, এবং এদেরকে অবশ্যই ইট প্রস্তুত (নিয়ন্ত্রণ) বিধি, ১৯৮৯ মেনে চলতে হবে।
- পৌরসভা এলাকায় কোন নতুন ইটের ভাটার অনুমোদন দেয়া যাবে না।
- ইট পোড়ানোর জন্য বিধি-নিষেধগুলোর শক্ত বাস্তবায়ন।

১৩.৪.৭ সার ব্যাবহারের ফলে দূষণ

খাগড়াছড়ি পৌরসভায় কৃষিক্ষেত্রে বিভিন্ন ধরণের সার ব্যবহার করা হয়। এর ভেতর বেশীরভাগই রাসায়নিক সার, যেগুলো শস্যকে পোকামাকড় মুক্ত রাখে, কিন্তু একই সাথে পরিবেশের দীর্ঘস্থায়ী ক্ষতিসাধন করে। এটি মাটির উর্বরতা কমিয়ে দেয়। এছাড়াও কৃষি জমির পাশে অবস্থিত জলাশয় গুলোতে বৃষ্টির পানিতে ধুয়ে যাওয়া এসব রাসায়নিক পদার্থ মেশে এবং দূষিত করে।

প্রতিরোধ

- কৃষিক্ষেত্রে সবুজ সার ব্যবহার করার জন্য কৃষকদের উৎসাহিত করা।
- সবুজ সার এবং কীটনাশকের প্রাপ্যতা স্থানীয় কৃষকদের মাঝে বৃদ্ধি করা।
- পৌরসভা পরিবেশ অধিদপ্তরের সহায়তায় নিষিদ্ধ সারের তালিকা বানাবে।
- নিষিদ্ধ সারের ব্যবহার বন্ধে উপযুক্ত আইন প্রণয়ন করা হবে।
- কীটনাশক এবং কীটনাশক ধারক সংরক্ষণের জন্য কিছু নির্দেশনা মেনে চলতে হবে।

১৩.৪.৮ মানব সৃষ্ট দুর্যোগ

মানবসৃষ্ট দুর্যোগ গুলো প্রাকৃতিক দূর্যোগের মতোই গুরুত্বপূর্ণ। এদের ভেতর, অগ্নিপাত সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। আবা কিছুক্ষেত্রে ভূমিধ্বসও মানব সৃষ্ট কারণে হয়ে থাকে। খাগড়াছড়ি পৌরসভায় বৃক্ষনিধণ মানব-সৃষ্ট দূর্যোগের একটি।

প্রতিরোধ

- বহুতলবিশিষ্ট বাণিজ্যিক ভবন বা শিল্প কারখানা নির্মাণের সময় দুর্যোগ প্রতিরোধ আইন মেনে চলতে হবে।
- শহরের বিভিন্ন নোডে পানি হাইড্রেন্ট স্থাপণ করা জরুরী।
- অগ্নিসংযোগের সময় তাৎক্ষণিকভাবে সহায়তার জন্য কমিউনিটি লেভেলে সাহায্যকারী দল থাকবে।
- অগ্নি-ঝুঁকির জন্য উচ্চ এলাকা সমূহ থেকে বস্তি সতিয়ে আনতে হবে।
- পাহাড় কাটায় নিষেধাজ্ঞা জারী করতে হবে।
- নদীর পাড় সহ পাহাড় কিংবা বনে বৃক্ষনিধণে নিষেধাজ্ঞা জারী করতে হবে।

১৩.৫ বাস্তবায়ন

পরিবেশ দূষণ রোধে উপরের প্রস্তাবনাগুলো সংশ্লিষ্ট বাস্তবায়নাকারী সংস্থাগুলো বাস্তবায়ন করবে। এদের মধ্যে আছে পৌরসভা, DPHE, পরিবেশ বিভাগ, LGED, RHD এবং NGO। তবে পৌরসভার দায়িত্ব হবে অন্যান্য সংস্থার বাস্তবায়ন কাজ মনিটর করা এবং প্রতি ছয় মাস অন্তর LGRD মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা যেন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে।

চতুর্দশ অধ্যায় মৌলিক নাগরিক সুবিধা পরিকল্পনা

সূচিপত্র

১৪.১ ভূমিকা----------১৪-১
১৪.২ শিক্ষা সুবিধা সমূহের প্রস্তাব ----------১৪-১
১৪.২.১ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মান (Standard) ----------১৪-২
১৪.২.২ প্রস্তাবিত শিক্ষা সুবিধাদি ----------১৪-৩
১৪.২.২.১ প্রি-প্রাইমারি স্কুল ----------১৪-৩
১৪.২.২.২ প্রাইমারি স্কুল ----------১৪-৪
১৪.২.২.৩ হাই স্কুল ----------১৪-৫
১৪.২.২.৪ মাদ্রাসা----------১৪-৫
১৪.২.২.৫ কলেজ ----------১৪-৬
১৪.২.২.৬ পলিটেকনিক ----------১৪-৬
১৪.২.২.৭ সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় ----------১৪-৭
১৪.২.২.৮ লাইব্রেরী ----------১৪-৭
১৪.২.৩ শিক্ষা বিষয়ক সুপারিশমালা ----------১৪-৮
১৪.৩ স্বাস্থ্য সেবা----------১৪-৮
১৪.৩.১ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান প্রদানের মান (Standard) ----------১৪-৮
১৪.৩.২ প্রস্তাবিত স্বাস্থ্য সেবা সুবিধা ----------১৪-৯
১৪.৩.২.১ হেলথ সেন্টার/ক্লিনিক ----------১৪-৯
১৪.৩.২.২ হাসপাতাল ----------১৪-৯
১৪.৩.৩ স্বাস্থ্য সুবিধা বিষয়ক সুপারিশমালা----------১৪-৯
১৪.৩.৪ স্বাস্থ্য সুবিধা বিষয়ক প্রস্তাবনাসমূহ ----------১৪-৯
১৪.৪ বিনোদন সুবিধা ----------১৪-১২
১৪.৪.১ বিনোদন সুবিধা প্রদানের মান (Standard)----------১৪-১২
১৪.৪.২ প্রস্তাবিত বিনোদন সুবিধা ----------১৪-১৩
১৪.৪.৩ বিনোদন বিষয়ক সুপারিশমালা ----------১৪-১৪
১৪.৪.৪ প্রস্তাবিত বিনোদন সুবিধাসমূহ ----------১৪-১৪
১৪.৫ খাগড়াছড়ি পৌরসভায় কমিউনিটি সুবিধাসমূহ ----------১৪-১৪
১৪.৫.১ কমিউনিটি সুবিধাদির মান নির্ধারণ----------১৪-১৫
১৪.৫.২ বিদ্যমান ও প্রস্তাবিত কমিউনিটি সুবিধাদি----------১৪-১৬
১৪.৫.২.১ কবরস্থান ----------১৪-১৬
১৪.৫.২.২ শশ্মান----------১৪-১৬
১৪.৫.২.৩ কমিউনিটি সেন্টার ----------১৪-১৬
১৪.৫.২.৪ মসজিদ, মন্দির ইত্যাদি ----------১৪-১৬
১৪.৫.২.৫ ঈদগাহ----------১৪-১৭
১৪.৫.২.৬ পুলিশ ফাঁড়ি----------১৪-১৮
১৪.৫.২.৭ ফায়ার সার্ভিস----------১৪-১৮
১৪.৫.২.৮ পোস্ট অফিস ----------১৪-১৮
১৪.৬ প্রস্তাবিত নাগরিক সুবিধাদির সংক্ষিপ্তসার----------১৪-২১

চতুর্দশ অধ্যায়
মৌলিক নাগরিক সুবিধা পরিকল্পনা

১৪.১ ভূমিকা

চতুর্দশ অধ্যায়ে পৌরসভার জন্য পরামর্শকদের দ্বারা প্রস্তাবিত মৌলিক নাগরিক সুবিধাগুলোর বিবরণ দেয়া হয়েছে। একটি পৌরসভার নাগরিকদের সুষ্ঠু জীবনযাপনের জন্য মৌলিক নাগরিক সুবিধা অত্যাবশ্যক। তবে এই সুবিধাদি নাগরিকদের কাছে পৌছানোর অনেকটাই নির্ভর করে এই কাজে পৌরসভা কতটুকু বিনিয়োগ করতে পারবে তার সক্ষমতার উপর। পৌরসভার সম্পদ সল্পতার মুখে পরামর্শকদের দ্বারা প্রস্তাবিত সকল সেবা সুবিধা প্রদান করা হবে পৌরসভার জন্য একটি চ্যালেঞ্জ। সরকারি সহায়তা ছাড়া এ সমস্ত প্রস্তাব বাস্তবায়ন করা পৌরসভার একার পক্ষে অনেক কঠিন কাজ হবে। এই অধ্যায়ে প্রস্তাবিত মৌলিক নাগরিক সুবিধাদির মধ্যে আছে শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন, ধর্মীয় এবং অন্যান্য কমিউনিটি সুবিধাদি।

১৪.২ শিক্ষা সুবিধা সমূহের প্রস্তাব

খাগড়াছড়ি পৌরসভায় বিপুল পরিমাণ শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। পৌরসভা এলাকায় বর্তমানে ৫৫ টি শিক্ষা সংক্রান্ত সুবিধা আছে শহরের ১০,২৪৭ টি পরিবারের জন্য। এই প্রতিষ্ঠানগুলোতে সব মিলিয়ে ১৭১ টি অবকাঠামো রয়েছে। ***সারণি ১৪-১*** এ বিদ্যমান শিক্ষা বিষয়ক সুবিধাদির বিস্তারিত দেখানো হলো।

সারণি ১৪-১: খাগড়াছড়িতে শিক্ষা বিষয়ক সুযোগ সুবিধা

ওয়ার্ড নং	শ্রেণি									মোট
	প্রি-প্রাইমারি	প্রাইমারি	হাই স্কুল	মাদ্রাসা	কলেজ	বিশ্ববিদ্যালয়	ইন্সটিটিউট	লাইব্রেরী	অন্যান্য	
০১	২	২	-	-	-	-	-	-	২	৬
০২	-	-	১	১	১	-	-	-	-	৩
০৩	৩	১	২	১					২	৯
০৪	১	-	২	-	-	-	-	-	-	৩
০৫	২	-	১	-	-	-	-	১	-	৪
০৬	২	১	৩	-	১	-	-	১	-	৮
০৭	২	৩	-	১	-	-	৩	-	-	৯
০৮	১		-		-	-	-	১	২	৪
০৯	২	২	-	১	-	-	-	১	৩	৯
মোট	১৫	৯	৯	৪	২	-	৩	৪	৯	৫৫

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মুসলিমপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়

খাগড়াছড়ি সরকারি মহিলা কলেজ

স্থিরচিত্র ১৪-১: খাগড়াছড়ির কিছু শিক্ষা প্রতিষ্ঠান

১৪.২.১ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মান (Standard)

খাগড়াছড়িতে শহরের প্রশাসনিক, শিক্ষা এবং স্বাস্থ্যসেবা গুরুত্ব বিবেচনা করে পরামর্শক এখানে সুনির্দিষ্ট মান বিবেচনা করে শিক্ষা প্রতিষ্ঠান প্রদানের চেষ্টা করেছে যা নিচের ***সারণি ১৪-২*** এ দেয়া হলো।

সারণি ১৪-২: খাগড়াছড়ি পৌরসভায় শিক্ষা প্রতিষ্ঠানের মান

প্রতিষ্ঠান	বাড়ি থেকে প্রতিষ্ঠানর দূরত্ব (কি. মি.)		প্রতিষ্ঠানের আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেয়		মন্তব্য
	কাঙ্ক্ষিত	সর্বোচ্চ	সর্বনিম্ন	কাঙ্ক্ষিত	সর্বনিম্ন	কাঙ্ক্ষিত	
নার্সারী স্কুল	০.২৫	০.৫	০.২	০.৪	২০০০	৫০০০	• প্লে-গ্রুপ থেকে কেজি
প্রাইমারি স্কুল	০.২৫	০.৫	০.৩৩	১.৫	১৫০০	৫০০০	• বেবি থেকে ক্লাস সিক্স (স্ট্যান্ডার্ড V)
হাই স্কুল (দশম)/ মাদ্রসা (দাখিল)	১.০	১.৫	১.৫	২.৫	৫০০০	১০০০০	• স্ট্যান্ডার্ড VI থেকে– স্ট্যাডার্ড X • দাখিল মাদ্রাসা
হাই স্কুল (দ্বাদশ)/ মাদ্রসা (কামিল)	১.০	১.৫	২.০	৩.০	৫০০০	১৫০০০	• স্ট্যান্ডার্ড VI থেকে– স্ট্যান্ডার্ড XII • কামিল মাদ্রাসা
পলিটেকনিক/ ভকেশনাল ইন্সটিটিউট	২.০	৩.০	২.০	৩.০	১৫০০০	২৫০০০	
কলেজ	২.০	৩.০	৩.০	৪.০	১৫০০০	২৫০০০	• স্ট্যান্ডার্ড XI থেকে স্ট্যান্ডার্ড XII
বিশ্ববিদ্যালয় কলেজ	-	-	১০.০	১৫.০	-	১০০০০০	• স্ট্যান্ডার্ড XI থেকে • অনার্স/মাস্টার্স
সরকারি বিশ্ববিদ্যালয়	-	-	২০.০	৫০.০	-	১০০০০০	• অনার্স থেকে মাস্টার্স এবং • পিএইচডি পর্যন্ত গবেষণা
বেসরকারি বিশ্ববিদ্যালয়	-	-	২.০০	৫.০০	-	-	-
লাইব্রেরী	১.০	১.৫	০.২	০.৫	-	-	• কী পরিমাণ জনসংখ্যাকে সেবা প্রদান করবে তা নির্ভর করবে কাঠামোর সামর্থ্য এবং বইয়ের সংগ্রহের উপর

দ্রষ্টব্যঃ নিম্ন জনসংখ্যার ঘনত্বের ক্ষেত্রে বাড়ি থেকে সুবিধার দূরত্ব 'জনগনের সেবা'র ভিত্তিতে নির্ণয় করা হয়।

১৪.২.২ প্রস্তাবিত শিক্ষা সুবিধাদি

১৪.২.২.১ প্রি-প্রাইমারি স্কুল

এখানে প্রি-প্রাইমারি স্কুল বলতে প্লে গ্রুপ থেকে কেজি পর্যন্ত বোঝানো হয়েছে। প্রতি ৫০০০ জনসংখ্যার জন্য একটি প্রি-প্রাইমারি স্কুল স্ট্যান্ডার্ড হিসাবে ধরা হয়েছে। ওয়ার্ড অনুসারে চাহিদার বর্ণনা নিম্নোক্ত সারণিতে দেখানো হল। একটি ওয়ার্ডে ২০৩৭ সালের ন্যূনতম চাহিদার চেয়ে বাড়তি প্রি-প্রাইমারি স্কুল রয়েছে এবং কিছু কিছু ওয়ার্ডে ২০৩৭ সাল পর্যন্ত প্রি-প্রাইমারি স্কুল এর ঘাটতি থাকবে।

সারণি ১৪-৩: প্রস্তাবিত প্রি-প্রাইমারি স্কুল

প্রতিষ্ঠান			প্রি-প্রাইমারি স্কুলের বৎসর ওয়ারী ক্রমবর্ধিত (Cumulative) চাহিদা ও ঘাটতি							
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
প্রি-প্রাইমারি স্কুল	১	২	১	-১	২	০	২	০	২	০
	২	০	২	২	২	২	৩	৩	৩	৩
	৩	৩	২	-১	২	-১	২	-১	২	-১
	৪	১	১	০	১	০	২	১	২	১
	৫	২	২	০	২	০	২	০	২	০
	৬	২	২	০	২	০	২	০	২	০
	৭	২	২	০	২	০	২	০	৩	১
	৮	১	১	০	১	০	১	০	১	০
	৯	২	২	০	২	০	২	০	২	০
	মোট	**১৫**	**১৫**	০	**১৬**	**১**	**১৮**	**৩**	**১৮**	**৩**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

চাহিদা ও সরবরাহের বিশ্লেষণ

ওয়ার্ড নং-১

বর্তমানে এই ওয়ার্ডে ২ টি প্রি-প্রাইমারি স্কুল আছে। বাৎসরিক চাহিদা হিসাব থেকে দেখা যায় যে এই ওয়ার্ডে ২০৩৭ পর্যন্ত কোন প্রি-প্রাইমারি স্কুলের প্রয়োজন নেই।

ওয়ার্ড নং-২

বর্তমানে এই ওয়ার্ডে কোন প্রি-প্রাইমারি স্কুল নেই। এই ওয়ার্ডের বাসিন্দারা আশেপাশের ওয়ার্ড এর উপর নির্ভর করে। বাৎসরিক চাহিদা হিসাব থেকে দেখা যায় যে এই ওয়ার্ডে ২০৩৭ পর্যন্ত ৩টি প্রি-প্রাইমারি স্কুলের প্রয়োজন রয়েছে। তাই এই ওয়ার্ডে অবিলম্বে অন্তত দুইটি প্রি-প্রাইমারি স্কুল স্থাপন করতে হবে।

ওয়ার্ড নং-৩

ওয়ার্ড নং-৩ এ এখন পর্যন্ত তিনটি প্রি-প্রাইমারি স্কুল আছে। এই ওয়ার্ডের প্রি-প্রাইমারি স্কুলের বাৎসরিক চাহিদা বিশ্লেষণ হতে দেখা যায় যে ২০৩৭ পর্যন্ত চাহিদা মেটানোর জন্য এই সংখ্যা যথেষ্ট।

ওয়ার্ড নং-৪

ওয়ার্ড নং-৪ এ একটি প্রি-প্রাইমারি স্কুল আছে। এই ওয়ার্ডের প্রি-প্রাইমারি স্কুলের বাৎসরিক চাহিদা বিশ্লেষণ হতে দেখা যায় যে ২০৩৭ এর পর এখানে আরো একটি স্কুলের প্রয়োজন হতে পারে।

ওয়ার্ড নং-৫

২০৩৭ সালের জনসংখ্যা হিসাব অনুযায়ী, এই ওয়ার্ডে প্রি-প্রাইমারি স্কুলের কোন ঘাটতি হবে না। বর্তমানে এই ওয়ার্ডে সর্বমোট দুইটি প্রি-প্রাইমারি স্কুল আছে এবং এরাই ২০৩৭ সাল পর্যন্ত সব পরিবারকে সেবা প্রদান করতে সক্ষম হবে।

ওয়ার্ড নং-৬, ৭, ৮ ও ৯

এইসব ওয়ার্ডে ২০৩৭ সাল পর্যন্ত চাহিদা মেটানোর মত যথেষ্ট সংখ্যক প্রি-প্রাইমারি স্কুল আছে।

১৪.২.২.২ প্রাইমারি স্কুল

খাগড়াছড়ি পৌরসভায় বর্তমানে ৯ টি প্রাইমারি স্কুল আছে যেগুলো বেবি থেকে ক্লাস ফাইভ পর্যন্ত শিক্ষা দেয়। প্ল্যানিং স্ট্যান্ডার্ড অনুযায়ী, পৌরসভার প্রতি ৫০০০ জনের জন্য একটি করে প্রাইমারি স্কুল থাকা প্রয়োজন। ***সারণি ১৪-৪*** এ ওয়ার্ড অনুসারে ২০৩৭ সাল পর্যন্ত প্রাইমারি স্কুলের চাহিদা দেখানো হলো।

সারণি ১৪-৪: প্রস্তাবিত প্রাইমারি স্কুল

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর ওয়ারী ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
প্রাইমারি স্কুল	১	২	১	-১	২	০	২	০	২	০
	২	০	২	২	২	২	৩	৩	৩	৩
	৩	১	২	১	২	১	২	১	২	১
	৪	০	১	১	১	১	২	২	২	২
	৫	০	২	২	২	২	২	২	২	২
	৬	১	২	১	২	১	২	১	২	১
	৭	৩	২	-১	২	-১	২	-১	৩	০
	৮	০	১	১	১	১	১	১	১	১
	৯	২	২	০	২	০	২	০	২	০
	মোট	৯	১৫	৬	১৬	৭	১৮	৯	১৯	১০

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

<u>চাহিদা ও সরবরাহের বিশ্লেষণ</u>

ওয়ার্ড নং-১, ৭ এবং ৯

উপরের ৩টি ওয়ার্ডে ২০৩৭ সাল পর্যন্ত প্রয়োজন মিটানোর মত যথেষ্ট সংখ্যক প্রাইমারি স্কুল আছে।

ওয়ার্ড নং-২

এই ওয়ার্ডে বর্তমানে কোন প্রাইমারি স্কুল নেই। কিন্তু ২০২২ সালের দিকে এই ওয়ার্ডে দুইটি প্রাইমারি স্কুলের দরকার হবে এবং ২০৩৭ সাল নাগাদ এই ওয়ার্ডে মোট তিনটি স্কুল প্রয়োজন হবে।

ওয়ার্ড নং-৩

বর্তমানে এই ওয়ার্ডে মাত্র একটি প্রাইমারি স্কুল আছে। কিন্তু ২০৩৭ সাল পর্যন্ত এই ওয়ার্ডে দুইটি প্রাইমারি স্কুলের প্রয়োজন হবে, যার ফলে এই ওয়ার্ডে একটি প্রাইমারি স্কুলের অভাব দেখা দিবে।

ওয়ার্ড নং-৪ ও ৫

উভয় ওয়ার্ডেই বর্তমানে কোন প্রাইমারি স্কুল নেই। তাই শিক্ষা গ্রহণের জন্য এই এলাকার বাসিন্দারা আশেপাশের ওয়ার্ডের প্রাইমারি স্কুলের ওপর নির্ভর করে। বৎসর অনুসারে হিসাব থেকে দেখা যায় যে, ২০৩৭ সাল পর্যন্ত এই ওয়ার্ড গুলোতে দুইটি করে স্কুলের প্রয়োজন হবে।

ওয়ার্ড নং-৬

ওয়ার্দ নং ৬ এ বর্তমানে একটি প্রাইমারি স্কুল আছে। কিন্তু বৎসর অনুসারে হিসাব থেকে দেখা যায় এখানে ২০৩৭ সাল পর্যন্ত আরেকটি প্রাইমারি স্কুলের প্রয়োজন হবে।

ওয়ার্ড নং-৮

বর্তমানে এই ওয়ার্ডে কোন স্কুল নেই। বৎসর অনুসারে হিসাব থেকে দেখা যায়, ২০৩৭ সাল পর্যন্ত এখানে একটি প্রাইমারি স্কুলের দরকার হবে।

১৪.২.২.৩ হাই স্কুল

খাগড়াছড়ি পৌরসভায় বর্তমানে বিভিন্ন ওয়ার্ডে সর্বমোট ৯টি হাই স্কুল আছে যেখানে অষ্টম শ্রেণী থেকে এস এস সি পর্যন্ত পড়ানো হয়। প্ল্যানিং ষ্ট্যাণ্ডার্ড অনুযায়ী, এই পৌরসভায় প্রতি ১০ হাজার জনের জন্য একটি হাই স্কুল প্রয়োজন। ২০৩৭ সাল পর্যন্ত হাই স্কুলের চাহিদা ***চিত্রলেখ ১৪-১*** এ দেয়া হলো।

চিত্রলেখ ১৪-১: প্রস্তাবিত হাই স্কুল



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

** দ্রষ্টব্যঃ এই সুবিধাটির হিসাব পুরো এলাকা জুড়ে করা হয়েছে*

বিশ্লেষণ থেকে দেখা যায় যে আগামী ২০ বছরে এই পৌরসভায় নতুন কোন হাই স্কুলের প্রয়োজন নেই। এবং বর্তমানে স্কুলের সংখ্যা ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যাকে সেবা দেয়ার জন্য যথেষ্ট।

১৪.২.২.৪ মাদ্রাসা

পৌরসভায় বর্তমানে ৪টি মাদ্রাসা আছে। স্ট্যান্ডার্ড অনুযায়ী, প্রতি ১০,০০০ জন জনংখ্যার জন্য একটি করে মাদ্রাসা থাকা প্রয়োজন। মাদ্রাসার চাহিদার হিসাব থেকে দেখা যায়, ২০৩৭ সাল নাগাদ পৌরসভায় ৫টি মাদ্রাসার ঘাটতি হবে। ***সারণি ১৪-৫*** এ ২০৩৭ নাগাদ ওয়ার্ড অনুসারে মাদ্রাসার চাহিদা ও বিদ্যমান ঘাটতি দেখানো হলো।

সারণি ১৪-৫: প্রস্তাবিত মাদ্রাসা

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর ওয়ারী ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
মাদ্রাসা	১	০	১	১	১	১	১	১	১	১
	২	১	১	০	১	০	১	০	১	০
	৩	১	১	০	১	০	১	০	১	০
	৪	০	১	১	১	১	১	১	১	১
	৫	০	১	১	১	১	১	১	১	১
	৬	০	১	১	১	১	১	১	১	১
	৭	১	১	০	১	০	১	০	১	০

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর ওয়ারী ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
	৮	০	১	১	১	১	১	১	১	১
	৯	১	১	০	১	০	১	০	১	০
	মোট	৪	৯	৫	৯	৫	৯	৫	৯	৫

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

১৪.২.২.৫ কলেজ

পৌরসভায় বর্তমানে ২টি কলেজ আছে। এগুলোর অবস্থান প্রধানত ২ ও ৬ নং ওয়ার্ডে। ***সারণি ১৪-৬*** এ স্ট্যান্ডার্ড অনুযায়ী পৌরসভার প্রতি ২৫,০০০ জনসংখ্যার জন্য একটি করে কলেজ থাকা প্রয়োজন। এই হিসাব অনুসারে, ২০৩৭ সাল পর্যন্ত মাত্র দুইটি অতিরিক্ত কলেজের প্রয়োজন হবে। বিস্তারিত ***চিত্রলেখ ১৪-২*** এ দ্রষ্টব্য।

চিত্রলেখ ১৪-২: প্রস্তাবিত কলেজ



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

১৪.২.২.৬ পলিটেকনিক

বর্তমানে পৌরসভায় একটিমাত্র পলিটেকনিক ইনস্টিটিউট আছে এবং ২০৩৭ সাল পর্যন্ত মোট ৩টি পলিটেকনিক ইন্সটিটিউটের প্রয়োজন হবে। বিস্তারিত ***চিত্রলেখ ১৪-৩*** এ দেখানো হলো।

চিত্রলেখ ১৪-৩: প্রস্তাবিত পলিটেকনিক ইন্সটিটিউটের সংখ্যা



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

১৪.২.২.৭ সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়

খাগড়াছড়ি শহরে বর্তমানে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একটি ক্যাম্পাস আছে। এই বিশ্ববিদ্যালয় দূর শিক্ষণ দিয়ে থাকে তাদের যারা নিয়মিত ক্লাস করতে পারেনা বা শারীরিকভাবে সক্ষম নয় বা শিক্ষার ধারাবাহিকতা নেই। তাই এই বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য এবং শিক্ষার পদ্ধতি ভিন্ন। তাই এটিকে বিশ্ববিদ্যালয়ের তালিকা থেকে বাদ রাখা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্ট্যান্ডার্ড নির্ধারণ করা হয়েছে প্রতি এক লক্ষ মানুষের জন্য একটি বিশ্ববিদ্যালয় হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-৬*** দ্রষ্টব্য।

সারণি ১৪-৬: খাগড়াছড়ির জন্য প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠান	বিদ্যমান	বিশ্ববিদ্যালয়ের বৎসর অনুসারে ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি							
		২০১৭		২০২২		২০২৭		২০৩২	
		ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়	-	১	১	১	১	১	১	১	১

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো জনসংখ্যার চাহিদা এবং ইচ্ছার সাপেক্ষে স্থাপন করা হবে।

১৪.২.২.৮ লাইব্রেরী

খাগড়াছড়ি শহরে বর্তমানে ওয়ার্ড নং ৪ এবং ৬ এ চারটি লাইব্রেরী আছে। বর্তমানে সহজলভ্যতা ও বহন করার ঝামেলা নেই বলে মানুষের কাছে বই পড়ার জন্য ইন্টারনেট এবং ই-বই (ইলেকট্রনিক বই) বেশি জনপ্রিয়। কিন্তু এরপরেও এখনো কিছু বইপ্রেমী আছে, যারা শান্ত এবং চুপচাপ জায়গায় যেমন লাইব্রেরীতে বসে বই পড়তে ভালবাসে, যেটা আসলেই একটি ভাল অভ্যাস। তাই এইসকল বিষয়কে মাথায় রেখে পরামর্শকগণ মনে করেন, নতুন লাইব্রেরী স্থাপন করার চেয়ে বিদ্যমান লাইব্রেরীগুলোর সম্প্রসারণ বেশী জরুরী। লাইব্রেরীর সম্প্রসারণ বলতে এখানে ধারণক্ষমতা বৃদ্ধি করা, বইয়ের সংখ্যা বৃদ্ধি করা, আধুনিক লাইব্রেরী অবকাঠামো বাড়ানো ইত্যাদি বোঝানো হয়েছে।

পরামর্শক দলের মতে, খাগড়াছড়ি পৌরসভায় একটি বিশ্ববিদ্যালয়, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, একটি মেডিকেল কলেজ এবং একটি নার্সিং ইন্সটিটিউট থাকা উচিৎ। এইসব শিক্ষা সুবিধাগুলোর প্রস্তাবিত স্থাণ ***সারণি ১৪-৭*** এ দেখান হল। পরামর্শক দল এই সুবিধাগুলোর জন্য প্রস্তাবিত স্থান কিছু বিষয়ের ওপর ভিত্তি করে করেছেন (যেমন জমির প্রাপ্যতা, যোগাযোগ ব্যাবস্থা ইত্যাদি)। কিন্তু এই সিদ্ধান্ত চূড়ান্ত নয়। সুবিধার প্রস্তাবিত অবস্থান কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ও উপযুক্ততা সাপেক্ষে পরিবর্তনযোগ্য।

সারণি ১৪-৭: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত শিক্ষা সুবিধা

ক্রমিক নং	প্রস্তাবিত শিক্ষা সুবিধা	প্রস্তাবিত অবস্থান	মন্তব্য
১.	খাগড়াছড়ি বিশ্ববিদ্যালয়	গলাবাড়ি এলাকা (ওয়ার্ড নং ৯)	• অন্য যে কোন উপযুক্ত জায়গায় স্থানান্তরিত হতে পারে।
২.	খাগড়াছড়ি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	জিরো মাইল এলাকা (পৌরসভা সীমানার বাইরে)	
৩.	খাগড়াছড়ি মেডিকেল কলেজ	মহলছড়ি এলাকা (পৌরসভা সীমানার বাইরে)	
৪.	খাগড়াছড়ি নার্সিং ইন্সটিটিউট	মহিলা কলেজের পাশে (ওয়ার্ড নং ৯)	

তথ্যসূত্রঃ পরামর্শকদের হিসাবকৃত

দ্রষ্টব্যঃ উপযুক্ত অবস্থান **মানচিত্র ১৪-২ এ দেখানো হয়েছে।*

১৪.২.৩ শিক্ষা বিষয়ক সুপারিশমালা

শিক্ষার সার্বিক উন্নয়নের জন্য বহুমুখী পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক। এখানে শিক্ষা সুবিধার উন্নয়নের জন্য কিছু সুপারিশ উপস্থাপন করা হলোঃ

- প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে তার নিজস্ব খেলার মাঠ থাকা প্রয়োজন।
- প্রতিটি ওয়ার্ডে অন্তত একটি প্রি-প্রাইমারি স্কুল এবং একটি প্রাইমারি স্কুল থাকা আবশ্যক।
- প্রস্তাবিত প্রতিটি স্কুল প্রতিষ্ঠাকালে সুপারিশকৃত স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবে।
- ঝরে পড়া এড়ানোর জন্য পঞ্চম শ্রেণি পর্যন্ত দরিদ্র শিশুদের প্রাণোদনা দিতে হবে।
- অনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক শিক্ষা উন্নয়নে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

১৪.৩ স্বাস্থ্য সেবা

স্বাস্থ্য সেবা মানুষের মৌলিক চাহিদাগুলোর একটি। এর মধ্যে আছে, ডায়াগনোসিস, চিকিৎসা এবং রোগ প্রতিরোধমূলক ব্যবস্থা। পৌরসভা এলাকায় বর্তমানে বিভিন্ন ধরণের স্বাস্থ্য সেবা প্রদানকারী সংস্থা আছে। তবে অবস্থানগতভাবে এগুলোর অধিকাংশই ওয়ার্ড নং- ৫, ৬, ৭, ৮ এবং ৯ এ অবস্থিত। অবশিষ্ট ওয়ার্ডগুলোতে কোন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান নেই। বিস্তারিত ***সারণি ১৪-৯*** দ্রষ্টব্য।

স্থিরচিত্র ১৪-২: খাগড়াছড়ি জেলা সদর হাসপাতাল

সারণি ১৪-৮: ওয়ার্ড অনুযায়ী বিদ্যমান স্বাস্থ্যসেবা কেন্দ্র

ওয়ার্ড নং	শ্রেণি							মোট
	সরকারি হাসপাতাল	বেসরকারি হাসপাতাল	ক্লিনিক	মাতৃসদন হাসপাতাল	ডায়াবেটিক হাসপাতাল	ডায়াগনোস্টিক হাসপাতাল	পশু হাসপাতাল	
১	-	-	-	-	-	-	-	-
২	-	-	-	-	-	-	-	-
৩	-	-	-	-	-	-	-	-
৪	-	-	-	১	-	-	১	২
৫	-	-	-	-	-	-	-	-
৬	-	-	১	-	-	-	-	১
৭	১	১	-	-	১	১	-	৪
৮	১	-	-	-	-	-	-	১
৯	-	-	-	-	-	-	-	-
মোট	২	১	১	১	১	১	১	৮

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১৪.৩.১ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান প্রদানের মান (Standard)

খাগড়াছড়ি পৌরসভার ভবিষ্যৎ অর্থনৈতিক, সামাজিক, প্রশাসনিক এবং শিক্ষা ও স্বাস্থ্য সেবার প্রেক্ষিত বিবেচনা করে নিচে ২০৩৭ সালের প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রস্তাব করা হলো (***সারণি ১৪-১০***)।

সারণি ১৪-৯: স্বাস্থ্য সেবার স্ট্যান্ডার্ড

প্রতিষ্ঠান	বাড়ি থেকে দূরত্ব		আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেবে		মন্তব্য
	চাহিদা	সর্বোচ্চ	সর্বনিম্ন	চাহিদা	সর্বনিম্ন	চাহিদা	
ক্লিনিক	০.৫	১.০	০.৩	০.৫	৫০০০	১০০০০	-
হাসপাতাল	-	-	৫.০	১০.০	-	২৫০০০০	• আরো বেশি চিকিৎসা কেন্দ্র তৈরী করা যেতে পারে।

**দ্রষ্টব্যঃ কম জনসংখ্যার ঘনত্বের ক্ষেত্রে বাড়ি থেকে সুবিধার দূরত্ব কত জনসংখ্যা কে সেবা দিবে তার ভিত্তিতে করা হয়।*

১৪.৩.২ প্রস্তাবিত স্বাস্থ্য সেবা সুবিধা

১৪.৩.২.১ হেলথ সেন্টার/ক্লিনিক

সারণি ১৪-১০: প্রস্তাবিত হেলথ সেন্টার/ক্লিনিক

সেবা প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের বৎসর ওয়ারী ক্রমবর্ধিত (Cumulative) চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
হেলথ সেন্টার/ক্লিনিক	০১	০	১	১	১	১	১	১	১	১
	০২	০	১	১	১	১	১	১	১	১
	০৩	০	১	১	১	১	১	১	১	১
	০৪	১	১	০	১	০	১	০	১	০
	০৫	০	১	১	১	১	১	১	১	১
	০৬	১	১	০	১	০	১	০	১	০
	০৭	০	১	১	১	১	১	১	১	১
	০৮	০	১	১	১	১	১	১	১	১
	০৯	০	১	১	১	১	১	১	১	১
	মোট	২	৯	৭	৯	৭	৯	৭	৯	৭

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

চাহিদা ও সরবরাহ বিশ্লেষণ

ওয়ার্ড নং-১, ২, ৩, ৫, ৭, ৮ এবং ৯

বর্তমানে উপরের ওয়ার্ডগুলোতে কোন স্বাস্থ্য কেন্দ্র বা ক্লিনিক নাই। কিন্তু ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যা অভিক্ষেপ থেকে দেখা যায় যে উল্লেখিত সালের মধ্যে এই ওয়ার্ডগুলোতে জনসংখ্যা বৃদ্ধির ফলে স্বাস্থ্য সেবার সমস্যা দেখা দেবে। এই ওয়ার্ডগুলোতে অন্ততপক্ষে একটি করে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান থাকতে হবে।

ওয়ার্ড নং-৪ এবং ৬

এই ওয়ার্ডগুলোতে পর্যাপ্ত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান আছে, তাই ২০৩৭ সাল পর্যন্ত এই দুই ওয়ার্ডে নতুন কোন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের প্রয়োজন হবে না।

১৪.৩.২.২ হাসপাতাল

বেসরকারি হাসপাতাল ধরলে এই শহরে বর্তমানে সর্বমোট ৫টি হাসপাতাল আছে। এর ভেতর একটি ডায়াবেটিক ও একটি পশু হাসপাতালও রয়েছে। ২০৩৭ সাল পর্যন্ত এখানে কোন অতিরিক্ত হাসপাতালের প্রয়োজন নেই।

১৪.৩.৩ স্বাস্থ্য সুবিধা বিষয়ক সুপারিশমালা

- পৌরসভার স্বাস্থ্য বিভাগে অরো স্বাস্থ্য কর্মী ও জনবল নিয়োগ করতে হবে এবং তাদের দায়িত্ব পালন নিশ্চিত করতে হবে।
- পৌরসভার তত্ত্বাবধানে আরো স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান স্থাপন করতে হবে।
- পৌরসভাকে স্বাস্থ্য সেবা এবং স্বাস্থ্য সচেতনাতামূলক সম্পর্কিত অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

১৪.৩.৪ স্বাস্থ্য সুবিধা বিষয়ক প্রস্তাবনাসমূহ

- শিশু ও মাতৃ রোগ ও মৃত্যু হার হ্রাস করার জন্য প্রতি ওয়ার্ডে কমপক্ষে একটি মাতৃসেবা ক্লিনিক স্থাপন করতে হবে।
- প্রত্যেক স্বাস্থ্য সেবা সম্পর্কিত প্রতিষ্ঠানকে আধুনিক স্বাস্থ্য সেবা যন্ত্রপাতি সরবরাহ করতে হবে।
- রোগী আনা-নেওয়া করার জন্য এ্যাম্বুলেন্স এর সংখ্যা আরো বাড়াতে হবে।

প্রস্তাবিত সুবিধাগুলোর আনুমানিক অবস্থান ***মানচিত্র ১৪-২*** এ দেখানো হল।

মানচিত্র ১৪-১ : খাগড়াছড়ি পৌরসভায় বিদ্যমান শিক্ষা ও স্বাস্থ্য সেবা

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Ward Boundary
- Road

Water Bodies
- Khal; River

Educational Facilities
- Primary School
- High School
- College
- School & College
- Madrasha
- Institute
- University
- Library
- Others

Health Facilities
- Clinic
- Diabetes Hospital
- Diagnostic Center
- Govt. Hospital
- Maternal Clinic
- Pvt. Hospital

মানচিত্র ১৪-২ : খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত শিক্ষা ও স্বাস্থ্য সেবা

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Ward Boundary

Water Bodies
- Khal; River

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector
- Proposed Education and Health Area

Education and Health Related Proposals
- Libary Cum Community Clinic
- Proposed Hi-tech Park
- Proposed Khagrachhari University of Science and Technology
- Proposed Medical College
- Proposed Nursing Institute
- Proposed University
- Primary Health Care and Metarnity at Ward Level

১৪.৪ বিনোদন সুবিধা

খাগড়াছড়ি পৌরসভায় বিনোদনের জন্য বেশ কিছু স্থান আছে, যেমন- স্টেডিয়াম, জেলা পরিষদ মিলনায়তন, কমিউনিটি সেন্টার এবং আরো কিছু ছোট বড় খেলার মাঠ। কিন্তু পৌরসভায় কোন কেন্দ্রীয় পর্যায়ের পার্ক নাই, যা শহরের সকল শ্রেণির মানুষের বিনোদনের জন্য অতি প্রয়োজনীয়। শহরে বিদ্যমান বিনোদন সুবিধাদির একটি তালিকা নিম্নোক্ত সারণি তে দেয়া হলো। ***মানচিত্র ১৪-৩*** এ খাগড়াছড়ি পৌরসভার বিনোদন সুবিধাগুলো দেখানো হল।

সারণি ১৪-১১: বিদ্যমান বিনোদন সুবিধা

ক্রমিক নং	বিনোদন সুবিধাসমূহ	অবস্থান
১.	খাগড়াছড়ি ইনডোর স্টেডিয়াম	ওয়ার্ড নং-১
২.	খাগড়াছড়ি স্টেডিয়াম	ওয়ার্ড নং-১
৩.	আদিবাসী সংস্কৃতি কেন্দ্র	ওয়ার্ড নং-২
৪.	খাগড়াছড়ি নগর ভবন	ওয়ার্ড নং-৪
৫.	টেনিস কোর্ট	ওয়ার্ড নং-৫
৬.	শিশুদের জন্য চিত্তবিনোদন পার্ক	ওয়ার্ড নং-৫

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

সারণিতে উল্লেখিত বিনোদন এলাকা ছাড়াও শহরে ২০ টি খেলার মাঠ আছে। তবে এগুলোর অধিকাংশই শিক্ষা প্রতিষ্ঠানের অংশ, ফলে সাধারণ মানুষের প্রবেশাধীকার হয় সীমিত অথবা নাই। এই খেলার মাঠগুলোর সম্মিলিত আয়তন ১১.৩১ একর।

খাগড়াছড়ি স্টেডিয়াম

খাগড়াছড়ি পৌরসভার একটি খেলার মাঠ

স্থিরচিত্র ১৪-৩: খাগড়াছড়ি পৌরসভায় কিছু বিনোদন সুবিধা

সারণি ১৪-১২: খাগড়াছড়ি পৌরসভায় বিধিবহির্ভূত বিনোদন সুবিধা (খেলারমাঠ)

অবস্থান	মাঠের সংখ্যা	এলাকা (একর)
ওয়ার্ড নং-১	৫	১.০৪
ওয়ার্ড নং-২	৩	৪.৩১
ওয়ার্ড নং-৩	২	০.৫৪
ওয়ার্ড নং-৪	১	০.৯৮
ওয়ার্ড নং-৫	৫	১.৩৪
ওয়ার্ড নং-৬	১	০.১৬
ওয়ার্ড নং-৭	৩	২.৯৩
ওয়ার্ড নং-৮	-	-
ওয়ার্ড নং-৯	-	-
মোট	২০	১১.৩১

১৪.৪.১ বিনোদন সুবিধা প্রদানের মান (Standard)

বিদ্যমান বিনোদন সুবিধার মধ্যে খাগড়াছড়ি পৌরসভায় আছে খেলার মাঠ, সিনেমা, স্টেডিয়াম, শিশু পার্ক ইত্যাদি। এখানে ভবিষ্যৎ বিনোদন সুবিধা প্রদানের জন্য মান প্রস্তাব করা হলো ***(সারণি ১৪-১৩)***।

সারণি ১৪-১৩: বিনোদন সুবিধা প্রদানের মান (Standard)

বিনোদন সুবিধা	বাড়ি থেকে দূরত্ব (কি.মি.		আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেবে		মন্তব্য
	কাংখিত	সর্বোচ্চ	সর্বনিম্ন	কাংখিত	সর্বনিম্ন	কাংখিত	
সিনেমা হল	৩	-	০.৩	০.৫	২৫০০০	-	-
শিশুদের খেলার জায়গা			০.১	০.১৬	২০০	৫০০	• আবাসিক এলাকায়
খেলার মাঠ	০.২৫	০.৫	১.৫	২.৫	৩০০০	৫০০০	• যেখানে পর্যাপ্ত স্কুল মাঠ দেয়া আছে, সেখানে খুব বেশি সংখ্যক প্রদানের প্রয়োজন নেই।
খেলার মাঠ/ ঈদগাহ	-	-	৩.২৫	৫.০	-	-	• একটি মানসম্মত ক্রিকেট মাঠ প্রদান করতে হবে।
স্টেডিয়াম	-	-		৫.০		৫০০০০	-
শিশুপার্ক	০.২৫	০.৫	০.৫	১.৫	৭৫০০	২৫০০০	• কমিউনিটির ভেতর থাকতে হবে।
কমিউনিটি পার্ক	০.৫	১.০	২.০	১০.০	৭৫০০	২৫০০০	-

১৪.৪.২ প্রস্তাবিত বিনোদন সুবিধা

সারণি ১৪-১৪: প্রস্তাবিত বিনোদন সুবিধা

বিনোদন সুবিধা	বিদ্যমান	২০১৭		২০২২		২০২৭		২০৩২	
		ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
সিনেমা হল	০	২	২	৩	৩	৩	৩	৪	৪
কমিউনিটি পার্ক	০	২	২	৩	৩	৩	৩	৪	৪
শিশুপার্ক	০	২	২	৩	৩	৩	৩	৪	৪
স্টেডিয়াম	২	১	-১	১	-১	২	০	২	০

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

এখানে, ভবিষ্যৎ হিসাব থেকে দেখা যায় যে, খাগড়াছড়ি এলাকায় ভবিষ্যতে চারটি সিনেমা হলের অভাব দেখা দিবে। কিন্তু সিনেমা হল এদেশের খুব কম জনগোষ্ঠীর বিনোদনের মাধ্যম। তাই এই বিষয়কে মাথায় রেখে সিনেমা হল প্রতিষ্ঠা না করে অন্যান্য বিনোদনের মাধ্যমগুলোকে প্রাধান্য দেয়া হয়েছে। অন্যান্য বিনোদনের মাধ্যমগুলোর মধ্যে বৃদ্ধদের জন্য কমিউনিটি পার্ক, বিনোদন কেন্দ্র, শিশুপার্ক ইত্যাদি উল্লেখযোগ্য। যাইহোক, খাগড়াছড়ি পৌরসভার বাসিন্দাদের জন্য কিছু সংখ্যক খেলার মাঠ প্রয়োজন। নিম্নোক্ত সারণি তে খাগড়াছড়ি পৌরসভার ওয়ার্ড অনুসারে বিদ্যমান, প্রয়োজনীয় এবং চাহিদা দেখানো হল।

সারণি ১৪-১৫: ওয়ার্ড অনুসারে খেলার মাঠ প্রদানের মান

ওয়ার্ড নং	বিদ্যমান	খেলার মাঠের বৎসর ওয়ারী ক্রমবর্ধিত (Cumulative) চাহিদা ও ঘাটতি							
		২০১৭		২০২২		২০২৭		২০৩২	
		ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
১	৫	১	-৪	১	-৪	২	-৩	২	-৩
২	৩	২	-১	২	-১	২	-১	৩	০
৩	২	২	০	২	০	২	০	১	-১
৪	১	১	০	১	০	১	০	১	০
৫	৫	১	-৪	২	-৩	২	-৩	২	-৩
৬	১	১	০	২	১	২	১	২	১
৭	৩	২	-১	২	-১	১	-২	১	-২
৮	০	১	১	১	১	১	১	১	১
৯	০	১	১	২	২	২	২	২	২
মোট	২০	১২	-৮	১৫	-৫	১৫	-৫	*১৫	-৫

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

**সারণি ১৪-১৩ অনুসারে, কাঙ্ক্ষিত মান (প্রতি ৫০০০ জনে ১ টি খেলার মাঠ) অনুসারে ২০৩৭ সালে ন্যূনতম ১৫ টি খেলার মাঠ প্রয়োজন কিন্তু সর্বনিম্ন মান (প্রতি ৩০০০ জনে ১ টি খেলার মাঠ) বিবেচনায় এই পৌরসভায় ৩০ টি পর্যন্ত খেলার মাঠ হতে পারে। সুতরাং, যদিও এই পৌরসভা খেলার মাঠের সর্বনিম্ন চাহিদা পূরণ করে কিন্তু এখনো এই সুবিধাটি আরো উন্নত করার সুযোগ রয়েছে।*

১৪.৪.৩ বিনোদন বিষয়ক সুপারিশমালা

- পৌরসভার সংশ্লিষ্ট শাখায় পর্যাপ্ত জনবল নিয়োগ করতে হবে।
- আরো বেশি খেলার মাঠ তৈরী করার জন্য সরকারি খাস জমিতে খেলার মাঠ করতে হবে।
- শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অবস্থিত খেলার মাঠগুলোর সংস্কার করতে হবে।
- ওয়ার্ড নং-১ এ অবস্থিত স্টেডিয়ামটির সংস্কার করতে হবে।

১৪.৪.৪ প্রস্তাবিত বিনোদন সুবিধাসমূহ

খাগড়াছড়িতে ভবিষ্যতের চাহিদা অনুযায়ী পরামর্শক দল বিনোদনের মাধ্যমগুলোকে বিন্যাস করার জন্য কিছু প্রস্তাবনা দিয়েছেন। ***সারণি ১৪-১৬*** তে বিনোদন সুবিধাগুলোর প্রস্তাবনা, বর্তমান অবস্থা ইত্যাদি দেখানো হল।

সারণি ১৪-১৬: খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত বিনোদন সুবিধাদি

ক্রমিক নং	প্রকার	সুবিধাদি	অবস্থান
১	শিশুপার্ক	রাইড, ফুড কর্ণার, বেঞ্চ, গাছ	বাঙ্গালকাটি হ্রদের চারপাশে (ওয়ার্ড নং ১ ও ৩)
২	চিড়িয়াখানা	চিড়িয়াখানার জন্য জীবজন্তু, ফুড কর্ণার, বেঞ্চ, গাছ	লার্মা স্কয়ার (পৌরসভার বাইরে)
৩	ঐতিহ্যবাহী আদিবাসী সাংস্কৃতিক মহল্লা	-	খবংপুরিয়া (ওয়ার্ড নং ১)
৪	ঐতিহ্যবাহী নৃগোষ্ঠী মহল্লা	-	পানখাইয়া পাড়া (ওয়ার্ড নং ৭ ও ৯)
৫	শিশুপার্ক ও খেলার মাঠ	রাইড, ফুড কর্ণার, বেঞ্চ, গাছ	সবুজবাগ এলাকা (ওয়ার্ড নং ২)
৬	পর্যটন উন্নয়ন হিল ভিউ	ছোট পার্ক, বসার জায়গা, খেলার মাঠ	নিউজিল্যান্ড রোড (ওয়ার্ড নং ৯)
৭	নদীর পাশে হাঁটার জায়গা	-	চেঙ্গী নদীর তীরে
৮	বৃদ্ধ মানুষদের জন্য হাঁটার জায়গা	-	শান্তিনগর এলাকায় নাইখাং ছড়ার চারপাশে (ওয়ার্ড নং ১ ও ৩)
৯	খেলার মাঠ	-	মাস্টার পাড়া এলাকা (ওয়ার্ড নং ৪)
১০	খেলার মাঠ	-	খাগড়াপুর পাড়া (ওয়ার্ড নং ৫)
১১	খেলার মাঠ	-	প্রত্যেক ওয়ার্ডেই

তথ্যসূত্রঃ পরামর্শক কর্তৃক হিসাবকৃত

এখানে বলা উচিৎ যে, এইসব এলাকার কোনটিই স্থায়ী নয়। পরামর্শকগণ কেবলমাত্র প্রাপ্যতা, যোগাযোগ ব্যাবস্থা ইত্যাদি বিষয়ের ওপর ভিত্তি করে এই সব জায়গা গুলো সুপারিশ করেছেন। কিন্তু এই জায়গাগুলোকে বিনোদন কেন্দ্র হিসেবে তখনই বলা যাবে যখন পৌরসভা একে অনুমোদন দেবে। প্রস্তাবিত বিনোদন সুবিধাগুলো ***মানচিত্র ১৪-৪*** এ দেখানো হল।

১৪.৫ খাগড়াছড়ি পৌরসভায় কমিউনিটি সুবিধাসমূহ

একটি কমিউনিটি তে শান্তিপূর্ণ ভাবে বাস করার জন্য যে সকল সুবিধা গুলোর দরকার হয়, তাদেরকে একটি পৌরসভার কমিউনিটি সুবিধা বলে। বিভিন্ন ধরনের কমিউনিটি সুবিধার ভেতর রয়েছে কবরস্থান, কমিউনিটি সেন্টার, ঈদগাহ, থানা, পুলিশ ফাঁড়ি ইত্যাদি। এর ভেতর একটি কমিউনিটির জন্য কবরস্থান হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ নাগরিক সুবিধা।

মহাজন পাড়া (শ্মশান স্থান)

স্থিরচিত্র ১৪-৪: খাগড়াছড়ি পৌরসভায় বিদ্যমান কমিউনিটি সেবাগুলোর একটি

১৪.৫.১ কমিউনিটি সুবিধাদির মান নির্ধারণ

প্রতিটি কমিউনিটিতে কবরস্থান কিংবা অন্যান্য সুবিধাগুলোর জন্য পরামর্শক দল কর্তৃক কিছু মান নির্ধারণ করা হয়েছে।

সারণি ১৪-১৭: কমিউনিটি সুবিধাদির স্ট্যান্ডার্ড (মান)

সেবা সুবিধা	বাড়ি থেকে দূরত্ব (কি.মি.)		আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেবে		মন্তব্য
	কাংখিত	সর্বোচ্চ	সর্বনিম্ন	কাংখিত	সর্বনিম্ন	কাংখিত	
কবরস্থান	-	-	৩.০	৫.০	৩০০০০	৫০০০০	• উক্ত ধর্মালম্বীদের জন্য
শশ্মান	৩.০	-	১.০	২.০	-	৫০০০০	• উক্ত ধর্মালম্বীদের জন্য
সিমেট্রি	-	-	-	-	-	-	• মোট বরাদ্দকৃত জমি ৫ একর
কমিউনিটি সেন্টার	-	-	০.৫	১.৫	-	৫০০০০	• ধারণক্ষমতা-৩০০ মানুষ
থানা	-	-	-	২.০	-	-	-
পুলিশ ফাঁড়ি	-	-	০.২	০.৩	-	-	• শহর কেন্দ্রের বাইরে হওয়া উচিত। • সর্ব বৃহৎ বাণিজ্যিক কেন্দ্রে হবে। • যে অঞ্চলে অন্যায় বেশী হয় সেখানে হবে।
ফায়ার সার্ভিস	টাইপ-এ	৫	১০		০.৫	-	• আবাসিক এলাকার পাশে হবে। • শিল্প কারখানার কাছে হবে।
	টাইপ-বি	৫	১০		০.৩	-	
পোস্ট অফিস	-	-		০.৪	-	২০,০০০	• পোস্ট অফিস স্থাপনের নিয়মানুযায়ী হবে। • উপযুক্ত দুরত্বের ব্যবধানে পোস্ট অফিস স্থাপন করা যেতে পারে।
ঈদগাহ	-	-	৩.২৫	৫.০	-	-	• একটি মানসম্মত ক্রিকেট মাঠের সমান সুবধা দিতে হবে।
মসজিদ	০.২	০.৩	০.২	০.৬৭	১৫০০	৫০০০	• অবশ্যই কতৃপক্ষের অনুমতি নিতে হবে। • মুসলিম জনসংখ্যার ওপর ভিত্তি করে হবে।
মন্দির	৫.০	-	০.২	০.৫	-	-	• অবশ্যই কতৃপক্ষের অনুমতি নিতে হবে। • হিন্দু জনসংখ্যার ওপর ভিত্তি করে হবে।

দ্রষ্টব্যঃ কম জনসংখ্যার ঘনত্বের ক্ষেত্রে বাড়ি থেকে সেবার দূরত্ব 'কত জনসংখ্যা কে সেবা দিবে' তার ওপর নির্ভর করে।

১৪.৫.২ বিদ্যমান ও প্রস্তাবিত কমিউনিটি সুবিধাদি

১৪.৫.২.১ কবরস্থান

একটি কমিউনিটির জন্য কবরস্থান হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ নাগরিক সুবিধা। খাগড়াছড়ি পৌরসভায় সর্বমোট তিনটি কবরস্থান রয়েছে। ভবিষ্যৎ বিশ্লেষণ থেকে দেখা যায়, ২০৩৭ সাল পর্যন্ত খাগড়াছড়িতে নতুন কবরস্থান নির্মাণের প্রয়োজন আছে। সম্ভব হল প্রতিটি ওয়ার্ডেই কবরস্থান নির্মাণ করা উচিৎ।

১৪.৫.২.২ শশ্মান

বর্তমানে পৌরসভাটিতে মোট সাতটি শ্বশানঘাট রয়েছে। ভবিষ্যতে এই সংখ্যা নির্ভর করতে এই অঞ্চলে মোট হিন্দু ও বৌদ্ধ জনসংখ্যার ওপর। যদিও বর্তমান হিন্দু ও বৌদ্ধ জনসংখ্যার হিসেব অনুযায়ী দেখা যায়, ২০৩৭ পর্যন্ত এখানে নতুন কোন শ্বশান নির্মাণের প্রয়োজন নেই।

১৪.৫.২.৩ কমিউনিটি সেন্টার

কমিউনিটি সেন্টার সামাজিক বা পারিবারিক অনুষ্ঠান পরিচালনার জন্য একটি গুরুত্বপূর্ণ স্থান। এ জন্য প্রতিটি ওয়ার্ডে একটি করে কমিউনিটি সেন্টার থাকা অতি প্রয়োজন। তিনটি ওয়ার্ডকে নিয়ে (SPZ) গঠন করা হয়েছে। ওয়ার্ড নং ১, ২ ও ৩ নিয়ে (SPZ 01), ওয়ার্ড নং ৪, ৫ ও ৬ নিয়ে (SPZ 02), ও ওয়ার্ড নং ৭, ৮ ও ৯ নিয়ে (SPZ 03)। প্রতিটি এসপিজেড (SPZ) এর ভবিষ্যৎ বিশ্লেষণ থেকে দেখা যায়, কেবলমাত্র এসপিজেড ১ এবং ২ এ ২০৩৭ সাল পর্যন্ত একটি কমিউনিটি সেন্টারের প্রয়োজন হবে। যদিও এসপিজেড ২ এ বর্তমানে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংখ্যা এর জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত।

সারণি ১৪-১৮: প্রস্তাবিত কমিউনিটি সেন্টার

সেবা সুবিধা	অবস্থান	সাল								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
কমিউনিটি সেন্টার	SPZ ০১	০	১	১	১	১	১	১	১	১
	SPZ ০২	১	১	০	১	০	১	০	১	০
	SPZ ০৩	০	১	১	১	১	১	১	১	১
	মোট	১	৩	২	৩	২	৩	২	৩	২

দ্রষ্টব্যঃ কম জনসংখ্যার ঘনত্বের ক্ষেত্রে বাড়ি থেকে সেবার দূরত্ব 'কত জনসংখ্যা কে সেবা দেবে' তার ওপর নির্ভর করে।

১৪.৫.২.৪ মসজিদ, মন্দির ইত্যাদি

খাগড়াছড়ি শহরে অনেক ধর্মীয় প্রতিষ্ঠান আছে। এখানে মুসলমানরা সংখ্যা গরিষ্ঠ। ফলে বাংলাদেশের অন্যান্য জায়গার মত এখানে মসজিদের সংখ্যা স্বাভাবিকভাবেই অন্যান্য ধর্মীর উপাসনালয়ের চেয়ে বেশি। এই শহরে বর্তমানে ৮৬ টি ধর্মীয় প্রতিষ্ঠান আছে এর মধ্যে, ৫২টি মসজিদ, ১৬টি মন্দির এবং ১৭ টি বৌদ্ধ বিহার ও কিয়াং রয়েছে। এছাড়াও এখানে একটি গীর্জা রয়েছে।

সারণি ১৪-১৯ তে দেখানো হয়েছে, পৌরসভায় মসজিদের সংখ্যা পর্যাপ্ত এবং ২০৩৭ সাল পর্যন্ত কোন মসজিদের প্রয়োজন নেই।

সারণি ১৪-১৯: প্রস্তাবিত ধর্মীয় প্রতিষ্ঠান

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর অনুসারে ক্রমবর্ধিত (Cumulative) চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
মসজিদ	১	৩	২	-১	২	-১	২	-১	২	-১
	২	৬	২	-৪	২	-৪	৩	-৩	৩	-৩
	৩	৭	২	-৫	২	-৫	২	-৫	২	-৫
	৪	৭	১	-৬	১	-৬	২	-৫	২	-৫
	৫	৮	২	-৬	২	-৬	২	-৬	২	-৬
	৬	১০	২	-৮	২	-৮	২	-৮	২	-৮
	৭	৫	২	-৩	২	-৩	২	-৩	৩	-২
	৮	৩	১	-২	১	-২	১	-২	১	-২
	৯	৩	২	-১	২	-১	২	-১	২	-১
	মোট	**৫২**	**১৬**	**-৩৬**	**১৬**	**-৩৬**	**১৮**	**-৩৪**	***১৯**	**-৩৩**
মন্দির ও অন্যান্য	১	৭	*চাহিদা অনুযায়ী							
	২	৭								
	৩	-								
	৪	৫								
	৫	-								
	৬	-								
	৭	১								
	৮	৭								
	৯	৫								
	মোট	৯								

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

** সারণি ১৪-১৭ অনুসারে, কাঙ্ক্ষিত মান (প্রতি ৫০০০ জনে ১ টি মসজিদ) অনুসারে ২০৩৭ সালে ন্যূনতম ১৯ টি মসজিদ প্রয়োজন কিন্তু সর্বনিম্ন মান (প্রতি ১৫০০ জনে ১ টি মসজিদ) বিবেচনায় এই পৌরসভায় ৫৯ টি পর্যন্ত মসজিদ হতে পারে।*

চাহিদা ও সরবরাহ বিশ্লেষণ

বর্তমানে এই পৌরসভায় পর্যাপ্ত সংখ্যক মসজিদ রয়েছে, ফলে ২০৩৭ সাল পর্যন্ত এখানে নতুন কোন মসজিদ স্থাপনের প্রয়োজন হবেনা।

১৪.৫.২.৫ ঈদগাহ

পৌরসভাটিতে বর্তমানে একটি ঈদগাহ রয়েছে এবং এটি ওয়ার্ড নং ৩ এ অবস্থিত। ঈদগাহটি মাত্র ০.৫৮ একর এলাকা জুড়ে অবস্থিত, যেখানে পৌরসভায় মোট ঈদগাহের জন্য ৫.০০ একর এলাকা দরকার। তাই, এখানে ৪.৪২ একর জমির অভাব রয়েছে। ***চিত্রলেখ ১৪-৪*** এ বিস্তারিত দেখানো হল।

চিত্রলেখ ১৪-৪: ঈদগাহের আয়তন



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও কনসালটেন্ট কর্তৃক হিসাবকৃত

এখানে বলা প্রয়োজন যে ঈদগাহের আয়তন এমন হতে হবে যেন এটি ক্রিকেট মাঠের আয়তনের সমান হয়।

১৪.৫.২.৬ পুলিশ ফাঁড়ি

ভৌত অবকাঠামো জরিপের সময় শহরে ৭ টি পুলিশ ফাঁড়ি পাওয়া যায়, যেগুলো খাগড়াছড়ি পৌরসভার ওয়ার্ড নং ১, ৩, ৫, ৬, ৭ ও ৯ এ অবস্থিত। এর ভেতর দুটিই ওয়ার্ড নং ৬ এর পাশে অবস্থিত। কিন্তু স্ট্যান্ডার্ড অনুযায়ী অন্তত একটি শহর কেন্দ্রের বাইরে হওয়া উচিত, যেখানে অপরাধ প্রবণতা বেশি।

১৪.৫.২.৭ ফায়ার সার্ভিস

বর্তমানে খাগড়াছড়ি পৌরসভায় ওয়ার্ড নং ১ এ একটি ফায়ার স্টেশান আছে, যেটি আবাসিক এলাকার পাশে অবস্থিত। শিল্প এলাকার পাশে আরেকটি ফায়ার স্টেশান নির্মাণ করা যায়, যদিও তা হতে হবে জনগণের চাহিদা অনুযায়ী।

১৪.৫.২.৮ পোস্ট অফিস

পুরো পৌরসভায় পোস্ট অফিস আছে মাত্র একটি। এটির মাধ্যমে প্রতিদিন প্রচুর ব্যক্তিগত ও সরকারি চিঠি, মানি অর্ডার, পার্শেল, নথিপত্র ইত্যাদি আসে এবং যায়। এটির অবস্থান ওয়ার্ড ৭ এ। যদিও বর্তমানে ইলেক্ট্রনিক মেইল (ই-মেইল) কিংবা কুরিয়ার সার্ভিস যোগাযোগের সহজ মাধ্যম, তবুও ভবিষ্যতে পোস্ট অফিসের প্রয়োজন হবে কি না, তা নির্ভর করবে বসবাসকারী জনসংখ্যার ওপর।

মানচিত্র ১৪-৩ : খাগড়াছড়ি পৌরসভায় বিদ্যমান বিনোদন সুবিধা

1:33,000



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.375 0.75 1.5 2.25 3 3.75 4.5 Kilometers

Scale: 1:33,000 or 1 " = 2,750 ' or 1 cm = 330 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Ward Boundary
- Road

Water Bodies
- Khal; River

Recreational Facilities
- Khagrachori Indoor Stadium
- Khagrachori Town Hall
- Stadium Gallery
- Tribal Cultural Institute
- Playground

মানচিত্র ১৪-৪ : খাগড়াছড়ি পৌরসভায় প্রস্তাবিত বিনোদন সুবিধা

1:34,946



MASTER PLAN FOR KHAGRACHHARI POURASHAVA

0 0.4 0.8 1.6 2.4 3.2 4 4.8 Kilometers

Scale: 1:34,946 or 1 " = 2,912 ' or 1 cm = 349 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Cooperatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Admin Boundary
- Pourashava Boundary
- Ward Boundary
- Pourashava

Water Bodies
- Khal; River

Proposed Road Network
- Primary
- Secondary
- Collector
- Cable Car Line
- Proposed Recreational

Recreational Facilities Related Proposals
- Cable Car Station
- Proposed Park
- Proposed Maischori Domestic Airport
- Proposed Solar Park
- Proposed Sports Complex & Indoor Stadium, Renovation of Stadium
- Proposed Zoo
- Renovation/ New Playground

১৪.৬ প্রস্তাবিত নাগরিক সুবিধাদির সংক্ষিপ্তসার

সারণি ১৪-২০: এক নজরে প্রস্তাবিত নাগরিক সুবিধাদি

সুবিধা	শ্রেণি	বিদ্যমান	বৎসর অনুসারে ক্রমবর্ধিত (Cumulative) চাহিদা ও ঘাটতি				প্রস্তাব	মন্তব্য
			২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
শিক্ষা বিষয়ক সুবিধাদি	প্রি-প্রাইমারি স্কুল	১৫	১২	১৫	১৬	১৮	• মহলছড়ি এলাকায় (পৌরসভার সীমানার বাইরে) খাগড়াছড়ি মেডিকেল কলেজ প্রতিষ্ঠা করা। • গলাবাড়ি এলাকায় (ওয়ার্ড নং ৯) খাগড়াছড়ি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা। • জিরো মাইল এলাকায় (পৌরসভা সীমানার বাইরে) খাগড়াছড়ি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা। • মহিলা কলেজের পাশে (ওয়ার্ড নং ৯) খাগড়াছড়ি নার্সিং ইন্সটিটিউট স্থাপন করা।	ওয়ার্ড অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-৩***
	প্রাইমারি স্কুল	৯	১৫	১৬	১৮	১৯		ওয়ার্ড অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-৪***
	হাই স্কুল	৯	৬	৭	৮	৯		-
	কলেজ	২	৩	৩	৩	৪		সুবিধার প্রস্তাবিত অবস্থান কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও উপযুক্ততা সাপেক্ষে পরিবর্তনযোগ্য।
	পলিটেকনিক ইন্সটিটিউট	১	৩	৩	৩	৪		-
	সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়	-	১	১	১	১		সুবিধার প্রস্তাবিত অবস্থান কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও উপযুক্ততা সাপেক্ষে পরিবর্তনযোগ্য।
	লাইব্রেরী	৪	৪					জনসংখ্যার চাহিদা অনুযায়ী আরো লাইব্রেরী স্থাপন করা যেতে পারে।
স্বাস্থ্য সেবা বিষয়ক সুবিধাদি	স্বাস্থ্য সেবা কেন্দ্র/ক্লিনিক	২	৯	৯	৯	৯	• অন্তত একটি করে ম্যাটারনিটি ক্লিনিক থাকবে প্রতি SPZ এ।	ওয়ার্ড অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-১০।***
	হাসপাতাল	৫	৫					-
বিনোদন সুবিধাদি	সিনেমা হল	-	২	৩	৩	৪	• বাঙ্গালকাটি লেকের চারপাশে (ওয়ার্ড নং ১ ও ৩) এবং সবুজবাগ এলাকায় (ওয়ার্ড নং ২) ২টি শিশু পার্ক প্রস্তাব করা হয়েছে। • খবংপুরিয়া (ওয়ার্ড নং ১) এবং পানখাইয়া পাড়া (ওয়ার্ড নং ৭ ও ৯) এ দুইটি আদিবাসী সংস্কৃতিক গ্রাম স্থাপন করা।	সুবিধার প্রস্তাবিত অবস্থান কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ও উপযুক্ততা সাপেক্ষে পরিবর্তনযোগ্য।
	কমিউনিটি পার্ক	-	২	৩	৩	৪		
	শিশু পার্ক	-	২	৩	৩	৪		
	স্টেডিয়াম	২	১	১	২	২		

সুবিধা	শ্রেণি		বিদ্যমান	বৎসর অনুসারে ক্রমবর্ধিত (Cumulative) চাহিদা ও ঘাটতি				প্রস্তাব	মন্তব্য
				২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
	খেলার মাঠ		২০	১২	১৫	১৫	১৫**	• লার্মা স্কয়ারে (পৌরসভার বাইরে) একটি চিড়িয়াখানা। • নিউজিল্যান্ড রোডে (ওয়ার্ড নং ৯) পর্যটন উন্নয়ন (হিল ভিউ)। • চেঙ্গি নদীর তীরে হাঁটার রাস্তা তৈরী। • শান্তিনগর এলাকায় নারাংখইয়া ছড়ার চারপাশে বয়স্কদের জন্য হাঁটার রাস্তা নির্মাণ। • প্রতিটি ওয়ার্ডে অন্তত একটি করে খেলার মাঠ থাকবে।	
কমিউনিটি সুবিধাদি	কবরস্থান		৩	৩				• SPZ 1 ও SPZ 3 এ দুইটি কমিউনিটি সেন্টার স্থাপন। • শিল্প এলাকায় একটি ফায়ার স্টেশান প্রতিষ্ঠা। • মন্দির ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান কমিউনিটিতে বসবাসকৃত মানুষের চাহিদানুযায়ী প্রতিষ্ঠা করা হবে। • আরো ঈদগাহ, থানা, পুলিশ ফাঁড়ি, পোস্ট অফিস এবং ফায়ার স্টেশান মানুষের চাহিদানুযায়ী তৈরী করা হবে।	-
	শশ্মান		৭	৭					-
	কমিউনিটি সেন্টার		১	৩	৩	৩	৩		SPZ অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-১৮।***
	ধর্মীয় স্থাপনা	মসজিদ	৫২	১৬	১৬	১৮	১৯***		SPZ অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-১৯।***
		মন্দির ও অন্যান্য	৩৪	৩৪					
	ঈদগাহ		১ (০.৫৮ একর)	৫ একর					
	পুলিশ ফাঁড়ি		৭	৭					-
	ফায়ার স্টেশন		১	২					-
	পোস্ট অফিস		১	৩	৪	৪	৫		কমিউনিটির মানুষদের সাথে আলোচনা করে আরো বেশ কিছু পোস্ট অফিস ভবিষ্যতে তৈরী করা হবে।

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও কনসালটেন্ট কর্তৃক হিসাবকৃত

** কিছু নাগরিক সুবিধা ভাগ করে দেয়ার জন্য পাশাপাশি ৩টি ওয়ার্ড নিয়ে SPZ (Spatial Planning Zone) গঠন করা হয়েছে। যেমন, SPZ 1- (ওয়ার্ড ১, ২ ও ৩)*

***খেলার মাঠের ন্যূনতম চাহিদা ১৫টি হলেও এই সুবিধাটি ৩০টি পর্যন্ত দেওয়া যেতে পারে।*

**** কাঙ্ক্ষিত এবং সর্বনিম্ন মানের উপর ভিত্তি করে মসজিদ এর সংখ্যা ১৯-৫৯ পর্যন্ত হতে পারে।*

৫ বছর মেয়াদী পরিকল্পনা

আর্থিক বিনিয়োগ এবং কর্ম পরিকল্পনা

পঞ্চদশ অধ্যায় আর্থিক বিনিয়োগ এবং কর্ম পরিকল্পনা

সূচিপত্র

১৫.১ ভূমিকা----------১৫-১
১৫.২ লক্ষ্য ও উদ্দেশ্য ----------১৫-১
১৫.৩ বাজেট পর্যালোচনা ----------১৫-১
১৫.৩.১ আয়ের উৎস পর্যালোচনা ----------১৫-১
১৫.৩.২ পরিচালনা ব্যয় এবং উন্নয়ন ব্যয় পর্যালোচনা ----------১৫-১
১৫.৪ উন্নয়ন অর্থায়নের উদ্ভাবনী উৎস----------১৫-২
১৫.৫ খাগড়াছড়ি পৌরসভার সাম্প্রতিক বাজেট পর্যালোচনা ----------১৫-২
১৫.৬ পৌরসভার আয়ের উৎসসমূহ----------১৫-২
১৫.৭ পৌরসভার বর্তমান বিনিয়োগ কার্যক্রম ----------১৫-৪
১৫.৮ বিনিয়োগ কর্ম পরিকল্পনা ----------১৫-৫
১৫.৮.১ অগ্রাধিকার পরিকল্পনার তালিকা----------১৫-৫
১৫.৮.২ অগ্রাধিকার প্রকল্পগুলোর খরচের হিসাব তালিকা ----------১৫-১২
১৫.৮.৩ অগ্রাধিকার পরিকল্পনার অর্থায়ন----------১৫-১৬
১৫.৯ আর্থিক ব্যবস্থাপনায় সমস্যা এবং চ্যালেঞ্জ----------১৫-১৬
১৫.১০ প্রকল্প বাস্তবায়নের অগ্রাধিকার ধাপ ----------১৫-১৭
১৫.১১ ভবিষ্যৎ পথ ----------১৫-১৯

পঞ্চদশ অধ্যায়

আর্থিক বিনিয়োগ এবং কর্ম পরিকল্পনা

১৫.১ ভূমিকা

পঞ্চদশ অধ্যায় হলো পৌরসভা মহাপরিকল্পনার প্রস্তাবনাসমূহ বাস্তবায়নের জন্য আর্থিক বিনিয়োগ পরিকল্পনা নিয়ে। অধ্যায়টি শুরু হয়েছে পূর্ববর্তী কিছু বছরের বাজেট পর্যালোচনার মাধ্যমে। এছাড়াও এতে বাস্তবায়নকালের প্রথম পাঁচ বছরের জন্য উন্নয়ন প্রস্তাবনা এবং বিনিয়োগ তহবিলের সম্ভাব্য উৎস দেয়া আছে। অধ্যায়টি শেষ হয়েছে পৌরসভা অবকাঠামো উন্নয়ন অর্থায়নের জন্য স্থায়ী আয়ের উৎস নির্ধারণের জন্য দীর্ঘমেয়াদী সুপারিশসমূহের মাধ্যমে।

১৫.২ লক্ষ্য ও উদ্দেশ্য

এই অধ্যায়ের লক্ষ্য হচ্ছে মহাপরিকল্পনার সকল উন্নয়ন প্রস্তাবনা বাস্তবায়নের জন্য যথাযথ তহবিল নিশ্চিত করা এবং তহবিলের ভবিষ্যৎ স্থায়ীত্ব অর্জন করা। উদ্দেশ্যগুলো নিম্নরূপঃ

১. পৌরসভার আয় ও ব্যয়ের ধারা বোঝার জন্য পূর্ববর্তী বাজেট পর্যালোচনা করা।

২. ভবিষ্যতে প্রত্যাশিত রাজস্ব উপার্জন এবং সম্ভাব্য খরচ পর্যালোচনা করা।

৩. মহাপরিকল্পনার উপর ভিত্তি করে নতুন উন্নয়ন প্রস্তাব বাস্তবায়নের লক্ষ্যে বাজেট সম্পূরণের জন্য রাজস্ব আয়ের অতিরিক্ত উৎস সুপারিশ করা।

১৫.৩ বাজেট পর্যালোচনা

পৌরসভার আয় ও ব্যয়ের ধারা এবং তার হ্রাস বৃদ্ধির কারণসমূহ বোঝার জন্য খাগড়াছড়ি পৌরসভার ২০১২-১৩, ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থবছরের বাজেট পর্যালোচনা করা হয়েছে।

১৫.৩.১ আয়ের উৎস পর্যালোচনা

রাজস্ব আদায় পৌরসভার আয়ের খুব গুরুত্বপূর্ণ উৎস। আয়ের মূলত দুটি প্রধান উৎস আছে – কর এবং কর বহির্ভূত আয়। পৌরসভার আয়ের একটি বড় অংশ আসে কর এবং ফিস থেকে। সুতরাং, কর উৎসের প্রকৃতি বোঝা, রাজস্ব আয় ও আয়ের নতুন উৎস অনুসন্ধানে উৎসগুলোর ভবিষ্যৎ সম্ভাবনা বোঝা খুবই গুরুত্বপূর্ণ। বিশেষত, উন্নয়ন ব্যয় অর্থায়নে স্থানীয় নগর সরকারকে অনেকাংশে সরকারি অনুদানসহ করের বাইরে আয়ের উৎস এবং আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারদের তহবিলের উপর নির্ভর করতে হয়। এই অধ্যায়টি মহাপরিকল্পনার উন্নয়ন প্রস্তাবনাসমূহ বাস্তবায়নের জন্য দাতা এবং সরকারি তহবিল নিয়েও আলোচনা করা হয়েছে।

১৫.৩.২ পরিচালনা ব্যয় এবং উন্নয়ন ব্যয় পর্যালোচনা

বার্ষিক বাজেটের দুটি গুরুত্বপূর্ণ উপাদান বোঝা প্রয়োজন। **পরিচালনা বাজেট** -এটি স্থানীয় এলাকায় সব সেবা প্রদান করার জন্য পৌরসভা পরিকল্পিত পরিচালন ব্যয় (খরচসমূহ) এবং আয় তালিকাবদ্ধ করে। পরিচালনা বাজেট হচ্ছে পণ্য ও সেবার খরচ যেখান থেকে স্বল্পমেয়াদী উপকার আসবে; যার মানে হচ্ছে সেবাটি এক বছরের কম সময় ব্যবহার করা হবে। এর মধ্যে আছে কর্মচারী বেতন, শ্রম মজুরি, মেরামত ও রক্ষণাবেক্ষণ, টেলিফোন, পেট্রোল, স্টেশনারির খরচ ইত্যাদি।

